सीसीतामकृष्यं कथा मृत- अपन

দ্বিতীয় খণ্ড 🗸

স্বামী ভূতেশানন্দ



উদ্বোধন কার্যালয় কলিকাতা

গ্রন্থকারের নিবেদন

ভগবান শ্রীনামক্রফের ককণায় শ্রীশ্রীনামক্রফকথামৃত-প্রদঙ্গ, প্রথম ভাগ পাঠকদের কাছে বিশেষ সমাদর লাভ করেছে। পরবর্তী ভাগের জন্ত অনেকের প্রবল আগ্রহে এই প্রশ্নের দ্বিতীয় ভাগের প্রকাশনে আমরা উৎসাহিত হয়েছি। স্বাভাবিকভাবেই দ্বিতীয় ভাগের রচনাশৈলী প্রথম ভাগেরই অন্তর্জণ। কথামৃতের পরিচ্ছেদগুলি শ্রীমহেন্দ্রনাথ গুপ্ত ভার দিনপঞ্জী থেকে এক এক দিনের ঘটনার উল্লেখ ক'রে বিবৃত করেছেন, কিন্তু এই বিবরণে কোন ধারাবাহিকতা রক্ষা করেননি। কথামৃত-প্রদঙ্গ দেই মূল গ্রন্থেরই ব্যাখ্যা বলে কথামৃতকারের পদ্ধতিই এখানে অন্তব্যত হয়েছে।

প্রথম ভাগের মতো বিতীয় ভাগও অধ্যাপিকা শ্রীমতী বাসস্তী ম্থোপাধ্যায় এবং শ্রীঅরুণকুমার মিত্তের অনলন প্রয়ত্তে টেপ থেকে পুনর্লিখিত হয়ে মূলণের উপযোগী হয়েছে। এই ভাগের পাণুলিপিও উবোধনের প্রাক্তন অধ্যক্ষ স্বামী নিরাময়ানন্দ আতোপান্ত সংশোধন ক'রে দিয়েছেন এবং উবোধন কার্যালয় থেকেই গ্রন্থটি প্রকাশিত হচ্ছে।

আশা করি, এই গ্রন্থটিও প্রথম ভাগের মতো পাঠকদের অকুষ্ঠ

সমাদর লাভ করবে।

বিষয়

পৃষ্ঠা

এক—

3--36

ভাব ও মহাভাব—ঈশ্বরদর্শন ও তার লক্ষণাবলী—ঈশ্বরদর্শন ও বৈর্থ—ঈশ্বরলান্ড সাধনসাপেক্ষ—শান্ত্র, শরণাগতি ও শ্রীগুরু—সহজ উপায়: ব্যাকুলতা ও নির্জনবাস—অভ্যাস ও সাধন—ব্যাকুলতা ও রূপা।

ত্বই—

>>----0c

ত্যাগ: প্রকৃত অর্থ ও আচরণ—রাম-বশিষ্ঠ-আলোচনা— তুই পথ: সংসার ও সন্ধ্যাস—নির্ভরতা ও শরণাগতি— তন্ত্রের দিব্য, বীর ও পশু ভাব—আসক্তি-নাশ—সন্ধ্যাস ও গার্হস্থা আশ্রম—শ্রীরামক্ষের উপদেশের বৈচিত্র্য।

তিন-

v8--85

দয়ানন্দ ও কেশবের অভিমত—কেশবের পরিবর্তন— ঠাকুরের নিরভিমানতা—বিশ্বনাথ উপাধ্যায়—শ্রীরামকুঞ্চের প্রভাব ও অসাধারণত্ব।

চার--

83-65

জ্ঞানী চাষার আখ্যান—অবস্থাত্রয়ঃ জাগ্রৎ, স্বপ্ন ও স্ত্রমৃথ্যি
—আত্মা অবস্থাত্রের অতীত—অহৈত ও বিশিষ্টাইছত—
ঠাকুরের বিচার ও বিশ্লেষণ।

পাঁচ—

60-e

ওঁ-কার ও জগদ্-স্বভিব্যক্তি—নিত্য ও লীলা—তত্বজিজ্ঞাত্ব ও বৈজ্ঞানিকের দৃষ্টি—লীলার দার্থকতা। বিষয় ছয়---*७७---७७* ঈশ্বরচিন্তা ও অনাসক্তি অর্জন—ভক্তের আচরণ ও আদর্শ। সাত-ভক্তি অবিনাশ্য-সংস্কার ও সাধন পথ। আট— ₩**>** --- 98 শাধকের বিভিন্ন প্রকৃতি—শ্রীরামক্ষের উপলব্ধি ও **উপদেশ**। লয়----90-63 সন্ন্যাস: শান্তবিধি ও অধিকারবাদ-পিতামাতার কর্তব্য ও শান্তদৃষ্টান্ত—শ্রীরামক্লফের বিচারদৃষ্টি ও পথনির্দেশ। **∀×**---বৈধীভক্তি ও রাগভক্তি—মীরার সপ্রেম সেবা—আকবর ও ফফির-নিঙাম পূজা ও কর্ম। এগার---86-04 জীবের স্বতম্ভতা ও পরতম্বতা—জীবের গতি ও লক্ষ্য— জগৎ স্বপ্লবৎ কিনা—বেদান্তমত ও ভক্তিপথ। বার--38--308 বলরামগৃহ ও ভক্তন্মাবেশ জানসাধন ও গুরুদেবা— ঠাকুরের ঐশ্বর্ষ ত্যাগ—নরেন ও গিরিশ — ঈশ্বর ও অবতার —অবতার শক্তির প্রকাশ—'তিনি শুদ্ধমনের গোচর'।

ভের--

>06->>6

শাস্ত্রের প্রয়োজনীয়তা — গিরিশ ঘোষ — নরেন্দ্রনাথ — দঙ্গীত ও ঈশ্বরীয় ভাব—ঠাকুরের দেহমনের একতানতা।

८ठोष्म--

>> 6->> 5

ঠাকুরের আচরণ ও লোকশিক্ষা—নিত্যগোপাল—'তুই এদেছিনৃ? আমিও এদেছি'—দ্রষ্টা ও দৃষ্টা।

প্ৰের—

>> 0- 500

গিরিশ-নরেন্দ্র-তর্ক—বিশিষ্টাদৈতবাদ— শ্রুতির বিভিন্ন ব্যাথ্যা—'তাঁর ইতি করা যায় না'—স্বস্থ মতের প্রাধান্ত ছাপন—ঠাকুরের সর্বগ্রাহী ভাব—দৈত, বিশিষ্টাদৈত ও স্ববৈত।

ষোল-

306-388

ব্রশ্বজ্ঞের লক্ষণাবলী—বিচার ও জ্ঞান—কালী ও ব্রশ্ব— গিরিশ ও থিয়েটার।

সতের---

>80-->00

বিচার ও তত্ত্বান্থভূতি—ঠাকুরের সর্বপ্রসারী দৃষ্টি—ঠাকুরের উচ্চভাব ও সহাত্মভূতি—শ্রীম'-র চিস্তা—বিচার ও শাস্ত্র-সিদ্ধান্ত—ঈশ্বরক্ষপা ও শরণাগতি—এর পরের কথা হ'ল —ক্ষপা।

আঠার—

\$ e e --- \$ 9 2

ঠাকুরের গলরোগ ও কলকাতা-আগমন—সংসার-জীবনের কৌশল—সংসার ও মনের প্রস্তুতি—জীবনের লক্ষ্য— বিষয়

নাংগারিক আঘাত ও ভগবদ্-ব্যাকুলতা---রাজা জনক ---আচার্য ও আদর্শ---ভকদেব ও শ্রীরামক্ষণ।

উলিশ -

>90-->>>

জ্ঞান ও ভক্তি—স্বনিদ্ধান্তে নিষ্ঠা—অহুভূতি ও তত্ত্বজ্ঞান— আত্মবিচার—ঈশ্বর বৈচিত্র্যময়।

কুড়ি–

255--222

ভক্ত ও ঈশ্বর — এন্ধ শব্দের অগোচর— 'তিনি কেবল বোধে বোধ হন'—শ্রীরামকৃষ্ণ সর্বভাবময়। আমাদের অনেকের মনেই যে প্রশ্নটি জাগে, আলোচ্য পরিছেদের প্রথমেই 'কোন্নগরের ভক্ত' সেই প্রশ্নটি করেছেন, "মহাশন্ত শুনলাম যে, আপনার ভাব হয়, সমাধি হয়। কেন হয়, কিরপে হয়, আমাদের ব্রিয়ে দিন।" প্রশ্নটি মনে হয় হাশুকর। যে জিনিসের সম্বন্ধে আমাদের কোন ধারণাই নেই, দে বিষয়ে ত্চারটি কথা একজনের মুখে শুনলেই কি দে ধারণা স্পষ্ট হবে, অথবা তাঁর কথার তাৎপর্য আমাদের ব্রিগম্য হবে ?

ভাৰ ও মহাভাৰ

অহেতুক রূপাসির ঠাকুর। তিনি কোন প্রতিবাদ না ক'রে সঙ্গে সঙ্গেই বোঝাছেন, ভাবের লক্ষণ কি। বলছেন, "শ্রীমতীর মহাভাব হ'ত ; স্থীরা কেছ ছুঁতে গেলে অন্ত দ্থী ব'লত, 'রুফবিলাদের অঙ্গ ছুঁস্নি—এঁর দেহমধ্যে এখন রুফ বিলাস করছেন।' এর তাৎপর্য এই যে, ভাবের অবস্থায় ভগবান আর ভক্ত এক হ'য়ে যান। ভক্তের খোলটা থাকে মাত্র, ভিতরে স্বয়ং ভগবান পরিপূর্ণভাবে বিরাজ করেন। এরই নাম 'মহাভাব'—কারণ অন্ত সব ভাব অন্তর্হিত হ'য়ে ভগবডাবটি এখানে স্বচেয়ে পরিস্কৃটি। সাধারণ ভক্তদেরও সাধনার পরাকাষ্ঠায় ভাব হয়, কিন্তু সেটি মহাভাব নয়। তাদের হৃদয়ে ভগবানের ভাবটি আংশিকভাবে প্রকাশিত হয়। ঠাকুর বলছেন, মহাভাব জীবের হয় না, শ্রীমতীর হ'ত। কারণ মহাভাব ধারণ করার শক্তি জীবের নেই।

শ্রীমতীর দৃষ্টান্ত দেওয়ার অর্থ এই নয় যে, আর কারও মহাভাব হয়নি বা হ'তে পারে না। এর তাংপর্য এই যে, যার মহাভাব হয় সে আর সাধারণ মাত্র্য থাকে না, শ্রীমতীর স্বরূপতা প্রাপ্ত হয়। তার নিজের ব্যক্তিত্ব সম্পূর্ণভাবে বিলুপ্ত হ'য়ে যায়—দে হয় ভগবানের বিলাসক্ষেত্র মাত্র। মহাভাবের সময়ে যে অমুভব করছে, আর যা অমুভব হচ্ছে—এ তুটি আর ভিন্ন থাকে না, এক হ'য়ে যায়। রায় রামানন্দের সঙ্গে শ্রীচৈতন্তুর যে আলোচনা হয়, তার থেকে এই মহাভাবের লক্ষণ কিছুটা বোঝা যায়। মধুরভাবের ব্যাখ্যা-প্রসঙ্গে রায় রামানন্দ বলছেন, আমি আর তিনি— হজনে মিলে এক হ'য়ে যাই—"না সো রমণ হাম না রমণী। হুঁছ মন মনোভব পেষল জানি॥" (চৈ. চ. মধালীলা, ৮ম পরিচ্ছেদ) তথন মনে হয়, কাম প্রেম যেন ত্রন্ধনের মনকে পিষে এক ক'রে দিলে। কাম অর্থাৎ ভগবানকে পাবার তীত্র আকাজ্ঞা— সে আকাজ্ঞায় ভক্ত আর ভগবান—তুজনের মন পিষে এক হ'য়ে যায়। এটি-ই হচ্ছে মহাভাবের চিহ্ন। তথন প্রীকৃষ্ণ পুরুষ নন, শ্রীমতীও স্ত্রী নন। ভগবান ও ভক্ত হুই-এর সত্তা মিলে এক হ'য়ে গিয়েছে।

দেখা যাছে যে, এই ভাব অর্থাৎ মহাভাব ঈশ্বরায়ভূতি হ'লে তবেই হয়, যার হয়নি তার পক্ষে বৃদ্ধি দিয়ে বোঝা কঠিন। তবু ঠাকুর দৃষ্টান্তের হারা বিষয়টি স্পষ্ট করার চেষ্টা করছেন—"গভীর জল থেকে মাছ এলে জলটা নড়ে,—তেমন মাছ হ'লে জল তোলপাড় করে। তাই 'ভাবে—হাসে-কাদে, নাচে-গায়'।" সাধারণ ভাবাবস্থা সহছেই এ দৃষ্টাস্ত, মহাভাব অবধি যেতে হয় না। যথন ভগবানের ভাব এসে মন উদ্বেল করে, তথন নিজের মনের উপর কোন অলুশ থাকে না। মনকে সে আর আয়ন্তের মধ্যে রাথতে পারে না। হার একটি অন্তুত দৃষ্টাস্তের সাহায্যে ঠাকুর বলছেন যে 'অনেকক্ষ্ণ ভাবে পাক্ষা মা। আয়নার কাছে ব'লে কেবল মুখ দেখাল লোকে পাস্কা মনে করবে।"

আয়নার কাছে ব'নে মৃথ দেখার অর্থ ভাবাবস্থায় ভগবানের সানিধ্যে থাকা। সেই সান্নিধ্যে থেকে আর নিজের মৃথ দেখা থাকে না, সেই আয়নাতে প্রতিফলিত হচ্ছে যে আমিন্ব, সেই আমিন্ব আর থাকে না; সেই আমিন্ব তখন সম্পূর্ণরূপে তাঁতে মগ্ন হ'য়ে যায়—নিশ্চিহ্ন হ'য়ে যায়।

ঈশ্বরদর্শন ও তার লক্ষণাবলী

এরপর কোল্লগরের ভক্ত বলেছেন, "শুনেছি, মহাশয় ঈশ্বর দর্শন ক'রে থাকেন, তা হ'লে আমাদের দেখিয়ে দিন।"—এ ভারী স্থন্তর কথা। পত্যি তো যিনি ঈশ্বর দর্শন করেছেন, তিনি যদি না দেথিয়ে দেন, তবে শুধু তাঁর কথায় বিশ্বাদ ক'রব কি ক'রে ? উপনিষদেও অনুরূপ কথা আছে—'যো বা কশ্চিদ ক্রয়াদ বেদ বেদেতি যথা বেখ তথা ক্রহি', (বু: ৩।৭।১)—অর্থাৎ যে কেউ এ-কথা বলতে পারে—আমি জানি, আমি জানি। বেশ যেমন জানো, দেইরকম বলো। ঈশরকে দেখেছি যেমন তোমাকে দেখছি —এ বললেই কি হবে ? এই কথার ভিতর কি আর পর্য করার কিছুনেই? আছে। কী আছে? গীতায় আমরা স্থিতপ্রজের লক্ষণ দেখেছি। যিনি ব্রন্ধে প্রতিষ্ঠিত হয়েছেন, তাঁর লক্ষণ কি, সেটি দেখানে বলা আছে। হৃতরাং যিনি বলবেন, তিনি ঈশ্বরকে দেখেছেন, তাঁর আচরণ সত্যই ব্রন্ধজ্ঞ পুরুষের মতো কিনা, সেটি বিচার করতে হবে। যদি না করি. তবে সেটি হবে অন্ধ-গোলালুলন্তায়। অর্থাৎ অন্ধের চোথ বুজে গরুর ল্যাজ ধরে বৈকুঠে যাবার মতো। শেইজগুই ঠাকুরও বলেছেন, 'সাধুকে বিচার ক'রে যাচিয়ে বাজিয়ে নেবে। এমন কি, আমি বলছি বলেই যে মেনে নিতে হবে, তা নয়।' এ কথাটি ঠাকুর বলতে পেরেছেন এবং তাঁর সন্তানদের মধ্যে অনেকেই তাঁকে যাচাই করেছেন। স্বামীজী শেষ পর্যন্ত তাঁর সঙ্গে লড়াই করেছেন— এবং এই লড়াইয়ে ঠাকুরও উৎসাহিত করেছেন। তবে বিচার করতে করতে যাঁর কাছে মন দম্পূর্ণরূপে দায় দেয়, তথন তাঁর কাছেই আত্মসমর্পন করতে হয়। তথন আর প্রতিপদে মনে সংশয় তুলতে নেই, তাতে সাধনপথে বিম্ন হয়। অবশ্য কোন কোন বিশেষ ক্ষেত্রে অধিকারীহিসাবে ঠাকুর গুরুর কথা মেনে নিতেও বলেছেন, তবে সে অন্য প্রদক্ষ।

স্থিতপ্রজ্ঞ ব্যক্তির লক্ষণ কিভাবে বিচার ক'রব? এটি তুভাবে পরীক্ষিত হয়—একটি স্বসংবেল্ল লক্ষণ, অপরটি পরসংবেল। অপরে যথন দেখে শান্তের লক্ষণ মিলিয়ে বিচার ক'রে, তথন সেটি পরদংবেত । আর সাধক যথন স্বয়ং বিচারশীল হ'রে অন্তমুর্থীন হয়, নিজে বিচার ক'রে যে লক্ষণগুলি বুঝতে পারেন, তথন দেগুলি স্বসংবেত লক্ষণ। কীর্তনাদি অবণ করলে, কিংবা একটু জপ করলে, অথবা ত্-চারদিন সাধন করলে অনেকের দেখা যায় যে অঞা, রোমাঞ্চ, কম্প ইত্যাদি হচ্ছে। কিন্তু মনে রাথতে হবে যে, তার অর্থ ভাব বা মহাভাব নয়। অনেক সময়েই দেগুলি শারীরিক বিকার মাত্র। স্থতরাং ঈশ্বরকে দেখেছি বা তাঁকে অহুভব করেছি বা অমুকের ভাবসমাধি হচ্ছে বলেই দে উচ্চ অধিকারী, এ-সব কথা বলার আগে বিচার ক'রে বিশ্লেষণ ক'রে দেখতে হবে—মনের অশুচিভাব ক্রমশঃ প্রশমিত হচ্ছে কিনা, বিষয়াসক্তি কমছে কিনা, ভগবানের দিকে অধিকতর আকর্ষণ বোধ করছি কিনা। কারণ শ্রীরামক্বঞ্চেরই ভাষায়, 'যত পূবের দিকে এগোবে, তত পশ্চিমদিক থেকে দূরে যাবে।' ভগবানের দিকে যেতে যেতে যদি বিষয়াসক্তি না কমে, তবে অন্ত যে চিহুই শরীরে প্রকাশিত হ'ক না কেন, বুঝতে হবে—ত। ভগবানের দিকে যাবার জন্ম হচ্ছে না। ভগবানের দিকে যেতে হ'লে ঠাকুরের ভাষায় 'আর দব আলুনি লাগবে। মন তথ্য ভগবানে এত ব্যস্ত থাকবে, এত ডুবে যাবে যে আর কোন জিনিদ ভাববার অবকাশ থাকবে না। তাছাড়া মনে রাখতে হবে যে, ভগবানের দিকে এগিয়ে যাওয়া 'ছেলের হাতের মোয়া কেড়ে

থাওয়ার' মতো দহন্ধ জিনিদ নয়। দীর্ঘকাল সাধন করতে করতে তবে তাঁর রূপা হয়। তথন একদিকে তার বিষয়াদক্তি দূর হয়, অপর দিকে ভগবানের উপর তার ভক্তি-ভালবাদা আদে। ভগবানের উপর টান যত প্রবল হবে, তত অন্য বিষয়ে বিরক্তি বা বৈরাগ্য আদবে, ভগবানের স্বরূপ সম্বন্ধে তার মনে স্পষ্টতর ধারণা হবে, দংশয় দূরে যাবে।

ভাগবতের একটি শ্লোকে এই অবস্থাটির কথা স্থলর ভাবে বলা হয়েছে:

ভক্তিঃ পরেশানুভবো বিরক্তিরক্তর চৈষ ত্রিক এককালঃ।

প্রথমন অকজন অনেকদিন খেতে পায়নি, তাকে যথন খেতে দেওয়া হয়, তথন একজন আনেকদিন খেতে পায়নি, তাকে যথন খেতে দেওয়া হয়, তথন এক-একটি গ্রাস মুখে তোলার সঙ্গে তার মনের ক্ষাজনিত

তথন এক-একটি গ্রাস মুখে তোলার সঙ্গে সজে সজে তার মনের ক্ষ্ধাজনিত অনজোষ দ্র হয়, তুর্বলতা দ্র হয়, ক্ষার যয়ণা শমিত হ'য়ে য়য়। ঠিক তেমনি ভগবানের দিকে যে য়াবে, যে তার শরণাগত, তারও এই প্রকার অহুভূতি হবে। ভগবানে ভক্তি ভালবাসা আসবে, তাঁর স্বরূপ সম্বন্ধে ধারণা স্পষ্টতর হবে, আর ভগবান্ ছাড়া স্বক্ত বিষয়ে বিরক্তি, বৈরাগ্য আসবে। এই হচ্ছে কষ্টিপাথর। অঞ্পুলকাদি অভ্রান্ত লক্ষণ নয়।

ঈশ্বরদর্শন ও ধৈর্য

কোন্নগরের ভক্তও ঠাকুরকে পরথ করতে চাইলেন, "শুনেছি, মহাশ্ম ঈশ্বর দর্শন ক'রে থাকেন, তা হ'লে আমাদের দেখিয়ে দিন।" ঠাকুর তার কি উত্তর দিচ্ছেন? বলছেন, "নবই ঈশ্বরাধীন—মান্ত্রে কি করবে? তাঁর নাম করতে করতে কথনো ধরা পড়ে, কথনো পড়ে না। তাঁর ধ্যান করতে এক এক দিন বেশ উদ্দীপন হয়—আবার একদিন কিছুই হ'ল না।" ঠাকুরের এ-কথা বলার একটিই উদ্দেশ্য,

যাতে আমাদের মনে হতাশা না আদে। বহু সময়ই যথন আমাদের মনে উদ্দীপনা আদে না, মনের মধ্যে তাঁকে দর্শন ক'রে, তাঁকে ভালবেদে যে আনন্দ তা অমুভব করতে পারি না, তথন অধীর হ'য়ে উঠি, অভিযোগ করি 'কিছু তো হচ্ছে না' বলে। সেই অবস্থাটিতেই তাঁর আশাসবাণী—'সবই ঈশ্বরাধীন', তাঁর কুপার প্রতীক্ষা ক'রে থাকো। ৰাইবেলের Parable of Ten Virgins-এ এবং পুরাণের শবরী-উপাখ্যানেও সেই প্রতীক্ষার কথাই বলা হয়েছে। বরকে অভার্থনা ক'রে নিয়ে যাবে ব'লে দশজন তরুণী প্রদীপ জ্বেলে অপেক্ষা করছিল। কিন্ত বর আর আসে না। ইতিমধ্যে প্রদীপের তেল শেষ হ'য়ে যাওয়ায় প্রদীপ নিভে গেল। তথন কয়েকজন চ'লে গেল তেল নিয়ে আসবার জন্ম। কিন্তু কয়েকজন রয়ে গেল, যদি বর এদে ফিরে যায়। আর সত্যি একট পরেই বর এল: যে কটি তরুণী ধৈর্য ধ'রে অপেক্ষা করছিল, তারাই তাকে অভার্থনা ক'রল। শবরীও তেমনি কৈশোর থেকে অপেকা ক'রে আছেন শ্রীরামচন্দ্রের জন্ম। কৈশোর গেল, যৌবন গেল, বার্ধকা এল, শবরী যখন জ্বায় জীর্ণ তখন আবির্ভাব হ'ল তাঁর ইষ্ট-দেবতার। ভগবানকে পেলাম না ব'লে সংসারে মত্ত হ'য়ে থাকলে চলবে না। তাঁকে ধ্যান করতে করতে আকুলভাবে প্রতীক্ষা করতে হবে, এই হ'ল তাঁর কথার তাৎপর্য।

ঈশ্বরলাভ সাধনসাপেক

ঈশ্বকে দেখিয়ে দিন—এ কথার উত্তর কি দিচ্ছেন ঠাকুর ? দেখিয়ে আমনি দেওয়া যায় না, তার প্রস্তুতি চাই। তাই বলছেন—"কর্ম চাই, তবে দর্শন হয়।" একদিন ভাবাবস্থায় হালদার পুকুর দর্শন করেছিলেন, সেই কথা উল্লেখ ক'রে বলছেন, "যেন দেখালে, পানা না ঠেললে জল দেখা যায় না—কর্ম না করলে ভক্তি লাভ হয় না, ঈশ্বর দর্শন

হয় না। ধ্যান, জপ-এই সব কর্ম, তাঁর নাম গুণকীর্তনও কর্ম-আবার দান, যজ্ঞ—এ-সবও কর্ম।" এর মধ্যে দান, যজ্ঞ প্রভৃতি হচ্ছে বৈধ কর্ম। প্রথমোক্ত কর্মগুলি আরো অন্তরঙ্গ সাধন। এই কর্মের দারা তো ঈশ্বর লাভ হয় না, ঈশ্বর লাভ হয় একমাত্র তাঁর রূপায়। 'সবই ঈশ্বরাধীন'— বলেছেন এর আগে। তবে কর্ম কেন । কারণ মানুষ কখনো কর্মছাড়া থাকতে পারে না, আর ভগবান যদি সত্য সত্য আমাদের কাম্য হন, তবে যে কর্ম তাঁকেই স্মরণ করিয়ে দেয়. তাই করা কর্তব্য। এ-বিষয়ে অক্সত্র ঠাকুর একটি চমৎকার দৃষ্টান্ত দিয়েছেন—একজন চোর চুরি করতে গিয়ে দেখে যে, সে সিঁদ কেটে ভুল ঘরে এসেছে। সে ঘরে সোনা নেই। সোনা আছে পাশের ঘরে। চোর তথন কি করবে, চুপ ক'রে থাকবে, না ঘুমিয়ে পড়বে ? তার প্রাণ তথন তোলপাড় করবে. কোন রকম ক'রে দেওয়ালটা ছিদ্র ক'রে সেই সোনার তালটা সংগ্রহ করবার জন্ম। তেমনি প্রকৃতই যে ভগবানের দর্শন চায়, সে তাঁর রূপা হবে ব'লে চুপ ক'রে বসে থাকতে পারে না। সে অস্থির হ'য়ে, ব্যাকুল হ'য়ে ছটফট করতে থাকে ও যাতে তাঁকে লাভ করা যায়, সেই রকম সাধনায় নিজেকে নিয়োজিত করে। তাই ঠাকুর বলছেন, কর্ম চাই। "মাথন যদি চাও তবে তুধকে দই পাততে হয়। তারপর নির্জনে রাখতে হয়। তারপর দই বদলে পরিশ্রম ক'রে মন্থন করতে হয়। তবে মাখন তোলা হয়।" স্থতরাং দেখিয়ে দেওয়ার অর্থ যদি এই হয় যে, সাধুন ভজন ক'বৰ না, নিচ্ছিয় হ'য়ে বসে থাকব, তা হয় না। একটু পরে তাই ঠাকুর বলেছেন, "এ তো ভাল বালাই হ'ল! ঈশ্বরকে দেখিয়ে দাও, আব উনি চুপ ক'বে বদে থাকবেন। মাথন তুলে মুখের কাছে ধরো।" কিছু না ক'রে চুপ ক'রে বদে থেকেও যে হয় না, তা নয়, কিন্তু সে

অত্যন্ত কঠিন কথা। সে-অবস্থায় নিজের কোন ব্যক্তিত্ব নেই, কোন

কর্ত্ব নেই। সর্বাবস্থায় নিজেকে জানতে হবে অকর্তা, আমি সেথানে দ্রষ্টা মাত্র, সাক্ষী মাত্র, যন্ত্র মাত্র, তার বেশী কিছু নয়। কিন্তু সাধারণের পক্ষে এ-ভাব রাখা কথনই সম্ভব নয়। তাঁকে ডাকার সময় 'তিনি করালে ক'বব' এ ভাবটি ঠিকই আসে, কিন্তু আর সব বিষয়ে কখন যে তার কর্ত্ব-ভাব, অহং-ভাবটি চাড়া দিয়ে ওঠে, তা খেয়াল থাকে না, আর সেইখানেই হয়—মনের সঙ্গে বিরাট জুয়াচুরি। তাই আমাদের মতো সাধারণের জন্ম তাঁর নির্দেশ—'কর্ম চাই, তবে দর্শন হয়।'

ঠাকুর যথন কর্মের কথা বলছেন, তথন মহিমাচরণ উত্তর দিলেন—
"আজ্ঞা হাঁ, কর্ম চাই বই কি! অনেক থাটতে হয়, তবে লাভ হয়।
প্ডতেই কত হয়! অনস্ত শাস্ত্র!" ঠাকুর তথন বলছেন, "শাস্ত্র কত
পড়বে? শুধু বিচার করলে কি হবে? আগে তাঁকে লাভ করবার
চেষ্টা কর, গুরুবাক্যে বিশ্বাস ক'রে কিছু কর্ম কর। গুরু না থাকেন,
তাঁকে ব্যাকুল হ'য়ে প্রার্থনা কর, তিনি কেমন—তিনিই জানিয়ে
দেবেন।"

শান্ত্র, শরণাগতি ও ঐগ্রিক

এখানে প্রধান কথা গুরু ও শান্তবাক্যে বিশ্বাস, যার অর্থ প্রজা।
তথু বিচার ক'রে কি হবে ? বিচারের দ্বারা যথন তাঁকে জানবার চেষ্টা
করি, তথন থালি কতকগুলি বৃদ্ধির কসরৎ করি মাত্র। তাঁর স্বরূপকে
এই বৃদ্ধির দ্বারা বোঝা যায় না, অথচ বৃদ্ধি ছাড়া আমাদের কোন
যন্ত্র নেই, যা দিয়ে বুঝতে পারি। সেই জ্বাই বলা হয়েছে 'এই বৃদ্ধি'র
দ্বারা বুঝতে পারি না। শাস্ত্রেও এই রকম বিপরীত উক্তি আছে, মনের
দ্বারা তাঁকে জানা যায় না, 'যম্মনসা ন মন্থতে যেনাহর্মনো মতম্'। আবার
অ্বাত্র বলা হয়েছে, মনের দ্বারাই তাঁকে জানতে হবে—'মনসৈবেদ-

মাপ্তবাম্'—এই পরম্পরবিরোধী উক্তির তাৎপর্য, তিনি এই মন-বুদ্ধির অগোচর হলেও ভদ্ধ মন বা ভদ্ধ বৃদ্ধির গোচর। মন বা বৃদ্ধি ভদ্ধ হ'লে তবেই তাতে শাস্ত্রের প্রকৃত অর্থ প্রতিভাত হয় এবং অনস্ত শাস্ত্রের জ্ঞানও তার জন্ম প্রয়োজন নয়। কারণ হাজার বিচার করলেও তাঁকে পাওয়া যাবে না. 'নৈষা তর্কেণ মতিরাপনেয়া', 'ন মেধয়া ন বহুনা শ্রুতেন। প্রয়োজন—গুরুবাক্যে ও শান্তে বিশ্বাস, প্রয়োজন— শুদ্ধা বুদ্ধি। যে সরষে দিয়ে ভূত তাড়াবে, যদি তারই মধ্যে ভূত থাকে তো ভূত তাড়াবে কি ক'রে ? তেমনি যে বুদ্ধি দিয়ে শাস্ত্রের মর্ম বুঝবে, তা যদি শুদ্ধ না হয়, তবে পড়ে কি লাভ? মহিমাচরণের পাণ্ডিত্যের অভিমান ছিল বলেই বিশেষ ক'রে তাঁকে ঠাকুর শাস্ত্র-পাঠের নিফলতার কথা ব'লে বিখাস, শ্রদ্ধা ও ব্যাকুলতার উপর জোর দিলেন। বললেন, "বই পড়ে কি জানবে ? যতক্ষণ না হাটে পৌছানো যায়, ততক্ষণ দূর হ'তে কেবল হো-হো শব। হাটে পোঁছিলে আব এক বকম। তথন সব স্পষ্ট দেখতে পাবে, গুনতে পাবে; 'আলু নাও' পিয়দা দাও' স্পষ্ট শুনতে পাবে। সমূদ্র দূর হ'তে হো-হো শব্দ করছে। কাছে গেলে কত জাহাজ যাচ্ছে, পাথী উড়ছে, ঢেউ হচ্ছে—দেখতে পাবে। বই পড়ে ঠিক অহুভব হয় না। অনেক তফাত। তাঁকে দর্শনের পর বই শাস্ত্র, সায়েন্স - সব খড়কুটো বোধ হয়।"

এইভাবে ঠাকুর বার বার তাঁকে জানার উপর জোর দিচ্ছেন।
কিন্তু কেবলমাত্র শাস্ত্র-পাঠের হারা তাহয় না। অনস্ত শাস্ত্র, তাতেও
পরস্পর-বিরোধী উক্তি, কে তার সামঞ্জয় করবে? শাস্ত্রে সার ও
অসার পদার্থ মিশে আছে—যেমন চিনি ও বালি মিশে থাকে। তাই
বলছেন, একান্তভাবে শরণাগত হয়ে প্রার্থনা কর, তিনিই তাঁর স্বরূপ
জানিয়ে দেবেন। সেই জানাটি তথন শাস্ত্রের সঙ্গে মিলিয়ে নিতে
হবে। শ্রুতি ও অয়ভূতি—তিনটি মিলিয়ে নিতে হবে। শাস্ত্র

হ'ল শ্রুতি, সেটি যুক্তি বা বুজিগ্রাহ্য কিনা, এবং তা উপলব্ধির সঙ্গে মিলে যাচ্ছে কিনা—এটি দেখার জন্মই শাস্ত্রের প্রয়োজনীয়তা। তাই বলছেন, "শাস্ত্র কত পড়বে? শুধু বিচার করলে কি হবে?" যে মন দিয়ে আমি জানব, সে মনই যদি অস্ত্রন্থ, বিকারগ্রস্ত অথবা মলিন হ'য়ে থাকে, তার দ্বারা কি ক'রে সত্য উদ্ঘাটিত হবে? তাই আগে মনকে বিকারমুক্ত করা প্রয়োজন এবং তারই উপায় স্বরূপ বলছেন, 'গুরুবাক্যে বিশ্বাস ক'রে কিছু কর্ম কর।' 'গুরুবাক্যে বিশ্বাস'—এই হ'ল গোড়ার্ম কথা। বিশ্বাস না থাকলে কিসের সাধন করবে? যে শ্রুজাহীন সেকোন দিকেই এগোতে পারে না। শ্রুজা যেথানে নেই, সেথানেই এটা নয়, ওটা নয়, সেটা নয়—সর্বত্রই সংশয়, একটা 'না'-এর সমষ্টি।' স্তর্ত্বাং শ্রুজাহীন ব্যক্তির 'ইতো নইস্তব্যো শ্রুষ্টঃ' অবস্থা। সাধনের প্রথম পর্যায় এই শ্রুজা। তারপর সেই শ্রুজার সঙ্গে গুরুর নির্দেশ নিষ্ঠাভরে পালন করা সাধনের বিতীয় পর্যায়।

শ্রমাধীন ব্যক্তি অগুদ্ধমনে শান্ত্রপাঠ ক'রে যে জ্ঞান লাভ করে, তাকে ঠাকুর তুলনা করেছেন সমৃদ্রের 'হো-হো' আওয়াজের সঙ্গে অথবা দূর থেকে ভেদে-আসা হাটের গোলমালের সঙ্গে। হাটের বিভিন্ন বিচিত্র শব্দ জড়িয়ে যে একটা অর্থহীন আওয়াজ হয়়, অথবা সমৃদ্রের 'হো-হো' শব্দের যেমন কোন তাৎপর্য নেই, অশুদ্ধ মনে শান্ত্র পড়লেও তেমনি তার কোন স্পষ্ট প্রতীতি হয় না। ধর্মের স্বরূপ হচ্ছে 'নিহিতং গুহায়াম্'—তা এই বৃদ্ধির অগোচর। গবেষক পশুতরা বড় জোর শান্ত্র পড়ে তার ভিন্ন ব্যাখ্যা দিতে পারেন, এই পর্যন্ত । কারণ কথাই আছে 'নাসৌ মৃনির্যন্ত মতং ন ভিন্নম্।' অত এব 'মহাজনো যেন গতঃ সপন্থাঃ।' এই নীতি মেনে নিয়ে যাঁরা শান্তের পারে গিয়েছেন, পরমতত্ত্ব পৌছেছেন, তাঁদের নির্দেশ শ্রমাভরে মেনে চলাই আমাদের প্রধান কর্তব্য, এ-কথাই ঠাকুর বোঝাতে চেয়েছেন।

ঠাকুর বলছেন, "তাঁকে দর্শনের পর বই. শাস্ত্র, সায়েন্স সব খড়কুটো বোধ হয়।" এ-কথার দারা ঠাকুর বোঝাতে চেয়েছেন যে, ভগবদ্-দর্শনের স্বারা যে তত্ত্বের অন্কুত হয়, তা বই পড়ে হয় না। বই মান্তবের বুদ্ধির বিহুনি। দায়েন্স বুদ্ধিগম্য বিষয় নিয়েই ব্যাপৃত। ইন্দ্রিয়গ্রাহ বিষয়ের খবরই সায়েন্স দিতে পারে, অতীক্রিয় জগতের খবর দিতে পাবে না। স্বতরাং ভগবদ্দর্শন বা ঈশ্বরাত্বভূতি হ'লে এই ইন্দ্রিয়ের দারা প্রাহ্ বস্তু তুচ্ছ হ'য়ে যায়। অবশ্য যার ঈশ্বর দর্শন হয়নি, তার পক্ষে এই তুচ্ছতার পরিমাপ বোঝা সম্ভব নয়, কারণ জাগতিক ঐশ্বর্য সবই আমাদের সায়েন্সের রূপায়। আর শাল্পের প্রসঙ্গে ঠাকুর অন্তত্ত্ব বলছেন, পাঁজিতে লেখা আছে বিশ আড়া জল হবে, তা পাঁজি নিংড়োলে এক ফোঁটাও পড়ে না। শান্তে বহু বিষয়ই লেখা আছে সত্য, কিন্তু নিছক পড়ে গেলে তা থেকে কোন রসই পাওয়া যায় না। ব্যৎসল্য-রস সম্বন্ধে বই-এ অনেক কিছু পড়া যায়, কিন্তু নিজের সস্তানটিকে আদর ক'রে যে রসের অন্তভূতি হয়, তার কাছে বই-এ পড়া জ্ঞান তুচ্ছ! তবে নিজে একবার বাৎস্ল্য-রস অন্নুভব করলে ষেমন দেখা যায় যে তা বই-এর লেখার সঙ্গে মিলে যাচ্ছে, তেমনি ঈশ্বরান্তভৃতি হ'লে সেই অনুভূতিগুলি শাস্ত্রের দঙ্গে মিলিয়ে নেওয়া যায় এবং শাস্ত্র থেকে রস আহরণ করা যায়।

সহজ উপায়ঃ ব্যাকুলতা ও নির্জনবাস

নিজের উপলব্ধিই হ'ল আদল কথা, দেখানে পুঁথিগত বিতা তুচ্ছ; 'তত্র—বেদা অবেদাঃ'—তাই ঠাকুর উপদেশ দিচ্ছেন, "বড়বাবুর সঙ্গে আলাপ দরকার। তাঁর ক-খানা বাড়ি, ক-টা বাগান, কত কোম্পানির কাগজ—এ আগে জানবার জন্ম অত ব্যস্ত কেন? চাকরদের কাছে গেলে তারা দাঁড়াতেই দেয় না—কোম্পানির কাগজের খবর কি দিবে!

কিন্তু যো-সো ক'বে বড়বাবুর সঙ্গে একবার আলাপ কর, ধ'কা থেয়েই হোক, আব বেড়া ডিঙিয়েই হোক—তথন কত বাড়ি, কত বাগান, কত কোম্পানির কাগজ, তিনিই ব'লে দিবেন। বাবুর সঙ্গে আলাপ হ'লে আবার চাকর, দারবান্ সব সেলাম করবে।" কিন্তু ঠাকুর তো ষ্মতি সহজেই বললেন, "বড়বাবুর সঙ্গে স্মালাপ দরকার।" কিন্তু আলাপ করি কি ক'রে? তাই ঠাকুর তারও উপায় নির্দেশ ক'রে বলছেন, "নির্জনে তাঁকে ডাকো, প্রার্থনা কর: 'দেখা দাও' বলে ব্যাকুল হ'মে কাঁদো। কাম-কাঞ্চনের জন্ত পাগল হ'মে বেড়াতে পারো; তাঁর জন্ত একটু পাগল হও। লোকে বলুক যে অমুক ঈশবের জন্ম পাগল হ'য়ে গেছে। দিন কতক না হয় সব ত্যাগ ক'রে তাঁকে একলা ডাকো!" বেশীদিন বললে তো কেউ ডাকবে না, তাই ঠাকুর বলছেন, দিন কতক না হয় তাঁকে একলা তাকো। আলাপ করবার জন্ত বহু অহুষ্ঠান, যাগ, যজ্ঞ, তাতে হাজার হাজার টাকা খরচ, শরীরের কুদ্ভূ শাধন কিছুই বললেন না। বললেন শুধু একটি কথা, 'নির্জনে ব্যাকুল হ'য়ে তাঁকে ডাকো।' কিন্তু এই ব্যাকুলতাটুকু আস্তরিক হওয়া চাই। কথার কথা নয়, অন্তরের সঙ্গে ডাকা চাই। আগ্রহ থাকা চাই। উপায়টি শুনতে খুবই সহজ, কিন্তু আমাদের যে গোড়াতেই গলদ, নির্জনে যাবার তো অবকাশ নেই, আর কান্নাও আসে না। কি ক'রে তাঁকে পাব ? কবীরও দেই কথা বলেছেন—'খোজী হোয় তো তুরতৈ মিলি হোঁ, পল-ভরকী তালাস মেঁ।' এক পল বা এক মুহূর্ত যদি তুমি চাও আমাকে, তা হ'লে তথনই আমি এদে তোমার দকে মিলিত হবো। এই একাগ্র একাস্তভাবে তাঁকে চাওয়া, এটিই আমাদের দারা হয় না। এরই জন্ম অভ্যাস করতে বলেছেন, নির্জনে ডাকতে হবে। 'নির্জন' वरलहिन, राथान मन अन्निक्त आकृष्टे श्रद ना। मांश्रा मङ्ग्री, কি গভীর অরণ্য, যেথানে বাঘ-ভাল্লকের বাস, সেই অরণ্যকে নির্জন

वलह्न ना। यथान अन अन नहे य मनक होनत्व, महे जानहे নির্জন। যাঁরা আন্তরিক ভাবে ভগবানের চিন্তা করেন, সাধনা করেন, তাঁদের সকলেরই এ অভিজ্ঞতা আছে। যেমন হয়তো মনটাকে গুছিয়ে নিয়ে বদেছে, এমন সময় ছেলেটি আঘাত পেয়ে কেঁদে উঠল—মায়ের সব মন চলে গেলে তার দিকে। অপরাধ ছেলের, না আমার মনের? চারিদিক দিয়ে সে যেন কান পেতে আছে, ভগবান ছাড়া কোনদিক থেকে ডাক আসে। স্বতরাং মনের এই অবস্থায় তাকে একাস্তভাকে ভগবানের দিকে নিযুক্ত করা, প্রেরিত করার চেষ্টা দার্থক হয় না, অথবা বলা যায় চারিদিকের বিক্ষেপের জন্ম চেষ্টা করাই হয় না। এই জন্মই নির্জনতার প্রয়োজন। কিন্তু তথু তো নির্জনে গেলে হবে না, ব্যাকুল হ'য়ে ডাকতে হবে। অনেকে নির্জনে থাকে, কিন্তু তাদের মনে ভগবানের কথা ওঠেই না। সে নির্জনতা এদিক দিয়ে তার কোন কাজে লাগছে না। সে সেটাকে শান্তি ব'লে মনে করে। তাই নির্জনতা তথু নয়, ব্যাকুলতা চাই। ব্যাকুল হ'য়ে কাঁদব কি ক'রে १—এ প্রশ্ন যদি কেউ করে, তাই বলছেন, 'কেন, বিষয়ের জন্য, সংসারের জন্য ঘটি ঘটি কাঁদতে পারো, আর ভগবানের জন্ম এক ফোঁটা চোথের জল পড়ে না ?' ঘটি ঘটি কালা সে তো আসেই। উপায় নেই, মন সে-ভাবেই তৈরী। তাই তিনি বলছেন, যে মন বিষয়ের জন্ম এত ব্যস্ত, এত পাগল, সে মনকে ভগবানের দিকে মোড় ফিরিয়ে দাও। বিফ্র-পুরাণে প্রহলাদ বলছেন :

> যা প্রীতিরবিবেকানাং বিষয়েখনপায়িনী। ত্বামকুষ্মরতঃ দা মে হৃদয়ান্মাপদর্পতু॥ (১।২০।১৯)

অবিবেক অজ্ঞান ব্যক্তির বিষয়ের প্রতি যে অশেষ প্রীতি, হে প্রভু, যথন আমি তোমার চিন্তা ক'রব, তথন যেন তোমার প্রতি আমার সেই রকম প্রীতি আদে। ঠাকুর বলেছেন, ওতেও হবে না, আরো চাই। তিন টান যদি এক হ'য়ে ভগবানের দিকে যায়, তবে তাঁকে পাওয়া যায়—বিষয়ীর বিষয়ের দিকে টান, সতীর পতির উপর এবং মায়ের সন্তানের উপর টান। যে বিষয়ের অহভব নেই, তার দৃষ্টান্ত দিলে বোঝা যায় না। এই তিন টানের অহভব মায়্মের আছে, তাই এই দৃষ্টান্ত। কিন্তু সাত্মণ তেলও পুড়বে না, রাধাও নাচবে না।

অভ্যাস ও সাধন

সবাই চায়—এর থেকে কোন সহজ পথ, একটা কৌশল, কি একটা মন্ত্র, যার সাহায্যে মনটা চট ক'রে তাতে লগ্ন হয়। কিন্তু তা হবার নয়। এমন কোন জলপড়া নেই, যার দ্বারা মনটা একেবারে একাগ্র হ'য়ে যাবে। যদি থাকত, হয়তো ভগবান অজুনকে দে ব্যবস্থা ব'লে দিতেন। কিন্তু তিনিও বলছেন, মন সতাই অত্যন্ত চঞ্চল, তবে তাকে স্থির করার উপায় হচ্ছে—অভ্যাস আর বৈরাগ্য। অভ্যাস অর্থাৎ বারবার চেষ্টা, আর বৈরাগ্য অর্থাৎ বিষয়াদি যা মনকে টানছে, তাকে তুচ্ছ করা। তা হ'লে মন আর সেদিকে যাবে না। এই একমাত্র উপায়। এছাডা আর পথ নেই। ঠাকুর বলছেন—"ভগু 'তিনি আছেন' ব'লে বসে থাকলে কি হবে ? হালদার পুকুরে বড় মাছ আছে। পুকুরের পাড়ে গুধু ব'লে থাকলে কি মাছ পাওয়া যায়? চার করো, চার ফেলো। ক্রমে গভীর জল থেকে মাছ আদবে আর জল নড়বে। তথন আনন্দ হবে! হয়তো মাছটার থানিকটা একবার দেখা গেল— মাছটা ধপাং ক'রে উঠল। যথন দেখা গেল, তথন আরো আনন্দ।" ভগবান আছেন ব'লে ব'সে না থেকে তিনি যদি সত্যি কাম্য হন, তা হ'লে তাঁকে খুঁজতে হবে, তাঁকে পাবার যে প্রণালী আছে, তা অবলম্বন ক'রে এগোতে হবে। "দুধকে দুই পেতে মন্থন করলে তবে তো মাখন পাবে।" অবশ্য আমরা

জানি ঠাকুরের অসাধারণ এশবিক শক্তি ছিল, তিনি ইচ্ছামাত্র ভক্তদের সব দিতে পারতেন, কিন্তু সে সাধ্য আর কার আছে? তাছাড়া কেউ যদি নিজে কিছু করতে না চার, তার মানে তার প্রয়োজন-বোধ বা আকাজ্রা তীব্রভাবে মনে জাগেনি। আহা, ভগবানকে পেলে বেশ হয়, যথন তিনি হাতের মৃঠোয় এমে যাবেন, তথন সংসারটা গুছিয়ে নিতে পারি—এই ভাব। তাঁকে কেউ চাইছি না, জীবনের লক্ষ্য বা উদ্দেশ্য ব'লে মনে করছি না, উপায় ব'লে মনে করছি। ভগবান হাসেন, তোমার কর্মকলে তুমি বাঁধা প'ড়ছ, আমি আর কি ক'রব ?

এই কর্মকল আমাদেরই স্থাট। চারিদিকে বাদনার জাল বুনে আমরা নিজেরাই তার মধ্যে আবদ্ধ হচ্ছি। জাল কেটে বেরোবার পথ আছে, কিন্তু বেরোবার ইচ্ছা নেই। ঠাকুর যেমন বলেছেন, ঘুনির ভিতর মাছ ঢোকে। ইচ্ছা করলে যে পথ দিয়ে ঢুকেছে সেই পথেই বেরোতে পারে, কিন্তু বেরোয় না, মনে করে পথ নেই। আমরা বছ বাসনায় নিজেদের জড়িয়ে ফেলছি, বাসনা অপূর্ণ থাকছে, আমরাও আর সংসারের বন্ধন থেকে বেরোতে পারছি না। ঠাকুর তাই আবার বলছেন, সাত দেউড়ির পর রাজা আছেন, একটা ক'রে দেউড়ি তো পার হ'তে হবে। কিন্তু আমাদের সে ধৈর্য কোথায় ? আমরা বলি, এইতো সাতদিন ধ'রে ভগবানকে ডাকলাম, কোথায় তিনি? যেন এমন বাঁধাধরা চুক্তি ছিল যে, সাতদিন তাঁর নাম করলে তিনি এসে উপস্থিত হ'য়ে যাবেন। যদি তাঁকে অন্তরের দক্ষে চাইতাম, তা হ'লে জীবন ভোর তাঁর জন্ম প্রাণপণ খাটলেও মনে হবে না, যথেষ্ট হয়েছে। আমরা ভাবি—অক্সান্ত জিনিস তো আমরা চেষ্টা করে পাই, কিন্তু তাঁকে তো চেষ্টা ক'রেও পাই না। আমাদের থেয়াল থাকে না যে আমাদের চেষ্টাটাই আন্তরিক নয়। তাঁকে কি বাতাদের মতো আমাদের অবশ্য প্রয়োজনীয় মনে হয়? তাঁকে না পেলে কি আমাদের দম বন্ধ হ'য়ে আদে? তাঁকে পাবার জন্য মুনি-ঋষিরা থেটে খেটে শেষ হয়েছেন, আর আমরা ভাবি '১০৮বার জপ করতে করতে অনেক সময় যাবে, কম করলে হয় না?' এর নাম কি 'যথেষ্ট চেষ্টা'? তাঁকে ছাড়াও আমাদের দিন চলে যাচ্ছে, তাই আমাদের বেশী দাম দেবার প্রবৃত্তিও হয় না, তাঁকে আমরা তাই লাভও করি না। গুরুবাক্যে বা শাস্ত্রবাক্যে বিশ্বাদ ক'রে আন্তরিক ব্যাকুল হ'রে যে চেষ্টা করে, সে অবশ্বই পায়।

ব্যাকুলতা ও কুপা

ঠাকুর এর আগেই বলেছেন, "তাই কর্ম চাই।" মহিমাচরণ এবার প্রশ্ন করছেন, 'কি কর্মের দ্বারা তাঁকে পাওয়া যেতে পারে ?' তার উত্তরে ঠাকুর বলছেন, "এই কর্মের দারা তাঁকে পাওয়া যাবে. আর এ-কর্মের দ্বারা পাওয়া যাবে না, তা নয়। তাঁর ক্লপার উপর নির্ভর। তবে ব্যাকুল হ'মে কিছু কর্ম ক'রে যেতে হয়। ব্যাকুলতা থাকলে তাঁর কুপা হয়।" এই প্রদঙ্গে শ্রীশ্রীমার উপদেশও শ্বরণীয়। একজন ভক্ত তাঁকে জিজ্ঞাদা করছেন, 'মা, জপ করলে হয় ?' — অর্থাৎ ঈশ্বর দর্শন হয় ? মা বলছেন 'না'। 'ধ্যান করলে হয় ?'—'না'। 'তবে কিনে হয় ?' 'তাঁর দ্যা হ'লে হয়:' তাঁর দয়া ছাড়া কেবল এই কর্মগুলির সাহায্যে তাঁকে লাভ করা যায় না। তিনি এমন চুর্লভ বস্তু যে, তাঁকে লাভ করার মতো সাধনা করার সামর্থ্য আমাদের নেই। যতই সাধনা আমরা করি, তাঁকে পাবার পক্ষে তা অতি অকিঞ্চিৎকর। এই কথাটি মনে থাকলে আর কারে সাধনার অহংকার মনে আদতে পারে না। সাধনার অহংকার বড় ভঃংকর। আমি এত জ্প করি, এতক্ষণ ধ্যান করি— এই অহংকার সাধকের সমস্ত সাধনাকে নিক্ষল ক'রে দেয়। তাই বলছেন, তাঁর রূপা হ'লে হয়। আর ব্যাকুলতা থাকলে তবেই তাঁর ক্লপা হয়। তাই ব্যাকুল হ'য়ে কিছু কর্ম ক'বে যেতে হয়। আর ব্যাকুলতা থাকলে তিনিই স্থযোগ ঘটিয়ে দেন—'দাধুদঙ্গ, বিবেক, সদগুরু লাভ, হয় তো একজন বড় ভাই সংসারের ভার নিল: হয় তো ন্ত্রীটি বিত্যাশক্তি, বড় ধার্মিক ; কি বিবাহ আদপেই হ'ল না, সংসারে বদ্ধ হ'তে হ'ল না—এই সব যোগাযোগ হ'লে হ'য়ে যায়।" অর্থাৎ যে একান্তভাবে তাঁকে ডাকে, তিনি তার সব অন্নকৃল ক'রে দেন। ব্যাকুল হ'য়ে তাঁর শরণাগত হ'লে সকল প্রতিকূলতা দূর হ'য়ে যায়। এই বিষয়ে ঠাকুর এখানে একটি চমৎকার গল্প বলছেন: একজনের বাড়িতে ভারী অস্থ্য, যায় যায়। তথন কেউ বললে, স্বাতী নক্ষত্রে বৃষ্টির জল যদি মড়ার মাথার খুলিতে পড়ে, আর দেই সময় একটা সাপ যদি ব্যাঙকে ছোবল মারতে যায় ও ব্যাঙটা পালিয়ে যাওয়ায় সাপের বিষ সেই মড়ার খুলিতে পড়ে, সেই বিষ দিয়ে ওয়ুধ তৈরী করলে সে বাঁচবে। তখন যাব বাড়িতে অস্থথ সেই লোক দিনক্ষণ দেখে ওষুধের খোঁজে বেরোল ও ব্যাকুল হ'য়ে ঈশ্বরকে ডাকতে লাগল। সত্যই স্বাতী নক্ষত্তের বৃষ্টির জল যথন মড়ার খুলিতে প'ড়ল, তখন তার ব্যাকুলতা আরো বাড়ল। আন্তে আন্তে ব্যাঙ্ও এল, সাপও ব্যাঙ্কে তাড়া ক'রল। লোকটি তখন শেষ যোগাযোগটির জন্ম এত ব্যাকুল হ'ল যে তার বুক তুর্ ত্বর করতে লাগন। প্রাণপণে সে ভগবানকে ডাকতে লাগল, আর সত্যি মড়ার খুলির কাছে এসে ব্যাঙটা যেই লাফ দিল তাকে ছোবল দিডে গিয়ে সাপের বিষও প'ড়ল মড়ার খুলিতে। প্রাণেষে কোন বিষয়েই যদি ব্যাকুলতা থাকে, তবে এই ভাবেই যোগাযোগ ঘটে যায়। গল্পটি বলে ঠাকুর বলছেন, "তাই বলছি ব্যাকুলতা থাকলে দব হ'য়ে যায়।" তাঁর কুপার অন্ত কোন শর্তাদি নেই। কিন্তু যদি কেউ তাঁর জন্ম আন্তরিক ব্যাকুল হয়, তিনি তাকে কথনও নিরাশ করেন না। যেমন ঠাকুর অক্তত্ত দৃষ্টাস্ত দিয়েছেন, ছেলেরা থেলনা নিয়ে ভুলে থাকে,

२ --- २

থেলায় মন্ত থাকে। মা নিশ্চিস্ত মনে ঘরের কাজকর্ম করেন। কিন্তু যথন ছেলে দব থেলনা ছুঁড়ে ফেলে দিয়ে মাব জন্ম ব্যাকুল হ'য়ে কাঁদে, তথন মা তুম্ ক'রে ভাতের হাঁড়িটা নামিয়ে এদে ছেলেকে কোলে নেন।

দুই

কথায়ত--১।১৩।৪

ত্যাগঃ প্রকৃত অর্থ ও আচরণ

এখানে ঠাকুর ভক্তদের ত্যাগের প্রদক্ষে উপদেশ দিছেন। তিনি
কিন্তু আপাতদৃষ্টিতে সন্মাসী ও গৃহীর ক্ষেত্রে ত্যাগের আদর্শ তিন্ন
বলহেন। সাধুর ক্ষেত্রে তিনি বলহেন, "মন থেকে সব ত্যাগ না হ'লে
ক্ষির লাভ হয় না। সাধু সঞ্চয় করতে পারে না। 'সঞ্চয় না করে
পন্ছী আউর দরবেশ'।" নিজের কথা উল্লেখ ক'রে বলহেন, "হাতে
মাটি দেবার জন্ম মাটি নিয়ে যেতে পারি না। বেটুয়াটা ক'রে পান
আনবার যো নাই।" অর্থাৎ সম্পূর্ণ ত্যাগের ভাব। তারপরেই মহিমাচরণ
প্রভৃতি গৃহস্থ ভক্তদের লক্ষ্য ক'রে বলহেন, "ভোমরা সংসারী, তোমরা
এও কর, অও কর। এই ভাবের কথাই তিনি অন্তত্তও বলেহেন,
এক হাতে ক্ষিরকে ধ'রে রাখো, আব এক হাতে সংসার কর। এক
হাতে খুঁটি ধ'রে থাকো, তা হ'লে আর পড়ে যাবার ভয় থাকবে না।
উপদেশের এই পার্থকাটি বিশেষভাবে অন্তথাবনযোগ্য। সংসারীদের
প্রতি কি ঠাকুরের এটি স্থোকবাক্য? সংসারে থেকে কি ভগবান লাভ
করা যায়? অথবা ক্ষরেরে দিকে যার মন গেছে, তার পক্ষে কি আর

সংসার করা সম্ভব হয় ? মহিমাচরণ সেই সন্দেহই প্রকাশ করছেন। "এ, ও কি আর থাকে?" কিন্তু এটা স্তোকবাক্য নয়। ঠাকুর কখনই কাকেও স্তোক দেন নি, যা সত্য তাই বলেছেন। এক্ষেত্রে তা হ'লে তাঁর এ-কথার কি তাৎপর্য ? পরিহাসচ্ছলে ঠাকুর প্রথমে উত্তর দিচ্ছেন—"গঙ্গার ধারে 'টাকা মাটি, মাটি টাকা' এই বিচার করতে করতে যথন টাকা গঙ্গার জলে ফেলে দিলুম, তথন একট ভয় হ'ল।... মা-লন্দ্রী যদি খাঁটি বন্ধ ক'রে দেন, তা হ'লে কি হবে। তথন হাজরার মতো পাটোয়ারী করলুম। বললুম, মা ! তুমি যেন হৃদয়ে থেকো।" এই রঙ্গ-রদেব মাধ্যমে তিনি এটাই বোঝাতে চাইছেন যে, প্রথমেই সর্বত্যাগ করা খুব কঠিন। যতক্ষণ দেহবোধ আছে, ততক্ষণ সমস্ত ত্যাগ সন্তব নয়। এ-প্রদক্ষে ঠাকুরেরই অন্ততম ত্যাগী দন্তান সারদানন্দ মহা-বাঙ্গের একটি রঙ্গ-রহস্তময় উক্তি আছে। উদ্বোধনে একবার এক ভক্ত তাঁকে বললেন যে. তিনি সংসার ত্যাগ করতে চান। মহারাজ তাতে উত্তর দিলেন—'বাবা, আমি এখনো সংদার ত্যাগ করতে পারিনি, এই দেখনা কত জড়িয়েছি।' এই ব'লে তিনি তাঁব গায়েব গ্রম জামা-কাপড়গুলির দিকে ইঙ্গিত করলেন। শীতের দিন আর তাঁর বাতের শরীর, বেশ কিছু গরম জিনিস তিনি সত্যই গায়ে জড়িয়েছিলেন। কিন্তু তাঁর প্রকৃত বক্তব্য ছিল এই যে, যতক্ষণ দেহ আছে, দেহেতে মন আছে, দেহের কাজ যতক্ষণ চলছে. ততক্ষণ সম্পূর্ণ ত্যাগ কারও পক্ষে সম্ভব ন্য়। ঠাকুরও দেইজন্ম বলছেন, "তোমাদের পকে মনে ত্যাগ— অনাস্ক্ত হ'য়ে সংসার কর।" এটি স্তোকবাক্য নয়—সাধনেরই ইঙ্গিত। কথাটি পরিষার ক'রে বলছেন, "মন থেকে কাম-কাঞ্চন ত্যাগ হ'লে ঈশ্বরে মন যায়।

ভিষিত্ত বন্ধা তিনিই মুক্ত হ'তে পারেন। ঈশ্বর থেকে বিমুখ হলেই বন্ধ, নিকৃতির নীচের কাঁটা উপরের কাঁটা থেকে তফাং হয় কখন, যখন নিকৃতির বাটিতে কাম-কাঞ্চনের ভার প**ড়ে।**" ভাব হচ্ছে এই যে—সংসার ছেড়ে কোথায় যাবে ? দেহ যতক্ষণ রয়েছে, এই সংসারও ততক্ষণ আছে। কি গৃহস্থ, কি সম্যাসী—সকলেরই এই দেহকে পালন করতে হবে। কারণ যদি কেউ সাধন করতে চায় তারও এই দেহের যেমন প্রয়োজন, তেমনি সিদ্ধ ব্যক্তিরও এই দেহের প্রয়োজন লোককল্যাণের জন্ম।

স্থতরাং দেহকে উপেক্ষা করা চলে না। আর দেহকে যদি উপেক্ষা করা না যায়, তবে এর ভিতরেই তো সংসার আছে। স্থতরাং পূর্ণত্যাগ কারও পক্ষেই সম্ভব নয়। সন্মাসীকেও দেহরক্ষার জন্ম ভিক্ষা করতে হয়, বাসযোগ্য একটি আশ্রয় খুঁজতে হয়।

অনেকেই সংসারে একটু বিরক্তবোধ করলে বা ঈশ্বরে একটু আকর্ষণ হ'লেই মনে করে সংসার ছেড়ে যাই। কিন্তু কোথায় যাবে? যেথানেই যাবে, সেথানেই সংসার। স্বামীজী তাঁর কবিতায় বলেছেন ঃ

> যতদূর যতদূর যাও বৃদ্ধিরথে করি আরোহণ, এই সেই সংসার-জলধি, ত্রুথ স্থথ করে আবর্তন।

স্বতরাং বাহ্যরংসার-ত্যাগই পথ নয়, সংসারের প্রতি আদক্তি-ত্যাগই পথ। তাই বলছেন, সংসারে থাকলেও নিক্তির কাঁটার মতো ঈশ্বরের দক্ষে সর্বদা সংযোগ রাথতে হবে। ঈশ্বরের দিকে সমস্ত মন থাকলে তবেই আর মনে আদক্তি স্থান পায় না। ঠাকুর একটি প্রচলিত প্রবাদের উল্লেখ ক'রে বলছেন, ছেলে ভূমিষ্ঠ হয়ে কাঁদে কেন? কারণ গর্ভাবস্থায় সে ঈশ্বরের সঙ্গে যুক্ত ছিল, কিন্তু ভূমিষ্ঠ হওয়া মাত্রই সে সেই যোগ থেকে বিচ্ছিন্ন হ'ল। "গর্ভে ছিলাম যোগে ছিলাম, ভূমে পড়ে থেলাম মাটি।" তাই ঠাকুর বলছেন, বাহ্ দিক থেকে সংসার ত্যাগ করার কোন প্রয়োজন নেই গৃহন্থের পক্ষে, প্রয়োজন মনের আদক্তিত্যাগ করার।

দন্দাদীর ক্ষেত্রেও এই মনের ত্যাগই প্রধান কথা, তরু তাঁর পক্ষেবাইরের ত্যাগেরও প্রয়োজন আছে, কারণ তাঁকে ত্যাগের আদর্শ স্থাপন করতে হবে, নিজের জীবনে লাগের পরাকাষ্ঠা দেখাতে হবে। এই জন্মই উভয় অধিকারীর ক্ষেত্রে আপাতদৃষ্টিতে উপদেশের পার্থক্য রয়েছে। কিন্তু তাই ব'লে যে সন্মাসী, সে কি সংসারের বাইরে? তার কি সংসারের সঙ্গে কোন সম্পর্ক থাকবে না? যদি থাকে, তবে সে কি করবে? নিশ্রয়ই তাকে নির্লিপ্ত হ'তে হবে। সংসারের সকল বস্তুকে, সব কিছুকেই নির্লিপ্ত দৃষ্টিতে দেখতে হবে। এইটি মনে রাখতে হবে সকলকেই—গৃহী, সন্মাসী সকলের পক্ষেই এই উপদেশ একান্তভাবে সত্য। যতক্ষণ দেহাভিমান আছে, বাইরের ত্যাগ থাকলেও সন্মাসীও মুক্ত নয়। ত্যাগী হ'ক, গৃহী হ'ক. এই অভিমান দ্র করার জন্ম তার সাধন করতে হবে।

রাম-বশিন্ত-আলোচনা

লেখাপড়া শিথে জ্ঞানবুদ্ধির সাহায্যে সংসারের শ্বরূপ নছদ্ধে আমরা একটা সিদ্ধান্তে পৌছাতে পারি এই পর্যন্ত । কিন্তু মনে মনে যখন এই ধারণাটি দৃঢ় হ'য়ে যাবে যে, এই সংসার অসার তুচ্ছ, একমাত্র তথনই আর সংসার আমাদের আকর্ষণ ক'রতে পারবে না, কিন্তু সংসার থেকেই যায়, তাকে ত্যাগ করা কারও পক্ষেই সম্ভব নয়—এই কথাটি ঠাকুর আবার জ্যোর দিয়ে বলছেন, প্রীরামচন্দ্র ও বশিষ্ঠের গল্পটি ব'লে। প্রীরামচন্দ্রের মনে বৈরাগ্য হয়েছে। দশর্থ বশিষ্ঠ মুনিকে পাঠালেন রামকে বোঝাবার জন্ম, যাতে তিনি সংসার ত্যাগ না করেন। তাঁদের কথোপকথন বিস্তৃতভাবে রয়েছে 'যোগবাশিষ্ঠ' নামক গ্রন্থে। দেখানে অবশ্ব চরম অবৈত্রবাদের উপদেশ দেওয়া হয়েছে। বলা হয়েছে জগৎ-সংসার সব মিথাা. 'শশবিষাণবং'—খরগোশের শিঙ্কের মতো না করেন।

Accession No. 6030 RAMAKRISHNA MATH

মতো মিথা। গতরাং যে বস্তু মিথাা, তাকে আর ত্যাগ ক'রব কি ক'রে? পত্য বস্তুরই ত্যাগ সম্ভব, মিথাার নয়। তবে বর্তমান উপাথ্যানে ঠাকুর এই যুক্তির অবতারণা না ক'রে বশিষ্ঠের অক্য একটি যুক্তির উল্লেখ করছেন। বশিষ্ঠ জিজ্ঞানা করলেন রামকে, 'সংদার কি ঈশ্বর ছাড়া? তা যদি হয় তুমি ত্যাগ কর।' রাম দেখলেন, ঈশ্বরই জীব জগৎ সব হয়েছেন। তার সন্তাতেই সমস্ত সত্য ব'লে বোধ হছেছ। তথন তিনি চুপ করে রইলেন। এই যে ঈশ্বরই সব হয়েছেন, জীব জগৎ চতুর্বিংশতি তত্ত্ব—সব কিছু, এটি ঠাকুরের একটি বিশেষ সিদ্ধান্ত, যা তিনি বারবার বলেছেন। 'ন তদন্তি বিনা যৎ স্থান্ময়া ভূতং চরাচরম্'—তিনি ছাড়া এই জগতে স্থাবর-জঙ্কম আর কোন বস্তু নেই।

সর্বত্র যদি তিনিই থাকেন, তথন আর সংসার ত্যাগ করার প্রয়োজন কি ? সংসার ত্যাগের প্রশ্ন ততক্ষণই, যতক্ষণ সংসার মনকে ঈশ্বরবিম্থ করে। কিন্তু যদি সর্বত্র সেই ঈশ্বরকে ওতপ্রোতভাবে দেখা যায়, তা হ'লে আর সংসার ত্যাগের প্রশ্ন ওঠে কই ? এইজন্ম ক্ষেত্রবিশেষে সংসার ত্যাগের কথা বললেও সকলের জন্ম তিনি কথনো সংসার ত্যাগের উপদেশ দেননি। তিনি বলছেন, এই সত্যে প্রতিষ্ঠিত হও যে তিনি সমস্ত সংসারে পরিব্যাপ্ত। এক্ষ ছাড়া বিচিত্র জগৎ ব'লে আর কিছু নেই। শাস্ত্রও তাই বলছেন, 'সর্বং থল্লিং ব্রহ্ম নেহ নানাইস্তি কিঞ্চন'— স্থতরাং ত্যাগ ক'রব কাকে, ঈশরকে ত্যাগ করার তো কোন প্রশ্নই ওঠে না। যে মনে করে এই জগৎ তার মনকে ঈশ্বর থেকে বিচ্যুত করছে, তার কাছে এই প্রশ্ন আসে এবং সে প্রশ্নের উত্তর সংসার-ত্যাগ নয়, সংসারের প্রতি আসজি-ত্যাগ। এই**জ**ন্ত ঠাকুর বলছেন অনা**স**ক্ত হ'য়ে সংসারে থাকো। কে বলছে যে এই সংসার ভোগদামগ্রীতে পরিপূর্ণ ? কে বলছে যে এই সংসার মনকে ঈশ্বর থেকে বিমুখ করবে ? যদি দেখো যে সর্বত্রই ঈশ্বর, তবে মন কি ক'রে তা থেকে বিমৃথ হ'তে পারে ? তাঁকে সর্বত্ত পরিব্যাপ্ত ব'লে বুঝতে হবে, তা হ'লে আর সংসার-ত্যাগের প্রশ্ন আসবে না। এই ক্থাই ঠাকুর অন্ত এক জায়গায় আর একভাবে বলেছেন, 'চোথ বুজে ধ্যান করছিলাম, কিন্তু ভাল লাগল না। চোথ বুজলেই তিনি আছেন, আর চোথ খুললেই নেই ?'

আমরা দেখছি যার পক্ষে যেটি অমুকুল, তাকে ঠাকুর দেই উপদেশ দিয়েছেন। সন্ন্যাসীই শ্রেষ্ঠ ও গৃহস্থ নিকৃষ্ট—এ কথা কোথাও বলেননি। ত্বজনেই ভগবানকে লাভ করতে সমর্থ। সংস্কার অনুসারে এক একজনের এক এক পথে চলা সহজ। স্বামীজীও এ সম্বন্ধে বিস্তার ক'রে বলেছেন, নিজের নিজের আদর্শে যে পৌছেছে, সেই শ্রেষ্ঠ। একের আদর্শ দিয়ে অপরকে বিচার করা চলে না। অবশ্র স্বামীজী এ-কথাও বলেছেন যে, ত্যাগীর যে জীবন এক দিক দিয়ে মাত্র তার শ্রেষ্ঠতা আছে। তা হচ্চে এই যে. সে ত্যাগের আদর্শকে জ্ঞানতঃ স্বীকার করেছে এবং সংসারের গতামুগতিক পন্থা পরিত্যাগ ক'রে অন্তপথে, ত্যাগের পথে চলবার চেষ্টা করছে। এইভাবে দে জীবন দিয়ে ত্যাগের আদর্শকে প্রতিষ্ঠিত করার চেষ্টা করেছে। কিন্তু এ-কথা বলার সঙ্গে সঙ্গে স্বামীজী আবার সাবধান ক'রে দিচ্ছেন, ত্যাগের এই আদর্শের প্রতি শ্রদ্ধা থাকা ভাল, কিন্তু তা যেন অন্ধ্য প্রিণত না হয়। সকলেই যেন সেই পথের অনুসরণে প্রবৃত্ত না হয়। এই অন্ধ অনুকরণের যে কি কুফল ফলেছিল, তা বৌদ্ধযুগেই দেখা গিয়েছে।

তুই পথঃ সংসার ও সন্ত্রাস

সংসারে থেকেও ভগবানের দিকে যাবার পথ প্রশস্ত আছে, এটি মনে রাথতে হবে। শাস্ত্রপাঠে দেখা যায়, ভগবান নিজেই যেন এই চুটি পদ্মা আবিষ্কার করেছেন। জগৎস্কৃত্তির আদিতে ব্রহ্মা সনক সনাতন সনন্দন ও সনংকুমার—এই চারজন ঋষিকে স্কৃত্তি ক'রে বললেন, 'যাও তোমরা প্রজা বৃদ্ধি কর'। কিন্তু তাঁরা সম্মত হলেন না, বললেন 'কিং প্রজয়া করিয়ামো যেষাংনোহয়মাত্মাহয়ং লোক:'—অর্থাৎ সন্তান-সন্ততি ৰাবা আমুৱা কি ক'রুব ? তারা জগংকে ভোগের উপযুক্ত ক'রে তুলুবে, কিন্তু আমাদের তাতে প্রয়োজন কি ? এই আত্মাই আমাদের লোক, অর্থাৎ ভোগ্য। এ ছাড়া অন্য ভোগ্যবস্তুতে আমাদের প্রয়োজন নেই। এই ভাবে তাঁদের দ্বারা যথন প্রজা-স্প্রটি হ'ল না, তথন ব্রহ্মা প্রজাপতিদের **স্টি করলেন। তাঁদের আদেশ দিলেন 'তোমরা প্রজা-বুদ্ধি কর**ু' তাঁরা সেই নির্দেশ অত্যায়ী স্পষ্টিকার্যের সহায়তায় প্রবৃত্ত হলেন। তাই বলছি. স্বাষ্ট্রর প্রথম যুগ থেকেই ষেন তুটি আদর্শ চলছে—একটি সন্মাসীর, আর একটি সংসাগীর। কিন্তু উভয়ক্ষেত্রেই প্রয়োজন মনে ত্যা**গ**, **আন্তরিক ব্যাকুলতা, ঈশ্বরে স্থাঢ় বিশ্বাস। তাঁর রূপায় অসম্ভব ও সম্ভ**ব হয়—এই বিশ্বাস নিয়ে ব্যাকুলতার স**ঙ্গে প্রার্থনা** করলে, তাঁর উপর নির্ভর ক'রে এগিয়ে চললে, তিনিই সব বাধা দূর ক'রে দেবেন। প্রতিকুলতা, যতই থাক, তাঁর শরণাপন্ন হলেই কেটে যাবে। আমরা নিজে কিছুই করি না, করার চেষ্টাও করি না, আর পরিবেশকে দায়ী করি। যদি একাস্তভাবে তাঁকে চাই, তাঁকেই আশ্রয় করি, সব প্রতিকুলতা দূর হ'য়ে যাবে। ঈশ্বরে বিশ্বাস নিয়ে ব্যাকুলতার সঙ্গে প্রার্থনা ক'রে শরণাগত হ'তে হবে। তাই আসল কথা হ'ল শরণাগতি।

নিভারতা ও শরণাগতি

অনেক সময় আমাদের মনে প্রশ্ন জাগে যে, তাঁকে ধরে সংসার করা—এও কি সম্ভব? অনেক চেষ্টা ক'রে যদি বা তাঁর দিকে একটু মন গেল, তো এমন সব প্রতিবন্ধক দেখা দিল যে মন আর সেদিকে রাথা গেল না। এই সব অন্থবিধার কথা তিনিও জানেন। তাই প্রথমেই বলছেন, "সংসারে কাম ক্রোধ—এই সবের সঙ্গে

যুদ্ধ করতে হয়, নানা বাসনার সঙ্গে যুদ্ধ করতে হয়, আসক্তির সঙ্গে যুদ্ধ করতে, হয়। যুদ্ধ কেলা থেকে হলেই স্থবিধা।" সংসারে থেকে ভগবানে মন রেখে চলা—এটি যেন কেলার ভিতর থেকে যুদ্ধ করা। যিনি একান্ডভাবে ভগবানের শ্রণাগত হন, ভগবান তাঁর ভার ননন এবং সংসারকে তাঁর অন্তুকুল ক'রে দেন। সে অবস্থায় সংসার ভগবানলাভের প্রতিবন্ধক তো হয়ই না বরং তাঁকে লাভ করতে সাহায্য করে। মন যেখানে ভোগের জন্ম ছটফট করছে, দে ক্ষেত্রে সংসারের ভিতরে সেই ভোগপ্রবৃত্তিকে একটু আধটু চরিতার্থ করলে তাতে দোষ হয় না। কিন্তু সংসার ছেড়ে যাবার পর তার মন যদি তাকে চঞ্চল ক'রে ভোলে, তা হ'লে তে। সর্বনাশ। তথন সে যাবে কোথায়? তথন তার আর কোন কিছু নেই যাকে আশ্রয় ক'রে সে রক্ষা পাবে। তাই সংসারে কি ক'রে থাকতে হয়, ঠাকুর সে সম্বন্ধে বলেছেন, "সংসারে ·থাকো ঝড়ের এঁটো পাত হ'য়ে।'' অর্থাৎ তাঁর উপর সম্পূর্ণভাবে নির্ভর কর। তা হ'লে যেখানে অমুকূল অবস্থা সেখানে তিনিই তোমাকে নিয়ে যাবেন। তিনি আরো বলেছেন, "ঝড়ের এঁটো পাতাকে কথনও খরের ভিতর লয়ে যায়, কথনও আঁস্তাকুড়ে। হাওয়া যেদিকে যায়, পাতাও সেইদিকে যায়। কথনও ভাল জায়গায়, কখনও মন্দ জায়গায়।" সংসারে রেথেছেন তা কি করবে ? সমস্ত তাঁকে সমর্পণ করো—তাঁকে আব্যাসমর্পণ করো। তা হ'লে আর কোন গোল থাকবেনা। তথন ্দেথবে ডিনিই সব করছেন।'' আসলে তুমি কোথায় কিভাবে আছ— এ প্রশ্নটাই অবাস্তর। আমাদের প্রয়োজন কেবল দৃষ্টিভঙ্গির পরিবর্তন। উপনিষদ বলেছেন, 'ঈশা বাশুমিদং সর্বম'—সেই ঈশ্বর বস্তু দিয়ে সমগ্র জগৎটাকে ঢেকে ফেল। জগংটাকে জগৎরূপে না দেখে **ঈ**শ্বররূপে দেখতে শেখ। তা হ'লে আর কোথাও অমঙ্গল, অপবিত্রতা দেখতে ূপাবে না। যেমন ঠাকুর এক জায়গায় যেতে যেতে দেখছেন মাতালেরা মদ থেয়ে মাতলামি করছে। 'বাঃ বাঃ বেশ হচ্ছে', ব'লে তিনি আনন্দে বিভোর হ'য়ে সমাধিস্থ হ'য়ে গেলেন। মাতালের আনন্দ তাঁকে ব্রহ্মানন্দ শরণ করিয়ে দিল, কারণ তিনি দর্বব্রই ব্রহ্মস্থরপকে দেখছেন। বাইবেল-এও আছে, Thou seest evil because thine eyes are evil.' জগতের যত অভভকে ঝেঁটিয়ে দূর করা যায় না। দেটা হবে দেই এক রাজার ঝাড়ু দিয়ে রাস্তার ধূলো সাফ করার মতো ব্যবস্থা। রাজারও যেমন জুতো পায়ে দিয়ে শেষপর্যন্ত সমস্তার সমাধান হ'ল, এথানেও তেমনি দৃষ্টিভিন্দি পাল্টে নিলেই সংসারে থাকা না থাকার সমস্তার সমাধান হবে। সবই যদি দেখা দেখা যায় যে ঈশবের দারা পরিব্যাপ্ত, তবে পবিত্র অপবিত্র, ভাল মন্দের কোন হল্বই থাকে না। সেইজক্সই দেখি যে, আমাদের চোথে যে-সব দৃশ্য অপবিত্র বা জভভ, সেইসব দৃশ্যও ঠাকুরের মনে ঈশ্বরের উদ্বীপনাই জাগিয়ে দিত।

যেথানেই থাকা যাক, ভগবান লাভ করতে হ'লে একদিকে যেমন দরকার এই দৃষ্টিভঙ্গির, অপরদিকে তেমনি দরকার স্থান বিশ্বাস— তিনিই সব করছেন। গৃহীই হ'ন আর সন্যাসীই হ'ন—এই দৃষ্টিভঙ্গি ও বিশ্বাসকে আশ্রয় ক'রে সকলকে সাধনের পথে এগোতে হবে; এবং দেই সাধন হ'ল বিজ্ঞাের অভিমূখী মনকে নিবৃত্ত করতে চেষ্টা করা ও মন থেকে বিষয়াসক্তি যেন দূর হ'য়ে যায়—এই প্রার্থনা করা। কারণ জাের করে বিষয়তোগ থেকে বিরত থাকলেই বিষয়ের থেকে মন নিবৃত্ত হ'য়ে যায় ন। গীতায় ভাই বলেছেন:

বিষয়া বিনিবর্তন্তে নিরাহারশ্র দেহিনঃ। বদবর্জং বদোহপ্যশু পরং দৃষ্ট্বা নিবর্ততে ॥ (২।৫৯)

জন্মজনাস্তরের যে সংস্কার দৃঢ়মূল হ'য়ে বয়েছে, তা এই সংসারের বাইরে গেলেই যে নিবৃত্ত হ'য়ে যাবে, এ কথনো সম্ভব নয়। এটি অভ্যাস- সাপেক। তবে কারো পক্ষে বিষয়ের মধ্যে থেকে অভ্যাস করা প্রয়োজন, কারো বা বিষয় থেকে দূরে স'রে। এক একজনের পক্ষে এক একটি পরিবেশ অন্তুক্ল।

তন্ত্রের দিব্য, বীর ও পশু ভাব

তন্ত্রশাল্পে তাই সাধকদের ভাবকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে, যথা—দিবাভাব, বীরভাব ও পশুভাব। যার ভিতর বিষয়াস্তি প্রবল তার পশুভাব। পশু মানে জীব অর্থাৎ জীবভাব বা জৈব প্রবৃত্তি যার মনে অত্যন্ত প্রবল; তার জন্ম এই বিধান যে সে বিষয় বা ভোগের বঞ্চ থেকে দূরে থাকবে, ভোগের বস্তুকে পরিহার ক'রে চলবে, যাতে বিষয় তার মনকে ভোগের দিকে টেনে না নিয়ে যায়। এরপর বীরভাব অর্থাৎ যার মনের উপর থানিকটা প্রভুত্ব আছে, তারক্ষেত্রে বিধান হচ্ছে বিষয়ের মধ্যে থেকেও মন যাতে বিষয়ের দিকে না যায়, সেই চেষ্টা করা। এই লড়াই করার চেষ্টাই তার পরীক্ষা। এরপর দিব্যভাব, —যার মন থেকে অন্তভ সংসার মুছে গিয়েছে, সে দিব্য-স্বরূপতা প্রাপ্ত হয়েছে। তার পক্ষে ভোগের বস্তু কাছে থাক বা না থাক, তাতে তার কিছু ইষ্টাপত্তি নেই, কারণ তার মন এমন একটা স্থরে বাঁধা হ'য়ে গিয়েছে যে ভোগ্য-বস্তুর দিকে তার মন আর যায় না। সে যেখানেই থাকুক তার পক্ষে সবই সমান। এখন এই তিনটির মধ্যে একজনের পক্ষে যা অন্তুক্ল, অপরের পক্ষে তা অত্নুকুল তো নয়ই, বরং পরিহার্য। এইটি না বোঝার ফলে পশুভাবাপন সাধক বীরভাবের অত্মকরণ করতে গিয়ে কেবল নিজেরই সর্বনাশ ডেকে আনে না, সমাজেরও অকল্যাণ করে। আবার বীরভাবের সাধক যে সর্বদা ভোগ্য বস্তু পরিবৃত হ'য়ে থাকবে তা নয়। তাকে যা করতে হবে তা হ'ল বিষয়ের মধ্যে থেকেও স্বতন্ত্র হ'য়ে থাকার চেষ্টা, কারণ দংসার থেকে পালিয়ে যাবার তো কোন জায়গাই নেই।

আসক্তি-নাশ

এখন আবার আগের প্রদক্ষে ফিরে আসা যাক। তা হ'লে দেখা যাচ্ছে যে, যতক্ষণ নিজেকে একটি ব্যক্তিরূপে, জীবরূপে কল্পনা করছি, ততক্ষণ এই দং**দারের গ**ণ্ডী আমার ছাড়াবার উপায় নেই। স্থতরাং মনকে তৈরী করতে 'হবে, মনের দৃষ্টিকে ফিরিয়ে নিতে হবে, উপনিষ্টের ভাষায় হ'তে হবে 'আবুত্তচক্ষু'। ঠাকুরেরও সেই কথা, বিষয়ের দিক থেকে মনকে আত্মাভিমুখী কর. তার মোড ফিরিয়ে দাও, তবেই নিম্বতি। সংসার ত্যাগ করলেই আমরা নিশ্চিত্ত হ'মে যাব, মন অন্তমুথ হ'মে যাবে—এ ধারণা ভুল। আমাদের মন তথনই অন্তর্মু থ হবে, যখন বিষয়াস জি দুর হবে। বিষয়াস জি যদি থাকে তবে তা দংসারের মধ্যে শক্ততা করবেই, দংসারের বাইরেও তার শক্ততা হবে আরো প্রবল। এই জন্মই ঠাকুর বারবার সাবধান করছেন, 'সংসারে থাকলে হবে না কেন ? আরু সংসার ছেডে যাবে কোথায় ?' বলছেন. 'একজন কেরানী জেলে গিছিল। জেল থাটা শেষ হ'লে, জেল থেকে এমে সে কি কেবল ধেই ধেই ক'রে নাচবে? না, কেরানীগিরিই করবে ?' সংসারী যদি জীবনুক্ত হয়, সে মনে করলে অনায় দে সংসাবে থাকতে পারে। যার জ্ঞানলাভ হয়েছে, তার এথান-দেখান নেই, তার সব সমান। সর্বত্র যিনি ব্রহ্মদর্শন করছেন, তিনি যেখানেই থাকুন তাঁর কোন হানি হয় না। পূর্বসংস্কারবশত চালিত হ'লেও কোন বিষয় বা কর্ম তাঁকে আর আবদ্ধ করতে পারে না, কারণ দেই পর্মতত্ত্বকে জেনে তাঁর সর্বতোভাবে বিষয়রসের নিরুত্তি ঘটেছে, 'রসোহপাশ্র পরং'দৃষ্টা নিবর্ততে।' ঠাকুর এথানেও একটি দৃষ্টান্ত দিয়ে বলছেন—"হতদিন বেঙাচির ল্যাজ না থদে, ততদিন কেবল জলে থাকতে হয়, আড়ায় উঠে ডাঙায় বেড়াতে পারে না; যেই ল্যাজ খনে, অমনি লাফ দিয়ে ডাঙায় উঠে পডে। তখন জলেও থাকে, আবার ভাঙায়ও থাকে। তেমনি মানুষের যতদিন

অবিভার ল্যাজ না থমে, ততদিন সংসার জলে প'ড়ে থাকে। অবিভা ল্যাজ খনলে—জ্ঞান হ'লে, তবে মুক্ত হ'য়ে বেড়াতে পারে, আবার ইচ্ছা হ'লে সংসারেও থাকতে পারে।' "কিন্তু যতক্ষণ না সেই প্রমতত্ত্বকে জানছ, ততক্ষণ সংগ্রাম ক'রে যেতেই হবে, তা যেথানেই থাক সেজন্মই ঠাকুর বলেছেন—তোমরা কেল্লার ভিতর থেকে লড়াই করছ, এতে দোষ নেই। কেননা লড়াই করতে করতে যদি ত্-চারবার হার হয় তাতে দোষ নেই, আবার উঠে পড়ে লাগবে। কিন্তু সংসার ত্যাগ ক'বে তারপর যদি হেরে যাও, তা হ'লে তো সর্বনাশ। কেননা এমন একটা আদর্শকে তুমি ধরবার চেষ্টা করেছ যে আদর্শের ভিতর কোন আপদ সম্ভব নয়। সেই আদর্শকে অধঃপাতিত করলে তোমার অমঙ্গল, সমাজেরও অমঙ্গল। স্থতরাং খুব সাবধান হ'য়ে এদিকে পা বাড়াতে হয়। এখন প্রশ্ন উঠতে পারে, কোন্টি আমার পথ? তার উত্তর শাস্ত্র দিয়েছেন এবং যাঁর! সাধু, যাঁরা দিব্যদৃষ্টি-সম্পন্ন, ভাঁরা বলেছেন যে যদি দেখ, তোমার মধ্যে প্রবল বৈরাগ্য আছে—'প্রবল' বা 'ভীব্র' বিশেষণটি বিশেষভাবে মনে রাথার মতো—তুমি সংসার ত্যাগ ক'রে যেতে পারো। কিন্তু যদি তোমার ভিতর বৈরাগ্যের তীব্রতা না থাকে. তুমি যদি দোটানায় থাকো, তা হ'লে তোমার পক্ষে যেথানে আছ, সেথানে থাকাই ভাল; সেখান থেকেই তোমার সাধন করা উচিত। यिन अमि काती मन्नारमत आनर्भ शहल करत, छ। ह'रन छात्र भरक रमहे আদর্শকে অকুন্ন রাথা সম্ভব নয়, এবং আদর্শ যে পরিমাণে কুন্ন হবে, সেই পরিমাণে সমষ্টগতভাবে তা হবে মলিন, যা জগতের পক্ষে কল্যাণকর হবে না ৷ এইজন্য বৌদ্ধর্মের বিশেষ অন্তরাগী হয়েও স্বামীজী বলেছেন, নির্বিচারে সন্নাসধর্ম প্রচার ক'রে বুদ্ধ সমাজের একটি মহা অকল্যাণ করেছেন।

সন্ন্যাস ও গার্হন্য আতাম

মূলকথা এই যে, যিনি যে আদর্শই বেছে নিন না কেন, সকলেই ভগবানকে পাবার পথেই চলেছেন। বহুসময় দেখা যায় যে গৃহস্থের ভিতর এমন অনেকে আছেন, যাঁরা থুব ত্যাগী; ত্যাগের জীবন অবলম্বন করেছেন, এমনও কেউ কেউ আছেন, যাঁরা খুব নিষ্ঠার সঙ্গে দে পথে চলতে পারছেন না। তাই স্বভাবতই একটা প্রশ্ন ওঠে, তা হ'লে সন্নাদীকে বিশেষ সন্মান দেওয়া হয় কেন ? তার কারণ সন্নাদী একটা খুব বড় আদর্শ জীবনে বেছে নিয়েছেন। অক্তদিকে সংসারী সাধারণভাবে গতামুগতিক প্রবাহে চলেছেন। সে স্বেচ্ছায় কোন একটি বিশেষ পথ নির্বাচন ক'রে নেয়নি—যেখানে জন্মেছে,দেখানেই বড় হয়েছে, দেখানেই রয়েছে। এটা হ'ল সাধারণভাবে দেখা। কিন্তু সংসারী যদি সংসারটিকে আশ্রম ব'লে ভাবেন ও নিজেকে আশ্রমী ব'লে জানেন, তা হ'লেই এই গতারগতিকতা ঘুচে যায়। আমাদের শান্তও বন্ধচর্য, গার্হন্বানপ্রস্থ ও সন্নাদ – এই চারটি আশ্রমকেই সমান মর্যাদা দিয়েছেন এবং বলেছেন, যে অনাশ্রমী অর্থাৎ কোন আশ্রম অবলম্বন করেনি, তার জীবন ব্যর্থ। এর যে কোন একটি বা একাধিক আশ্রম তো দকলকেই অবলম্বন করতে হয়, স্কুতরাংব্যর্থতার প্রশ্ন ওঠে কোথায়, এর উত্তর এই যে গতানুগতিকতা থেকে মুক্ত হ'য়ে আশ্রমের নির্দিষ্ট সমস্ত কর্তব্য সার্থকভাবে সম্পাদন ক'রে ভগবানকে লাভ করার চেষ্টাই হচ্ছে ঠিক ঠিক আশ্রমীর জীবন। এর মধ্যে ব্রহ্মচর্য হ'ল সকল আশ্রমের জন্ম প্রস্তুতি। সেথানে সে নিজেকে তৈরী করবে পরবর্তী আশ্রমের কোন একটিকে অবলম্বন করার জন্ম। ইচ্ছা করলে দে পরপর তিনটি আশ্রমই অবলম্বন করতে পারে। কিন্তু তার পূর্বেই কোন সময় যদি তার মনে, সেই তীব্র বৈরাগ্যের উদয় হয়, তবে সমস্ত কর্তব্য ফেলে সে তৎক্ষণাৎ ভগ্বানের জন্ম বেরিয়ে যেতে পারে; যে কণা শাস্ত্রে বলেছেন, 'যদহরেব বিরজেৎ ভদহরেব প্রব্রেজং।' কিন্তু এই বৈরাগ্য হওয়া চাই তীব্র। এথানে কোন পলায়নী বৃত্তি (escapism) চলবে না। এমন তীব্র বৈরাগ্য যে সংসারকে তথন মনে হবে পাতকুয়া—যেথানে পড়লেই মৃত্যু।

ক্ষার ব্যতীত অন্ত কোন বস্ততে মন দিয়ে মনের অপব্যয় ক'রব না—
এই রকম মনোভাব যথন তীর হ'য়ে ওঠে, তগনই হয় বৈরাগ্য সহজ
ও অফুকুল। কিন্ত বৈরাগ্য যতক্ষণ না এত তীব্ররূপ ধারণ করে,
ততক্ষণ দংদারাশ্রমের সহায়তা দরকার। দংদারকে ধর্মের সংদারে
পরিণত করতে পারলে তা হয় দাধনেরই অফুকুল। এইজ্লুই ঠাকুর ছটি
আদর্শকেই প্রচার করেছেন। উদ্দেশ্ত এক—ভগবানলাভ, কিন্তু
অধিকারীভেদে পথ ছটি। যদি সংদারে থেকে একজন নাগমশাইএর
মতো সংসারী হ'তে পারেন, তবে সেই সংদারে থাকাটা তার দোষের
কোথায় ? আর সংদার ত্যাগ ক'রে যদি কেউ স্বামীক্ষীর মতো বা
যথার্থ কোন ত্যাগী সাধুর মতো হন, তবে সংসারে তাঁর প্রয়োজন কি ?
তাই যার পক্ষে যেটি অফুকুল তাকে তিনি সেই উপদেশ দিয়েছেন,
কিন্তু কোথাও আপদ করেছেন বা সংসারীদের স্তোকবাক্য দিয়েছেন,
এ কথা মনে করা ভুল।

শ্রীরামকুষ্ণের উপদেশের বৈচিত্ত্য

ভাবগ্রাহী ঠাকুর কারো ভাব নষ্ট করার বিরোধী ছিলেন বলে যথন তাঁর সন্মানী ছেলেদের উপদেশ দিয়েছেন—তথন তা অতি নাবধানতার সঙ্গেই দিয়েছেন যেন অন্ত কেউ না শোনে। এ নাবধানতা কি তাঁর পক্ষপাত? তা নয়। তিনি জানেন যে এরা সংসারের আত্রয় না নিয়েও এগিয়ে যেতে পারবে, তাই যদি তাঁদের মনের ভিতর সংসার সম্বল্ধে সামান্ত তুর্বলতাও থাকে, সেটি দূর করার জন্ত একদিকে তাঁদের সামনে সংসারের একটা অত্যন্ত ভয়ক্ষর বীভৎস চিত্র তুলে ধরছেন, অপরদিকে ত্যাগময় জীবনের জন্য জলস্ত ভাষায় ত্যাগের উপদেশ দিচ্ছেন। কিল্ক গৃহস্থ জীবন যার নাধনের পক্ষে অনুক্ল, এই তীব্র ত্যাগের আদর্শ শুনলে তার মনে সংশয় আদরে, তাই ঠাকুরের এই সাবধানতা। মনে রাথতে হবে, নিজের 'আশ্রমে' যদি শ্রদ্ধানা থাকে, সে কথনো এগোতে পারে না। তাই সংলারীকে সর্বদাই মনে রাথতে হবে, এ সংলারটা একটা তুচ্ছ জিনিদ নয়, এটি ভগবানের দিকে যাবার একটি উপায়। সংলারী জীব বলে নিজেদের তুচ্ছ ভাবার একটা স্বভাব জনেকের আছে, সেটা ঠিক নয়। ঠাকুরের আদর্শ তা নয়। 'সংলরতি ইতি সংলারঃ'—জন্ম মৃত্যুর মধ্য দিয়ে যেই যাচ্ছে সেই সংলারী—এই দৃষ্টি নিয়ে দেখলে সংলারী নয় কে গ ঠাকুর তাই সকলকে বলছেন, এগিয়ে পড়, য়ে যেথানে আছ ভগবানকে লাভ কবার জন্য এগিয়ে চল।

ত্যাগী ও গৃহীর ক্ষেত্রে যেমন তাঁর উপদেশের একটি আপাত বিরোধ দেখা যায়—অথচ ছটিই সত্য, সেই রকম আর একটি কেত্রে তাঁর উক্তি স্ববিরোধী ব'লে মনে হয়। সেটি হ'ল এই যে, ঠাকুর যথন পরমতত্ত্ব সম্বন্ধে উপদেশ দেন তথন এক এক জায়গায় এক এক রকম বলেছেন। কোথাও বলেছেন, তিনি এক, অবিতীয়, বাক্য মনের অগোচর। কথনো বলছেন, তিনি কি রকম ?—যেন মোমের ফুল, মোমের ফল, মোমের বাগান। কথনো বলছেন, 'নাহং নাহং তুহুঁ তুহুঁ'। কথনো বলছেন, 'আমিই তিনি।' প্রকৃতপক্ষে শান্তেও এমনি বহু আপাত বিরোধী উক্তি আমরা দেখি। কিন্তু যদি পটভূমির পরিপ্রেক্ষিতে বিচার করা হয়, তবে দেখা যাবে— এর মধ্যে দত্তি। কোন বিরোধ নেই। এই বিভিন্ন যে উপদেশ সবই স্তা কারণ তাঁর পথে যেতে হ'লে এই বিভিন্ন প্রকারের অক্সভৃতির মধ্য দিয়ে সাধকদের যেতে হয়। ঠাকুর স্বয়ং সর্বপ্রকার সাধন অবলম্বন করেছেন। যে ভাবগুলিকে আমাদের পরস্পর-বিরোধী মনে হয়, নিজের

জীবনে তিনি তার সবকটিই উপলব্ধি করেছেন বলেই যার পক্ষে যে ভাবটি গ্রহণ করা সহজ বলে বুঝেছেন, তাকে সেই উপদেশ দিয়েছেন। ঠাকুর একাধারে দৈতবাদী, অদৈতবাদী ও বিশিষ্টাদৈতবাদী। তিনি জানেন এর প্রত্যেকটিই সত্য এবং প্রত্যেকটিই কারো না কারো পক্ষে উপযোগী ৷ In my Father's house there are many mansions (St. John 14/2.) এর দব-কটি ভাব দিয়েই তিনি গেছেন ও যার পক্ষে যে ভাব সহজ, তাকে সেই ভাবের নির্দেশ দিয়েছেন। বিভিন্ন সময়ে বিভিন্ন ব্যক্তিকে তাই বিভিন্ন উপদেশ দিতে হয়েছে এবং এই সমস্ত উপদেশেরই সংকলন হ'ল 'কথামৃত'। তাই আমাদের মাঝে মাঝে সন্দেহ হয় যে, তাঁর উপদেশ স্ব-বিরোধী হয়ে পডেছে। এমনকি. যেগুলি সমাঙ্গের পক্ষে ঘুণা দে-রকম পথের উল্লেখণ্ড ঠাকুর করেছেন। বলেছেন-এ-ও ভগবানকে লাভ করার পথ। ভুধু বলা নয়, নিজে আংশিকভাবে অনুশীলনও করেছেন। কিন্তু সঙ্গে সঙ্গে ভক্তদের সাবধান ক'রে বলেছেন, ও বড় নোংরা পথ। বেশী লোক যদি ঐ পথ অবলম্বন করে, তবে সমাজের ক্ষতি। তাই পথের নিন্দা করেছেন সত্য, কিন্তু দেই পথ অমুদরণ ক'রে ঘাঁরা ভগবানের কাছে পৌছবার চেষ্টা করছেন, তাঁদের তিনি সমানও দেখিয়েছেন। এইভাবে নানা বিরোধী সম্প্রদায়ের আচার-অনুষ্ঠান পালন ক'রে ও বছ পরস্পর-বিরোধী মতবাদ আত্ময় ক'রে ঠাকুর শেষ পর্যন্ত স্বার্ট স্তাতা উপলব্ধি করতে পেরেছেন, আর দেজন্তই তাঁর উপদেশে এত বৈচিত্র।

দয়ানন্দ ও কেশবের অভিমত

পূর্ব পরিছেদে ঠাকুর কেশবের উল্লেখ ক'রে বলেছিলেন—"এরই ল্যাজ খনেছে"—অর্থাৎ অবিতা দুর হ'য়ে জ্ঞান লাভ হয়েছে। এইবার তিনি আরো ছটি সংসারী ভক্ত, মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ও কাপ্তেন বা বিশ্বনাথ উপাধ্যায়ের কথা বলছেন। তার আগে, গোডার দিকে মাস্টার-মশাই ঠাকুরের সম্বন্ধে দয়ানন্দ সরস্বতী ও কেশব দেনের মন্তব্য নিয়ে কিছু আলোচনা করেছেন। মা বলেছেন যে, ঠাকুর পণ্ডিত ছিলেন না, কিন্তু পদ্মলোচন, নারায়ণ শাল্পী, গোরী পণ্ডিত, দয়ানন্দ সরম্বতী প্রভৃতি শাস্ত্রবিৎ পণ্ডিত তাঁর কাছে বসে তাঁর কথা শুনে অবাক্ হয়েছেন। স্বামী দয়ানন্দ ঠাকুরকে দেখে বলেছিলেন যে, "পণ্ডিতেরা কেবল শাস্ত মন্তন ক'রে ঘোলটা থান, এরপ মহাপুরুষেরা মাথনটা থান।" দ্যানন্দ ছিলেন বেলপন্থী, বেদবেদান্তে স্থপণ্ডিত, কিন্তু বেদের প্রচলিত ব্যাখ্যার বিরোধী। ইনি ঠাকুরের অবস্থা দেখে অত্যন্ত প্রভাবিত হয়েছিলেন ও বলেছিলেন যে, আমরা শাল্তে যা পড়েছি, দেখছি ইনি দেগুলি দব অনুভব ক'রে বসে আছেন। কেশব সেন ছিলেন একাধারে প্রাচ্য ও পাশ্চাত্য উভয় দর্শনেই পণ্ডিত, তার উপর ছিল তাঁর বাইবেলের প্রতি গভীর অনুরাগ। যীভখুষ্টের চরিত্রের দারা তিনি ছিলেন বিশেষভাবে প্রভাবিত। তিনি বলছেন, এঁর কথা ঠিক যীশুখুষ্টের কথার মতো—তাঁরই মতে। দাদা কথায় ঠাকুর দকলকে আধ্যাত্মিক তত্ত্ব পরিবেশন করছেন। যীশু যেমন ঈশ্বরভাবে তন্ময়, সর্বত্যাগী,

ঠাকুরও সেইরকম। যীশুর যেমন ভগবানে অগাধ বিশ্বাস, ঠাকুরেরও তেমনি ঈশ্বরে জ্বলন্ত বিশ্বাস। যীশুর সম্বন্ধে শাস্ত্রজ্ঞ ইছদীরা বলতেন— 'তিনি যেভাবে কথা বলেন, তা যেন অধিকারী পুরুষের মতো—কথার অনেক জার'। ঠাকুরের কথা সম্বন্ধেও সেই জোরের কথাই বলেছেন কেশব সেন—"এই নিরক্ষর লোকের এত উদারভাব কেমন ক'রে হ'ল।" কারো সঙ্গে ঝগড়া নেই, কারো প্রতি কোন বিছেষ নেই, সব ধর্মাবলম্বীদেরই প্রতি তাঁর সমান আদর।

ঠাকুরের কাছে সে-যুগের এই-সব বিশিষ্ট ধর্মনেতা বা জ্ঞানী গুণী পণ্ডিতেরা আসতেন, বা ঠাকুর তাঁদের কাছে যেতেন। মনে হয়, এর মধ্যে যেন এক নিগৃঢ় রহস্ত আছে। জগন্মাতার হাতের যহস্বরূপ হ'য়ে তিনি যেন এই-সব ব্যক্তিদের সঙ্গে মিশেছেন, একদিকে তাদের এক নৃতন ভাবে প্রভাবিত করার জন্ম, অপরদিকে এই জগতে কত যে বিভিন্ন রকমের দৃষ্টিভঙ্গি থাকতে পারে, তার সঙ্গে পরিচিত হবার জন্ম।

মহর্ষি সম্বন্ধে ঠাকুর বলেছিলেন যে. তাঁর ভিতর যোগ ও ভোগ গুইই আছে। ঠাকুরের কথায় বোঝা যায় যে, বড় আধার হওয়া সত্ত্বেও ভোগের মধ্যে থাকার জন্ম মহর্ষির পক্ষে ভগবানের দিকে বেশী এগোনো সম্ভব হয়নি। তবে ভোগের ভিতর থাকলেও ভগবানকে তিনি বিশ্বত হন নি। দেবেন্দ্রনাথ যদিও প্রথম দৃষ্টিতে ঠাকুরকে দেথে মৃধ্ব হয়েছিলেন, তাঁকে সমাদর করেছিলেন, কিন্তু সামাজিক আচার-নিয়মের প্রতি তাঁর আম্বন্গত্য এতই বেশী ছিল যে, ঠাকুরকে দেথে যদি সমাজের লোক 'অসভ্য' বলে হাদে, তাই ঠাকুরকে 'সমাজে' যেতে বারণ করেছিলেন। অর্থাৎ ঠাকুরকে শ্রদ্ধা করলেও তিনি তাঁকে পুরোপুরি গ্রহণ করতে পারেন নি। তার কারণ শাস্ত্রজ্ঞান ও হিন্দু আদর্শের প্রতি শ্রদ্ধা একটি নৃতন ধর্মসম্প্রদায় প্রবর্তনের কথা ভাবতেন।

কেশবের পরিবর্তন

দেবেন্দ্রনাথের ভাবনা যদিও কেশবের মধ্যে প্রতিফলিত হয়েছিল, কিন্তু এখানে একটি বিষয় ঐতিহাসিক দৃষ্টিতে বিশেষ অনুধাবনযোগ্য যে ঠাকুরের সংস্পর্শে আসার পর কেশব এবং কেশব-পরিচালিত ব্রাহ্মধর্মের ভিতর একটা বিশেষ পরিবর্তন এসেছিল। কেশবের ভক্তি ভাব-তন্ময়তঃ বিহাবকা বগ্নিতা এগুলি পাশ্চাতাদেশে তাঁর খ্যাতি অর্জনের সহায়ক হয়েছিল; বিদেশীরা বিশেষতঃ অধ্যাপক ম্যাক্সমূলর বিশেষভাবে মুগ্ধ হয়েছিলেন। কিন্তু ম্যাক্সমূলর লক্ষ্য করলেন যে, যে কেশব একজন প্রবল ধর্মসংস্কারকরূপে পরিচিত হয়েছিলেন, যত দিন যাচ্ছে তাঁর জীবন যেন দে-ভাব থেকে ধীরে ধীরে পরিবর্তিত হ'য়ে যাচ্ছে। হিন্দুদের আদর্শে যে ভক্তিরদের প্রভাব রয়েছে, কেশব দে-দিকে আরুষ্ট হচ্ছেন। তাঁর এই হরিনাম-সঙ্কীর্তন. 'মা, মা'করে প্রার্থনা, এর কারণ বিশ্লেষণ করতে গিয়ে ম্যাক্সমূলর শ্রীরামক্নফের প্রভাবকেই মূল কারণ বলে বুঝলেন ও সেইজক্য শ্রীরামকৃষ্ণ দম্বন্ধে জানবার তাঁর ঔৎস্থক্য হ'ল। স্বামীজীর সঙ্গে পরিচয়ের পর তাঁর দেই ঔংস্ক্য আরো প্রবল হয়, কারণ স্বামীজী যাঁর শিশু তিনি না জানি আরো কত বিশাল ও মহান্! লুপ্তপ্রায় বেদের পুনরুদ্ধারের জন্ত স্বামীজীও ম্যাক্সমূলরকে অত্যন্ত শ্রদ্ধা করতেন। তাঁর ইচ্ছামতো স্বামীজী ভারতবর্ষ থেকে শ্রীরামক্বফের জীবনীর উপাদান সংগ্রহ করে তাঁকে দেন, যার উপর ভিত্তি ক'রে তিনি শ্রীরামক্নফের জীবনী রচনা করেন, যা বিদেশে ঠাকুরের ভাবধারা প্রচারে বিশেষ সহায়ক হয়। এইভাবে ঠাকুর প্রতাক্ষ বা পরোক্ষ ভাবে, তাঁর বিশেষ বিশেষ ভাবধারার ধারক ও বাহকদের মধ্যে তাঁর উদার ভাব সঞ্চার করতেন, তাঁর উচ্চ আধ্যাত্মিক অবস্থার ধারা তাঁদের প্রভাবিত ক'রে পরিচালিত করতেন এমন এক আদর্শের দিকে, যে আদর্শ ধীরে ধীরে তাঁদের উন্নত করতে সাহায্য ক'রত।

ঠাকুরের নিরভিমানভা

কেবলমাত্র কেশব সেন নয়, অত্য ব্রাহ্মভক্তেরাও ধীরে ধীরে ঠাকুরের স্বারা প্রভাবিত হয়েছেন। বিভিন্ন সম্প্রদায়ের সাধকেরাও ঠাকুরের কাছে এদে নিজের নিজের সংকীর্ণতা পরিত্যাগ করেন। এইভাবে অপরদের প্রভাবিত ক'রে জগতে সর্বত্র যাতে একটা নৃতন ভাবধারা প্রবাহিত হয়, যেন সেই উদ্দেশ্যেই জগন্মাতা তাঁকে যন্ত্রস্বরূপে ব্যবহার করছেন। অবশ্য এক্ষেত্রে যন্ত্র ও যন্ত্রী ভিন্ন নয়—আমরা জানি। তবু তাঁকে যন্ত্র বলচি এইজক্ত যে. তিনি যে জগতের একটা আমূল পরিবর্তন এনে দিচ্ছেন—এ সম্বন্ধে তিনি নিজে ছিলেন সম্পূর্ণ উদাদীন। নিজের বিশাল ব্যক্তিত্ব সম্বন্ধে তিনি মোটেই সচেতন ছিলেন না। তাঁর 'আমি' সম্পূর্ণরূপে নিশ্চিক হয়ে গিয়েছিল, দেখানে বিরাজ করছিল জগনাতার কর্তৃত্ব-অনুভব; আর তাঁর এই বৈশিষ্টাই ছিল এই প্রবল আলোড়ন-স্ষ্টির বা নৃতন যুগ প্রবর্তনের মূল-কথা। তাঁর ভিতর অহংকার আছে কিনা, এই প্রশ্নের উত্তরে মান্টারমশাই যথন বললেন, 'আজে আপনার ভিতর অহংকার প্রায় নেই। একট্ শুধু আপনি রেখে দিয়েছেন লোকশিক্ষার জন্ম।' সঙ্গে সঙ্গে তিনি সংশোধন করে বলছেন, 'না, আমি রাখিনি, তিনি রেখেছেন, জগন্মতা এইটুকু রেখেছেন তাঁর কাজ করাবেন ব'লে।' তাই লীলা-প্রদঙ্গকার বলছেন, ঠাকুরের প্রত্যেকটি কাজ জগতের কল্যাণের জন্ত হয়েছে। তাঁর জীবন তাঁর নিজের কোন প্রয়োজনে নয়, জগতের প্রয়োজনে লেগেছে। তাঁর ছোট বড় প্রত্যেকটি কাজই জগৎকল্যাণের জন্য অনুষ্ঠিত।

বিশ্বনাথ উপাধ্যায়

দেবেন্দ্র-প্রসঙ্গের পর ঠাকুর কাপ্তেনের উল্লেখ ক'রে বলছেন, 'আর একটি আছে—কাপ্তেন।' এই কাপ্তেন বা বিশ্বনাথ উপাধাায় নেপালের রাজপ্রতিনিধি হ'য়ে কলকাতায় থাকতেন। ইনিও একটি বিশেষ শ্রেণীর লোক, মহৎ চরিত্ত। প্রাচীনপন্থী সংসারী, কিন্তু অতিশয় ভক্তিমান সদাচার-নিষ্ঠ ব্রাহ্মণ। ঠাকুরের আচার্নিষ্ঠা **অ**তি গভীর না হলেও তাঁর প্রতি কাথেনের আন্তরিক ভক্তি ছিল। আবার কাপ্তেনকে এত ভালবাদলেও তাঁর চারিত্রিক অসম্পূর্ণতা ঠাকুরের দৃষ্টি এড়ায়নি। ভক্তিমান্ হলেও কাপ্তেন আচার-নিষ্ঠাকে এত প্রাধান্ত দিতেন যে, ভগবদ্ভক্তি যে আচারনিষ্ঠার অনেক উর্ধ্বে. তা বুঝতেন না। তাই তাঁর মতে কেশব সেন 'ভ্রষ্টাচারী'— ইংরেজের দঙ্গে খান, ভিন্ন জাতে মেয়ের বিয়ে দিয়েছেন। সেইজক্য ঠাকুর যে কেশবের সঙ্গে এত ঘনিষ্ঠতা করেন, এটি তাঁর পছন্দ নয়। তাই যথন তিনি এই ঘনিষ্ঠতা নিয়ে অনুযোগ করলেন, ঠাকুর তার এই অন্নার ভাবকে দূর করার জন্ম একটু আঘাত দিয়েই উত্তর দিলেন, "আমি তো টাকার জক্ত যাই না—আমি হরিনাম ওনতে যাই, আর তুমি লাটসাহেবের বাড়ীতে যাও কেমন ক'রে? তারা মেচ্ছ, তাদের দঙ্গে থাকো কেমন ক'রে?" কাপ্তেনের কোন পরিবর্তন এতে হয়েছিল কিনা আমরা জানি না, তবে তিনি নিকত্তর হলেন।

শ্রীরামকুষ্ণের প্রভাব ও অসাধারণত্ব

এই যে বিভিন্ন ব্যক্তির প্রসঙ্গ হ'ল, প্রত্যেক ক্ষেত্রেই দেখা যায়— ঠাকুর সেই সেই ব্যক্তির সদ্গুণের প্রশংসা করছেন, আবার যেখানে তার অপূর্ণতা সেটিও লক্ষ্য করেছেন ও সম্ভব হ'লে সেটি দূর করার

প্রয়াসও করেছেন। দয়ানন্দকে দেখে তাঁর স্ক্র দৃষ্টির সাহায্যে ঠাকুর বুঝেছিলেন যে, তাঁর ভিতর একটা শক্তির প্রকাশ হয়েছে এবং তিনি একটি নৃতন দল বা সম্প্রদায় গঠনে অভিলাষী। ঠাকুর দয়ানন্দের কাছে নিজেই উপযাচক হয়ে গিয়েছিলেন ও তাঁর পাণ্ডিতা, বাগাতা প্রভৃতির প্রশংদা করেছেন। কিন্তু তাঁর গোঁড়ামি বা নৃতন দল গড়ার চেষ্টা ঠাকুরের মনঃপৃত হয়নি। তাঁর মতে দল-বাঁধা (মনের সংকীর্ণতার প্রকাশ). অপূর্ণতার পরিচায়ক। মন যেখানে দকলকে গ্রহণ করতে দকলের ভিতর যে দন্তাব আছে দেগুলির সমাদর করতে পারে না, তখনই সে দল করে। মহর্ষি সম্বন্ধে বলেছেন, এত পণ্ডিত জ্ঞানী ভক্ত, অথচ সংসারী। অর্থাৎ সংসারে আসক্তি রয়েছে। আর কেশব সেনকে তো হাতে ধ'রে একটু এ**কটু** ক'বে এগিয়ে নিয়ে গিয়েছেন ৷ ঠাকুর বলছেন, 'বল, ভাগবত-ভক্ত-ভগবান্।' কেশব তাই বলছেন। কিছ ঠাকুর যখন বলছেন, 'বল গুরু-ক্লম্ব-বৈষ্ণব', কেশব হাতজ্বোড় ক'বে তথন বললেন, 'মহাশর, অতদূর নয়—তা হ'লে দলটল থাকবে না।' অর্থাৎ তথনো কেশবের দল বাথার ইচ্ছা রয়েছে। ঠাকুর শুনে হাসছেন, হাসছেন এইজভা ষে ওষুধ পড়েছে. রোগের উপশম গুরু হয়েছে ধীরে ধীরে। এখন তাড়াতাড়ি করতে নেই। তাই অপেক্ষা করছেন, কেশবকে আরো উৎসাহিত করছেন নিজের ভাবে এগিয়ে যাবার জন্ম। সমাজ-সংস্কার সম্বন্ধে উপাধ্যায়কে বলছেন, এদব তো অনেক

সমাজ-সংস্কার সম্বন্ধে উপাধ্যায়কে বলছেন, এদব তো অনেক করলে, এখন এদব ছেড়ে একটু ভগবানে মন দাও দেখি। লোকে না হয় বলবে পাগল হয়েছে—তা হও পাগল। এইভাবে যিনি বিপথ-গামী হচ্ছেন তাঁকে কল্যাণের পথে ফিরিয়ে আনার, তাঁর দৃষ্টিভঙ্গির পরিবর্তনের চেষ্টা করছেন ঠাকুর। তাঁর লোকোত্তর জীবনাদর্শ দিয়ে, ম্বেহ দিয়ে, অপরিদীম উদারতা দিয়ে তাঁদের মোহিত ক'রে, তাঁদের

নিজের নিজের পথে এগিয়ে যেতে সাহায্য করছেন। কি সে প্রকৃত পথ ? সে-পথ ভগবান্কে ভালবাসার পথ, তাঁকে লাভ করবার পথ। কে কোন্ ধর্মাবলম্বী তাতে কিছু এসে যায় না, তিনি শুধু চাইতেন সকলেই ভগবানের পথে এগিয়ে যাক। তাই তিনি সকল ধর্মেরই সনাদর ক'রে বলছেন যে, তোমরা ভিন্ন ভিন্ন পথের যাত্রী হলেও তোমরা সকলেই সেই একই গন্তবান্থলে পৌছবে। স্কুরাং নিষ্ঠাভরে লক্ষ্য ঠিক রেখে নিজের নিজের পথে এগিয়ে যাও।

এখন এই তত্ত্বটি যে ঠাকুরই প্রথম বললেন, তা নয়, তত্ত্বটি স্থপ্রাচীন।

বেদে আছে,—'একং সদ বিপ্রা বহুধা বদস্তি'—একই সত্যবস্তকে ঋষিরা বহুভাবে বর্ণনা করেন। যীশুও বলেছেন গস্তব্য একটিই, কিন্তু প্রবেশ-দার অনেকগুলি। কিন্তু তবুও ঠাকুরের বলার একটি বিশেষ মূল্য আছে। তিনি বলেছেন স্বীয় উপলব্ধি থেকে। তাঁর পূর্বে বা এথনো পর্যন্ত এমন কেউ নেই, যিনি নিজেই বিভিন্ন পথে অগ্রসর হয়ে পরম-তত্তকে অনুভব করেছেন। প্রচলিত প্রায় সমস্ত ধর্মের সাধন ক'রে নিজের জীবনে সত্যকে অহুভব করার এ দৃষ্টাস্ত জগতে অদ্বিতীয় এবং সেই জন্মই চুম্বকের কাছে ছুঁচ এলে যেমন স্বতই আকুষ্ট হয়, তেমনই এইসব মহান্ ব্যক্তিত্শালী পুরুষেরা ঠাকুরের সান্নিধ্যে এসে এমনভাবে প্রভাবিত হয়েছেন। সেই সময় বিশেষ বিশেষ ব্যক্তির উপর যে প্রভাব পড়েছিল, ক্রমে তা স্থদূরপ্রসারী হয়ে সর্বত্র ছড়িয়ে পড়েছে। দেশে দেশে দিকে দিকে এখন ঠাকুরের ভাবধারা প্রসারিত হচ্ছে, আর এই ভাবধারায় সংকীর্ণতা নেই বলেই তার এত আকর্ষণ। এই বৈশিষ্ট্যগুলি অন্ত্রধাবন-যোগ্য। ধাঁরা অধুনা বাস্তবিকই ধার্মিক তাঁরা সকলেই ঠাকুরের এই উদার আদর্শের মধ্যে নিজেদের আদর্শ প্রতিফলিত দেখছেন। যে কথা তিনি

বলেছিলেন, 'যারা অন্তরের দক্ষে ভগবান্কে ডেকেছে, তাদের এথানে

আসতেই হবে'—দেই কথাই আজ সত্য হয়ে উঠেছে। তাই দেখি, যিনি আন্তরিকভাবে ঈশ্বরের অন্তেষণকারী, তিনি যে ধর্মাবলম্বী, যে পথেরই পথিক হ'ন, তিনি এই উদার মতে আক্লপ্ত না হ'য়ে পারেন না; এই তুর্বার প্রভাব থেকে মৃক্ত থাকতে পারেন না।

চার

কথামূত—১৷১৩৷৬

জ্ঞানী চাষার আখ্যান

এই পরিচ্ছেদের প্রথমেই ঠাকুর বেদান্ত-বিচারে সংসার যে মায়াময় স্বপ্নের মতো, এটি আলোচনা করেছেন। যিনি প্রমাত্মা, তিনিই সাক্ষীস্বরূপ; জাগ্রৎ, স্বপু, স্বযুপ্তি—তিন অবস্থারই সাক্ষীস্বরূপ: এই প্রসঙ্গে মহিমাচরণকে ঠাকুর জ্ঞানী চাষার এক গল্প শোনালেন। চাষী— তার একমাত্র ছেলে হারুর মৃত্যুতে শোক করছে না। স্ত্রীকে বলছে, "কাল স্বপ্নে দেখেছি, আমি রাজা হয়েছি, আট ছেলের বাপ হয়েছি। এখন আমার সেই আটি ছেলের জন্ম কাঁদ্ব, না তোমার হারুর জন্ম কাঁদ্ব ?" অর্থাৎ স্বগ্নে ও জাগ্রতে তার পুথক বোধ নেই, তুই-ই সমান। এই পার্থকা বোধ না থাকার কারণ, এ তিনের অতীত একটি অবস্থার অন্বভূতি, যাকে 'তুরীয়' অবস্থা বলা হয়। তুরীয় অবস্থায় যে অহুভূতি হয়, দেই দৃষ্টিতে দেখলে জাগ্রং-স্বপ্ধ-স্বৃপ্তি—সবই মিধ্যা মনে হয়; তিনটিই থেন জীবের অজ্ঞানের অবস্থা। স্থতবাং এই মিখ্যা কল্পনার থে জগং, তার জন্ম তার মনে আকাজ্ঞা জাগে না, তার অন্নতব মনকে চঞ্চল করে না। তাই ঠাকুর বলছেন, "চাষা জ্ঞানী, তাই দেখছিল স্বপ্ন

অবস্থাও যেমন মিথ্যা, জাগরণ অবস্থাও তেমনি মিথ্যা; এক নিত্যবস্থ দেই আআ।"

অবস্থাত্তম: জাগ্ৰৎ, স্বপ্ন ও সুমুপ্তি

আমাদের এই অন্নভবটি ধারণা করা খুবই কঠিন, কারণ আমরা জাগ্রৎকে সত্য বলে বুঝতে অভ্যস্ত। এইটিকে ধরে রাথতে চাই। স্থাকে অমুভব করি। স্থা ভেঙে গেলে দেখি, সব মিখ্যা; কিন্ত জাগ্রৎকে স্বপ্নের মতো মিখ্যা বলে কল্পনা করা আমাদের পক্ষে অসম্ভব হ'রে পডে। বস্ততঃ তাই স্বাভাবিক। কারণ স্বপ্ন যেমন বাধিত হয়, অর্থাৎ জাগ্রৎ অবস্থায় মিথ্যা প্রমাণিত হয়, সেইরকম আমাদের আর একটি অবস্থা নেই, যা এই জাগ্রংকে স্বপ্নের মতো মিখ্যা প্রমাণিত করে। স্বৃত্তিতে যদিও জাগ্রৎ এবং স্বপ্নে দেখা জগৎ—এ চুটি অদৃত্য হ'য়ে যায়, কিন্তু তার দারা মিধ্যাত্ব প্রমাণিত হয় না। অদৃশ্য হওয়া আর মিধ্যা প্রমাণিত হওয়া—এ তুটি এক কথা নয়। ঘেমন, সামনে দেওয়াল থাকলে অপর পারের বস্তু দেখতে পাওয়া যায় না, কিন্তু দেখতে পাই না বলে দেটা তো মিথ্যা প্রমাণিত হয় না। দেওয়ালের ব্যবধানের জন্ত দেখতে পাই না ৷ সেই রকম স্বযুপ্তি অবস্থায় আমাদের ইন্দ্রিয়াদি সক্রিয় নয় ব'লে আমরা দেখানে বস্তুর অন্তত্তব করি না। আমি যদি চোথ বন্ধ করি তাহ'লে কি জগৎ দঙ্গে দঙ্গে লয় হ'য়ে যায় ? তা তো হয় না। জগং অদৃশ্য হয় বটে, কিন্তু মিথ্যা প্রমাণিত হয় না।

মিথ্যা প্রমাণিত করতে হ'লে তাকে তার চেয়ে একটু উঁচু অবস্থা থেকে দেখতে হবে। জাগ্রং অবস্থায় স্বগ্ন বাধিত হয়। যদিও বেদান্তে কোথাও কোথাও অপ্নের দারা জাগ্রতের 'বাধা' কল্পনা করা হয়েছে— যেমন গৌড়পাদকারিকার অজাতবাদে। কিন্তু সাধারণ ক্ষেত্রে সকলেই এমন কি শঙ্কর স্বয়ং-ও এই ব্যবহারিক জগতের সত্তাকে স্বীকার করেছেন। যে জগতের ব্যবহারিক অস্তিত্ব আমরা এই ব্যবহারের ভিতর দিয়ে উপলব্ধি করি, স্বপ্ন তারই একটি নিয়তর অন্নভূতি মাত্র, যাতে উপলব্ধি হয়, কিন্তু জাগ্রতের দৃষ্টিতে দেখলে তার ভিতর পরম্পরা থাকে না। তার

ভিতর কালের পরম্পরা, বস্তুর শৃঙ্খলা কার্যকারণ-সম্বন্ধবাধ এত স্পষ্ট থাকে না। সেজন্ত স্বপ্নকে আমরা মিখ্যা বলি। যেমন ঘুমিয়ে স্বপ্ন দেখছি

থাকে না। সেজন্ত স্বপ্নকে আমরা মেখ্যা বাল। যেমন ঘাময়ে স্বপ্ন দেখাছ যে, দিল্লী অথবা আরো দূরে গিয়েছি, দেহটা যেখানে ছিল সেখানেই পড়ে আছে। ঘুম থেকে উঠে বলছি, স্বপ্ন দেখছিলাম—দিল্লী গিয়েছি।

এই স্বপ্ন সম্বন্ধে নানা কুসংস্কার বা ভিন্ন ভিন্ন দৃষ্টি আছে। কেউ কেউ বলেন, স্বপ্নকালে আত্মা দেহ থেকে বেরিয়ে দ্রে যায়; যেমন দিল্লী গেল, আবার ফিরে এল। কিন্তু অনেক জিনিস আছে, যার ভিতর

এরকম কোন পারম্পর্য নেই, যাতে বোঝা যায় যে সেগুলি মিথ্যা।
স্থপ্প যে মিথ্যা, তা বোঝাবার অনেক যুক্তি আছে। আমি এই শরীরের
ভিতর আছি, কিন্তু কথনো কথনো মনে হচ্ছে—শরীরটা বদলে গিয়েছে।
আবার জেগে উঠে দেখলাম—শরীর তো ঠিক আছে, বদলে তো যায়নি।

স্থপ্নের ভিতরে এইরকম নানা বৈসাদৃষ্ঠ বিশৃঙ্খলা আছে, যার জন্ত আমরা স্থপ্নকে মিথা। বলি। অনেক সময় স্বপ্নে দেখি, যেন কতকাল কেটে গিয়েছে; ঘুম থেকে উঠে দেখলাম হয়তো পাঁচ মিনিটও ঘুম হয়নি। এই যে পাঁচ মিনিটের স্বপ্নে যুগ যুগ কেটে গেল, এইটি স্থপ্নের মিথাাত্ব

প্রমাণের পক্ষে এক প্রবল যুক্তি—স্থান, কাল, তার পরম্পরা বা কার্যকারণ-শৃঙ্খনা, কিছুই নেই। কাজেই জেগে উঠে বলতে পারি, স্বপ্ন মিথ্যা। স্বপ্নের ভিতর থাকার সময়ে বিচার হয় না। কখনো মনে হয় এটা স্বপ্ন—স্বপ্নের ভিতরেই স্বপ্ন—কিন্তু দেও স্বপ্নের অঙ্গীভূত,

তার দ্বারা বিচার হয় না। জেগে উঠে অন্নভবের দ্বারা স্বপ্নের বিচার করতে বসি। তার ভিতর শৃঙ্খলা পারস্পর্য নেই দেখে অন্নমান করি স্বপ্নের মিথাবি। মিথা যদি না হয়, তবে এত অল্প সময়ে দিল্লী ঘুরে আসা, বা অন্ন সময়ে এত দীর্ঘ ঘটনা অন্নতব করলাম কি ক'রে ? স্তত্রাং এটি মিথ্যা। এই স্থপ্নের দেশ কাল, বাক্তি—স্বই মিথ্যা। স্থপ্ন যে মিথ্যা, কল্পনা মাত্র, এটি পদে পদে প্রমাণিত হয়।

স্বপ্রমিথ্যা, কিন্তু জাগ্রৎ-ও যেমিথ্যা—তা স্বপ্নানুভবের দ্বারা প্রমাণিত হয় না, অন্ততঃ যাঁরা ব্যবহারিক সত্তাকে স্বীকার করেন তাঁরা এ-কথা বলেন। স্পারে অনুভব যথন হচ্ছে, তথন তা স্থা। জাগ্রতের অনুভব যথন হচ্ছে, তথন তা জাগ্রং। এ ছুয়ের তুলনা আমরা জাগ্রতে যেমন করতে পারি, স্বপ্নে তা পারি না। স্বপ্নে গিয়ে জাগ্রতের বিচার করতে পারলে হয়তো দন্দেহ থেকে যেত—ত্রটোর কোন্টা দত্য, কোনটা মিথ্যা ? তুটো সমপ্র্যায়ের আমরা বলি না এই কারণে যে, স্বগ্নে আমরা জাগ্রংকে বিচার করতে পারি না; যদি সে বিচার সম্ভব হ'ত, তা হলে তাদের তুল্য বলা যেত পরস্পরকে মিথ্যা সিদ্ধান্ত ক'রে নিয়ে। অজাত-বাদের এই সিদ্ধান্তকে আমাদের দেশে সাধারণতঃ বৈদান্তিকেরা এইভাবে স্বীকার করেননি। তাঁরা বলেছেন, পারমার্থিক দৃষ্টিতে দেখলে স্বপ্ন যেমন মিথ্যা, জাগ্রৎও তেমনি মিথ্যা। ছটিই যে মিথ্যা, তা প্রমাণিত হয় একটি উচ্চতর স্থিতিতে প্রতিষ্ঠিত হবার পর, তার আগে নয়। যেমন জাগ্রতে প্রতিষ্ঠিত হবার পর, স্বগ্ন মিথ্যা প্রমাণিত হয়, ঠিক সেইরকম জাগ্রৎ মিথ্যা—তা প্রমাণিত হবে, তার অতীত তত্ত্বে প্রতিষ্ঠিত হবার পর। সে স্থিতিটি জাগ্রতের অতীত বা তদপেক্ষা স্থায়ী হওয়া চাই। এই দৃষ্টিতে দেখে তাঁরা বলেন, একটা উচ্চতর সতা বা ভূমিকা আছে, যেথানে অবস্থিত হ'য়ে জাগ্রৎকেও স্বপ্লেরই মতো মিথা ব'লে অমুভব করা যায়! সে ভূমি জাগ্রৎ. স্বপ্ন ও স্বয়ুপ্তি –এই তিন অবস্থার অতীত। স্বযুপ্তি এমন অবস্থা—যেখানে স্বপ্ন পর্যন্ত হয় না। এই স্বযুপ্তি সম্পর্কে নানারকম মত আছে। কেউ বলেন. স্ব্যুপ্তি অহুভবগম্য; কেউ বলেন, স্বযুপ্তি কল্পনা মাত্র। যেমন আমি ছটোর সময় গুলাম, উঠে দেখলাম, তিনটে বেজেছে। এই সময়ের মধ্যে আমার কোন অমুভব হয়নি। স্থভরাং এটা অমুমান করে বলি স্ব্যুপ্তিতে বস্তুর অমুভব হয়না। কারণ অমুভব হ'লে যা অমুভব হয়েছে, তার শ্বৃতি থাকত।

অবৈত বেদান্তী বলেন, জাগ্রৎ ও স্থা যেমন প্রত্যক্ষ, সুর্প্তি তেমনই প্রত্যক্ষ। কি ক'রে প্রত্যক্ষ হ'ল ? প্রত্যক্ষ যদি না হয়, তা হ'লে কেবল ঘড়ি দেখে সুর্প্তি বললে কি ক'রে বললাম এই ভাবে যে, সুর্প্তির শ্বতি আমার নেই, কিছু অমুভব হচ্ছে না। বেদান্তবাদী বলেন, সুর্প্তির শ্বতি আমার নেই, কিছু অমুভব হচ্ছে না। বেদান্তবাদী বলেন, সুর্প্তির লৈ একঘণ্টা ধ'রে তোমার যে অমুভৃতি হচ্ছিল না, দেটা তুমি জানলে কি ক'রে ? এর উত্তর দেওয়া কঠিন, যদি অমুভব হ'ত তা হ'লে তার শ্বতি থাকত, এ কথা বোঝানো গেল। অমুভব হয়নি, তার শ্বতি নেই; শ্বতি নেই বললে শুরু হবে না, অমুভব যে তথন হয়নি, তার প্রমাণ কি ? তার উত্তরে বেদান্তবাদী বলেন তুমি যে বলছ, অমুভব হয়নি, তার কারণ তুমি তথন অমুভবের কর্তা ছিলে না।

"যদ্ দৃষ্টং দৃষ্টমন্থপগুতি শ্রুতম্ শ্রুতমেবার্থমন্থশুণোতি. দেশদিগন্তবৈশ্চ প্রতান্থভূতং পুনঃ পুনঃ প্রতান্থভবতি দৃষ্টং চাদৃষ্টং চ শ্রুতং চাশ্রুতং চ শক্তাদক্ত সর্বং পশ্রুতি গর্বং পশ্রুতি।" স্বয়ুপ্তিকালে জীব দ্রুষ্টারূপে থাকে ব'লে বলতে পারে. দে তথন কিছু অন্থভব করেনি। দ্রুষ্টানা থাকলে সেই সময়টি তার কাছে নিশ্চিন্ত হ'য়ে যেত, কিন্তু তা হয় না। স্বয়ুপ্তিকালে দ্রুষ্টা থাকে, কিন্তু তথন তার অস্তঃকরণ কাজ করে না ব'লে দে তার শ্বুতিকে ধ'রে রাথতে পারে না। কারণ দে যদি না থাকত কিছু যে অন্থভব হয়নি, এ-কথা কে বলছে ?

আত্মা অবস্থাত্রয়ের অভীত

স্বৃধ্য সম্বন্ধে তৃটি মত এই। এ সম্পর্কে বেদান্তের সিদ্ধান্ত, স্বৃধ্যিকালেও আত্মা থাকে—দে আত্মা জাগ্রৎ, স্বন্ধ, স্বৃধ্যি এর কোনটিই

নয়—তার সন্তা এ তিনের অতীত। কেননা, এই তিনকে সে অন্নতব ও প্রকাশ করছে। এই প্রকাশ বা অন্নতব যে করছে, সে এই তিন অবস্থার অতীত, তাই এগুলিকে অন্নতব করতে পারে। যদি সে তিন অবস্থার সঙ্গে মিশে যেত, তা হ'লে জাগ্রতের আত্মা স্বপ্নে থাকত না, বহুগুলি পরশার বিচ্ছিন্ন হয়ে থাকত। কিন্তু তা যথন নয়, একই আমি যথন জাগ্রৎ ও স্বপ্ন অন্নতব করছি, আবার সেই আমারই স্বয়ুপ্তির বোধ হচ্ছে—তথন সেই আমি এই তিন অবস্থা থেকে ভিন্ন, এই সিদ্ধান্ত বেদান্তের বিচারে আসছে। 'অন্নবর্তমানের যাল্বাাবৃত্তং তত্তেভ্যো ভিন্নং যথা কুম্মেভ্যং স্ত্রেশ্—অন্নবর্তমান বস্তুগুলি থেকে ভিন্ন, যেমন এক স্ব্রে গাঁথা ফুলগুলি থেকে স্ত্র ভিন্ন।

নানা ফুল দিয়ে গাঁথা একটি মালা, তার মধ্যে যেথানে লাল ফুলটি আছে সেথানে হলদে ফুল নেই; যেথানে হলদে ফুলটি আছে সেথানে লাল ফুলটি আছে সেথানে লাল ফুল নেই। এইরকম, বিভিন্ন ফুল পরস্পর থেকে ভিন্ন, কিন্তু প্রত্যেকের ভিতর রয়েছে একটি স্তো। এই স্তো যে অমুবর্তমান—সব জান্নগান্ন রয়েছে অথচ ফুলগুলি ভিন্ন ভিন্ন, তা হ'লে ব্রুতে হবে স্তোটি ফুলগুলি থেকে ভিন্ন। এই যুক্তি অমুসারে জাগ্রং, স্ম ও স্বয়ুপ্তি এই তিনটি পরিবর্তনশীল অবস্থার প্রত্যেকটির মধ্যে আমি আছি। স্তরাং আমি এই তিনটি অবস্থা থেকে ভিন্ন মনে রাখতে হবে, এটি বেদান্তবাদীর প্রবল যুক্তি—আমিই এই তিন অবস্থা অমুভব করছি, জাগ্রং ও স্বয়ে বিবিধ বস্তুর অমুভব করছি এবং স্বয়ুপ্তিতে 'অজ্ঞানে'র অমুভব করছি। অজ্ঞান-অর্থে এখানে বস্তুর জ্ঞান হচ্ছেনা, তাই মাত্র অজ্ঞানের অমুভব হচ্ছে। স্তরাং আমি তিনটি অবস্থা থেকে ভিন্ন, তিনটি অবস্থার সাক্ষী, দ্রষ্টা, প্রকাশক।

এইভাবে বিচার ক'রে যে আত্মাকে আমরা জানলাম, একটা বস্তুর কল্পনা করলাম, যে বস্তুর সাক্ষাৎ অন্তুত্তব না হওয়া পর্যন্ত আমরা সে বস্তুকে জেনেছি, একথা বলতে পারি না। অনুমানের দারা বস্তুটিকে যদি বলি 'জেনেছি', সেই জানাকে প্রত্যক্ষ বা অপরোক্ষ জানা বলতে পারি না। অনুমান প্রমাণ দারা আত্মাতে একটি অবস্থার কল্পনা করতে পারি, যা জাগ্রং স্বপ্ন স্থম্থি থেকে ভিন্ন। সেই জ্ঞানকে আমরা 'আনুমানিক জ্ঞান' বলি। তার প্রত্যক্ষ হয় না।

কিন্তু বেদান্তবাদী বলেন, যে আত্মার সম্পর্কে এই অনুমান হচ্ছে, তাকে আমরা জানি কি না। জানি না, এ-কথা বলতে পারি না। কারণ আত্মাকে না জানলে বস্তুকে আমি জানি কি ক'রে? প্রত্যেক বস্তুর অনুভবের দঙ্গে সঙ্গে আত্মার অনুভব হচ্ছে, অনুভবকর্তারূপে। অত্বত্তবক্তারপে আমার অত্বত্তব ছাড়া বস্তুর অত্বত্ত আমি করতে পারি না। স্তরাং জাগ্রৎ, স্বপ্ন স্বয়ুপ্তির অন্নভবের কর্তারপে আমি রয়েছি। এই 'আমি'কে যদিও আমরা এইভাবে নিত্য অমুভব করছি, তবুও তিনটি অবস্থা থেকে ভিন্নরূপে কথনো অনুভবের গোচর করতে পারছি না। এজন্ম আপাতদৃষ্টিতে এই আত্মা আমাদের অহুমানের বিষয় হচ্ছে, একে আমরা প্রত্যক্ষ করছি না বা বেদান্তদর্শনের ভাষায় পরোক্ষ করতে পারছি না। অনুমানের দ্বারা যে জ্ঞান তাকে পরোক্ষ জ্ঞান'বলা হয়৷ আত্মাকে অনুমান দারা বোঝার চেষ্টা করলাম, তাই পরোক্ষ জ্ঞান হ'ল। অপরোক্ষ জ্ঞান হ'ল না। আত্মার প্রতাক্ষ জ্ঞান হ'লে আমাদের এই তিনটি অবস্থা আত্মস্বরূপের তুলনায় মিখ্যা হ'য়ে দাঁড়াবে। তার পূর্বে আমরা অবস্থা তিনটিকে মিথ্যা বলতে পারছি না। আমরা জাগ্রৎ ভূমিতে অবস্থান ক'রে বলি, স্বপ্ন মিখ্যা। তেমনি শুধু জাগ্রতের অতীত নয়, তিনটি অবস্থার অতীত যে তত্ত্ব, তাতে প্রতিষ্ঠিত হ'য়ে যদি কথনো বিচার করতে পারি, তথন এই জাগ্রং-ও মিখ্যা বোধ

হয়। দেই অবস্থায় প্রতিষ্ঠিত হ'লে বিচার আর হয় না, কারণ দেখানে বৈত আর থাকে না, বিচার করবে কে ?

ঠাকুর এথানে বললেন যে, চাষী বলছেন 'জগং স্থপ্রবং'। চাষী কোন অবস্থায় প্রতিষ্ঠিত হ'য়ে বলছে? তুরীয় অবস্থা থেকে। ঠাকুর বলছেন, "আমি সবই লই। তুরীয়, আবার জাগ্রৎ, স্বপ্ন, স্বয়ৃপ্তি।" এক নিতাবস্ত দেই আত্মা। স্বপ্ন অবস্থাও যেমন মিথ্যা, জাগরণ অবস্থাও তেমনি মিথ্যা। স্ব্রুপ্তির কথা বললেন না, কারণ তার সম্পর্কে বিচার করতে গেলে বিচারের ধারা একটু অস্তরকম হ'য়ে যাবে; এক নিতাবস্ক সেই আত্মা, আর জাগ্রৎ, স্বপ্ন, স্বয়ুপ্তি আত্মার তুলনায় অনিত্য। কারণ যথন জাগ্ৰং আছে, তথন স্বপ্ন বা স্বয়ৃপ্তি নেই; যথন স্বয়ৃপ্তি আছে, তথন জাগ্রৎ বা স্বগ্ন নেই। এই বকম সর্বক্ষেত্রে—যেথানে একটি আছে, সেখানে অপরগুলি নেই। স্নতরাং তারা অনিতা। এক আত্মা হলেন নিত্যবস্তু, কারণ তিন অবস্থার ভিতর আত্মা অমুস্থাত হ'য়ে আছেন। ঠাকুর বলছেন, "আমি তিন অবস্থাই লই। ব্রহ্ম আবার মায়া, জীব, জগৎ আমি দবই লই। দব না নিলে ওজনে কম পড়ে।"

ব্রহ্ম এই তিন অবস্থার অতীত তর। ব্রহ্ম সর্বব্যাপী, সকল বস্তুর আধার রূপ; দকল আরোপের অধিষ্ঠান তিনি। সব বস্তু ব্রহ্মে আরোপিত হচ্ছে। 'মিথাা' শক্টির তাৎপর্য এই যে, মিথাা মানে শৃষ্টা নয়। 'মিথাা' অর্থাৎ যেভাবে তাকে দেখছি, সেটা সে রকম নয়। যেমন রক্জু-সর্প, সাপটি মিথাা। কেননা, সেটি সাপ নয়, দড়ি। ঠিক সেইরকম এই জগংটি মিথাা; কেননা, আমরা জগংটি যেমন দেখছি, সেটি তা নয়, আদলে জগং ব্রহ্ম। এই দৃষ্টিতে দেখলে আত্মাই সত্য বস্তু, আর সব মিথাা। ঠাকুর সবই নিচ্ছেন। আত্মার বিভিন্ন অবস্থাকে তিনি অস্বীকার করেননি। তুরীয় তিন অবস্থা থেকে ভিন্ন, একই আত্মা এই তিন অবস্থার অতীত সন্তুা, নিত্যবস্তু। 'অবস্থা' বলতে বোঝায় যেটি

দাময়িক ভাবে আত্মার দঙ্গে জড়িয়ে থাকে। যেমন জাগ্রং, স্বপ্ন ও স্থান্থি অবস্থা, তুরীয়টি দে-রকম চতুর্থ অবস্থা নয়। এ তিনের অতীত একটি তত্ব, যাতে আত্মা দর্বদা প্রতিষ্ঠিত। আবার মায়া, জীব, জগং—আমি দবই লই।" মায়ার প্রভাবে তাঁর জীবজগং স্ষ্টি। যিনি এক এবং অদিতীয় তিনি কি ক'রে বহু হলেন গুমায়া-প্রভাবে। 'ইন্দ্রো মায়াভিঃ পুরুরপ ঈয়তে'—ইন্দ্র মায়ার হারা বহুরপ ধারণ করেছেন। বহুরপ ভার নয়, বহুরপে প্রকাশ পাচ্ছেন তাঁর মায়ার প্রভাবে।

অধৈত বিশিষ্টাদৈত

ঠাকুর বলছেন আমি তাঁর মায়াও নিই এবং তাঁর বছরপকেও নিই।
মায়া প্রভাবে যে বৈচিত্র্য ঘটছে তাকেও নিচ্ছি এবং স্ব্বৈচিত্র্যরহিত
যে অন্বয়তত্ব তাঁকেও আমি নিচ্ছি। এই হ'ল ঠাকুরের ভাব, তাঁর
সর্বগ্রাহী স্বরপ। 'সব না নিলে ওজনে কম পড়ে'—এটি বিশিষ্টাকৈতবাদের কথা। তিনি কি শুধুই চৈতক্ত্য? তিনি জড় নন? জড়ও
যথন আমাদের অন্তভবের বল্বরূপে রয়েছে, তথন জড়ও তিনি। যিনি
চিদ্বিশিষ্ট তিনিই অচিদ্বিশিষ্ট—এ বিশিষ্টাকৈতের নিদ্ধান্ত। স্ক্তরাং
চিদ্বিশিষ্ট, অচিদ্বিশিষ্ট, এই উভয়কে যথন আত্মস্বরপ ব'লে গণনা
করা হচ্ছে, তথন এর একটিকে বাদ দিয়ে বললে আত্মার পূর্ণ স্বরূপকে
বলা হ'ল না। তিনি জাগ্রথ নন, স্বপ্ন ও স্বযুপ্তি নন, বললে খানিকটা
বাদ প'ড়ে গেল। তাই বলছেন, 'আমি সব নিই, নইলে ওজনে কম
পড়ে।'

একজন প্রশ্ন করছেন, "ওজনে কেন কম পড়ে ?" ঠাকুর সহজ ভাষায় বোঝাচ্ছেন বিশিষ্টাবৈতনাদের তত্ত্বটি। "ব্রহ্ম—জীবজগদ্বিশিষ্ট। প্রথম 'নেতি নেতি' করবার সময় জীবজগৎকে ছেড়ে দিতে হয়। অহং- বৃদ্ধি যতক্ষণ, ততক্ষণ তিনিই দব হয়েছেন—এই বোধ হয়, তিনিই চতুর্বিংশতি তত্ত্ব হয়েছেন।" বিশিষ্টাহৈতবাদী বলেন, একই ব্রহ্ম—তাঁর মায়া ছারা নিজেকে বহুধা প্রকাশমান করতে পারেন। যেমন একটি গাছ—তার ডালপালা, ফুল, ফল দব আছে, দবগুলি মিলিয়ে গাছ। গাছের গুঁড়িটার ভিতরেও গাছ আছে, আবার ফল ফুল পাতার ভিতরেও গাছ আছে। দেইরকম জাগ্রং-বিশিষ্ট ব্রহ্ম, স্বপ্ন ও স্ব্যুপ্তি-বিশিষ্ট ব্রহ্ম — এ-সমস্ত মিলেই ব্রহ্মের পূর্ণতা অন্তত্ব করা যায়। তাই একটিকে বাদ দিলে ওজনে কম পড়ে।

বেদান্তবাদী এর উত্তরে বলেন, বাদ দিলে যদি কম পড়ে, তা হ'লে রজ্জ্ব-সর্পের সর্পকে বাদ দিলে রজ্জ্ব কর পড়ে যাবে ? যথন দেখলাম এটি সর্প নয়. রজ্জ্; তা হ'লে রজ্জ্ব সত্তাতে কি কম পড়ে গেল? তেমনই জীবজগং বাদ দিলে ব্রহ্মের কি কম পড়ে যেত ? বাস্তবে এগুলি নেই, তাই মিথ্যা বলা হচ্ছে। যা নেই অথচ প্রকাশ পাচ্ছে—যেমন সাপ নেই, কিন্তু সাপের মতো দেখাচ্ছে—এজন্ত মিথ্যা বলা হয়। সেইরকম জগং জগংরূপে নেই, কিন্তু জগংরূপে প্রকাশ পাচ্ছে সেইজন্ত 'মিথ্যা' বলা। তার অর্থ এ নয় যে, তা শৃন্ত। এক ব্রহ্মই আছেন। যাকে 'জগং' বলছি, তা ব্রহ্ম, 'যোহয়ং স্থাণু; পুমানেষঃ।' একজন লোককে দ্র থেকে দেখে গাছের গুঁড়ি ব'লে মনে হচ্ছে। কাছে গিয়ে দেখলাম. একটি লোক দাঁড়িয়ে আছে। এই অর্ভব যখন হ'ল, তথন মিথ্যা যেটি অর্থাৎ আরোপিত যেটি, তা দূর হ'ল; রইল যা, তা আসল বস্তু। স্তরাং বেদান্তী বলেন, ওজনে কম পড়ে না।

ঠাকুরের বিচার ও বিশ্লেষণ

ঠাকুর বহুভাবে তত্ত্বকে আস্থাদন করেছেন ব'লে বলছেন, 'কম পড়ে যায়।' তিনি বলছেন, আমি কেবল ঐ অহৈতের একঘেয়ে কেন হবো ?' অদ্বৈতরূপে এবং বিচিত্ররূপে আস্বাদন তিনি করবেন। ঠাকুর বলেন,

'আমি দৰ থাব, ঝোলে ঝালে অম্বলে থাব।' জাগ্ৰতে স্বল্লে স্ব্যুপ্তিতে আস্বাদন ক'রব; এবং তুরীয়ে—(যদিও দেখানে আস্বাদন শন্দি প্রযোজ্য নয় তবুও) দেখানকার অন্নতব ও আমার আনন্দের বিষয় হবে। তাই 'নেতি নেতি' করবার সময় জীবজ্বপংকে ছেডে দিতে হয়। এই 'নেতি নেতি' বিচার না করলে অষয়তত্ত্ব পোঁছানো যায় না। তাই বন্ধ জীব নয়, জগৎ নয়—এইভাবে বাদ দিয়ে যথন দেই স্বরূপে পৌছলাম যথন বাদ দেবার আর কিছু অবশিষ্ট রইল না, তথন সমস্ত আরোপ-বর্জিত সেই অধিষ্ঠানের জ্ঞান হ'ল। দেই অধিষ্ঠান-জ্ঞানের পর এই হৈত রাজ্যে কিরে এসে সাধক দেখে— যাঁকে এক বলেছিলাম, তিনিই বহু। বন্ধর ভিতর একের নির্বাধ অহভূতি হ'তে থাকে। তিনি সব হয়েছেন, চতুর্বিংশতি তত্ত্ব হয়েছেন। বেলের সার বলতে শাস বোঝায়। খোলা, বিচি বাদ দিয়ে শাঁসকে বললাম, এই বেল। কিন্তু ওজন জানতে হ'লে খোলা, বিচি, শাঁদ-সব নিয়ে ওজন করতে হবে। তাই ঠাকুর বলছেন, "যারই শাঁস তারই বিচি, তারই খোলা। যাঁরই নিতা তাঁরই লীলা।" যিনি নিত্যরূপে এক অবিভাজ্য অহম তত্ত, তিনি আমাদের কাছে তিনি নিঙ্গেকে বহুধা বিভক্ত করছেন। তাঁর অচিন্তা শক্তি প্রভাবে

বহুধা প্রতীত হচ্ছেন লীলায়। লীলা বলা হয় এজন্ম যে, বিনা প্রয়োজনে তিনি নিজেকে বহুধা বিজ্ঞ করছেন। তাঁর অচিন্তা শক্তি প্রভাবে এক হয়েও বহুধা হয়েছেন। 'একোহহং বহু স্থাম্'—তিনি এক, তিনি ভাবলেন, বহু হবো। উদ্দেশ্থ কি ? উদ্দেশ্থ কিছু নেই। 'লীলা' মানেই অপ্রয়োজন ক্রিয়া। লীলায় দেই অহয় তত্ত্ব মায়া-প্রভাবে নিজেকে বহুধা বিভক্ত করছেন। 'মায়া' এই জন্ম বলা হয়েছে যে, বাস্তবিক বৈচিত্রা না থাকলেও তিনি তা দেখাতে পারেন। যেমন মায়াবী তার শক্তিপ্রভাবে নানারকম খেলা দেখায়। একটি আমের বীজ পুতলো, গাছ হ'ল, ফল হ'ল, ফল খাওয়ালে। কিন্তু তারপর দেখা গেল কিছুই

নেই. এ সবই মিখ্যা, মায়াবীর শক্তি-প্রভাবে হ'ল। ভগবান্ সেই বিরাট মায়াবী, তাঁর মায়ায় সমস্ত জগং মৃয় ক'রে রেখেছেন। মায়ার দারা জগং সৃষ্টি ক'রে তাকে নানারূপে আস্বাদন করছেন। কে তিনি, যিনি এই জগংকে নানারূপে আস্বাদন করছেন? তিনিই—বহুরূপে, জগংকরপে—বীজরূপে। তিনিই সেই জড়রূপ, আর জড়রূপের অন্থভবকর্তা যে চেতন, তাও তিনি। এক তিনি, বহু তিনি। ঈশ্বর তিনি, জীবজগং তিনি। এইভাবে সর্বত্র তাঁরই উপলব্ধি। ঠাকুর বহুবার বলেছেন, "যাঁরই নিত্য তাঁরই লীলা।" লীলা থেকে নিত্য, নিত্য থেকে লীলা। বলছেন, "যে রাজার ছেলে, সে সাত দেউড়ি আনাগোনা করতে পারে, তার বাধা কোথায়? নিত্য থেকে লীলায় যায়, আবার লীলা থেকে নিত্যে যায়—কোন জায়গায় তার ভয় নেই।"

এই যে নির্ভয় অবস্থা, বেদাস্তবাদীও তাই বলেন। জগংকে যথন দেখেন, তথন বন্ধনের ভয় নেই; কারণ তাঁর দৃষ্টিতে সে জগতের বাস্তবতা নেই; জগং যেন একটা কয়না মাত্র, আসলে কিছু নয়। অরৈতবাদীর দৃষ্টিতে যা জগং-রূপে প্রতীত হচ্ছে, তা ব্রহ্ম ছাড়া কিছু নয়। এই ব্রহ্ম-জ্ঞানে প্রতিষ্ঠিত জগং-বৈচিত্র্যে তিনি মোহিত হন না। মহামায়ার মায়া তাঁকে মৃয় করতে পারে না। তিনি এই মায়ার পর্দাকে ভেদ ক'রে স্বরূপে পৌছেছেন। তাই ঠাকুর বলছেন, "আমি নিত্য, লীলা—সবই লই। মায়া ব'লে জগং সংসার উড়িয়ে দিই না; তা হ'লে যে ওজনে কম পডবে।"

কথামূত---১৷১৩৷৬

ওঁ-কার ও জগদ্-অভিব্যক্তি

দক্ষিণেশ্বরে মহিমাদি ভক্ত সঙ্গে ঠাকুর 'ভঁ-কার ও নিতালীলা' প্রসঙ্গ করছেন। মহিমাচরণকে বলছেন, "ভঁ-কারের ব্যাখ্যা তোমরা কেবল বলো 'অ-কার, উ-কার, ম-কার,।" ঠাকুর ভঁ-কারের ব্যাখ্যা তাঁর অর্ভুতি-লব্ধ জ্ঞান থেকে করছেন। ঘণ্টার টংকার, ট-অ-অ-ম-ম্। চারিদিক নিস্তব্ধ, টং ক'রে একটি শব্দ হ'ল, তারপর সেই শব্দটি ক্ষীণ থেকে ক্ষীণতর হয়ে বিরত হ'ল। ঠাকুর উপমা দিয়ে বলছেন, যেমন সমূদ্রে একটা ভারী জিনিষ পড়লে তা থেকে ঢেউ আরম্ভ হ'ল, আবার দেই ঢেউ ধীরে ধীরে সমূদ্রে মিলিয়ে গেল। ঘণ্টার টং শব্দের মতো একটি তরঙ্গ আরম্ভ হ'ল, কিছুক্ষণ তরঙ্গটি চ'লল, আবার নিস্তরঙ্গ অবস্থায় ফিরে এল। ঠাকুর বলছেন, "নিত্য থেকে লীলা আরম্ভ হ'ল, মহাকারণ থেকে ছুল, স্ক্ষ্ম, কারণ-শরীর দেখা দিল—সেই তুরীয় থেকেই জাগ্রৎ, স্বয়, স্বয়্থি—সব অবস্থা এসে প'ড়ল। আবার মহা-সমুদ্রের ঢেউ মহাসমুদ্রেই লয় হ'ল।"

নিতা ধরে ধরে লীলা, লীলা ধরে ধরে নিত্য—এ জিনিষ্টি আমাদের কাছে ঠাকুর খুব স্পষ্ট, হৃদয়গ্রাহী বোধগম্য রূপে বলছেন। জগৎ যথন আরম্ভ হ'ল, দেখানে যেন ঘন্টার টংকারের মতো একটি তরঙ্গ উঠল। কিছুক্ষণ দেই তরঙ্গটি প্রবাহিত হ'ল, পুনরায় নিস্তরঙ্গ অবস্থা ফিরে এল। দেই নিত্য তুরীয় থেকে জাগ্রৎ, স্বল্ল, স্বয়্প্তি যেন পর পর আদছে এবং আবার দেই তুরীয়ে লয় হচ্ছে। সমুদ্রের চেউ

সমুদ্রেই লয় হচ্ছে। ঠাকুর বলছেন, "আমি 'টং' শব্দ উপমা দিই। আমি ঠিক এই সব দেখেছি।…ভোমাদের বইয়ে কি আছে, অভ আমি জানি না।"

কথাটি যে শান্ত্রে নেই, তা নয়। শান্ত্রে এইভাবে আছে, যথন প্রথম জগৎ সৃষ্টি হয় তথন যেন একটা শব্দের অভিব্যক্তি হয়, যাতে কোন বর্ণের অভিব্যক্তি তথনও সৃষ্টি হয়নি। একেই ওঁ-কার বলা হয়েছে। এই ওঁ-কার থেকে ক্রমে বর্ণ বিভক্ত রূপ ধারণ করলে অ-উ-ম তিনটি এল। এই বর্ণমালা যেন সৃষ্টির আদি উপকরণ অর্থাৎ জগতের স্ক্ররপ, যার ভিতর থেকে ধীরে ধীরে জগৎ-বৈচিত্তা, নাম-রূপ স্ষ্টি হ'ল। নাম-রূপের দারা সংক্ষেপে সমগ্র জগৎকে বোঝায়। ব্রহ্মের মনে জগৎ-সিস্ফা এল; তিনি ভাবলেন নামরপের দ্বারা সমগ্র জগৎকে প্রকাশ করবেন। এই নামরূপ থেকে সমগ্র জগতের আবির্ভাব। ওঁ-কার সেই নামের স্ক্র অভিব্যক্তি। মহাসমুদ্রের শাস্ত জলরাশির উপর একটি জিনিস পড়ায় তরঙ্গ উঠল। সে জলরাশি চারিদিকে ছড়িয়ে প'ড়ল, আবার ধীরে ধীরে মহাসমুদ্রে মিশে গেল। সেইরকম কারণ-সমুদ্ররপ বন্ধা, তাঁর মনে জগং-স্কৃতির আকাজ্জা জাগলো. আকাজ্যাটি সমূত্রে ভারি জিনিস পড়ার মতো, ফলে নামরূপ তরঙ্গের স্ষ্টি হ'ল। কারণ-সমুদ্রের তরঙ্গ নামরূপে অভিব্যক্ত এই জগং। এই জ্বগৎ বন্ধাণ্ড বন্ধসমূদ্র থেকে উৎপন্ন হ'য়ে তাঁর ভিতরে লীন হ'য়ে গেল। লীলা ধরে নিতা, নিতা ধরে লীলা, এটি বোঝাবার জন্ম ঠাকুর এই উপমা দিয়েছেন।

মিত্য ও লীলা

এই জগং যা আমরা দেখছি, তা এসেছে নিত্যস্বরূপ ব্রন্ধ থেকে। নিত্য থেকে লীলা, এই জগংরূপে তিনি লীলা করছেন। বিশ্ব ব্রন্ধাণ্ড

রূপে তিনি যেন বিভাজিত, নিজেকে বছুধা বিভক্ত ক'রে খেলা করছেন। খেলা দাঙ্গ হ'লে নিজের মধ্যে জগৎকে মিশিয়ে নেবেন। সমুদ্রের দৃষ্টান্তটি খুব স্থন্ত। সমুদ্র অর্থাৎ কারণ-সমুদ্র; 'কারণ' অর্থে যা থেকে জগতের উৎপত্তি হবে। সেই কারণবারি-রূপ সমূদ্রে ভগবান অনন্ত শ্যাায় শুয়ে আছেন, অর্থাৎ অনন্তের সঙ্গে এক হ'য়ে আছেন। ভগবানের ইচ্ছা হ'ল, তিনি স্প্ট হবেন বা জগৎ স্ষ্টি করবেন। তিনি সং হলেন, তিনি স্থল, সূল্ম, কার্য, কারণ হ'লেন—'দ সচ্চ ভচ্চ অভবৎ।' এই জগৎ ব্রন্ধের নামরূপ-বিশিষ্ট স্বরূপ। এই নামরূপ কিন্তু তাঁর থেকে ভিন্ন বস্তু নয়, কারণ বাইরের উপাদান দিয়ে এ জগৎ সৃষ্টি হয়নি। তিনি নিজেকেই বহুধা বিভক্ত করেছেন, না হ'লে জগৎ রচনা সম্ভব হ'ত না। নামরূপকে তিনি প্রকাশ করেছেন, আবার থেলা সাঙ্গ হ'লে তাকে নিজের ভিতর উপসংহত করছেন। সংহার' অর্থ তাঁর নিজের ভিতর নিয়ে নেওয়া। উর্ণনাভ বা মাক্ড্সার দৃষ্টান্তে জগতের সংহার বোঝানো হয়, যথোর্ণ-নাভি: স্জতে গুহুতে চ' (মু ১. ১. ৭)—যেমন উর্ণনাভ নিজ শরীর থেকে সূতা উৎপাদন ক'রে আবার নিজের ভিতর গুটয়ে নেয়, সেই রকম ভগবান্ নিজেকে জগদ্রূপে প্রকাশিত ক'রে আবার দেই জগৎকে নিজের ভিতর উপসংহাত ক'রে নেন। যেমন কুন্তকার মাটি দিয়ে ঘট করে, সেই ঘট ভাঙলে মাটিতে পরিণত হয়, সেই রকম তিনি হচ্ছেন জগতের উপাদান কারণ; তাঁর থেকে জগৎ স্ফ্রী এবং তাঁর মধোই জগতের পরিসমাপ্তি। উপাদান-কারণ এবং নিমিত্ত-কারণ-তুই-ই তিনি। তিনি যদি চেতন না হন, তা হ'লে এই স্প্রীর যে স্থলর প্রযো-জনা, একটা প্লান (পরিকল্পনা)—তা কোথা থেকে হবে ? জড়বস্ত বুদ্ধি দিয়ে কিছু করতে পারে না। অতথ্য চেতনের সঙ্গে সংযোগ না হ'লে, জড়বস্তু জগৎরূপে পরিণত হ'তে পারে না। তাঁকে বলা হয়েছে, 'কারণং

কারণানাম্'—সুল, স্ক্র, কারণ—এই তিন ভিন্ন ভার কারণও তিনি। 'ঐতদাত্মাম্ ইদং সর্বন্'—সমস্ত জগৎই তিনি। নিত্য না থাকলে লীলা কোথা থেকে আসবে এবং কোথায়ই বা ফিরে যাবে গ

জগতের নিতা ও লীলা কল্পনার কারণ প্রত্যক্ষসিদ্ধ যে জগৎকে আমরা পঞ্চেন্ত্রিয় দিয়ে গ্রহণ করেছি, তাকে অস্বীকার করতে পারি না। সর্বক্ষণ সজাগ ক'রে দিচ্ছে – আমি আছি, আছি, আছি। রূপ, রস, গন্ধ, শন্দ, স্পর্শের মধ্য দিয়ে জগৎ আমাদের তার অস্তিত্ শারণ করাচ্ছে ৷ জগতের আদিকে দেখিনি. কিন্তু তার ভিতর থেকে তার পরিবর্তনশীলতা উপলব্ধি করছি। প্রশ্ন উঠছে, এই পরিবর্তনশীল জগৎ অনাদি ? সাস্ত ? জগতের প্রতিটি বস্তু ব'লে দিছে যা পরিবর্তনশীল, তার আদি আছে, অন্ত আছে। জগৎ যদি পরিবর্তনশীল হয়, তার আদি অস্ত আছে। আদি কল্পনার সময়ে লীলাকে ধরে নিত্যে যাওয়া হয়। ভাগবতে, উপনিষদে বর্ণনা আছে – স্থল ক্রমশঃ স্ক্র ধেকে সৃন্মতর বস্তুতে কারণে পরিণত হয়। ক্রমে ক্রমে দব এক মহাকারণে লীন হয়। আমাদের পঞ্চেক্রিয়ের যে বিষয় পঞ্তত্ত-কিতি, অপু., তেজ:, মরুৎ, ব্যোম-এদের বিশ্লেষণ করে স্থির করা হয়েছে, শব্দ স্পর্শ রূপ রূস গন্ধ-এই পঞ্চ 'বিষয়'-বিশিষ্ট এই পৃথিবী। মাটি জল—যাতে তেজ, বায়ু, আকাশ এই ক্রমে স্ক্রতের হ'য়ে যাচ্ছে। এখন আকাশকে হল্ম বললেও আকাশেরও উৎপত্তি ও লয় আছে। তার উৎপত্তি ও লয় অব্যক্ত। 'অব্যক্ত' অর্থাৎ অনভিব্যক্ত। গীতা-ভায়োর উপক্রমণিকায় শংকরাচার্য উদ্ধৃত করেছেনঃ

> নারায়ণঃ পরোহ্ব্যক্তাদণ্ডমব্যক্তসন্তবম্। অওস্থান্তন্থিমে লোকাঃ সপ্তন্থীপা চ মেদিনী।

নারায়ণ হচ্ছেন প্রমতত্ত্ব। তাঁ থেকে জগৎকারণ 'অব্যক্ত'। সেই

পরম কারণ অব্যক্ত থেকে ব্রহ্মাণ্ডের অণ্ডরপ, বাইরে তাঁর বিভিন্ন রূপের অভিব্যক্তি তথনও হয়নি, অথচ সমস্ত অভিব্যক্তির সন্তাবনা তাঁতে রয়েছে, ডিমের ভিতর যেমন সংকুচিত বা অব্যক্তভাবে জীব থাকে। এই ব্রহ্মাণ্ডের ভিতর এই সপ্তধীপা পৃথিবী, সমস্ত জগং। উপনিষদ্ বলছেন:

ই ক্রিয়েভ্যং পরা হর্থা অর্থেভ্যশ্চ পরং মন: । মনসম্ভ পর। বৃদ্ধিবৃদ্ধিরাত্মা মহান্ পরঃ ॥ মহতঃ পরমব্যক্তমব্যক্তাৎ পুরুষঃ পরঃ । পুরুষান্ন পরং কিঞ্চিৎ দা কার্চা দা পরা গতিঃ ॥

(কঠ, ১. ৩. ১০-১১)

ই ক্রিয়সমূহ থেকে 'পর' বা বাগপকতর হচ্ছে অর্থ বা স্ক্রভূত। স্ক্রভূত থেকে ই ক্রিয় স্ট ই হয়েছে। বিষয় ই ক্রিয়কে জরুভূতি যোগায়, স্থতরাং বিষয় ই ক্রিয়ের চেয়ে শ্রেষ্ঠ, আরো স্ক্রতর। 'অর্থেভাশ্চ পরং মনঃ'— সেই স্ক্রভূতের থেকে ব্যাপকতর হ'ল মন। এইভাবে মন থেকে স্ক্রবৃদ্ধি, বৃদ্ধি থেকে মহান্ আত্মা। জগতের স্ক্রকারণরপকে 'মহৎ' বলা হয়েছে তাই মহান্। 'মহতঃ পরম্ অব্যক্তম্'—মহতের পরেও আছে অব্যক্ত 'অব্যক্তাৎ পুরুষঃ পরঃ'— অব্যক্ত থেকে পুরুষ শ্রেষ্ঠ, পুরুষ বলতে এক্স। 'পুরুষাৎ ন পরং কিঞ্ছিৎ'—পুরুষের থেকে শ্রেষ্ঠ কিছু নেই। 'সা কাষ্ঠা সাপরা গতিঃ'— সেই পুরুষই পরমতন্ব, চরম লক্ষ্য। এইভাবে লীলা থেকে নিত্যে পৌছানো গেল।

এর বিপরীতক্রমে নিত্য থেকে লীলা, উপনিষদে বলা হয়েছে—
আত্মা থেকে আকাশ এবং তার থেকে পর্যায়ক্রমে বায়্, তেজ, অপ,
শিতি হ'ল। ক্রমশঃ স্ক্র থেকে স্থলত্ব প্রাপ্তি হচ্ছে। নিত্য থেকে
লীলা, লীলা থেকে নিত্য, ঠাকুর একে 'অস্কলাম বিলোম' বলছেন।

লীলার ভিতর আমরা বহুধা বিভক্ত জগতে রয়েছি, কারণে পৌছতে হ'লে. স্থুল থেকে স্কুল্ল, স্কুল্ল থেকে কারণে, কারণ থেকে মহাকারণে যেতে হবে। যেন এগুলি শিকলের বিভিন্ন কড়ি যা ধরে ধরে আমাদের মূলে উপনীত হতে হবে। সেজন্ত শাস্ত্র এতভাবে জগতের উৎপত্তি আদি বলেছেন। মাঙুক্যকারিকাতে মুক্তিকার বা উপনিষদে লোহা অগ্নি প্রভৃতির দৃষ্টান্ত দিয়ে স্পষ্টির কথা নানাভাবে বলা হয়েছে, শুধুমাত্র ব্রহ্মন্তানের অবতারণা করবার জন্তা। এগুলি লক্ষো পৌছবার উপায়, আমরা যাতে স্পষ্টির ক্রমচিন্তা ক'রে তার বিপরীত প্রথায় অগ্রসর হ'য়ে সেই পরম কারণে পৌছতে পারি। প্রকৃতপক্ষে তত্ত্বপৃষ্টিতে দেথলে স্পষ্টি ব'লে কিছু না থাকলেও শাস্ত্র সেই সত্যে পৌছবার জন্তা এগুলি অবলম্বন করেছেন।

'সৃষ্টি' বলতে কিসের সৃষ্টি ? যে সৃষ্টিকে বহুধা বিভক্তরূপে দেখছি, তা যদি তত্ত্বের বছধাবিভক্তি হ'ত, তা হ'লে তার কারণকে খুঁজে পেতাম না ৷ কারণ যে বন্ধ সঞ্জব, সে নিগুণে পৌছে দিতে পারে না : এবং যা নিগুণ, তা নিজেকে স্তুণ করতে পারে না। নির্বিশেষ সবিশেষ আবার স্বিশেষ নির্বিশেষ হ'তে পারে না। এরা বিপরীতধর্মী বস্তু, পরস্পরবিরোধী, এজন্য একে 'মিথ্যা' বলা হয়। 'মিথ্যা' মানে এর বন্ধতঃ কোন দত্তা নেই। ছান্দোগা উপনিষদে (৬.১.৪) আছে: যথা সোমোকেন মুংপিণ্ডেন সর্বং মুন্ময়ং বিজ্ঞাতং স্থাদ্বাচাবন্তণং বিকারো নামধ্যেং মৃত্তিকেতোৰ সত্যম। একটি মাটিব ঢেলাকে জানলে তা থেকে স্ট মাটির তৈরী সব বস্তকে জানা হ'য়ে যায় : কারণ মাটির বিভিন্ন আকার-পরিবর্তন মাটি ছাড়া আর কিছুই নয়। এই রূপান্তরিত বিকারগুলি শব্দাত্মক বা বাক্যমাত্র-অবলম্বন, এদের নামমাত্র আছে, পথক পথক দত্তা কিছু নেই। স্থতরাং মৃত্তিকাই দত্য, মুনায় বস্কু মৃত্তিকারই বিকার। কারণটি সতা, কার্য মিথ্যা,। জগৎ মিথ্যা বন্ধ একমাত্র সত্য. তিনি এক হয়েও বহুরূপে নিজেকে দেখাতে পারেন, তাতে দোষ হয় না। তিনি বহু—এ-কথা বেদান্ত কদাপি বলেন না। বাস্তবিক তিনি যদি বহু হ'তে পারতেন, তা হ'লে তাঁর নিতাত্বের হানি হ'ত। তিনি নিতা হয়েও বহুরূপে প্রকাশিত, অতএব এই প্রকাশ-বৈচিত্রা মিথাা। জগতের একমাত্র কারণ যিনি, তিনিই সত্য। জগতের আর সব বস্তু তাঁর বিকার মাত্র। নামরূপ তা থেকে অভিন্ন। স্থতরাং এই জগৎকে বন্ধে পর্যবিদিত ব'লে জানতে হবে। ব্রন্ধে এই জগৎকে লীন করতে পারলে মাত্রুৰ এই নামরূপের বন্ধন থেকে মুক্ত হবে। নামরূপের অতীত না হওয়া পর্যন্ত জন্মত্বুর পরম্পরা থেকে জামাদের নিস্কৃতি নেই।

তত্ত্বজিজ্ঞান্ত ও বৈজ্ঞানিকের দৃষ্টি

স্টির কথা জেনে আমাদের লাভ নেই; কারণ তার বারা বিজ্ঞানের মতো জগৎকে কাজে লাগাবার কোশল আমরা আবিদ্ধার করছি না। সাধক স্টের কারণ জানতে চান, ভোগের উপকরণ আবিদ্ধার করার জন্ম নয়। বিজ্ঞানী জগৎকে জেনে কৌশলে ভোগের উপকরণ করতে চান, আর জ্ঞানী জগতের পশ্চাতে মূল তত্ত্বকে জানতে চাইছেন, যাতে তাঁকে ধরে নিত্যে অধিষ্ঠিত হওয়া যায়। ঠাকুর বলছেন, লীলাকে ধরে নিতা। নিত্য সত্য, লীলা ভ্রমমাত্র। লালার বৈচিত্র্য যত আপাত-মনোরম হ'ক বাস্তবিক তার নিত্যের অতিরিক্ত সত্তা সেই। মৃত্তিকা যতই বিকার প্রাপ্ত হ'ক, আসলে তা মৃত্তিকা। জ্ঞানী বলেন, বিবিধ বস্তব্দে জানার প্রয়োজন কি পু বস্তুগুলি সত্য হ'লে জানার নার্থকিতা থাকত। আমাদের মনে কত রকমের আকাশকুষ্ম কল্পনা ভাসে, দেগুলির তত্ত্ব বিশ্লেষণ ক'রে আমরা বিচার করতে যাই না। সেইরকম এই জগং জ্ঞানীর দৃষ্টিতে আকাশকুষ্থমের মতো মিথা কল্পনা মাত্র, এর

কোন অস্তিত্ব নেই। মুনায় বস্কুগুলিতে মৃত্তিকার অতিরিক্ত সত্ত' নেই; যদি থাকত, তা হ'লে মৃত্তিকার সংশ্লিষ্টরূপে ছাড়া অক্সরণে দেথতে পেতাম। তা তো দেখি না। দেই রকম, এই জগতে ব্রহ্মের যে বছ প্রকাশ, দেগুলি তত্ত্তঃ ব্রহ্মই। অতএব ব্রহ্মকে জানলে তাঁর মিথ্যারূপ প্রকাশগুলিকে জানবার দরকার কি? মিথ্যাবস্তুকে জেনে মিথ্যা জ্ঞান হয়, তা কথনো আমাদের পরম কল্যাণ আনতে পারে না। মোক্ষলাভ—সতাজ্ঞান হারাই সম্ভব হয়।

মৃত্তিকা ছাড়া নকনের দৃষ্টান্ত দেওয়া হয়েছে ছান্দোগ্য উপনিষদে (৬. ১. ৬) ঃ যথা সোম্যেকেন নথনিক্সন্তনেন সর্বঃ কার্ফায়ং বিজ্ঞাতং স্থাদ্ বাচারজ্ঞাং বিকারো নামধেয়ং ক্রফায়দামিত্যেব সত্যমেব দোম্য স্থাদ্ বাচারজ্ঞাং বিকারো নামধেয়ং ক্রফায়দামিত্যেব সত্যমেব দোম্য স্থাদ্দেশা ভবতীতি॥ অর্থাৎ একটি নক্রণকে যদি লোহানির্মিত ব'লে জানি তা হ'লে লোহময় সম্দয় বস্তকে জানা হ'য়ে যায়; বিকার শন্দাত্মক—নামমাত্র, লোহই সত্য, অক্যবস্তপ্তলি তার বিবর্তন বিজ্ঞানী বলছেন, মাটির যে বিভিন্ন আকার আমাদের অক্সভূত হচ্ছে, দেগুলিকে মিথা৷ বলতে পারি না। দার্শনিক বলছেন, যদি সেগুলির মৃত্তিকাতিবিক্ত সন্তা থাকত, তা হ'লে মৃত্তিকা ছাড়াও তাদের দেখা যেত। কিন্তু তা দেখা যায় না—তৎসত্তে তৎসত্তা তদভাবে তদভাবঃ।

আর একটি উপমার সঙ্গে মিলিয়ে দেখলে প্রাক্ষটি স্পষ্টতর হবে।
দড়ি থাকলে সাপকে সেখানে দেখা যায়, দড়ি না থাকলে দেখা যায় না।
দড়ি সব সময় আছে তাই সত্য; সাপ কখনো দেখা যায়, কখনো যায়
না। দড়িরূপ আধার না থাকলে ভ্রম হয় না। যিনি ভ্রমের অধিষ্ঠান,
তিনিই হলেন সত্য; যিনি এই জগতের উপাদান, যে উপাদান বিকার
থেকে ভিন্ন নয়, তিনিই আত্মা, আর হে শেতকেতু, তুমিই দেই আত্মা,
'তৎ সত্যং স আত্মা তত্ত্মসি শেতকেতো'॥ (ছালোগা ৬.৮ ৭)

আত্মা আমা থেকে ভিন্ন হ'লে তাকে জেনে জ্ঞানের ভাণ্ডার একটু

বাড়ত বটে, কিন্তু জন্মমৃত্যুর বন্ধন ছিন্ন হ'ত না। 'তত্ত্বসদি'—তুমিই দেই বলার অর্থ—দেই বন্ধ বিভিন্ন প্রকারে বহুধা বিভক্ত রূপে প্রতীত হওয়া সত্ত্বেও তিনিই একমাত্র নিত্যবস্তা। তোমার যে-সব পরিবর্তন প্রতীত হচ্ছে তাদের পশ্চাদ্বর্তী সন্তা নির্বিকার, নির্বিশেষ এক নিত্য সত্য। এইভাবে আত্মাকে জানলে আর ছঃখের কোন কারণ থাকে না। তাই শ্রুতি বলছেন:

আত্মানং চেদ্ বিজানীয়াদয়মন্মীতি পুরুষ:।

কিমিচ্ছন্ কন্ত কামায় শরীরমন্ত্রপঞ্জেরে ॥ (বৃহ. উ. ৪. ৪. ১২.) প্রমজ্ঞানে নয়. এই স্বরূপে আত্মাকে যদি কেউ জানে তা হ'লে সে সমস্ত বন্ধনের অতীত হয়ে যায়। যদি সেই সত্যজ্ঞান হয়, তার স্বরূপকে যদি সে জানতে পারে, তা হ'লে সে কিসের কামনায় কাহার প্রয়োজনে শরীরের সমস্ত হঃথ ভোগ করবে? শাস্ত্রের স্প্টি-আদি ব্যাখ্যার এইটি তাৎপর্য!

লীলার সার্থকভা

এখন প্রশ্ন ওঠে, ভগবানের এই লীলা কি প্রয়োজনে? জগং-সৃষ্টি তিনি করলেন কেন? যদি সৃষ্টি না করন্তেন, তা হ'লে জগং-কারণকে আমরা যুঁজে পেতাম না। জগং-কার্যকে পাচ্ছি বলে একে ধরে ধরে জগং-কারণে পৌছতে পারছি। আমাদের স্বরূপকে যুঁজে বার করবার জন্ম এই সৃষ্টি। চোথে কাপড় বেঁধে দেওয়া হয়েছে। একটা হাঁড়ি রাথা হয়েছে। চোথবাধা অবস্থায় যুঁজে লাঠি দিয়ে হাঁড়ি ভাঙতে হবে। হাঁড়ি ভাঙা হ'লে থেলা শেষ। তথন চোথের বাঁধন খোলা হয়ে যাবে। আমরাও সেইবকম জগতের ভিতর সত্যকে যুঁজে পাক্রি জন্ম লাঠির বাড়ি মারতে মারতে চলেছি, হাঁড়িটো যুঁজে পাচ্ছি না। অনেক সময়েই লাঠিটা অন্মত্র লাগছে, হাঁড়িতে নয়। কতকাল

এইভাবে চলেছি, জানি না। চলতে চলতে কেউ আমাকে ইশারা করে দিলে, হাত ধরে দেখিয়ে দিলে 'এদিকে যাও'। হয়তো তারপর লাঠিটা হাঁড়ির উপর প'ড়ল। এতক্ষণে হ'ল আমার নিস্কৃতি। ঠিক এই রকম কার্যের অরণ্যের ভিতর ঘুরে বেড়াচ্ছি আমরা, বেড়াতে বেড়াতে ঘদি কারণেতে পোঁছতে পারি। এই জগৎটা তাতে কিছু সাহায্য করবে, না হ'লে কাকে ধরে ধরে আমরা কারণে পোঁছব ?

অনেক সময় মাতৃষের মনে প্রশ্ন জাগে যে, এই চোথে ঠুলি পরে ঘোরার কি প্রয়োজন ছিল? প্রয়োজন যে কি তা আমরা জানি না, কেবল জানি—তার অস্তে পৌছবার উপায় আছে। তাই আদিতে কি হ'ল, কেন জগং সৃষ্টি হ'ল, এ প্রশ্নের বিচারে আমাদের কোন উপকার নেই। জগং আমাদের একটা খাঁচার ভিতর পুরে খেলছে, তার থেকে বের হবার উপায় জানতে হবে। শাস্ত্র বলছেন, এর উপায় হ'ল 'লীলা'। লীলা ধরে নিত্যে পৌছানোর উপায় ক'রে দিচ্ছে জগৎ.— 'উপায়ঃ সোহবতারায় নাস্তি ভেদঃ কথঞ্চন'। পরমজ্ঞানের উৎপত্তির জন্ম এই উপায়। সেই তত্ত্ত্তানের যাতে উৎপত্তি হয়, তাই এই জগতের বর্ণনা বেদান্তে কোথাও পঞ্চতের উৎপত্তি বলেছেন; কোথাও আবার তেজঃ অপ্অন্ন সৃষ্টির কথা বলেছেন। ব্যাখ্যাকার শঙ্করাচার্য বলেছেন, সৃষ্টি তিনটি হ'ক, পাঁচটি হ'ক বা তিনশই হ'ক তাতে কিছু যায় আদে না। আমাদের যা জানতে হবে. তা হ'ল মূল তত্ত্ব, মূল স্বরূপ। আর এই জানাই আমাদের দেখিয়ে দেবে এই ্গোলক ধাঁধা থেকে বেরিয়ে আসার পথ।

দক্ষিণেশ্বরে ভক্তসঙ্গে ঠাকুরের ঈশ্বর-প্রসঙ্গ চলছে। ঠাকুর বলছেন, "দংসারীরা বলে, কেন কাম-কাঞ্চনে আসক্তি যায় না?" ভক্তের মনে সাধারণতঃ প্রশ্ন জাগে, কেন বিষয়াসক্তি মন থেকে যায় না? ঠাকুর বলছেন, "যদি একবার ব্রহ্মানন্দ পায়, তাহ'লে ইন্দ্রিয়স্থ ভোগ করতে বা অর্থ, মান-সন্ত্রমের জন্ম, আর মন দৌড়য় না।"

ঈশ্বরচিন্তা ও অনাসন্তি অর্জন

একরকম বৈরাগ্য আছে, যেথানে মনকে বিষয় থেকে দূরে রাথার জন্ম চেষ্টা ক'রে সংযম অভ্যাস করতে হয়। ঠাকুরের ভাষায়, নাক মুখ টিপে বৈরাগ্য। কোন রকম ক'রে ইন্দ্রিয়কে বিষয় থেকে নিবৃত্ত করলে কিছুটা ফল হয়, কিন্তু আসক্তি দূব হয় না। তাই প্রশ্ন ওঠে, এই আসক্তি দূর করার উপায় কি ? উপায় গীতা বলছেন, পরমতত্তকে দর্শন করলে সেই ভোগাসজি নিকুত্ত হয়। তাঁকে দর্শন করলে, লাভ করলে ইন্দ্রিয়াসক্তি যায়। কেন যায়? তার উত্তর ঠাকুর অক্তত্র দিয়েছেন। বিষয় একটি ছোট চুম্বক ও ভগবান্ একটি বড় চুম্বক। যদি ছদিকে তৃটি চুম্বক রাখা যায়, তাহলে মন কোন্ দিকে যাবে ? যে চুম্বকের শক্তি বেশি, দেটিই আকর্ষণ করবে। ভগবান্ সেই রকম বড় চুম্বক ; জীব যদি তাঁর দিকে আকর্ষণ বোধ করে, তা হ'লে আর অন্ত দিকে মন দিতে পারবে না। ভাগবতে একটি স্থন্দর কবিত্বময় বর্ণনা আছে। ভগবান্ যথন বংশীধ্বনি করছেন, তথন গোপীগণ স্ব স্ব গৃহকর্ম পরিত্যাগ ক'রে

তাঁর দিকে ছুটে গেলেন। কেউ রন্ধনে ব্যাপৃতা ছিলেন, কেউ পতিনেবা করছিলেন, কেউ সন্তানকে স্কর্যপান করাচ্ছিলেন, কেউ প্রসাধনরতা ছিলেন, এমনি নানা গৃহকর্মে নিযুক্ত থাকাকালে বংশীধ্বনি শুনেই সকলে তাঁর গুর্বার আকর্ষণে ছুটলেন। গৃহকর্ম, পরিষ্ণনদের প্রতি কর্তব্য ভগবানের আকর্ষণের কাছে অতি তুচ্ছ। সে আকর্ষণকে প্রতিরোধ করতে পারে—এমন কোন প্রবল্ভর আকর্ষণ নেই। ঠাকুরের অক্পম ভাষায় "বাছলে পোকা যদি একবার আলো দেখে, তাহ'লে আর অন্ধনারে যায় না।"

এই প্রদক্ষে ঠাকুর রাবণের কথা বলছেন। রাবণ সীতার মন হরণ করার জন্ম নানা রূপ ধারণ করছেন। কেউ বললে, 'তুমি মায়াবী, একবার রামরূপ ধরে সীতার কাছে যাও না কেন? সীতা ভূলে যাবেন।' তখন রাবণ উত্তবে বলছেন, "তুচ্ছং ব্রহ্মপদং পরবধ্দদঃ কুতঃ," যথন রামরূপ চিন্তা কবি, তথন ব্রহ্মপদ তুচ্ছ হয়ে যায়, তা পরবধু দঙ্গের আকাজ্যা আরু কি ক'রে থাকবে ? যত ভগবানের চিন্তা হবে ততই সংসারে ভোগের আদক্তি কমবে। যত পূর্ব দিকে অগ্রসর হওয়া যায়, ততই পশ্চিম দিক দূরে দরে যায়। তথন বিষয় আপনা থেকেই নিবুক্ত হবে। বিষয়ের আর মনকে আকর্ষণ করার সাধ্য থাকবে না। ঠাকুরের ভাষায়, 'সব আলুনি হ'য়ে যায়।' আর একটি দুষ্টান্ত তাঁর— মিছরির পানা পেলে চিটে গুড়ের দিকে মন যায় না। ওগবান লাভের পরও যদি কেউ সংসারে থাকে তো জীবনুক্ত হ'য়ে বেড়াবে। গীতা বলছেন, 'দর্বথা বর্তমানোহপি দ যোগী ময়ি বর্ততে'--দেই যোগী যেথানেই থাকুন, দর্বদা প্রীভগবানেই থাকেন। প্রীচৈতক্তদেবের ভক্তেরা অনাসক্ত হ'য়ে সংসারে ছিলেন। ঠাকুরের ভাষায় বলা যায়, "তাঁর পাদপদ্মে যত ভক্তি হবে ততই বিষয়-বাদনা কমে যাবে, ততই দেহের স্থথের দিকে নজর কমবে; পরস্ত্রীকে মাতৃবৎ বোধ হবে, নিজের স্ত্রীকে ধর্মের সহায় বন্ধু বোধ হবে, পশুভাব চলে যাবে, দেবভাব আসেবে, সংসারে একেবারে অনাসক্ত হ'য়ে যাবে। তথন সংসারে যদিও থাকো. জীবনুক্ত হ'য়ে বেড়াবে।"

ভক্তের আচরণ ও আদর্শ

শ্রীচৈতত্ত্যদেবের ভক্তদের মধ্যে তুটি বিভাগ ছিল—ত্যাগী ও সংসারী। উভয়ের সম্পর্ক খুব মধুর ছিল। শ্রীশ্রীঠাকুরের গৃহী ও তাাগী ভক্তদের মধ্যেও এই রকম মধুর সম্বন্ধ দেখা গেছে। কারণ গৃহীরা জানেন ত্যাগী মস্তানগণ ঠাকুরের প্রাণস্বরূপ। অপরদিকে ত্যাগী সন্তানগণ জানেন, গৃহীরা ঠাকুরের অস্তরঙ্গ ভক্ত। প্রত্যেক ভক্তেরই ভগবানের সঙ্গে এই রকম মধুর সম্পর্ক হ'লে সংসারের সঙ্গে বিরোধ থাকে না। রায় রামানন্দ সম্বন্ধে বর্ণনা আছে তিনি গৃহস্থ ছিলেন। ভগবানের লীলা অভিনয় করার সময় তিনি নিজ হাতে দেবদাদীদের দাজিয়ে দিতেন। আমাদের হয়তো মনে হবে, এ কিরূপ আচার! কিন্তু তিনি স্ত্রীপুরুষ বুদ্ধিরহিত হয়ে দেবদাসী যে ভূমিকায় অভিনয় করবে সেইরূপে তাঁকে দর্শন করছেন ৷ অবশ্য মন খুব উচু স্থরে বাঁধা নাথাকলে তাসভব নয়। অন্ত কেউ এই আচরণ অনুকরণ করলে তার বিপদ অবশ্রস্তাবী। তার দৃষ্টান্তস্থরূপ একটি ঘটনা বলি—কোন এক দেবদাসী, মন্দিরে 'গীত গোৰিল' গান করছেন। মহাপ্রভু ভাবাবস্থায় সেই গান শুনে (তাঁকে আলিঙ্গন করার জন্ম) তাঁর দিকে ছুটছেন। সেবক গোবিন্দ পথরোধ করলেন প্রভূকে আলিঙ্গন ক'রে। মহাপ্রভু ভাবের ঘোরে পথ চলেন, তাই গোবিন্দ দদা-সতর্ক প্রহরীরূপে রয়েছেন পাশে পাশে। ভাব উপশম হ'লে মহাপ্রভু বলছেন 'এ সন্ন্যাসীর দেহ, তুমি আজ রক্ষা করলে। জ্ঞান ছিল না, ভাবের ঘোরে যদি দেবদাসীকে আলিঙ্গন করতাম, তৎক্ষপাৎ এ দেহকে পরিত্যাগ করতে হ'ত।' এই রকম ভাববিভোর অবস্থাতেও মহাপ্রভু বলছেন তাঁকে দেহ ভ্যাগ করতে হ'ত ! এ দৃষ্টান্ত না থাকলে অনধিকারীর হাতে পড়ে আদর্শ অবনত হয়ে যায়। ভ্যাগী ও গৃহী উভয়ের আদর্শ নিঙ্গলঙ্ক রাথতে হবে। একদিকে মহাপ্রভু ভ্যাগীর দৃষ্টান্ত, অন্ত দিকে গৃহীর দৃষ্টান্ত, রায় রামানন্দ।

ঠাকুর 'চৈতন্তলীলা' অভিনয় দেখতে গিয়েছেন। তথন অভিনেত্রীরা ছিলেন বারবনিতা। তাদের অভিনয় কেমন দেখলেন? ঠাকুর বলছেন, 'আদল নকল এক দেখলাম।' এই দৃষ্টি ভাবের ঘোরে হয়। ঠাকুর বারবনিতাকে দেখছেন সাক্ষাৎ "মা আনন্দময়ী" রূপে। কিন্তু তবু বাবহারে তাঁকেও এখানে সতর্কতা অবলম্বন করতে হয়েছে, যাতে সমাজে কোনরূপে নৈতিক অবনতির সন্ভাবনার স্থযোগ না আদে। দেহবুজি না থাকলেও তাঁদেরও এতথানি সতর্ক থাকতে হয় সমাজ-কল্যাণের আদর্শ স্থাপনের জন্তা।

সাত

কথামূত-১৷১৩৷৬

মহিমাচরণকে শ্রীশ্রীঠাকুর বলছেন, "যে ঠিক ভক্ত, তার কাছে হাজার বেদাস্ত বিচার করো, আর শ্বপ্নবৎ বলো, তার ভক্তি যাবার নয়। যুরে ফিরে একটুথানি থাকবেই। একটা মুখল দেনা বনে পড়েছিল, তাতেই 'মুখলং কুলনাশনম্'।" যে প্রকৃত ভক্ত তার হৃদয়ে ভক্তি বন্ধমূল হ'য়ে গিয়েছে। "জ্ঞান বিচারের পর এই প্রেম ভক্তি যদি কমে যায়, আবার এক সময় ছ ছ ক'রে বেড়ে যায়।" ঠাকুর এ-সম্পর্কে ভক্তদের মধ্যে শিব-অংশ ও বিষ্ণু বা নারায়ণ-অংশ ব'লে ছটি বিভাগ করতেন। শিব-অংশে জ্ঞান, বিষ্ণু-অংশে ভক্তি—নিজ নিজ প্রকৃতি অন্ধনারে ভিতরে বদ্ধমূল হ'য়ে আছে। স্বতরাং নিজভাব কেউ পরিত্যাগ করতে পারবে না। বেনা বনে একটি মুখল পড়েছিল, তাতেই যত্বংশ ধ্বংস হ'য়ে গেল।

ভক্তি অবিনাশ্য

এখানে যত্বংশের একটি কাহিনী আছে। ম্নিঋষিদের উপহাস করবার জন্য যাদবরা শাস্বকে নারী সাজিয়ে বললেন, 'বল্ন তো এর কি সন্তান হবে?' একটু কোতুক করা ওদের উদ্দেশ্য ছিল। অন্তর্দৃ ষ্টি-সম্পন্ন ঋষি বললেন, 'প্রসব করবে ম্যলং কুলনাশনম'। এ যত্ত্ল ধ্বংস করবার জন্য ম্যল প্রসব করবে। সকলে ভীত হয়ে শাস্বর বেশ পরিবর্তন করাতে গিয়ে দেখল একটি ম্যল বের হয়েছে। যাদবরা প্রীক্ষের শারণাপন্ন হলেন। তিনি নির্দেশ দিলেন প্রভাস-তীর্থে স্নানাদি ক'রে ব্রহ্মশাপ থণ্ডন করতে। কিন্তু ম্যলটির কি হবে? প্রীকৃষ্ণ তাকে ঘনে ঘনে কয় করতে বললেন। তা করতে গিয়ে কিছুটা ঘনা অংশ জলে প'ড়ে সেথানে শরবন হ'য়ে গেল, য়েটুকু কয় হয়নি সেটুকু জলে ফেলা হ'ল। কিন্তু অব্যর্থ ব্রহ্মশাপ। এর পরের কাহিনী অন্তর্জণ। যত্বংশের সন্তানগণ মন্ত হ'য়ে পরস্পরের সঙ্গে বিবাদ হাক ক'বল সেই শর দিয়ে। আর তাতেই তারা ধ্বংস হ'ল।

সমৃত্রে নিক্ষিপ্ত অংশটি একটি মাছ খেয়েছিল। জরা-নামক ব্যাধ
থ মাছের পেট থেকে লোহার টুকরোটি পেয়ে তীরের ফলা তৈরী ক'বল।
ইতিমধ্যে ভগবান দেখলেন তাঁর উদ্দেশ্য সিদ্ধ, যতুকুল ধ্বংদ হয়েছে।
ভগবানের ধারা রক্ষিত হ'য়ে যতুবংশ প্রবল প্রতাপশালী হ'য়ে ওঠার
সঙ্গে সঙ্গে তাদের মধ্যে তুর্নীতিও প্রবেশ করছিল। এরা দীর্ঘকাল
জীবিত থাকলে জগতের অকল্যান হবে। লীলাসংবরন করার আগে
এদের ধ্বংদ ক'বে যাবেন, ভগবানের এই উদ্দেশ্য ছিল। বেলা যেমন

সমুদ্রকে সংযত ক'রে রাথে, তেমনই ভগবান এদের শক্তিকে সংযত ক'রে রেথেছিলেন। তিনি লীলাসংবরণ করেই এরা জগতে প্রলয় স্ষ্টি ক'রত।

যত্বংশ ধ্বং সের পরের বর্ণনা অতান্ত বেদনাদায়ক। ভগবান একটি গাছে ছেলান দিয়ে ব'সে আছেন। তাঁর কর্তব্য অবশিষ্ট কিছু নেই। গীতা বলা হ'য়ে গিয়েছে, উদ্ধবকে উপদেশ দান করা হ'য়ে গিয়েছে। উদ্ধব সকলকে হরিনাম শোনাবে। ইতিমধ্যে জ্বা-নামক সেই ব্যাধ দূর থেকে তাঁর পীতবসন দেখে মৃগ মনে ক'রে তীর ছুঁড়েছে। তীরটি ভগবানের শ্রীচরণ বিদ্ধ করে। ব্যাধ এনে দেখে আহত স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ। কাতর হ'য়ে কাঁদে, প্রভু আমি এ কি করলাম ?' ভগবান ভাকে এই বলে শাস্ত করেন যে, তাঁর লীলাসংবরণের একটা উপলক্ষ্য চাই। তাই তার কোন দোষ নেই।

সংস্কার ও সাধন পথ

সেইজন্ম বলা হয়, 'মৃষলং কুলনাশনম্'। এই কাহিনীর গ্ঢ় অর্থটিকে ঠাকুর বলছেন, ভক্তের হৃদয়ে যদি ভক্তি থাকে জ্ঞানরূপ পাথরে যভই ঘষা হ'ক সে ঐ মৃষলের মতো, যাবার নয়। ভিতরে একটু থাকে, আবার তা ফুটে ওঠে। এজন্ম শ্রীবিজয়রুষ্ণ গোস্বামীকে ঠাকুর বলতেন, তোমার ভিতরে ভক্তির বাজ রয়েছে, তোমাকে ভক্তির পথে ফিরে আসতে হবে। অহৈতের বংশ তার বাজ যাবে কোথায় ? বিষ্ণু-অংশে যার জন্ম, সে যে পথেই চলুক না কেন, ভক্তির পথে তাকে ফিরে আসতেই হবে। এইভাবে ভক্তদের কার কোন পথ, তা নির্দেশ ক'রে ঠাকুর তদম্পারে উপদেশ দিতেন। তা না হ'লে শক্তির অনেক অপচয় হ'য়ে, সময় অপবায়িত হ'য়ে যায়। এথানে ঠাকুর যে শিব-অংশ এবং বিষ্ণু-অংশ বললেন, তার ঘারা আমরা যেন এ ছটি অংশকে অত্যন্ত

পৃথক্ না মনে কবি। বাস্তবিক এ-ছটি অংশ ছটি ছাঁচ, একই উপাদানে প্রস্তুত, একই বস্তু। প্রমেশ্বর এক রূপে শিব, অন্ত রূপে বিষ্ণু—এইভাবে লীলা করছেন। তাঁর অনন্ত প্রকাশ, অনন্ত রূপবৈচিত্রা। আমাদের চারিত্রিক বৈশিষ্টা অমুসারে এই শ্রেণীবিভাগ করা হ'ল। জ্ঞান কিংবা ভক্তি—যার যেদিকে প্রবণতা, ঠাকুর তাকে সেই পথে যেতে উৎসাহিত করতেন, কারণ প্রকৃতি অমুসারে শ্ব শ্ব পথে চললে সাধকের কল্যাণ হবে।

আট

কথায়ভ—১৷১৩৷৬

দক্ষিণেশ্বরে ঠাকুর মহিমাচরণ প্রভৃতি ভক্তদঙ্গে ঈশ্বর-প্রদন্ধ করছেন। রাবণ বলছেন, রামরূপ চিন্তা করলে ব্রহ্মণদ তুচ্ছ হয়ে যায়, পরন্তীর প্রতি আদক্তি কোথায় থাকে ? এ-কথায় মনে প্রশ্ন জাগে, তবে কি রামরূপ চিন্তা করা বা রামচন্দ্রের উপলব্ধি ব্রহ্মজ্ঞানের চেয়ে উচ্চ হ'ল ? আদলে এখানে উচু নীচু অথবা প্রেচ্চ নিরুষ্টের কথা নয়। শাত্র বলে, 'অন্সনিন্দা অন্যন্তত্রে'—একটির নিন্দা করা হয় অন্যটির স্থতির জন্ম। তাছাড়া অভিশয়োক্তিও আছে। ওধু অধ্যাত্ম শাস্ত্রে নয়, অলঙ্কার-শাস্ত্রেও আছে। কথা বলবার সময় জাের দেবার জন্ম এসব বলতে হয়। তাই রামরূপ চিন্তা করলে ব্রহ্মপদ তুচ্ছ হয় বলতে এখানে ব্রহ্মপদ মানে ব্রহ্মস্বরূপতা-প্রাপ্তি। ভক্ত ব্রহ্মস্বরূপতা পেতে চান না, তিনি ঈশ্বর থেকে পৃথক্ হয়ে ঈশ্বরকে আস্থাদন করতে চান। যেমন রামপ্রাদাদ বলেন, চিনি হতে চাইনা মা, চিনি থেতে ভালবা সি। এটি হচ্ছে ভক্তের রুচি, ভক্ত এইভাবে ভগবানকে আস্থাদন করতে চান।

সাধকের বিভিন্ন প্রকৃতি

এখন ভক্তের কাম্য যে অবস্থাটি আর বন্ধজ্ঞানের যে অবস্থা— ছটিতে তুলনা করা যায় না। কারণ জ্ঞানী বন্ধজ্ঞান চায়, ভক্ত বন্ধজ্ঞান চায় না, ভক্তি চায়। কোনটি বড়, কোনটি ছোট—এ প্রশ্ন আদে না। এখানে তিনিও যেমন নিত্য, তাঁর লীলাও তেমনি নিত্য। যে যে-স্বরূপটি চায় তার কাছে সেটি বড়। যে যে-ভাব চায়, সেই ভাবটি তার কাছে উৎকৃষ্ট। তার অগ্র ভাব আস্বাদন করতে যাওয়া অনধিকার চর্চার মতো। আর ভার তা মনঃপৃত্ত হয় না। হত্নমানের দাশুভাব। তাঁকে যদি বলা হ'ত, আপনি কেন মধুরভাবে আস্বাদন করেন না, তিনি হয়তো বল্তেন, ও-ভাব আমার কাম্য নয়, ওতে আমার কচি নেই। যদিও ভক্তি-শাস্ত্রে শাস্ত, দাস্য, সংগ্র, বাৎসল্য ও মধুর—এগুলি ক্রমশঃ একটির থেকে আর একটি শ্রেষ্ঠ বলা হয়েছে, তবুও শাস্ত্র বলেছেন: যে যেটি অবলম্বন করে, তার কাছে সেটি শ্রেষ্ঠ। হত্নমানের কাছে রামরূপ শ্রেষ্ঠ, তাঁর কাছে দেজন্ম ব্রন্ধদি তুচ্ছ। জ্ঞানীর কাছে ব্রন্ধপদই একমাক্র কাম্য, সে দৃষ্টিতে রামরূপ তাঁর কাছে তুচ্ছ।

এখন কোনটি তুচ্ছ আর কোনটি শ্রেষ্ঠ, তা হিসেব ক'রে স্পষ্টভাবে বলা যায় না। যদিও তা বলার চেষ্টা হয়েছে এবং তা নিয়ে আবহমান-কাল ধ'রে হন্দ্র চলে আসছে। এ বলে, আমার ভাবই শ্রেষ্ঠ ;ও বলে, আমার ভাব। আসল কথা—ভগবানের মতো তার ভাবেরও ইতি করা যায় না। যে যে-ভাবটি নিয়ে থাকে, দে তার তল পায় না। ভগবানের আসাদন ক'রে তাকে নিঃশেষ করা যায় না। স্থতরাং শ্রেষ্ঠ-নিক্ষ্টের বিচার অবাস্তর। যে-ভাবে তিনি ভক্তের আস্বাত্ত হন, তার কাছে সেটি উৎক্রই ; কারণ সেটি তিনি চান। তাই দেখা যায়, ঠাকুর তাঁর পার্যদের মধ্যে একজনের অফুহত ভাব অত্যকে অফুসরণ করতে নিবেধ করছেন, বলছেন, ওটি তোর ভাব নয়। তাঁর ভক্তেরা তাঁর সঙ্গে যেমন

বিভিন্ন রকম ব্যবহার করেছেন, তিনিও তাঁদের প্রতি সেইরকম করতেন। যাব যেটি ভাব তাকে তিনি সেটি রক্ষা ক'রে চলতে বলতেন। কোন জায়গায় তার ব্যতিক্রমের চেষ্টা দেখলে দতর্ক করতেন। দেটি উচ্চ কি নীচ, তা বলতেন না, বলতেন, 'ও তোর ভাব নয়'। বল্পদের তুচ্ছত্ব এথানে বর্ণনীয় নয়, একটির স্থতির জন্ম অক্যটির নিন্দা করা হচ্ছে। ব্রহ্মপদের নিন্দা করা হচ্ছে রামরপের স্থতির জন্ত অকুরপ ভাবে বলা হয়, জ্ঞানীর কাছে রামরূপ তচ্ছ। নিরপেক্ষ কোন ভাবই নেই। যার যে আদর্শ সেটি তার ভাব, দেটিকে অবলম্বন ক'রে তাকে চলতে হবে। আর কোন ব্যক্তি বা সাধকের অপেক্ষা না ক'রে কেবল স্বরূপের কথা বলতে গেলে কিছুই বলা যায় না, কারণ সিদ্ধের পক্ষে ভক্ত-ভগবান, উপাশ্র-উপাসকের প্রশ্নই নেই। উপাশ্র ভগবানের বৈচিত্রা থাকবে এবং উপাদক তাঁর থেকে ভিন্ন হবে—এ আমরা বুঝি। ব্রহ্ম যথন উপাদ্য হলেন, তথন যে শাধক ব্রহ্মের উপাদ্যনা করছে দে নিশ্চয়ই ব্রহ্মম্বরূপে প্রতিষ্ঠিত নয়, দেই জন্মই দে ব্রহ্মম্বরূপ উপলব্ধি করার চেষ্টা করছে। স্তরাং সে তার থেকে ভিন্ন, অন্ততঃ এ প্রতীতি হয়েছে। কিন্তু যদি দে উ**পাদনা** বা জ্ঞান চৰ্চা করেই হ'ক বা অন্য ভাবেই হ'ক তার ক্ষুদ্রবের গণ্ডী অতিক্রম করতে পারে, দে ব্রহমন্বরপ হয়ে যায়। এই ব্ৰহ্মস্বরূপ হওয়ার আগে পর্যন্ত দে ব্যাবহারিক দৃষ্টিতে ব্রন্ধ থেকে ভিন্ন হয়ে রয়েছে। না হ'লে কে কার উপাসনা করবে ? প্রত্যেকের নিজের পথের প্রতি পূর্ণ আস্থা রেথে পথকে দৃঢ় সত্য ব'লে ধরতে হবে। নিষ্ণের পথের প্রতি শ্রদ্ধা না থাকলে কেউ এগোতে পারে ন'! কারণ কোন উপাসক যদি তত্ত্বের দৃষ্টিতে দেখে সবই মিথাা, দে কি বলবে, মিথাারপ মা কালী, তুমি আমাকে এটা দাও, ওটা দাও? মিথাা বস্তুর কাছে কি কেউ প্রার্থনা করবে? স্থতরাং এটি তার দৃষ্টি নয়। যে বন্ধজ্ঞানের অনুশীলন করছে দে কি বলবে, 'আমার অনুশীলন মিথা।?—যার ঘারা আমি ব্রন্ধকে উপলন্ধি ক'রব।' একি কখনও হয় ? সে তার অনুশীলনকে সত্য ব'লে মেনে নিয়েই এগোবে। সেথানে উচু নীচু ব'লে কোন পার্থক্য নেই। স্ব স্ব ভাব অনুসারে আস্থাদন করতে হবে।

শ্রীরামকুষ্ণের উপলব্ধি ও উপদেশ

এ সম্বন্ধে ঠাকুর বলেছেন—'আমি ঝালেও থাই, ঝোলেও থাই, আমলেও থাই। আমি এক-ঘেয়েনই। আমার এক-ঘেয়ে ভাব পছল হয় না, সর্বভাবে তাঁকে আমাদন করতে চাই। তাঁকে নানারূপে আমাদন করি, আবার অরূপ রূপেও আম্বাদন করি।' এ একমাত্র ঠাকুরেরই বৈশিষ্ট্য, যা অক্তর দেখা যায় না। অক্ত সাধকরা বড়জোর কোন একটি ভাবে বা ছাঁচে যদি নিজেকে ঢালতে পারেন, তাহলেই জীবন পরিপূর্ণ হয়ে ওঠে। কিন্তু ঠাকুরের তা হ'লে চলে না। তিনি সমস্ত জগংকে দেখাতে চেয়েছেন। যত ছাঁচ আছে, সবগুলি সত্য; কাজেই নিজেকে সব ছাঁচে ঢেলে দেখিয়ে দিছেন এভাবেও হয়, ওভাবেও হয়। আর এইখানেই শ্রীরামক্বফের শ্রীরামক্বফর।

কিন্তু এগুলি সকলের জন্ম নয়। সাধারণ সাধকের দরকার ইইনিষ্ঠা, তার ছোট্ট মন, সব ভাব তাতে ধরে না। কাজেই সে তার ছোট্ট মন দিয়ে যদি একটি ভাবে নিজেকে মগ্ন করতে পারে, তার জীবনের তাতেই পূর্ণ সার্থকতা। কিন্তু জগতের লোককে নিজের নিজের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্ম যিনি এসেছেন, তাঁকে কেবল ঐটুকু করলে হবে না। তাঁর সর্বভাবের অভিজ্ঞতা চাই. সর্বভাবে নিজেকে সম্পূর্ণ পরিচিত ক'রে ভবে ভো সকলকে সেই সেই পথে নিয়ে যেতে পার্বেন। অবতার ব'লে যদি তাঁকে স্বজ্ঞ বলি তাহলে যথেষ্ট নয়। বিভিন্ন ভাবের সাধনা নিজে

দেই সাধনা থেকে অন্মপ্রেরণা লাভ করবে এবং দেই পথে এগোবে। তা না হ'লে ভগবান পরিপূর্ণ হয়েও আমাদের মাহায্য করতে পারছেন না, কারণ তিনি আমাদের নাগালের বাইরে। তিনি যদি দেহধারণ ক'রে আমাদের মধ্যে আদেন, আমাদেরই মতো সাধনা ক'রে সিদ্ধি লাভ ক'বে দেখিয়ে দেন যে, এইভাবে সিদ্ধি লাভ হয়; তা হ'লে আমরা বুঝতে পারি, ওঁর যখন হয়েছে, আমাদেরও হ'তে পারে। ঠাকুর বলছেন—'তুই রামপ্রদাদকে দেখা দিলি, কমলাকাস্তকে দেখা দিলি, আমাকে দিবি না কেন १'-এই নজির টানা। যদি প্রীরামক্ষ্ণকে তিনি দেখা দিয়ে থাকেন, আমাদেরও তিনি দেখা দেবেন। এইজন্ম অবতারকে সাধনা করতে হয়। অবতার সিদ্ধ হয়েও পরিপূর্ণ হয়েও দেহধারণ ক'রে আদেন বলে গোড়া থেকে শেষ পর্যস্ত তাঁকে নানাভাব দেখিয়ে যেতে হয়। তিনি সহজাত জ্ঞান নিয়ে এলেও তাঁকে নতন ক'রে অভিব্যক্ত ক'রে সকলের সামনে নজির দেখাতে হয়। এ জ্ঞানের সম্বন্ধে যেমন ভক্তির বিভিন্ন ভাব সম্পর্কেও সেইরকম। পর্বভাবে তিনি নিজেকে বিকাশ ক'রে দেখিয়ে দিচ্ছেন—'এই দেখ, এই পথে এই রকম ক'রে যেতে হয়, তাতে এই এই বাধা. এই রকম লক্ষণ, এইভাবে **দেখানে পেঁ**ছিতে হয়, পেঁছিলে এইবকম অন্নভব হয়।' প্রত্যেকটি ভাব এই রকম ক'রে সাধককে দেখাচ্ছেন। ঠাকুর একটি দৃষ্টান্ত দিচ্ছেন—পাথী যথন বাচ্চাকে উভতে শেখায়,

সে নিজে এক ডাল থেকে আর এক ডালে উড়ে ষায়। আবার উড়তে উড়তে আর এক ডালে বসে, বাচ্চাটিও সেইরকম টুক্টুক্ ক'রে শেখে। সে যদি সোজা আকাশে উড়ে যেত, তার বাচ্চাটা কোন দিনও উড়তে শিথত না। ঠিক এই রকম ক'রে অবতার নিজের জীবনে সাধনা

ক'রে দেখিয়ে দেন একটি একটি ক'রে পা ফেলে কিভাবে এগোতে হয় এবং সেইভাবে দেখান বলে তিনি অবতার; আমাদের হাঁকে প্রয়োজন। এ ভাবে না ক'রে দেখালে আমাদের জীবনে অবতার হিসাবে তাঁর কোনও সার্থকতা থাকত না। তাঁর কাছ থেকে আমরা

কিছুই লাভ করতাম না, এইজন্ম তাঁদের সাধনা। শ্রীরামরুষ্ণ এইভাবে প্রত্যেকটি সাধনা ক'রে দেখিয়ে দিলেন, এর ভিতর ভাবের কোন উচ্চ-নীচ, উৎক্লপ্ট-নিক্লপ্ট নেই। যে যে-ভাবের সাধক সে সেইপথ অনুসর্গ ক'রে পরিপূর্ণতা লাভ করে। কোন তারতম্য এর ভিতর

আদে না

98

শেষকালে ঠাকুর এথানে বলেছেন, "শিব-অংশে জন্মালে জ্ঞানী হয়; বন্ধ সত্যা, জগৎ মিথ্যা—এই বোধের দিকে মন সর্বদা যায়। বিষ্ণু-অংশে জন্মালে প্রেম ভক্তি হয়।" একই পরমেশ্বর একরূপে শিব, অক্যরূপে বিষ্ণু—এইভাবে লীলা করছেন। একই পরমেশ্বর তার বিভিন্ন প্রকাশ। তার ভিতর উচ্চ-নীচ কিছু নেই; আছে চরিত্রের বৈশিষ্ট্যা, প্রকাশের তারতম্য অন্থুলারে নিজেদের গ'ড়ে নেবার জন্ম ঘৃটি ছাঁচ—একটি জ্ঞানের, অন্মটি ভক্তির: কিন্তু বস্তু সেই এক—পরমেশ্বর।

সন্ন্যাসঃ শাস্ত্রবিধি ও অধিকারবাদ

পরিচ্ছেদ্টির স্টুচনায় মাস্টারমশায় অল্প কথায় হাজরার সঙ্গে ঠাকুরের সম্পর্ক জ্লুরভাবে বললেন। ঠাকুর হাজরাকে বাড়ী গিয়ে মার সঙ্গে দেখা ক'রে আদতে বলছিলেন। বলেছেন,—তোমার মা, ন্ত্রী, সন্তানা-দির প্রতি কর্তব্য করতে হবে। তোমার ছেলেপিলেকে কি পাড়ার লোক মানুষ করবে ? হাজরা বাড়ী যেতে চান না; মহিমাচরণকে বলছেন যে. ঠাকুর তাঁকে জোর করে বাড়ী পাঠাতে চাইছেন, তাই মহিমা হাজরার হয়ে ঠাকুরের কাছে দরবার কবছেন। ঠাকুর উত্তরে বলছেন, মাকে কণ্ট দিয়ে কথন ঈশ্বরকে ডাকা হয়? ঠাকুরের এ কথাটি আপাতবিরোধী ৷ প্রশ্ন উঠবে, সাধুদের কি মাছিলেন না ? তাঁরা তুঃখ পাননি ? এখানে ঠাকুরের কথা হ'ল—ঈশ্বরের সঙ্গে আর কারও তুলনা হয় না। ভগবানের পথে কোন বাধাকে মানা চলকে না। এ বিষয়ে তাঁর কোন আপস নেই, কারণ বৈরাগ্য দেখানে তীত্র। তা যদি না থাকে, তা হ'লে মা-বাপ, আত্মীয়-পরিজন, সমাজ-দেশ, এমবের ভাবনা-চিন্তা হিমাব-নিকাশ এদে পড়ে। ভগবানের জন্ম বাাকুল হ'লে, ঠাকুরের ভাষায় তাঁর জন্ম পাগল হ'লে, তার কোন কর্তব্য থাকে না। তীব্ৰ ব্যাকুলতা না আসা পর্যন্তই কর্তব্যের বন্ধন, শান্তের বন্ধন। ব্যাকুলতা এলে সে সর্ববন্ধন থেকে মৃক্ত হ'য়ে ভগবানের দিকে ষায়। যথন কারো দংদার ত্যাগের প্রশ্ন ওঠে, তথন অবশ্রই তাকে বিচার করতে হবে, সে ঝামেলার জন্ম সংসার ত্যাগ করতে চাইছে, না ঈশ্বরের প্রতি ব্যাকুলতার জন্ম গুলারা প্রমূথ অনেকে সংসারের ঝামেলা সইতে নারাজ। কিন্তু সংসার তার পাওনা ছাড়বে কেন ? স্থদ শুদ্ধ আদায় ক'রে নেৰে।

ঠাকুর যে বললেন, মায়ের কথা মনে হ'ল ব'লে আর রুলাবনে থাকতে পারলেন না, সেটি অন্ত কথা। তিনি নজির দেখাবেন কিনা, তাই সব রকম নজিরই দেখাতে হবে। এখানে তিনি এক কথা বললেন, আবার অন্ত জায়গায় বলছেন—ভগবানের জন্ত যথন কেউ ব্যাকুল হয়, তথন তার আর কোন কর্তব্য থাকে না। গীতায় আছে:

যস্তাত্মরতিরেব স্থাদাত্মতৃপ্তক মানবঃ।

আত্মক্তের চ সম্ভষ্টস্তস্থা কার্যিং ন বিছাতে॥ (৩. ১৭.)

যিনি আত্মরতি, আত্মাতেই তৃপ্ত বা সম্ভুষ্ট, তিনি সব কর্তব্যের বন্ধন থেকে মৃক্ত। স্বত্যাং তাঁর জন্ত কোন কর্তব্যের বন্ধন শান্ত রাথেনিন, রাখলে সন্ম্যাস শান্তসন্মত হ'ত না! এ সম্পর্কে মীমাংসক আর জ্ঞানীদের মধ্যে চিরস্তন বিরোধ র'য়ে গিয়েছে। মীমাংসকদের মতে সন্মাস শান্তনিবিদ্ধ। দেখানে আছে—যতদিন বেঁচে থাকবে, অগ্নিহোত্র করবে। তবে উ'দের মতে অন্ধ, থঞ্জ, পঙ্গু, কর্মক্ষমতা যাদের নেই, তাদের রেহাই দেওয়া যেতে পারে। তাদের জন্ত বিধান ক'রে লাভ কি? যে করতে পারে, তাকে বলা যায় 'কর', যে পারে না তাকে 'কর' বলার দার্থকতা নেই। স্থতরাং যতদিন কর্মক্ষমতা আছে, ততদিন শান্তীয় কর্ম ক'রে যেতে হবে, সন্মান নেওয়া চলবে না। আর যার জন্তে সন্মাদের বিধান আছে, বুরতে হবে—তার কর্মের সামর্থ্য নেই।

ঠিক তার বিপরীতক্রমে জ্ঞানী বলবেন, কামনা যতক্ষণ থাকে, ততক্ষণ কর্মের বিধান। বিবাহের পর সন্তান হ'লে সেই সন্তান পিতার অসম্পূর্ণ কর্তব্য সম্পন্ন করবে, এ-সব কথা যতক্ষণ বাসনা থাকে, ততক্ষণের জন্ম। যিনি বাসনামূক্ত হয়েছেন বা হবার চেষ্টা করছেন, তিনি বলবেন, এ-সব ক'রে আমার কি লাভ ? প্রজা বা সন্তান ইহলোকের জন্ম; যাঁর কাছে ইহলোক পরলোক কাম্য নয়, তাঁর সন্তান বা যাগ্যজ্ঞ নিপ্রয়োজন। তাঁদের জন্ম সন্নাসের বিধান। যতক্ষণ বাদনা আছে ততক্ষণ কর্ম করতে হবে। যথনই বিষয়ে বৈরাগ্য হবে, তথনই তা ত্যাগ করবে। তথন কে আছে, কে নেই, কার মনে ত্রুথ হবে, কে আঘাত পাবে—এত থতিয়ে দেখে হিসাব করতে হবে না। ঠাকুর বলছেন. আইনে আছে নাকি, পাগল হ'লে আইন তার প্রতি প্রযোজ্য হয় না। স্বৃতরাং ভগবানের জন্ম পাগল হ'লে তার কর্তব্য থাকে না। 'তস্ত্র কার্যং ন বিহুতে'। হাজরার সম্পর্কে যতদূর জানা যায়, ভীব্র বৈরাগ্য তার ছিল না। হিদাববুদ্ধি ছিল, তাই ঠাকুর বলছেন, তার কর্তব্য আছে। কর্তব্য এড়িয়ে পলায়নীবৃত্তি (escapism) চলবে না। যত শারীরিক বা অন্য কষ্ট হ'ক, কর্তব্য খুঁটিয়ে ক'রে যেতে হবে। যাঁর জীবন বৈরাগ্যময়, যিনি বাসনা ত্যাগ করবার চেষ্টা করছেন বা নির্বাসনা হয়েছেন তাঁর জ্ঞা বিধান যে তিনি সংসার ত্যাগ করবেন। শাস্ত্র এ সম্বন্ধে বিধান দিয়েছেন—'বন্ধচর্যং পরিসমাপ্য গৃহী ভবেৎ, গৃহী ভূতা বনী ভবেৎ, বনী ভূত্বা প্রত্রজেং। যদি বা ইতর্থা ব্লাচর্যাদেব প্রব্রজেদ্, গৃহাদ্বা বনাদ্বা। যদ্হরেব বিরজেৎ তদ্হরেব প্রব্রজেৎ' (জাবাল উপ.)— ত্রন্ধচর্য পরিনমাপ্তির পর গৃহী হবে, গার্হস্থোর পর বানপ্রস্থ, বানপ্রস্থের পর 'সন্ন্যাস' করবে। আর তা না হ'লে ব্রহ্মচর্য থেকেই অথবা গৃহ থেকে বা বন থেকে 'সন্ন্যাস' করবে। যেদিন বৈরাগ্য হবে, সেইদিনই সন্ন্যাস নেবে। তবে যার মনে সন্নাস নেবার মতো প্রস্তৃতি নেই, তীব্র বৈরাগ্য আমেনি, তার পক্ষে তৈরী হয়ে যেতে যেতে ক্রমশঃ সন্নাসের পথে এগোবে।

পিভামাভার কর্তব্য ও শাস্ত্রদৃষ্টান্ত

ব্রহ্মচর্য সকল আশ্রমের প্রস্তুতি ব'লে গোড়ায় সকলের জন্ম ব্রহ্মচর্যের বিধান। ব্রহ্মচর্যের পর বৈরাগ্যের তীব্রতার উপর ভিত্তি ক'রে সে

সিদ্ধান্ত করবে সংসারে থাকবে, না সংসার ত্যাগ ক'রে যাবে ? বৈরাগ্য তীর না হ'লে তাকে ক্রমমুক্তির পথ দিয়ে যেতে হবে। জিনিসটা এইরকম—এক্ষচর্যের পর মনের একটা প্রস্তুতি হ'ল, সংযমের অভ্যাদে বুদ্ধি মার্জিত হয়ে বিচার শক্তির বিকাশ হ'ল। তারপর দে নিজের জীবন পছন্দ ক'রে নিক। বাবা মাবা অপর কেউ তার হয়ে পছন্দ ক'রে দেবে না। বাপ-মার কর্তব্য সন্তানকে শিক্ষা দিয়ে শেষ হয়। বাপ-মা ভাবেন ছেলেকে থাইয়ে পরিয়ে মাকুষ করলাম, আমাদের প্রতি তার কি কোন কর্তব্য নেই ? অনস্ত কর্তব্য থাকে ঠিকই। কিন্তু যদি নে মহৎ লক্ষ্য স্থির ক'রে এবং সন্নাদের পথে যেতে চায় শাস্ত্র তাকে বাধা না দিয়ে উৎসাহ দেন। বাপ-মা বাধা দেন—তাঁদের কি ছবে এই ভেবে, কিন্তু তারা এটুকু ভাবেন না যে বাধা দিলে সন্তানের যথার্থ কল্যাণ কামনা করা হ'ল না, যা হ'ল তা স্বার্থপরতা ছাড়া আর কিছুই নয়। নেই স্বার্থকে যেন সোনার পাতে মুড়ে দিয়ে বলা হয়, আমাদের প্রতি তার কি কোন কর্তব্য নেই ? হয়তো তার কর্তব্য আছে, কিন্তু সন্তান পালন করা কি অর্থ বিনিয়োগ (investment) করার মতো যে, প্রতিদানে সম্ভান বাপ-মাকে পালন করবে ? তা হ'লে পিতৃত্ব মাতৃত্বের মহত্ত থাকে কোথায়? এ তো ব্যবসা হয়ে দাঁড়ায়। এত মূল্ধন দিয়ে দোকান খুললাম, এত লাভ হবে বলে। এটা ব্যবসা, এর মধ্যে মহত্ত্বে কিছু নেই। বাপ-মায়ের কর্তব্য আরো উচ্চতর বস্ত। শিশু জন্মাবার পর বড় হয়ে দে বাবা-মার দেবা করবে, এই ভেবে বাপ-মা তাকে পালন করেন না। শিশু অসহায় এবং তার প্রতি স্নেহবশতঃ তাঁরা তাকে পালন করেন, আর তাতেই আনন্দ পান। কিন্তু পরে সন্তান শিক্ষা লাভ ক'রে বড় হবার পর দে হুদ শুদ্ধ ফেরৎ দিক। ব্যাবহারিক দৃষ্টিতে এটা দঙ্গত মনে হবে, কিন্তু সে যদি উচ্চতর লক্ষ্য সামনে রেথে এগোয়, তবে তাকে উৎসাহ দেবে না ? দৃষ্টান্ত স্বরূপ দেখানো যায়, দেশ

রক্ষার জন্ম যে দৈক্স দরকার হয়, দে দৈন্য অপরের ছেলে হ'ক, নিজের নয়। বিজয়ী দৈক্সদের বাহবা দিই, কিন্তু নিজের ছেলেকে দৈক্সলে দিতে পারি না। তেমনি সন্মানীকে দেখে বলি, কি উচ্চ জীবন; পরার্থে উৎসর্গীকৃত, স্থন্দর আদর্শ। কিন্তু অপরে এই আদর্শ অন্ত্যরণ করুক, নিজের ছেলে নয়। এর ভিতরে কপটতা আছে, গাকুর যাকে পাটোয়ারী বুদ্ধি বলতেন।

স্বামীজী মদালদার দৃষ্টান্ত দিয়েছেন। মদালদা সন্তানের জন্ম থেকে দোলায় দোল দিতে দিতে বলতেন, 'অমসি নিরঞ্জনঃ'—তুমিই নেই নিরঞ্জন নিজ্ঞাপ শুদ্ধ আত্মা। ছোট ছেলেটি আশৈশব মায়ের কাছ থেকে এ-কথা ভনে বুদ্ধির বিকাশ হ'লে বৈরাগ্য অবলম্বন ক'রে চলে গেল। এমনি ক'রে পর পর সব সন্তানই বৈরাগোর পথ গ্রহণ ক'রল। মার কি এতে জটি হ'ল ? এমন কোন বাবা-মা নেই, ঘারা সম্ভানের হুথ চান না, এখন তাঁদের মতো হয়েই যে হুখী হ'তে হবে, তা নয়। যেভাবে সন্তান স্থী হবে, ধৈর্য ধরে তাকে সেইভাবে স্থী করতে এবং তার সে হুখে সহামুভূতি সম্পন্ন হ'তে আমরা পারি কি ? সন্তানকে ছাড়তে হলে বাবা মার পক্ষে হঃথ পাওয়া স্বাভাবিক। তাঁরা তাঁদের মমত্ব্বিদ্ধি দিয়ে জীবনকে যেভাবে উপভোগ্য বলে ভাবেন তাঁদের সন্তানও নেইভাবে গ'ড়ে উঠুক, জীবন উপভোগ করুক, স্থা হ'ক—এইটাই তাঁরা চান। এদিক দিয়ে তাঁদের দোষ নেই। সে বৈরাগ্য তাঁদের মনে নেই বলে তাঁর। সন্তানের বৈরাগ্যকে উৎসাহিত করতে পারেন না। ঠাকুর সব রকমই করেছেন। বাবুরাম মহারাজকে (স্বামী প্রেমানন্দ) টেনে নিয়ে বলছেন আর একটিকে টানব নাকি ? তারপর বলছেন - একটিকে টেনেছি, একটি থাক। আমাদের পুণা পবিত্র ভারতে এ-রকম দৃষ্টান্তের অভাব নেই যে, সন্তান ত্যাগময় জীবন যাপন করেছে বলে বাবা-মা সাননে আশীর্বাদ করছেন।

বক্ষার জন্ম যে দৈন্য দরকার হয়, দে দৈন্য অপরের ছেলে হ'ক, নিজের নয়। বিজয়ী দৈন্যদের বাহবা দিই, কিন্তু নিজের ছেলেকে দৈন্যদেন দিতে পারি না। তেমনি সয়াসীকে দেখে বলি, কি উচ্চ জীবন; পরার্থে উৎসর্গীক্বত, স্থন্দর আদর্শ। কিন্তু অপরে এই আদর্শ অন্থ্যরণ করুক, নিজের ছেলে নয়। এর ভিতরে কপটত। আছে, গাকুর যাকে পাটোয়ারী বুদ্ধি বলতেন।

স্বামীজী মদালদার দৃষ্টান্ত দিয়েছেন। মদালদা সন্তানের জন্ম থেকে দোলায় দোল দিতে দিতে বলতেন, 'অমসি নিরঞ্জনঃ'—তুমিই সেই নিরঞ্জন নিজাপ শুদ্ধ আত্মা। ছোট ছেলেটি আশৈশব মায়ের কাছ থেকে এ-কথা শুনে বুদ্ধির বিকাশ হ'লে বৈরাগা অবলম্বন ক'রে চলে গেল। এমনি ক'রে পর পর সব সন্তানই বৈরাগোর পথ গ্রহণ ক'বল। মাব কি এতে জ্ঞাটি হ'ল ? এমন কোন বাবা-মা নেই, যাঁৱা সন্তানের স্থ চান না, এখন তাঁদের মতো হয়েই যে স্থী হ'তে হবে, তা নয়। যেভাবে সন্তান স্থা হবে, ধৈর্য ধরে তাকে সেইভাবে স্থা করতে এবং তার সে হুখে সহাত্মভূতি সম্পন্ন হ'তে আমরা পারি কি ? সন্তানকে ছাড়তে হলে বাবা মার পক্ষে হঃথ পাওয়া স্বাভাবিক। তাঁরা তাঁদের মমত্ব্রিদ্ধি দিয়ে জীবনকে যেভাবে উপভোগ্য বলে ভাবেন তাঁদের সন্তানও সেইভাবে গ'ড়ে উঠুক, জীবন উপভোগ করুক, স্থা হ'ক—এইটাই তাঁরা চান। এদিক দিয়ে তাঁদের দোষ নেই। সে বৈরাগ্য তাঁদের মনে নেই বলে তাঁরা সন্তানের বৈরাগ্যকে উৎদাহিত করতে পারেন না। ঠাকুর সব রকমই করেছেন। বাবুরাম মহারাজকে (স্বামী প্রেমানন্দ) টেনে নিয়ে বলছেন আর একটিকে টানব নাকি ? তারপর বলছেন - একটিকে টেনেছি, একটি থাক। আমাদের পুণা পবিত্র ভারতে এ-রকম দৃষ্টান্তের অভাব নেই যে, সন্তান ত্যাগময় জীবন যাপন করেছে বলে বাবা-মা সানন্দে আশীর্বাদ করছেন।

এবার সন্নাদের প্রদঙ্গে ফিরে আদি। কেউ যদি ঝামেলার জন্ত সংসার ত্যাগ করে, তাহলে সাধু তো হবেই না, সমাজে বাদেরও অযোগ্য হবে। মান্থর ভূঁইফোড় নয়, তাকে আত্মীয় পরিজন সমাজ ও দেশের পরিধির মধ্যেই বাস করতে হয়, যাদের প্রতি অতি স্বাভাবিক কারণেই তার একটা কর্ত্রা থাকে। কিন্তু যথন তার মন ভগবানের জন্ত বাাকুল হয় তখন এদব কোন কর্ত্রাই তার পায়ে বাধা হ'য়ে দাঁড়াতে পারে না। কিন্তু যে বৈরাগ্য কেবলমাত্র সাংসারিক অশান্তির হাত থেকে এড়ানোর জন্ত তা তো কাপুরুষতারই নামান্তর মাত্র। শাল্রে তার সমর্থন নেই। এমনকি কুরুক্ষেত্রের যুদ্ধের প্রারম্ভে অন্তুর্নের আত্মীয় স্বজনের প্রতি তথাকথিত দয়াকে ভগবান নিন্দা ক'রে বলছেন, এ কাপুরুষতা, এ দয়া নয়। আবার সেই ভগবানই বলছেন, যিনি সম্পূর্ণ আত্মন্তুপ্ত তাঁর কোন কর্ত্র্য নেই।

শীরামককের বিচারদৃষ্টি ও পথনির্দেশ

নাগমশার সংসার ত্যাগ করতে চাইলে ঠাকুর বাধা দিয়ে বললেন, "তুমি সংসারে থাকবে. তোমাকে দেখে লোকে শিথবে—সংসারে কেমনভাবে থাকতে হয়"। সমাজে উচ্চ আদর্শের দৃষ্টাস্ত দেখাবার জন্ম কেবল সংসারে থাকা। তাঁর কোন কর্তব্য নেই। পাঁচ বছরের বালক নারদ মায়ের মৃত্যুর পর সংসার ত্যাগ করলে ভগবান তাঁকে দেখা দিয়ে বললেন, তুমি সর্বত্ত ভক্তি প্রচার ক'রে বেড়াও।

জগতে প্রবৃত্তি নিবৃত্তি ছটি ধারা আছে। ছটিই শাস্ত্রসমত ও অবস্থা বিশেষে প্রযোজ্য। এখন যদি দকলের সংসার করা কর্তব্য, তবে সেটা নেহাতই হাদ্যকর শোনাবে। বিধাতা যেন বিশ্ব ব্রহ্মাণ্ড চালিয়ে নেবার দায়িত্ব আমাদের উপর দিয়েছেন। দায়িত্ব কেউ আমাদের দেয়নি, আমরা নিজেরাই নিজেদের কর্তব্য স্থির ক'রে নিয়ে মনে করছি, করতে হবে এবং ক'বে যাচ্ছি। যতক্ষণ মনে বাসনা রয়েছে, ততক্ষণ এ কর্তব্যের বোঝা আমরা নিজেদের কাঁধে তুলে নিচ্ছি; বাসনা চলে গেলে এই সব কর্তব্য নিঃশেষ হয়ে যাবে এক নিমেষে।

এই দৃষ্টিতে দেখে হাজরার প্রতি ঠাকুরের উপদেশ বুঝতে হবে। হাজরার চারিত্রিক ঐশ্বর্ধ, দে আধ্যাত্মিক জীবনের কোন্ স্তরে আছে, এ-সব দেখে ঠাকুর তার জন্ম এ বিধান দিয়েছেন। আবার নরেক্রাদি তাঁর ত্যাগী সন্তানদের এর বিপরীত উপদেশ দিয়ে বলেছেন, ভগবানের জন্ম সব ত্যাগ করতে হবে। এক একটি ক'রে দৃষ্টান্ত দিয়ে বললেন, ভগবান সবচেয়ে বড়, তারপর অক্ত সব। বাপ-মার চেয়ে ঈশ্বর বড়। আবার এখানে হাজরাকে বলেছেন, বাপ-মাকে কট্ট দিলে কি ধর্ম হয় ? ঠাকুর বিচক্ষণ বৈহা, অধিকারী-ভেদে পথ্য নির্দেশ করছেন। সকলের জন্ম এক পথ্য নয়। সকলে সন্নাসী হবে, এ বলা যেমন অন্তায়, আবার নবাই গৃহী হবে, সে দাবী করাও ঠিক তেমনি অক্সায়। বাপ-মায়েরা প্রায়ই নিজেদের মনোমত ক'রে সন্তানকে গড়ে তুলতে চান, তা ঠিক নয়। সম্ভানের একটা নিজম্ব ব্যক্তিত্ব থাকে, সেই ব্যক্তিত্বের বিকাশের হারা সে পূর্ণতা লাভ করুক—এইভাবে তাকে সাহায্য করা বাপ-মা-শিক্ষকের কর্তব্য। নিজেদের ছাঁচে তাকে গড়ার চেষ্টা করা ঠিক নয়। সমাজের প্রয়োজনে তাকে বড় হ'তে হবে। সে প্রয়োজন যুদ্ধ ক'রে দেশরক্ষাই হ'ক বা শারীরিক শ্রমের দারা দেশসেবাই হ'ক —নিজ নিজ প্রকৃতি অনুযায়ী তাকে কাজ করতে হবে। অথবা পারলে ত্যাগের আদর্শে প্রতিষ্ঠিত হয়ে সমাজে উজ্জ্ব আদর্শ স্থাপন ক'রে সন্তানদের এগিয়ে দিলেও বাপ-মান্ত্রের কর্তব্য করা হবে। বাপ-মার দিক থেকে কি কর্তব্য, আবার সম্ভানের দিক থেকে কি কর্তব্য— ঠাকুর এই তুই দৃষ্টিকোণ থেকেই বিষয়টি দেখেছেন এবং উপদেশ দিয়েছেন, যা এই কথামূতের ভিতরেই বহু জায়গায় দেখা যায়।

কথায়ত—১৷১৩৷৮

দক্ষিণেশ্বরে সন্ধ্যাবেলায় শ্রীরামকৃষ্ণ পদচারণা করছেন। "সন্ধ্যা হইল। শ্রীরামকৃষ্ণের ঘরে ধুনা দেওয়া হইল। তিনি ঠাকুরদের প্রণাম করিয়া, বীজমন্ত্র জপিয়া নাম গান করিতেছেন।…ঠাকুরবাড়ীতে এক-কালে তিন মন্দিরে আরতি—কালীমন্দিরে, বিষ্ণুমন্দিরে ও শিবমন্দিরে।
…আনন্দময়ীর নিত্য উৎসব—ঘেন জীবকে শ্ররণ করাইয়া দিতেছে—
কেহু নিরানন্দ হইও না। আমাদের মা আছেন। আনন্দ কর!
কক্ষমধ্যে শ্রীরামকৃষ্ণ হরিপ্রেমানন্দে বিদিয়া আছেন।" মাস্টারমশায়ের সন্ধ্যাকালীন বর্গনাটি ভারী স্থন্দর ছবির মতো ফুটে উঠল।

বৈধীভক্তি ও রাগভক্তি

ঠাকুরের ভক্ত ঈশান মুখোপাধ্যায় এসেছেন। তিনি জপ তপ পুরশ্চরণ করতেন। ঠাকুর তাঁকে বলছেন, "তুমি জপ, আহ্নিক, উপবাস, পুরশ্চরণ এই সব কর্ম ক'রছ, তা বেশ। যার আন্তরিক ঈশ্বরের উপর টান থাকে, তাকে দিয়ে তিনি এই-সব কর্ম করিয়ে লন। ফলকামনা না ক'রে, এই-সব কর্ম ক'রে যেতে পারলে নিশ্চিত তাঁকে লাভ হয়।"

ঠাকুরের এই উক্তিটি লক্ষণীয়। প্রথমতঃ বললেন, তিনি করান তাই করি—এ বুন্ধি রাখলে অহং বোধ আসে না; দিতীয়তঃ নিজাম কর্ম করলে ঈশ্বর লাভ হয়। 'শ্বকর্মণা তমভার্চ্য দিদ্ধিং বিন্দৃতি মানবং'—বর্ণাশ্রম-বিহিত্ত, শাস্ত্রে কর্তব্য বলে নির্দিষ্ট নিজের কর্মের দারা ভগবানের আরাধনা ক'রে মান্ত্র্য দিদ্ধিলাভ করে। স্থীয় উদ্দেশ্য দিদ্ধ হবে, গুভফল শ্বর্গাদি লাভ ক'রব—এই-দব কামনা না থাকলে ভগবান লাভ হয়। বৈধীভক্তি ভাল, তা ভগবানের পথে নিয়ে যায়। কিন্তু কামনাপূর্বক বৈধী-

ভক্তি করলে কেবল কাম্যবস্তুটির লাভই এর ফল, আর কামনাশূগুভাবে

তাঁর আরাধনা করলে তাঁকে পাওয়া যাবে। ঈশান ম্থোপাধ্যায় পুর*চরণ করতেন দকামভাবে। এর দারা আধ্যাত্মিক জীবনের কল্যাণ হবে না। 'যং লব্ধ্বা চাপরং লাভং মন্ততে নাধিকং ততঃ'—(গীতা-৬.২২)—যা লাভ করলে তার চেয়ে বেশি লাভ করবার মতো আর কিছু থাকে বলে মনে হয় না; নেই লাভ ভগবান লাভ। তাঁকে পেয়ে দব পাওয়া হ'য়ে যায়। মান্থ চিরত্প্ত হয়, মত্ত হয়, জড়প্রায় হ'য়ে চেষ্টারহিত, আত্মারাম হ'য়ে যায়, 'মতো ভবতি স্তব্ধো ভবতি আত্মারামে

ভবতি'—নিজের হৃদয়ে সব আনন্দের উৎস খুঁজে পায়। এই অবস্থাটি

ঠিক সিদ্ধের লক্ষণ।

তাঁকে অর্চনা ক'রে মান্থৰ যে সিদ্ধিলাভ করে, তা লোকিক উন্নতির অভ্যুদয় নয়। ভগবান বা নিঃশ্রেষদ লাভ বা সমস্ত জীবনের সমস্তার চিরকালীন সমাধান হ'ল এই সিদ্ধি। ঠাকুর সেইজন্ম ঈশানকে নিদ্ধাম ও অভিমানবর্জিত হ'য়ে কর্ম করার নির্দেশ দিলেনঃ "শাল্লে অনেক কর্ম ক'রতে বলে গেছে, তাই করছি; এরপ ভক্তিকে বৈধীভক্তি বলে।"

এর পর রাগভক্তির কথা বলছেন, "দেটি অনুরাগ থেকে হয়, ঈশ্বরে ভালবাসা থেকে হয়—যেমন প্রহ্লাদের। দে ভক্তি যদি আদে, আর বৈধীকর্মের প্রয়োজন হয় না।" রামপ্রসাদের গানে আছে, 'কাজ কি আমার কোশাকুশি, দেঁতোর হাসির লোকাচার'—যে তাঁতে মন লিপ্ত করেছে, তার বাহ্যপূজা লোকাচার—এ-সবের আর প্রয়োজন হবে না। বৈধীভক্তিতে ভগবানের সঙ্গে সংকোচের, সম্ভ্রমের ব্যবধান থাকে, কিন্তু অনুরাগ এলে ভগবান ভক্তের আপন হ'য়ে যান। ভক্তিশাল্রে এই রাগাত্মিকা ভক্তির বর্ণনা আছে—ভাগবতে বর্ণিত গোপীপ্রেমই যার পরাকাষ্ঠা।

শ্রীভগবানের বিরহে গোপীগণ কাতর। তাঁদের সান্থনা দেবার জন্ত তিনি উদ্ধবকে পাঠালেন। তিনি এসে গোপীদের বললেন, ভগবান

অন্তর্থামী; তোমাদের অন্তরেই তিনি আছেন, ধ্যান করলেই তাঁকে দেখতে পাবে। উত্তরে গোপীরা বললেন ঃ যে মন দিয়ে ধ্যান ক'বর, সে মনই তো তাঁকে সমর্পণ করেছি, ধ্যান ক'বর কি দিয়ে? উদ্ধব জ্ঞানী, ভল্কের এ উন্মাদনা তাঁর জানা ছিল না; এটুকু শিক্ষা দেবার জন্ম জগবান তাঁকে গোপীদের কাছে পাঠালেন। ঠাকুর সেইরকম ঈশানকে ইন্ধিত ক'রে বলছেন, বৈধীভক্তি ভাল ঠিকই, কিন্তু এর থেকে আরো বড় জিনিস আছে। এই বৈধীভক্তি শান্ত্রনির্দিষ্ট, কিন্তু অন্তরের আকর্ষণের ভক্তি এ নয়। যথন ভগবানকে অতি আপনার বোধ হবে—তথন কোন বিধি-বাধন নিয়ম-শৃঙ্খলার মাধ্যমে তাঁর কাছে যেতে হবে না।

মীরার সপ্রেম সেবা

এ প্রদঙ্গে একটি স্থন্দর কাহিনী আছে। বুন্দাবনে এক মন্দিরে

মীরাবাঈ ভোগ রান্না করতেন। মধুর স্বরে ভজন করতে করতে তিনিরান্না করেন। একদিন মন্দিরের প্রধান পুরোহিত দেখেন মীরা পরিধেয় বস্ত্র পরিবর্তন না ক'রে, স্নান না করেই রন্ধন করছেন। এইরকম অশুচি অবস্থায় ভোগ রান্না করার জন্ম পুরোহিত মীরাকে ভং সনা করলেন। ভগবান এ অন্ন যে গ্রহণ করছেন না, তিনি তাও জানিয়ে দিলেন। পরদিন মীরা শুচিস্নাত হ'য়ে খুব সতর্কতার সঙ্গে ভোগ রান্না করছেন। শাল্লীয় নিয়ম পালন করতে সর্বদা সম্ভন্ত, পাছে কিছু দোষ-ত্রুটি হয়ে যায়। তিনদিন পরে ভগবান প্রধান পুরোহিতকে স্বপ্নে জানালেন, তাঁর তিনদিন খাওয়া হয়নি। পুরোহিত ভাবলেন মীরা নিশ্চয়ই

শাস্ত্রীয় বিধি মেনে চলেননি, শুদ্ধ হননি। ভগবান জানালেন, সে

সর্বদা সত্তস্ত, পাছে কিছু অশুদ্ধ অপবিত্র হ'য়ে যায়। তার প্রেম-মধুর ভাব আর পাছি না। সে-জক্ত এ ভোগ আমার কচিকর লাগছে না। তথন পুরোহিত মীরার কাছে ক্ষমা চেয়ে আগের মতো প্রেমপূর্ণভাবে ভোগ রামা করার অন্মরোধ জানালেন।

এ কাহিনীটির তাৎপর্য এই যে, যথন অন্তরের দঙ্গে ভগবানের আরাধনা করা হয়, তথন আর কোন বিধি থাকে না। শ্রীভগবান আবিভূতি হ'লে কি ব'লব, দাঁড়াও, আগে আসনভদ্ধি করি? ঠাকুর জগনাতার পূজোর সময় কখনো মায়ের চরণে ফুল দিচ্ছেন, আবার কখনো নিজের মাথায় দিচ্ছেন। বলছেন, 'মা, দাঁডা, এখন খাসনি, আগে মস্তরটা বলি।' ঠাকুরের কথাটি বুঝতে হবে। অভিমানশূর ও নিষাম হ'য়ে তাঁর পূজা করতে পারলে ভাল, কিন্তু ভালবাদা দিয়ে সেবা করা আরো ভাল। মন্ত্র দেখানে গৌণ, নিপ্পয়োজন। তাঁকে দেবা করার নির্মল আনন্দেই তাঁকে আস্বাদন করা হয়। বৈধীভক্তিতে এ আসাদন হয় না। তবে প্রথম প্রবর্তকের পক্ষে বৈধীভক্তির প্রয়োজনীয়তা আছে; এর ফলে ধীরে ধীরে তার ভগবানের প্রতি অনুরাগ জনায়। তাই বৈধীভক্তি উপায়-মাত্র, উদ্দেশ্য রাগাত্মিকা ভক্তি। বৈধীভক্তির প্রয়োজনীয়তা স্বীকার ক'রেই ঠাকুর ঈশানকে তার ক্রটিটা বুঝিয়ে দিলেন।

আকবর ও ফকির

ভগবানের কাছে স্বাভাবিক কামনা অন্তরের সঙ্গে জানালে তিনি শোনেন, কিন্তু ঠাকুর বলছেন, 'রাজার কাছে যেয়ে কি লাউ-কুমড়ো চাইবে ?' যিনি অতুল ঐশ্বর্য দান করতে পারেন, তাঁর কাছে দামান্ত লাউ-কুমড়ো চাওয়া নির্বৃদ্ধিতার পরিচায়ক। ভগবান বরদ-রাট্— বরদাতাদের মধ্যে রাজা—নিজেকে পর্যন্ত দিয়ে দিতে পারেন। এমন দাতা আর কে আছেন, যিনি নিজেকে পর্যন্ত বিলিয়ে দেন ? ঠাকুর বলছেন, বাবুর দঙ্গে ভাব থাকলে ছোটখাটো জিনিস চেয়ে ভ্তাদের কাছে অপমানিত হ'তে হবে না। স্থতরাং মালিকের সঙ্গে ভাব করাই ভাল। ঠাকুর এই ব্যাবহারিক দৃষ্টি দ্বারা বিচার ক'রে দেখছেন। একটি গল্পে আছে, সম্রাট আকবরের নমাজ পড়ার সময় এক ফকির ভিক্ষা নিতে আসেন। নমাজ শেষ হবার পর তিনি চলে যাচ্ছেন দেখে আকবর তাঁকে জিজ্ঞাসা করলেন, কেন ভিনি চলে যাচ্ছেন ? ফকির উত্তরে জানালেন, তিনি স্মাটের কাছে ভিক্ষা করতে এসেছিলেন, কিন্তু দেখলেন স্মাট আলার কাছে নানা জিনিস ভিক্ষা চাইছেন। তাই তিনি ভিথারীর কাছ থেকে ভিক্ষা না চেয়ে চলে যাচ্ছেন; তিনিও আলার কাছেই চাইবেন।

নিকাম পূজা ও কর্ম

আমরা যে সব দেবতার কাছে নানা বস্তু কামনা করি, তাঁরা দেবতা ব'লে আমাদের থেকে শক্তিশালী ঠিকই, কিন্তু পরমেশ্বের কাছে তাঁরাও প্রার্থী। তাহলে এত সব দেবতা কি জন্ম ? আমরা প্রত্যেক দেবতাকে আমাদের বৃদ্ধি-অম্বায়ী ক্ষুদ্র ক্ষুদ্র উদ্দেশ্যের সহায়করপে দেবতাকে আমাদের বৃদ্ধি-অম্বায়ী ক্ষুদ্র ক্ষুদ্র উদ্দেশ্যের সহায়করপে অথবা স্বয়ং পরমেশ্বররপে দেবতে পারি। দেবতা একই—পার্থকা শুধু আমাদের দৃষ্টিতে। কালীপূজার সময় চৌষটি যোগিনীর পূজা নাক্ষ ক'রে মূল দেবতার পূজা করতে হয়। বৈধীভক্তিতে এইটি হয়। যাগ্যক্ত করতে গোলে অসংখ্য দেবতাকে নিখুঁতভাবে পূজা করতে হয়, না হ'লে ফললাভ হবে না। একটু অশুদ্ধ উচ্চারণের জন্ম কত বিপত্তির স্বৃষ্টি হয়। একবার ইন্দ্র-নিধনের জন্ম অমুষ্ঠিত এক যজ্ঞে বলার উদ্দেশ্য ছিল, ইন্দ্র-শক্ত অর্থাৎ ইন্দ্ররূপ শক্ত বিনাশ হ'ক, কিন্তু অশুদ্ধ উচ্চারণবশতঃ অর্থ হ'ল—ইন্দ্র শক্তে যার অর্থাৎ বুত্রাস্থর বিনাশ হ'ক। উচ্চারণের ভূলে শক্টির অর্থ ভিন্ন হ'য়ে গেল।

কিন্ত যে নিজামভাবে পূজা করে, তার কোন ক্রটি ভগবান ধরেন না। সে নির্ভয়। ভগবান কি আমাদের অমঙ্গল করার জন্ত বলে আছেন? ভগবান কারো পাপ বা পূণ্য গ্রহণ করেন না। গীতায় (৫.১৫) আছে:

নাদত্তে কদ্যচিৎ পাপং ন চৈষ স্বকৃতং বিভূ:। অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মৃহস্তি জস্তব:॥

তবু অজ্ঞান বারা মোহগ্রস্ত মান্থৰ তার সংশয়ান্বিত মন নিয়ে কল্পনা করে যে, ভগবান আমাদের তিরস্কৃত বা পুরস্কৃত করবেন। ভগবানকে ভয় না ক'রে ভালবাসতে হবে। ভাগবতে আছে, 'ভজ্যা সংজাতিয়া ভক্ত্যা বিত্রত্যুৎপুলকাং তন্তম্'—ভজ্জির বারা উৎপন্ন ভক্তিতে শরীর বোমাঞ্চিত হয়। নিভামভাবের অভিমানশৃত্য বৈধীভক্তি থেকে উৎপন্ন হয় রাগভক্তি, ভগবানের প্রতি অন্তর্গ্য—যার বাহ্য প্রকাশ অশ্রুপুলকাদি।

কর্ম করতে গিয়ে কিছু মন্দ কাজও এসে যায়, স্থতরাং তার ভয়ন্কর পরিণামও মেনে নিতে হবে। এটি স্বীকৃত, ধোঁয়া যেমন অগ্নিকে আচ্ছন্ন ক'রে রাথে, মানুষের দব কর্মই তেমনি দোষের ছারা আচ্ছন্ন— 'স্বারম্ভা হি দোষেণ ধুমেনাগ্নিরিবার্তাঃ।' স্থতরাং এই দোষ দূর করার জন্ম সকাম কর্ম না ক'রে নিস্কাম কর্ম করাই কল্যাণকর। তাতে অন্তর শুদ্ধ হবে এবং শুদ্ধ অন্তরে ভগবানের প্রতি অমুরাগ জনাবে। এখানে দোকানদারী মনোভাব নেই—এত জিনিস দিলাম, তার এই মৃল্য দাও: মাত্র দকামভাবে পূজা ক'রে দর্বশেষে কর্মফল ভগবানে অর্পণ করে। পূঙ্গাপদ্ধতি এই প্রণালী শেখায়। ভগবানে ফল অর্পণ ক'রে এই লাভ হয় যে, ভগবান দেই ফল অনস্তগুণে ফিরিয়ে দেন। কৃষক বীজ বপনের সময় মুঠো মুঠো ধান জমিতে ছড়িয়ে দেয়, কিন্তু মনে আশা রাথে যে, এর অনন্তগুণ দে ফিরে পাবে। ঠিক সেই রকম মানুষ মুখে বলছে, 'তোমাকে দিলাম'; মনে বলছে, 'তুমি অনস্তগুনে ফিরিয়ে দাও।'

জীবের স্বভন্তভা ও পরভন্তভা

অনেক সময় আমাদের মনে প্রশ্ন জাগেঃ মাত্রষ স্বতন্ত্রভাবে কাজ-কর্ম করে, না ঈশ্বরের ইচ্ছা দ্বারা নিয়ন্ত্রিত হয়; তার স্বাধীনত। আছে, না কি সে একান্ত পরতন্ত্র। এই পরিচ্ছেদে ঠাকুর এই প্রসঙ্গের উপর আলোকপাত করেছেন; ফলে অদৃষ্টবাদ (Predestination), স্বাধীন ইচ্ছা (Free Will), স্বতন্ত্রতা (Liberty) আর প্রয়োজনীয়তা (Necessity)র বিবাদ মিটে যাচ্ছে।

ঠাকুর দেই ধার্মিক তাঁতীর গল্প বলছেন। মান্টারমশায় বলছেন, ভগবৎ-দর্শন ব্যতীত এই 'রামের ইচ্ছা'র অফুভূতি হয় না, বোঝা যায় না যে, তিনিই দব করাচ্ছেন। তিনি দকলের হদয়ে অবস্থিত হ'য়ে য়য়চালিত পুতুলের মতো তাদের নাচাচ্ছেন। লোকে বলে, 'আমি করি', কিন্তু আদলে তিনিই করাচ্ছেন। 'তোমার কর্ম তুমি কর মা, লোকে বলে করি আমি।' দিব্যদৃষ্টি থাকলে আমরা দেখতাম, আমরা য়য়মাত্র—অথচ দেই য়য়রুদ্ধি নেই ব'লে কর্তৃত্ব বোধ আদছে। তিনি নানাভাবে, নানা-রূপে কর্ম করাচ্ছেন—কাউকে দিয়ে শুভকর্ম, আবার কাউকে দিয়ে শুভ কর্ম। এতে কিন্তু তাঁর পক্ষণাত দোব হয় না। কারণ পক্ষণাত কার উপর করবেন ? দবই তো তিনি! বাঁকে ক্ষপা করছেন বা বাঁকে শাস্তি দিছেনে, দবই যে তিনি। ফড়িং-এর পিছনে একটা কাঠি গোঁজা দেখে ঠাকুর বলছেন, 'রাম, তোমার নিজের হুর্গতি তুমি নিজেই করেছ।'

বেদে শিবের নানাভাবে স্তৃতি করার পর বলা হচ্ছে: তুমি চোর জুয়াচোর ইত্যাদি। ভাব হচ্ছে, ভাল-মন্দ শুভ-অণ্ডভ—সবই তিনি। আমাদের ওভাগুত ভেদ আছে বলেই গুধু গুততে তাঁকে দেখি। আমরা অগুতকে সরাবার জন্ম গুততে দৃষ্টি কেন্দ্রীভূত করতে চাই, সেইজন্মই গুতদৃষ্টি দরকার। ভগবানের কল্যাণ-গুণে মনকে নিবিষ্ট রাখা প্রয়োজন, না হ'লে আমাদের মনে অগুতভাব বেড়ে যাবে। এই গুত হারা অগুতকে দূর করাই সাধন এবং ভেদদৃষ্টি না থাকলে কি এ সাধন সম্ভব ? ভেদদৃষ্টি কি রকম ? তিনি ভিন্ন, আমি ভিন্ন, আমি জগতের ক্ষুম্ম অংশ। এই জগতে আছি, স্থতরাং এই ভেদদৃষ্টির ফলে জগতের ভাল-মন্দের বিচার আমার আছে। তাই অগুত যাতে আমাকে স্পর্শ না করতে পারে, তার চেষ্টা করিছি সর্বদা। জগতে সর্বত্র তাঁর দর্শন হ'লে আর ভেদদৃষ্টি থাকে না। যথন সর্বত্র পরিপূর্ণরূপে তিনি রয়েছেন, তথন কাকে গুত আর কাকে অগুত ব'লব ? যথন সব রামের ইচ্ছা তথন আমার বা যত্ত্-মধু এ-সবের ইচ্ছার দাম কি ?

তা হ'লে যে বলছেন, মান্থ্য খতন্ত্র না পরতন্ত্র—এ সমস্থা কি মিটে গেল ? বাস্তবিক মান্থ্য যথন নিজেকে খতন্ত্র দেখছে—'আমি অমুক' ইত্যাদি, তথন এ-সব তার ব্যক্তিত্ববৃদ্ধি থেকে আসছে। ব্যক্তিত্ববৃদ্ধি যতক্ষণ, ততক্ষণই স্বাধীনতা। তারপর যদি কখনো সর্বত্র তাঁকে দেখতে শিথি, তথন 'আমি'কে কোথাও পাব না। ব্যক্তিটিও নেই, স্বাতন্ত্র্যও নেই সেখানে। স্বতরাং ব্যক্তিমাত্রই তাঁর নিয়ন্ত্রণাধীন হ'য়ে আছে। 'রামের ইচ্ছা' গল্পটির ভিতর দিয়ে এইটি এখানে বুঝবার।

জীবের গতি ও লক্ষ্য

এরপর শ্রীম বলছেন, "অসৎ ইচ্ছা তিনি কেন দিবেন ?" ঠাকুরের উত্তর এই প্রসঙ্গে, "তিনি জানোয়ারের ভিতর যেমন বাঘ, সিংহ, সাপ করেছেন, গাছের ভিতর যেমন বিষগাছ করেছেন, সেইরূপ মানুষের ভিতর চোর-ডাকাতও করেছেন।" জগৎ তিনি স্বষ্ট করেছেন। "কেন করেছেন, তা কে বলবে ? ঈশ্বরকে কে বুঝবে ?" কেন-র সন্ধানে যথন আমরা যাই, তথন তর্কের অতীত বিষয়বস্তকে তর্কের দারা বুঝবার চেষ্টা করি, যা সম্ভব নম্ন। তাই বলছেন, "ঈশ্বরকে না জানলে, 'রামের ইচ্ছা', এটি যোল-আ্মানা বোধই হবে না।" পূর্ণবিশ্বাস না হওয় পর্যন্ত পাপ-পুণ্যের বোধ, দায়িত্ববোধ, কর্তৃত্বোধ থাকবেই থাকবে।

মাস্টারমশায় ঠাকুরের ভক্তির কথা ভাবছেন। ঠাকুর কেশব সেনকে কত ভালবাদেন। সে ভগবানের ভক্ত। তার জাতি-কুল না দেখে কেবল দেখছেন ভক্তি। মাত্ম্বকে বিচারের জন্ম এইটি কষ্টিপাথর "ভক্তিস্তত্তে সাকারবাদী, নিরাকারবাদী এক হয়; হিন্দু, মুসলমান, খ্রীষ্টান এক হয়।" যাঁর মধ্যে এই ভক্তিভাব দেখা যায়, ঠাকুর তাঁকেই আপনার মনে করেন। ভক্ত হলেই তাঁর আত্মীয়। সব নদীই ভিন্ন পথে এসে এক সমূত্রে মিশেছে। সকলেরই ঐ একটি গন্তব্য-সমূত্র। তিনি সমুদ্রের মতো অসীম, অনন্ত। আমরা এক-একটি ছোট ছোট জলধারা, বিভিন্ন পথ দিয়ে সেই এক সিন্ধুর উদ্দেশ্যে প্রবাহিত হয়ে চলেছি। সমুদ্র আমাদের পরম গতি, চলার চরম নিবৃত্তি। বাহ্ বিভিন্নতা সত্ত্বেও আমাদের সকলের ভিতর সেই এক পর্যতত্ত্ব প্রচ্ছন্নভাবে রয়েছেন এক-একটি ক্ষুদ্র ধারা রূপে, এক-একটি ক্ষীণ আলোকরশির মতো। বিশাল আলোর কেন্দ্রকে লক্ষ্য ক'রে সকলে চলেছি নানা ভাবে—নানা পথ দিয়ে। যেতে যেতে এই ব্যক্তিত্বের গণ্ডি লয় পাবে। শুদ্ধ জলবিন্দু জলরাশিতে পড়লে সকলেই সেই জলরাশির সঙ্গে এক হয়ে যায়। তেমনি ব্ৰহ্মজ্ঞ ব্ৰহ্মস্ত্ৰপ্ত হয়ে যান। বিন্দুটি রঙীন হ'লে, জলরাশিতে পড়লেও তার একটু একটু রঙীনভাব থাকে, তাই বিন্দুটি শুদ্ধ হওয়া দৰকাৰ। আমবাও বন্ধ নিৰুতে পতিত হ'লে বিনু থাকব না দির্ভে পরিণত হব। দেইজন্ম শুদ্ধ হ'তে হবে আমাদের। অশুদ্ধিই আমাদের পরমেশ্বর থেকে পৃথক্ ক'রে রাথে। ব্যক্তিঘটি অণ্ডদ্ধি মাত্র। থণ্ড ব্যক্তিত্বের প্রিসমাপ্তি—জীবের জীব-ভাবের অবসান হবে পূর্ণস্বরূপের অন্তভূতি হ'লে। জ্ঞানীর দৃষ্টিতে সে এখনো সমূদ্রই আছে; কারণ সমূদ্র ছাড়া আর কিছু নেই। কিন্তু নিজের চারিদিকে বেড়া দিয়ে জীব নিজেকে থণ্ড ও ক্ষুদ্র মনে করছে। এইটি কার্ননিক, ভ্রমবশতঃ মিথ্যাজ্ঞানের বশীভূত হ'য়ে বেড়া রচনা করা হয়েছে। ভক্ত ভগবানকে সম্পূর্ণ গুদ্ধরূপে কল্পনা বা উপাসনা করে। ভগবান চিংস্বরূপ, ভক্তও স্বরূপতঃ তাই, তরু প্রথমে সে নিজেকে থণ্ডিত, ক্ষুদ্র আর উপাস্থকে অথণ্ড চৈতক্তরূপে দেখছে। জ্বমশঃ যথন তার গুদ্ধি আনে, তথন দেখে তাদের মধ্যে কোন পার্থক্য নেই। যিনি উপাস্ত, ভিনিই এভদিন উপাসকরূপে ছিলেন। উপাস্তোর সঙ্গে মিলিত হয়ে তার উপাসনার পরিসমাপ্তি। স্ভ্রাং জ্ঞানী বা ভক্ত ক্ষচি অনুসারে সামাল্য পার্থক্য রাখলেও সে পার্থক্য স্বরূপতঃ নেই।

জগৎ স্বপ্নবৎ কিনা

শ্রীম আর একটি কথা বলছেন। "ঠাকুর এই জগং স্থপ্নবং বলছেন না। বলেন, 'তা হ'লে ওজনে কম পড়ে'।" 'জগং স্থপ্নবং' কথাটি কি জগতের মধ্যে হয়, তা হ'লে কথাটিও বপ্লবং। 'জগং মিথ্যা' কথাটি কি সত্য ? সমস্ত জগং স্থপ্পবং—এটি একটি দিনান্ত। বক্তান্ত কি স্থপ্পবং ? তার বাক্যাও স্থপ্পবং ? তা হ'লে বলের অস্তিত্ব কোথায় থাকছে ? যিনি ব্রন্ধের কথা বলছেন, তিনি জগতের একটি অঙ্গ মাত্র—তা হ'লে তাঁর কথাও স্থপ্পবং। এ প্রসঙ্গে অনেক আলোচনা আছে। 'মিথ্যার মিথ্যায়' বলা হচ্ছে। 'মিথ্যা' কথাটি মিথ্যা। প্রকৃত তত্ত্ব এই যে জগং-বোধ—আমি-বোধ যতক্ষণ, ততক্ষণ জগং স্থপ্পবং বলার উপায় নেই। এ যেন অক্সভূমি থেকে দিন্ধান্ত ক'রে বলা হয়—'জগং স্থাবং'। বাস্তবিক যারা এই জগতে বাস করছে—ব্যবহার, শাস্ত্র-

চর্চা, জ্ঞানচর্চা, পূজা, উপাসনা—সব করছে জগতেরই মধ্যে থেকে সেই-জগৎ আমাদের কাছে স্বপ্নবং। অবশ্য তত্ত্ব-দৃষ্টিতে দেখলে সবই মিথাা।

কিন্তু তা জেনে আমার কি লাভ ? আমাকে এই অজ্ঞানাচ্ছর অবস্থা থেকে অগ্রসর হবার চেষ্টা করতে হবে, সাধনা করতে হবে, সিদ্ধ হ'লে ব্রহ্মস্থরপ হয়ে মৃক্ত হবো। এই অজ্ঞান অবস্থা মিধ্যা ব'লে ধারণা করলে চলার পথে থাকে কি ? ঐ যেমন স্থা সম্পর্কে বলছেন—'ন তত্ত্ব রথা ন রথযোগাঃ ন পদ্বানো ভবস্তাথ রথান্ রথযোগান্ পথঃ স্বজতে।' স্বল্লে রথে চড়ে যাচ্ছি। সেখানে রথ, ঘোড়া, পথ কিছুই নেই। চলাটাও মিথাা। স্থাক্রস্তা রথ, ঘোড়া, পথ—সবই স্বৃষ্টি করছে; চলাও স্বৃষ্টি করেছে। তা হ'লে আমরা সাধনা করছি, কিংবা সিদ্ধি লাভ করছি—সবই স্থা। এই দৃষ্টিতে মাণ্ড্রকারিকাতে বলা আছেঃ ইন্দ্রিয় নিরোধ, জ্ঞানের উৎপত্তি, বন্ধন, সাধক, মৃমৃশ্ব, মৃক্ত এদব কিছুই নেই। এটি হ'ল পরমতত্ত্ব। বন্ধন থাকলে তবে তো মৃ্জি। স্থতরাং 'নেতি নেতি' ক'রে পরমতত্ত্ব জানা যায়।

কিন্তু সেই তত্ত্বজ্ঞানে লাভ কি ? আমি একটি ব্যক্তি। অন্ধকারে আগাধ সমূদ্রের কুলকিনারা পাচ্ছি না—আমার উদ্ধারের উপায় কি ?

বেদান্তমত ও ভক্তিপথ

শান্ত তাই বলছেন, প্রথমে সব মিথা। ব'লে ধরে নিলে সাধন পথে অগ্রসর হ'তে পারবে না। বেদান্ত শান্তের এটি প্রধান কথা—জগৎ ও জীবভাবকে অবলম্বন ক'রে সাধনা করতে হবে, বিচার করতে হবে। সেজক্য বলছেন, সত্য ও মিথা। তৃটিকে একত্র মিলিয়ে সব ব্যবহার হচ্ছে। তাই শান্ত নিজেকে ও জগৎকে সত্য ব'লে ধরে নিয়ে এগোতে বলছেন। বিশিষ্টাহৈতভাবে এটি কতকটা স্বীকৃত হয়েছে। ঠাকুরও বলছেন, জগৎ স্থাবৎ নয়, 'তা হ'লে ওজনে কম পড়ে।'

এখন প্রশ্ন ওঠে, ঠাকুর কি তবে বিশিষ্টাদৈতবাদী ? ঠাকুর যে 'কোন্'-বাদী নন, তা আমরা জানি না। দৈতবাদী, অদৈতবাদী, বিশিষ্টাদ্বৈতবাদী—সুবই এবং পরেও যদি কোন-বাদী থাকে—তিনি তা-ও। ঠাকুর বেদ-ৰেদান্তকে অতিক্রম ক'রে যেতে বলতেন। তার অর্থ বেদকে তুচ্ছ করা নয়। বেদ যে শীমিত-ব্যবহারের মধ্যে, তা বুঝিয়ে দেবার জন্ম ঠাকুর এ-কথা বলেছেন। যথন ব্রহ্মজ্ঞান হয়, তথন বুতিজ্ঞান অজ্ঞানে পরিণত হয়। বেদই বলছেন, জ্ঞান হলে, 'তত্র…বেদা অবেদাঃ' (বুহদারণ্যক ৪.৩.২২)—বেদ অবেদ হয়ে যায়। স্থুতরাং আমরা যতক্ষণ জগতের ব্যবহারের মধ্যে আছি, আমাদের মধ্যে সত্য ও মিধ্যা মিশ্রিত হ'য়ে আছে বুঝতে হবে। সেজন্ত সেই 'আমি'কে নিয়ে বলা স্ভব নয়, 'জগৎ স্বপ্লবং'। আমরা বেদান্তের প্রয়োগ ভূলে যাই। এক বেদান্তীর সম্বন্ধে কিছু অপবাদ ভনে ঠাকুর তাঁকে এর কারণ জিজ্ঞাসা করেন। তিনি তার উত্তরে বলেন, 'ছনিয়া তিনকাল্মে ঝুটা হ্যায়', যা শুনছ, তা কি ঝুটা নয় ? ঠাকুর বিরক্ত হ'য়ে বেদাস্তীকে ধিক্কার দিলেন। ঠিক এইরকম এক ভূমি থেকে স্থার এক ভূমিতে গিয়ে আমর। বেদান্তের অপপ্রয়োগ করি। আচার্য শঙ্কর এজন্ত ব্যাবহারিক সত্তাকে স্বীকার করেছেন। যতক্ষণ আমি-বোধ আছে, ততক্ষণ এই শক্তির এলাকায় থাকতে হবে। এই যে ভগবানের স্ঞ্টি-স্থিতি-লয়কারিণী শক্তি—এর ইন্দ্রজাল থেকে আমি মুক্ত নই। তিনি যদি মুক্ত ক'রে দেন, তবেই মৃক্তি সম্ভব। তিনি বন্ধনের ভিতর ফেলেছেন, আবার তিনিই মুক্ত করবেন। ঠাকুর তাকেই 'রামের ইচ্ছা' বলছেন। এই বন্ধন-মৃক্তির জন্ম শাস্ত্রপাঠ, সেই পথ ধ'রে সাধন করা—এ সব প্রয়োজন। বিচার অথবা উপাসনা ক'রে এই মায়াজাল কাটাবার সাধনা করতে হবে।

'তামুপৈহি মহারাজ শরণং পরমেশ্বরীম্' (চণ্ডী ১৩.৪)—মেই

পরমেশ্বরীর শরণাপন্ন হ'লে মৃক্তির উপায় তিনি ক'রে দেবেন।
পরমেশ্বর-পরমেশ্বরী, শিব-শক্তি যে নামই বলি, এক কথা। ভক্তির
পথে তাঁর শরণাপন্ন হওয়া, জ্ঞানের পথে নিজের স্বরূপ বা ব্রহ্মের স্বরূপ
বিচার করা—যে ভাবে যে পারে করবে ও করে, সেই সতাস্বরূপ হয়ে
গেলে বিন্দু ও সিন্ধুতে কোন পার্থক্য থাকবে না।

বার

কথামূত—১৷১৪৷১-২

বলরামগৃহ ও ভক্তসমাবেশ

এই পরিচ্ছেদের প্রারম্ভে মাস্টারমশায় বলছেন ঠাকুরের বার বার বলরাম-মন্দিরে আসার কারণ। বাগবাজারে, ঐ বাড়ীর কাছাকাছি অনেক ভক্ত—বিশেষতঃ গৃহী ভক্তেরা থাকতেন; তাঁদের সাথে ওথানে ্দেখা হ'ত। ঠাকুর সকলের কাছে বলতেন, 'বলরামের বাড়ীতে ভজগন্নাথের দেবা আছে. খুব শুদ্ধ অন্ন।' তার অন্ন গ্রহণে ঠাকুরের আপত্তি নেই। তবে আসল কথা, কাছাকাছি ভক্তদের ডেকে আনা ্যায়। এইজন্ম তাঁর বলরাম-মন্দিরের প্রতি আকর্ষণ। ঠাকুরের কাছে যাঁরা আসতে পারতেন ভাল, যাঁরা তা পারতেন না তাঁরাও বাদ যেতেন না। ঠাকুর নিজে তাঁদের সঙ্গে দেখা করতেন। বলরাম-মন্দিরে এই ভক্ত-সম্মিলন হয় বলে এই বাড়ীর প্রতি ঠাকুরের এত আকর্ষণ। অনেক বিশিষ্ট ভক্তের সঙ্গে তাঁর এখানেই প্রথম দাক্ষাৎ হয়— যেমন শ্রীযুক্ত গিরিশ ঘোষ। এইখানেই রথের সময় কীর্তনানন্দ। এইখানেই কতবার 'প্রেমের দরবারে আনন্দের মেলা হইয়াছে!' ঠাকুর বলেন, "যাও—নরেজ্র, ভবনাথ, রাখালকে নিমন্ত্রণ ক'রে এসো।

এদের থাওয়ালে নারায়ণকে থাওয়ানো হয়। এরা সামত নর এর ঈশ্বরাংশে জন্মছে, এদের থাওয়ালে তোমার থ্ব ভাল হবে।" তাঁর প্রকৃত উদ্দেশ্য এদের তাঁর কাছে টেনে আনা।

মান্টারমশায়ের প্রদক্ষ উঠেছে। তিনি কাছেই বিভাসাগর মহাশয়ের স্থলে পড়ান। স্থলের যারা ভাল ছেলে, শুভ সংস্কার আছে যাদের, তাদের কল্যাণের জন্ম তিনি ঠাকুরের কাছে ছেলেদের নিয়ে আসতেন। তিনি যেন নিষ্ঠার সঙ্গে এ কর্মটি করতেন। সাধারণ লোকের এতে অক্ষচি। তাঁদের মতে, ছেলেরা বিগড়ে যাচেছ; তাঁরা মান্টারমশায়ের নামে দোষ দিছেন। ছেলেরা ঐহিক উন্নতির প্রতি দৃষ্টি না দিয়ে ভগবান, ভগবান ক'রে কাটাছে। এ ভয়ানক অপরাধ।

জ্ঞানসাধন ও গুরুসেবা

আদ্ধ বলরাম-মন্দিরে এনে মান্টারমশায় দেখলেন, অল্পবয়য় ভর্তেরা ঠাকুরকে যিরে আছে। তথন তুপুরবেলা, বয়য় ভর্তেরা কায়ে গিয়েছেন। এরা যারা স্থল কলেজে যায়, তারা হয়তো কামাই ক'রে এদেছে ঠাকুরের কাছে। মান্টারকে দেখে ঠাকুর জিজ্ঞানা করলেন, 'য়ল নাই ?' তত্ত্তরে মান্টারমশায় জানালেন যে, স্থলে এখন বিশেষ কাজ নেই ব'লে এদেছেন। একটি ভক্ত রহস্ত ক'রে বলছেন যে, ছেলেরাই কেবল য়ল পালায়—তা নয়, মান্টারও পালিয়ে এদেছে। মান্টারমশায় স্বাতোজি করছেন, 'হায়! কে যেন টেনে আনলে!' ঠাকুর যেন একটু চিন্তিত হলেন, এতে কাজের কোন অবহেলা, ক্রটি হ'ল কিনা, অথবা দোষ হবে কি না, এই ভেবে। মান্টারমশায় ভাবছেন মান্টার দেবা করিতে জানে না, তাই ঠাকুর দেবা করিতে জানে না, তাই ঠাকুর সেবা করিতে জানে না, তাই ঠাকুর সেবা করিতে জানে না, তাই ঠাকুর সেবা করিতে জানে না, তাই গিকুর সেবা করিতে শিখাইতেছেন।' গীতায় আছে, 'তিদ্বিজ্ব প্রনিপাতেন পরিপ্রশ্নন দেবয়া'—প্রনিপাত, পরিপ্রশ্ন

ও দেবার বারা জ্ঞানলাভ করতে হয়। ঠাকুর যেন সেজন্য মান্টার-মশায়কে দিয়ে দেবা করিয়ে নিয়ে উপদেশ প্রদান করছেন। অবশ্রু সে উপদেশগুলির উল্লেখ এখানে নেই।

ঠাকুরের ঐশ্বর্য ভ্যাগ

ঠাকুর মান্টারমশায়কে তাঁর বর্তমান একটি বিশেষ অবস্থার কথা জানাছেন। কোনও ধাতুলবা স্পর্ল করতে পারছেন না। শোচে যাবার সময় গাড় গামছা ঢাকা দিয়ে ধরলেও খুব যন্ত্রণা হচ্ছে। বলছেন, 'হাত ঝন্ঝন্ ক'রতে লাগল।' ঠাকুরের এ-রকম ভাব কেন হ'ত—তা জামরা হয়তো ঠিক ব্ঝতে পারব না। ডঃ মহেন্দ্রলাল সরকার বলছেন, মনের ভিতর যেন একটা সংস্কার জন্মে গিয়েছে, ধাতু স্পর্শ করা চলবে না। মনের দেই সংস্কারের ফল এটি। ধাতু বলতে সাধারণতঃ মূলা বোঝায়। উপনিষদে আছে, 'তত্মাদ্ ভিকুর্হিরণাং রদেন ন স্পৃশেৎ'—কোন সয়্যাসী সোনা স্পর্শ করবে না, তা'হলে জাসক্তি জানবে। উপনিষদ্ পাঠ ক'রে ঠাকুর এ-কথা বলছেন না। এগুলির উপলব্ধি জগনাতা যেন তাঁর মধ্য দিয়ে করাছেন। তাঁকে ধাতু স্পর্শ করতে দিছেনে না। ঠাকুরের ভাব থেকে জামরা তাঁর এশ্বত্যাগের পরাকাষ্ঠার পরিচম্ব পাচিছে।

নরেন ও গিরিশ

ছোট নরেনের প্রদক্ষ উত্থাপন ক'রে ঠাকুর তার খুব প্রশংদা ক'রে বলছেন. 'দে এথানে যাওয়া-আদা করছে, বাড়ীতে কিছু বলবে।' অনেক দময় ঠাকুরের কাছে যাওয়া-আদাতে বাড়ীর লোকেরা প্রতিবাদ ক'রত। ইতিমধ্যে উপস্থিত ভক্তদের মধ্য থেকে কেউ মনে করিয়ে দিলেন, মান্টারমশারের দময় উত্তীর্ণ হয়ে যাছে। মান্টারমশায় বিদায় নিয়ে স্কুল-ছুটির পর প্রবল আকর্ষণে আবার এলেন। এসে দেখলেন, ঠাকুর ভক্তদের মজলিস ক'রে বসে আছেন। মুখে মধুর হাসি, সে হাসি ভক্তদের মূথে প্রতিবিম্বিত হচ্ছে। এই হচ্ছে আনন্দের সংক্রামিকা শক্তি; তিনি নিজে আনন্দময়, সেই আনন্দপ্রবাহ আশে পাশে ভক্তদের মধ্যে ক্ষুরিত হচ্ছে। ঠাকুর গিরিশকে বলছেন, "তুমি একবার নরেন্দ্রের সঙ্গে বিচার ক'রে দেখো, সে কি বলে।" গিরিশবাবু অতিশয় বিশ্বাসী। ঠাকুর বলতেন, গিরিশের বিশ্বাস পাঁচ দিকে পাঁচ আনা, বা গিরিশের বিশ্বাদ আঁকড়ে পাওয়া যায় না। দেই গিরিশ যখন নরেন্দ্রের দঙ্গে তর্কে প্রবৃত্ত হতেন ঠাকুর তথন খুব আনন্দ পেতেন। উভয়েই বৃদ্ধিমান ভক্ত; একজন নিজে পর্থ না ক'রে কিছু বিশ্বাস করেন না, অন্ত জন দৃঢ় বিশ্বাসী। বিরুদ্ধস্বভাবসম্পন্ন এই তুজনেই কিন্তু ভক্ত। ঠাকুরের এইটি বৈশিষ্টা; বিভিন্ন ভাবের ভাবুককে তিনি আপনার মনে করতেন। যে যে-ভাবের, তাকে দেই ভাবে এগিয়ে যেতে উৎসাহিত করতেন। মাস্টারমশায়কে দিয়ে তিন সতা করিয়ে নিয়েছিলেন, 'বল, আর তর্ক করবে না।' মাস্টারমশায় বলেছেন, আর তর্ক করবেন না। কিন্তু যারা স্বভাবে তার্কিক, তাদের বারণ করছেন না। নরেন্দ্রকে তর্ক করতে উৎসাহ দিয়ে বলতেন, যা কিছু ব'লব, আমার কথা যাচিয়ে বাজিয়ে নিবি। আমি বলছি বলেই কখনো মেনে নিবি না। পেজন্ত গিরিশবাবুকে বলছেন নরেব্রুর দঙ্গে বিচার করতে। গিরিশ বলছেন, "নরেন্দ্র বলে, ঈশ্বর অনন্ত। যা কিছু আমরা দেখি, শুনি—জিনিসটি, কি ব্যক্তিটি—সব তাঁর অংশ, এ পুর্যন্ত আমাদের বলবার যো নাই। Infinity (অনন্ত আকাশ)— তার আবার অংশ কি ? অংশ হয় না।"

ঈশ্বর ও অবভার

ঠাকুর বলছেন, "ঈশ্বর অনস্ত হউন আর যত বড় হউন,—তিনি ইচ্ছা করলে তাঁর ভিতরের সারবস্ত —মান্থবের ভিতর দিয়ে আসতে পারে ও আদে। তিনি অবতার হয়ে থাকেন, এটি উপমা দিয়ে বুঝানো যায় না। অন্তব হওয়া চাই।" অনন্তের সঙ্গে দিতীয় বস্তব উপমা চলে না। আর একটি অনস্ত থাকলে তবে উপমা হয়; তাই তিনি অন্থপম।

তিনি অনন্ত হয়েও কি ক'বে অবতার হয়ে আদেন? এটি আমাদের বৃদ্ধির অতীত। আমরা স্থল দৃষ্টিতে বলি, 'ভগবান অবতীর্ণ হয়েছেন। পুরাণাদিতে বলে, 'গোলোক থেকে ভগবান অবতীর্ণ হয়েছেন।' কিন্তু যখন তিনি আদেন সে সময় কি গোলোকের সিংহাসন থালি থাকে? এটা কল্পনাতীত। পুরাণে অনেক সময় দেখি বন্ধা এদে বলছেন, 'ঠাকুর তুমি ফিরে চল। অনেক দিন গোলোক ছেড়ে এদেছ, আমরা তোমার অভাব বোধ করছি।' অর্থাৎ পৃথিবীতে এদেছেন ব'লে গোলোকে তিনি নেই। মানববুদ্ধি অমুদারে পুরাণের এই কল্পনা। আমরা যথন কলকাতা থেকে কাশী বা অন্ত কোথাও যাই, তখন নিশ্চয় আমরা কলকা**তাতে নেই। ভগবান** সম্বন্ধে নেইরকম কল্পনা করি। তিনি যথন পৃথিবীতে অবতীর্ণ হয়েছেন স্বর্গের সিংহাসনটি নিশ্চয় থালি পড়ে রয়েছে। দীমিত বুদ্ধি নিয়ে মার্ষ ভগবানকে সীমিতরপে কল্পনা করছে। কিন্তু যাঁর গুদ্ধ বৃদ্ধি, তিনি দেখেন তিনি অনস্ত, গোলোক থেকে যথন বুন্দাবনে অবতীর্ণ হলেন, তথন গোলোক শৃষ্য হ'লে তিনি কি ক'রে অনস্ত হবেন? তা হ'লে তো ভগবান গোলোকের ভিতর দীমিত হয়ে গেলেন। নরেন্দ্র মতে ভগবান অনস্ত-Infinite, তাঁর অংশ হয় না। উপনিষদ বলছেন ঃ

পূৰ্ণমদঃ পূৰ্ণমিদং পূৰ্ণাৎ পূৰ্ণমূদচ্যতে। পূৰ্ণস্থ পূৰ্ণমাদায় পূৰ্ণমেবাবশিশুতে॥

(বুহ. উ. ৫. ১. ১.)

যা কিছু আমরা দেখছি, প্রত্যক্ষ অর্থাৎ কার্য—তা পূর্ণ এবং যা কিছু দূরে অপ্রত্যক্ষ অর্থাৎ কারণ, তাও পূর্ণ। পূর্ণ কারণ থেকে পূর্ণ কার্যের আবির্ভাব হয়। পূর্ণ থেকে পূর্ণ গ্রহণ করলে পূর্ণই অবশিষ্ট থাকে। আধুনিক অন্ধান্তও এ-রকম বলে; অনস্ত যিনি, তাঁর থেকে অনস্ত বাদ দিলে অনস্তই অবশিষ্ট থাকে, অনস্তের অংশ হয় না। অংশ কেন হয় না? আকাশ সর্বব্যাপী; তাকে যা দিয়ে বিভাগ করা যাবে, এমন কোন বস্তু আছে কি? সমূদ্রের জলকে একটা ঘটে তুলে বিভাগ করা যায়. কিন্তু সমূদ্র আকাশের মতো সর্বব্যাপী হ'লে তাকে আর বিভাগ করা যেত না। ঘট দিয়ে আকাশকে ভাগ করা যাবে না। সে সর্বত্র পরিপূর্ণ ঘটের বাহির-ভিতর পূর্ণ ক'বে রয়েছে। সীমিত বা পরিচ্ছিন্ন বস্তুরই অংশ হয়। তাই ভগবানের অবতার ভার অংশ হ'লে তাঁর থেকে কিছুটা কমে গেল—এটা অবাস্তব্ব, এ অলীক কল্পনা। তাই বলেছেন—অংশ হয় না। পরিপূর্ণ যা, তাঁর বিভাগ এভাবে হয় না।

কিন্তু ঠাকুর বলছেন. "তিনি ইচ্ছা করলে তাঁর ভিতরের দার বস্তু
মান্থবের ভিতর দিয়ে আদতে পারে ও আদে।" আদতে পারে ও ধ্
বললে এটি একটি দিদ্ধান্তের কথা হ'ত মাত্র। ঠাকুর জোর দিয়ে
বলছেন, 'আদে', কারণ এ তাঁর প্রত্যক্ষ অন্তভ্তি। পূর্ণ তিনি, কেমন
ক'রে ক্ষুত্র হয়ে মান্থবরূপে আদেন, এ কল্পনা মান্থবের পক্ষে করা সম্ভব
নয়, এ তার বৃদ্ধির অগমা। ভাগবতে দেবকীর একটি অপরূপ উলি
আছে, 'আমি ক্ষুত্রকায়া নারী, দেবকী, আমার গর্ভে অতি ক্ষুত্র শিশুরূপে
তিনি আবিভূতি হয়েছেন—এ কল্পনাতীত।' যিনি অনস্ত, তিনি কি
ক'রে এতটুকু হলেন ? ঠাকুর বলছেন, তিনি অনস্তই হোন আর যত

300

বড়ই হোন, তিনি ইচ্ছা করলে অবতার হয়ে থাকেন। কি ক'রে সম্ভব হ'ল, তা বোঝানো যায় না। কারণ দিতীয় কোন দৃষ্টান্ত নেই যা দিয়ে বোঝানো যাবে।

দৃষ্টান্ত নেই, কিন্তু যদি কারো অহুভব হয়, তাকে অহীকার করা যায় না। অহুমান গৌণ, অল্পন্তি, সে অহুভবের উপর নির্ভর করে। অহুভবের উপর ভিত্তি ক'রে যদি কেউ বলে, 'আমি জেনেছি, স্পষ্ট দেখেছি, আমার বুদ্ধিগম্য এটা', তাকে আর অন্থীকার করা যায় না। তাই বলছেন, উপমা দারা কতকটা আভাস পাওয়া যায়, কিন্তু ভগবান অহুপম, তাঁর মতো আর একটি থাকলে উপমা সন্তব হ'ত। ভাগবতে একটি হুলুর কাহিনী আছে। হুতপা ঋষি ও পৃশ্লি ভগবানকে সন্তানরূপে পাবার জন্ম তপস্থা করায় তিনি আবিভূতি হয়ে বর প্রার্থনা করতে বললেন। তাঁরা বললেন, 'তোমার মতো একটি সন্তান চাই।' ভগবান বললেন, তথাস্তা। কিন্তু তাঁর মতো সন্তান বিলোকে কোথাও খুঁজে পেলেন না; বলছেনঃ

অদ্ধান্ততমং লোকে শীলোদার্যগুণৈঃ সমস্।
অহং স্থতো বামভবং পৃশ্লিগর্ভ ইতি শ্রুতঃ॥
(ভাগবত ১০.৩.৪১)

আমি চতুর্দিক খুঁজে আমার মতো উদার গুণযুক্ত আর একটিও পেলাম না। বাধ্য হয়ে আমি নিজেই তোমাদের সস্তানরূপে জনগ্রহণ করব।

কবিত্বপূর্ণ স্থন্দর ভাষায় বলা হয়েছে, তাঁর উপমা তিনি। তাই 'ন তক্ষ প্রতিমান্তি'—এই ভগবান যিনি অনন্ত, তাঁর কোন প্রতিমা, অন্থরূপ কোন বস্তু নেই। এটি শাস্ত্রের সিদ্ধান্ত। ঠাকুর বলছেন, 'উপমা হয় না।'

গিরিশ বলেন, তিনি অবতার হয়ে আদেন, তাঁর ভিতর দিয়ে লোককল্যাণকারিণী এশী শক্তি কাজ করে। গরুর ভিতরে হুধ আছে, কিন্তু আদে বাঁট দিয়ে। তিনি দর্বব্যাপী হলেও তাঁর লোককল্যাণ- কারিণী শক্তি অবতারের ভিতর দিয়ে প্রকাশ পায়। কি ভাবে প্রকাশ পায়? প্রেমভক্তি শেথাবার জন্ম ঈশ্বর মানুষ-দেহ ধরে সময় সময় অবতীর্ণ হন।

গিরিশের এ কথায় নরেন্দ্র বলেন, 'তাঁর কি সব ধারণা করা যায়? তিনি অনন্ত।' নরেন্দ্র তর্কে বিশারদ, কিন্তু ঠাকুরের দৃষ্টিতে নরেন্দ্রের কথার ভুলটুকু ধরা পড়েছে। তিনি তাই বলছেন, "ঈশ্বরের সব ধারণা কে করতে পারে ?" সব ধারণা কেন, একটু ধারণাও হয় না। অবিভাজা অথণ্ড যিনি, তার সব যা, একটুও তাই। "তা তাঁর বড় ভাবটাও পারে না, আবার ছোট ভাবটাও পারে না।" আর সব ধারণা করা কি দরকার ? তাঁকে প্রতাক্ষ করতে পারলেই হ'ল। যে অবতারের মধ্যে তাঁর শক্তি প্রকাশ পাচেছ, তাঁকে দেখলেই কি ঈশ্বরকে দেখা হ'ল না ? "ঘদি কেউ গঙ্গার কাছে গিয়ে গঙ্গাজল স্পর্শ করে, সে বলে—গঙ্গা দর্শন স্পর্শন ক'রে এলুম। সব গঙ্গাটা, হরিবার থেকে গঙ্গাসাগর পর্যন্ত হাত দিয়ে ছুঁতে হয় না।" সেইবকম, অবতার ভগবানের একটি বিশেষ প্রকাশ, তাঁকে দেখলেই ভগবানকেই দেখা হ'ল। বাইবেলে আছে, 'He who has seen the son, has seen the Father'— যে সন্তানকে দেখেছে সে পিতাকেও দেখেছে। যীন্ত নিজেকে ভগবানের সন্তান বলছেন। তিনি বলতেন, 'Son of the MAN'. 'MAN' শক্টি Capital letter (বড় হাতের অক্ষর)-এ আছে, <mark>ঈশ্বরের সস্তান</mark> কথা**টি** বোঝায়। অগ্নিতত্ত্ব কাঠে বেশী। পঞ্চভূত দিয়ে সব তৈরী, সব জায়গাতেই অগ্নি আছে, কিন্তু কাঠে তার প্রকাশ বেশী। এই জন্ম গিরিশ বলছেন, 'যেখানে আগুন পাবো, দেখানেই আমার দরকার।' তিনি দর্বতা আছেন, কিন্তু যদি অবতারের দানিধ্য পেয়ে তার সানিধ্য লাভ হয়, তা হ'লে তিনি যে অনন্ত, তাতে আমার কি দরকার ? এই এক জাম্বগাতেই সব পেয়ে গেলাম !

কারিণী শক্তি অবতারের ভিতর দিয়ে প্রকাশ পায়। কি ভাবে প্রকাশ পায়? প্রেমভক্তি শেখাবার জন্ম ঈশ্বর মানুষ-দেহ ধরে সময় সময় অবতীর্ণ হন।

গিরিশের এ কথায় নরেন্দ্র বলেন, 'তাঁর কি দব ধারণা করা যায় ? তিনি অনস্ত। নরেন্দ্র তর্কে বিশারদ, কিন্তু ঠাকুরের দৃষ্টিতে নরেন্দ্রের কথার ভুলটুকু ধরা পড়েছে। তিনি তাই বলছেন, "ঈশ্বরের দব ধারণা কে করতে পারে ?" সব ধারণা কেন, একটু ধারণাও হয় না। অবিভাজ্য অথণ্ড যিনি, তার সব যা, একটুও তাই। "তা তাঁর বড় ভাবটাও পারে না, আবার ছোট ভাবটাও পারেনা।" আর সব ধারণা করা কি দরকার ? তাঁকে প্রত্যক্ষ করতে পারলেই হ'ল। যে অবতারের মধ্যে তাঁর শক্তি প্রকাশ পাচ্ছে, তাঁকে দেখলেই কি ঈশ্বরকে দেখা হ'ল না ? "যদি কেউ গঙ্গার কাছে গিয়ে গঙ্গাজল স্পর্শ করে, দে বলে—গঙ্গা দর্শন স্পর্শন ক'রে এলুম। দব গঙ্গাটা, হরিবার থেকে গঙ্গাদাগর পর্যন্ত হাত দিয়ে ছুঁতে হয় না।" সেইরকম, অবতার ভগবানের একটি বিশেষ প্রকাশ, তাঁকে দেখলেই ভগবানকেই দেখা হ'ল। বাইবেলে আছে, 'He who has seen the son, has seen the Father'— যে সন্তানকে দেখেছে সে পিতাকেও দেখেছে। যীভ নিজেকে ভগবানের সন্তান বলছেন। তিনি বলতেন, 'Son of the MAN'. 'MAN' শল্টি Capital letter (বড় হাতের অক্ষর)-এ আছে, ঈশ্বরের সস্তান কথাটি বোঝায়। অগ্নিতত্ত্ব কাঠে বেশী। পঞ্ছুত দিয়ে সব তৈরী, সব জায়গাতেই অগ্নি আছে, কিন্তু কাঠে তার প্রকাশ বেশী। এই জন্ম গিরিশ বলছেন, 'যেখানে আগুন পাবো, দেখানেই আমার দরকার।' তিনি দর্বত্র আছেন, কিন্তু যদি অবতারের সানিধ্য পেয়ে তার সামিধ্য লাভ হয়, তা হ'লে তিনি যে অনন্ত, তাতে আমার কি জরকার ? এই এক জায়গাতেই সব পেয়ে গেলাম !

অবভার শক্তির প্রকাশ

শীরামকৃষ্ণ বলছেন, "ঈশ্বরতত্ব যদি থোঁজ, মাসুষে খুঁজবে।" কথাটি
চমৎকার, অনুধাবনযোগ্য। মানুষ তার অনুভব-শক্তির সাহায্যে মানবরূপী তাঁকে বেশী বুঝতে পারবে। এজন্ম বলছেন, "মানুষে তিনি
বেশী প্রকাশ হন। যে মানুষে দেখবে উর্জিতাভক্তি—প্রেমভক্তি উথলে
পড়ছে—ঈশ্বরের জন্ম পাগল—তাঁর প্রেমে মাতোয়ারা—দেই মানুষে
নিশ্চিত জেন—তিনি অবতার্ণ হয়েছেন।" যেমন গীতার কথা:

যদ্ যদ্ বিভৃতিমং সত্তং শ্রীমদূর্জিতমেব বা।

তত্তদেবাবগচ্ছ খং মম তেজোহংশস্ভবম্॥

(.50.85.)

ভগবান বলছেন, আমারই তেজের থেকে সেই সব বস্তু উৎপন্ন হয়েছে। যেথানে দেখবে প্রী, সৌন্দর্য, শক্তি, ঐশর্বের প্রকাশ—জানবে সেথানে আমি। তাই মান্তবের মধ্যে ভগবদ্-অন্তভূতি যেমন প্রবল্গ, অন্ত কোথাও তেমন হয় না। ঠাকুর অন্তত্ত্ব বলেছেন যে, 'ভাব অবধি মান্তবের হ'তে পারে; মহাভাব, প্রেম—অবতার ছাড়া হয় না।' আরো ব্যাথাা করেছেন, তাঁর শক্তি কোথাও বেশী প্রকাশিত, কোথাও কম। "অবতারের ভিতর তাঁর শক্তির বেশী প্রকাশ; সেই শক্তি কথন কথন পূর্বভাবে থাকে। শক্তিরই অবতার।" অবতার মানে ভগবানের শক্তি যেন আকার নিয়ে আবিভূতি, তাঁর প্রকাশের দ্বারা এ জগৎ প্রকাশিত, 'ভন্ত ভাসা সর্বমিদং বিভাতি।' কাজেই যেমন অবতারের ভিতর তেমনি যে নির্বোধ অবিকশিত আত্মা, তার ভিতরেও তাঁরই প্রকাশ। কোথাও বেশী, কোথাও কম। অবতারে বেশী প্রকাশ, কারণ সেই শক্তি কথন কথন পূর্বভাবে থাকে।

তারপর ঠাকুর বলছেন, 'শক্তিরই অবতার'। এ শক্টির যেন ভুল অর্থ না করি। শক্তি কোন বিশেষ দেবী নয়; ঈশ্বর স্টি-স্থিতি-লয় করছেন যে শক্তির প্রভাবে, দে শক্তি আর তিনি অভিন্ন। যথন স্টি-স্থিতি-লয় করছেন, তথন তাঁকে শক্তি বলি এবং দেই শক্তিরই অবতার হয়ে তিনি লীলা করছেন। স্টিরই অস্তর্ভুক্ত হয়ে নিজেকে প্রকাশ করছেন।

'তিনি শুদ্ধমনের গোচর'

গিরিশ বলছেন, 'নবেক্স বলে, তিনি অবাঙ্মনসোগোচরম্'—
বাক্য-মনের অগোচর। উপনিষদ্ বার বাব বলছেন, 'যতো বাচো
নিবর্তস্তে অপ্রাপ্য মনসা সহ।' (তৈত্তিরীয় ২.৪.১.)—যেথান থেকে
বাক্য মনের দকে তাঁকে না পেয়ে ফিরে আসে। অর্থাৎ শব্দ বা কথার
ভিতর দিয়ে আমরা তাঁকে প্রমাণ করতে পারি না। মনের ঘারাও
তাঁকে ধারণা করতে পারি না। মন তাঁরই একটা ক্ষুদ্র কার্য মাজ,
তাই তিনি বাক্য-মনের অগোচর। নরেক্রের এই কথার প্রতিবাদ
ক'রে ঠাকুর বলছেন, "না; এ মনের গোচর নয় বটে—শুদ্ধ মনের
গোচর।" ঠাকুরের এ-কথা স্পষ্ট উপনিষদেরই কথাঃ—

যন্মনসা ন মহুতে যেনাহুর্মনো মত্তম্।
তদেব ব্রহ্ম তং বিদ্ধি নেদং যদিদমুপাসতে।
(কেন. ১.৬.)
এক জায়গায় বলছেন, মনের দ্বারা চিস্তা করা যায় না। আবার অহ্যত্র

বলছেন, 'মনসৈবেদমাপ্তব্যম্'—মনের দ্বারাই সেই বস্তুকে পেতে হবে।
কথা ছটি আপাতবিরোধী। ঠাকুর যে সমাধান ক'রে দিয়েছেন, সেইটি
শাস্ত্রের সিদ্ধান্ত। তিনি শুদ্ধ মনের গোচর, আমাদের যে মনের সঙ্গে
পরিচয় দেই অশুদ্ধ মনের গোচর তিনি নন। ঠাকুর বলছেন, শুদ্ধ মন,
শুদ্ধ বৃদ্ধি, শুদ্ধ আত্মা এক। মনকে যথন (শুধ্ মন কেন, যে কোন
বস্তুকে) শোধন করি, তার উপর আরোপিত ধর্ম—আবরণগুলিকে

সরিয়ে দিই, তথন যা অবশিষ্ট থাকবে, তা ঈশ্বর শ্বয়ং। শুদ্ধ বুদ্ধি, শুদ্ধ আত্মা তাই এক। যিনি আত্মাকে জেনেছেন, তিনি আত্মার সঙ্গে অভিন হয়ে গিয়েছেন। তাঁর ব্যক্তিত্বের দীমা অতিক্রম ক'রে তিনি

অসীমত প্রাপ্ত হয়েছেন। তাঁর ঐ অসীম রূপই সত্য, সীমিত ব'লে যা দেখছি, তা আরোপিত; ক্ষার প্রাপ্ত বৃদ্ধি দূর হ'লে গুরুষরূপ তিনি শুদ্ধেই ফিরে যান। মন বৃদ্ধি যথন চিন্তা করে, আত্মশক্তির প্রভাবে চিন্তা করে। কিন্ত যথন বিশ্লেষণ ক'রে তার চৈত্ত্য ধর্ম খুঁজে পাওয়া

যায়—দেটাই মনের গুদ্ধ স্বরূপ। স্থতরাং বাক্য-মনের অগোচর যিনি, তিনি গুদ্ধ মনের গোচর হন।

ঠাকুর এর পর বলছেন, "ঋষি-ম্নিরা কি তাঁকে দেখেন নাই ? তাঁরা চৈতত্তের দ্বারা চৈতত্তের সাক্ষাৎকার করেছিলেন।" এটি ভাববার কথা। দেখা বা অন্থত্তব করা অন্ত কোন করণ বা

যন্তের সাহায্যে হয় না। চোথ, কান বা জ্ঞাণাদি ইন্দ্রিয় হারা আমরা বস্তু অমুভব করি। ইন্দ্রিয় ও বস্তু উভয়ে থাকলে তার অমুভূতি হয়। কিন্তু এখানে অতীন্দ্রিয় অমুভব।

সমস্ত ইন্দ্রিয়কে অভিক্রম ক'রে বস্তর স্বরূপে স্থিতি—এই হচ্ছে অচিস্তা বস্তর অমভূতি। তাই বলছেন যে, মৃনি-ঋষিরা কি তাঁকে দেখেননি, তাঁর স্বরূপ প্রাপ্ত হননি? তাঁরা চৈতন্তের দারা চৈতন্তের সাক্ষাৎকার করেছিলেন। ঠাকুর বার বার বলতেন, বোধে বোধ হওয়া, অর্থাৎ শুদ্ধ-বৃদ্ধির দারা শুদ্ধ চৈতন্তের অমুভূতি। শুদ্ধ-বৃদ্ধি—যা ইন্দ্রিয়ের

দারা বিকৃত বা দীমিত নয়—দেই শুদ্ধ-বৃদ্ধি ও আত্ম। এক, দেজন্য চৈতন্মের দ্বারাই চৈতন্মের অফুভূতি। অনস্ত থেকে পৃথক্ করে রাথছে যে দীমা বা ধর্ম বা গুণ, দেইগুলি অন্তর্হিত হ'লে শুদ্ধ-বৃদ্ধির দ্বারা শুদ্ধ-বৃদ্ধির উপলব্ধি হয়, অর্থাৎ শুদ্ধ-বৃদ্ধি শুদ্ধ আত্মারপেই অবস্থান করে। শীরামকৃষ্ণ বলরাম মন্দিরে এসেছেন। এ বাড়ী যেন তাঁর বৈঠক থানা। ঠাকুর গান শোনার ইচ্ছা প্রকাশ করলেন। গিরিশের রচির্ত "কেশব কুরু করুণা দীনে,…" গানটি গাওয়া হ'ল। 'গানটি ঠাকুরের থব পছন্দ। জিজ্ঞাসা ক'রে জানলেন, গিরিশই 'চৈতগুলীলা'র সব গান রচনা করেছেন। এ গানটি স্টেজে কোরাসে গাওয়া হ'ত। এক দিকে পুরুষ, অক্সদিকে মেয়েরা, এক ছত্ত্র ক'রে প্র্যায়ক্রমে গাইত। গানটি এমনভাবে রচিত যাতে ব্রজের গোপ ও গোপীদের— তুটি ভাবই প্রকাশ পাছেছ। এক দিকে শ্রীকৃষ্ণের প্রোক্রম, অক্সদিকে তাঁর মনোমোহন রূপ প্রকাশিত হচ্ছে।

ঠাকুরের নির্দেশে গায়ক তারাপদ নিতাই-এর "কিশোরীর প্রেম নিবি আয়, প্রেমের জোয়ার বয়ে যায়" গানটি গাইলেন। গ্রীগোরাঙ্গকে 'কিশোরী' বলা হয়েছে। শ্রীগোরাঙ্গকে দেখে তাঁর ভাব অন্থভব ক'রে নিতাই গাইছেন। মহাপ্রভু রাধাভাবে ভাবিত—রাধাভাবতাতি-স্থবলিততন্ত্র—শ্রীরাধার ভক্তি, ভাব ও অঙ্গকান্তি গ্রহণ ক'রে অবতীর্ণ। শ্রীগোরাঙ্গের ভাব অবলম্বন ক'রে 'কার ভাবে গোর-বেশে নদে এসে জুড়ালে হে প্রাণ', গানটি হ'ল। তিনি রাধা ও ক্লেম্বে মিলিত বিগ্রহ, এইটি এ-গানে বোঝানো হয়েছে।

সকলে মাস্টারমশায়কে একটি গান গাইতে অহুরোধ করলেন।
মাস্টারমশায়ের স্থমিষ্ট কণ্ঠ ছিল, মেয়েদের মতো মিহি, খুব ভাবের সঙ্গে
গান গাইতে পারতেন, কিন্তু খুব লাজুক, তাই ফিস্ফিস্ ক'রে মাপ

চাইছেন! কেউ লাজুক স্বভাবের হ'লে সকলে মিলে তাকে নিয়ে যেমন করে, সেই-রকম গিরিশ সহাস্থে ঠাকুরকে বলছেন, "মহাশয়, মাস্টার কোন মতে গান গাইছে না।" মাস্টার আরো সংকৃচিত হচ্ছেন। গান না করায় ঠাকুর বিরক্ত হয়ে বলছেন, "ও স্থলে দাঁত বার করবে; গান গাইতে যত লজ্জা!" ঠাকুর অনেক সময় নারীভাবব্যঞ্জক গান-গুলি তাঁকে গাইতে বলতেন, তাঁর মিষ্টগলায় এই গানগুলি চিতাকর্ষক হবে ব'লে এখানে গাইতে বলছেন; তিনি লজ্জা পেলেন। ঠাকুর তাঁর জক্তদের পরস্পারের সঙ্গে মিলিয়ে দিতেন। কারো ভিতরে একটি গুণ দেখলে তা বাড়ানোর এবং অন্যেরা যাতে দে গুণের সমাদর করে, সে চেষ্টা করতেন। তিনি স্থরেশ মিত্রকে বলছেন, "তুমি তো কি ? ইনি (গিরিশ) তোমার চেয়ে!" অর্থাৎ শ্রন্ধায়, বিশ্বাদে। ঠাকুরের কণায় স্থরেশ বললেন, "আজ্ঞা হাঁ, আমার বড দাদা।"

গিরিশ এর পর অন্ত প্রসঙ্গ উত্থাপন করলেন। তিনি ছেলেবেলায় কিছু লেথাপড়া না করলেও লোকে বলে বিলান্। এই বিভাবভার ভাবটি কেমন, দেখাবার জন্ত ঠাকুর বলছেন মান্টারমশায়কে, "মহিম চক্রবর্তী অনেক শান্ত-টান্ত দেখেছে শুনেছে—খুব আধার! (মান্টারের প্রতি)—কেমন গা?" মান্টারমশায় বললেন, "আজ্ঞা, হাঁ।" গিরিশ বলছেন, "কি? বিভা! ও অনেক দেখেছি! ওতে আর ভুলি না।" ছেলেবেলায় না করলেও গিরিশ ঘোষ পরে বিভাচর্চা করেছেন অনেক। এখন ঠাকুরের পাদপদ্ম এদে নতুন বিভা শিখতে শুক করেছেন। তাই বলছেন, "ওতে আর ভুলি না।" বিভার অসারতা বুনেছেন।

শাস্ত্রের প্রয়োজনীয়তা

গিরিশের এই নিরভিমান ভাবটি ঠাকুরের পছন্দ হওয়ায় হাসতে হাসতে বলছেন, "এথানকার ভাব কি জানো ? বই শাস্ত্র এ-সব কেবল ঈশবের কাছে পৌছিবার পথ ব'লে দেয়। পথ, উপায়, জেনে লবার পর, আর বই শান্তে কি দরকার? তথন নিজে কাজ করতে হয়।" হারানো চিঠির কথা বললেন। চিঠি থোঁজাথুঁজির পর দেখা গেল তাতে লেখা আছে, পাঁচ সের সন্দেশ, একথানা কাপড় ইত্যাদি পাঠাবার কথা। তথন চিঠি ফেলে দিয়ে জিনিষের সন্ধানে বেরোতে হয়। শাস্ত্র ভগবানের কাছে পৌছবার পথ ব'লে দেয়. কিন্তু বই বন্ধ ক'রে বদে থাকলে বা লোকের কাছে দেগুলির পুনরাবৃত্তি ক'রে কি হবে ? শাজের তাৎপর্য বা সার্থকতা তথনই হবে, যথন সব জেনে বুঝে নিয়ে জীবনে দেগুলি কাজে লাগানোর চেষ্টা হবে। তার আগে পর্যন্ত তা শুধুই চিঠির থবরের মৃত সংবাদ বা পাণ্ডিতা মাত্র। ভগবান লাভের উপায় জেনে নেওয়া পর্যন্ত শাস্ত্রের মূল্য—তারপর চিঠির মতো তাকে ফেলে দেওয়। শান্তের সার্থকতা শান্তনির্দিষ্ট পথে এগিয়ে যাওয়াতে—ঠাকুর নানাভাবে এ-কথা বলেছেন। "শাল্রে তাঁকে পাবার উপায়ের কথা পাবে; কিন্তু খবর সব জেনে কর্ম আরম্ভ করতে হয়। তবে তো বস্তুলাভ! শুধু পাণ্ডিত্যে কি হবে? অনেক শ্লোক, অনেক শাস্ত্র, পণ্ডিতের জানা থাকতে পারে; কিন্তু যার সংসারে আদক্তি আছে, যার কামিনী-কাঞ্চনে মনে মনে ভালবাদা আছে. তার শাস্ত্র ধারণা হয় নাই —মিছে পড়া। পাঁজিতে লিখেছে, বিশ আড়া জল, কিন্তু পাঁজি টিপলে এক ফোঁটাও পড়ে না।" ভাব **হচ্ছে, কথাগুলি জীবনে** কাৰ্যকরী না ক'রে শুধু আবৃত্তি ক'রে যাওয়ায় কথার ভার বহন করা হয় মাত। শাস্তে একে বলে, দবীর 'পাকরদাস্বাদবৎ'-হাতায় করে স্থাগগুলি পরিবেশিত হচ্ছে, কিন্তু হাতা তার স্বাদ পায় না, স্বাদ গ্রহণের ইন্দ্রিয় তার নেই। পণ্ডিতও হাতা মাত্র, জড় পদার্থ। শাস্ত্র চর্চা করেন, কিন্তু জীবনে দেওলি কার্যকর করার কোন প্রচেষ্টা নেই—তাঁর শাস্ত্র পাঠ নিফল। শাস্ত্রে বলছে, এই এই করতে হয়, এইভাবে

সমাধি হয়। বড় বড় দে-সব কথা মৃ্থস্থ ও আবৃত্তি ক'রে জীবনে কি ফললাভ হ'ল ?

স্বামী জী বলছেন, অনেক প'ড়ে গুনে মানুষটা হয় পণ্ডিতমূর্থ। ঠাকুর বলছেন, 'পণ্ডিতকে খড়কুটো মনে হয়, যদি না তার ভিতর বিবেক বৈরাগ্য থাকে।' তার পাণ্ডিত্য বুখা। কথার ফুলরুরি, শন্দের স্রোত মুখ থেকে বেরোচেছ, এক একটি শন্দের ভিন্ন ভিন্ন রকম ব্যাখ্যা হচ্ছে। তাতে লোকের কাছে বাহ্বা পাণ্ডয়া যায়, কিন্তু নিজের কি হ'ল? শক্রাচার্য বলছেন:

বাগ বৈথরী শব্দকারী শাস্ত্রব্যাখ্যানকোশল্ম। বৈছ্যুং বিভ্ষাং তদ্বভুক্তয়ে ন তু মৃক্তয়ে ॥

(বিবেকচ্ডামণি ৫৮)

এই সব ব্যাথ্যায় অর্থ, যশ মানসম্রমাদি ভোগস্থ্থলাভ হয়, কিন্তু আধ্যাত্মিক জীবনে এর কোন দামই নেই। বরং অকাজে লাগে, পাণ্ডিত্যের অভিমান হয়। অপরকে মুগ্ধ করার জন্ম যে পাণ্ডিত্য, ঠাকুরের দৃষ্টিতে তার মূল্য এক কানাকড়িও নয়। ঠাকুর এক বিখ্যাত ভাগবত-পণ্ডিতের গল্প বলতেন। তিনি শান্ত আলোচনা ক'রে রাজাকে জিজ্ঞাসা করতেন, রাজা বুঝেছেন কিনা। রাজাও প্রতিপ্রশ্ন করতেন-পণ্ডিত বুঝেছেন কিনা। কিছুদিন এ-রকম প্রশ্ন-প্রতিপ্রশ্ন চলার পর, পণ্ডিতের শুভবৃদ্ধির উদয় হ'ল। তিনি বুঝলেন যে সারা জীবন ধ'রে তিনি কেবল ভাগবত ব্যাখ্যাই করেছেন, কিন্তু জীবনে তা কাজে লাগানো হয়নি। এই ভেবে তিনি সংসার ত্যাগ করলেন। যাবার আগে রাজাকে খবর পাঠালেন, 'রাজা, এবার আমি বুঝেছি।' ভাগবত বলেছে—মন শুদ্ধ ক'রে ঈশ্বরে তা সমর্পণ করতে। যতক্ষণ তানা করা যায়, ততক্ষণ যথার্থ বোঝা হয় না। ঠাকুর তাই বলছেন যে, পণ্ডিত খুব লম্বা লম্বা কথা বলে, কিন্তু নজর কাম-

কাঞ্চনে, দেহস্থ ও টাকায়। যেমন শকুনি খুব উচুতে ওড়ে, কিন্ত নজর ভাগাড়ে, কেবল খুঁজছে কোথায় মরা গ্রু।

আবার হয়তো নরেন্দ্র দিকে নজর পড়েছে, তাই গিরিশকে বলছেন, "নরেন্দ্র খুব ভাল; গাইতে, বাজাতে, পড়ায় শুনার বিভায়; এদিকে জিতেন্দ্রিয়, বিবেক বৈরাগ্য আছে, সত্যবাদী। অনেক গুণ।" মাস্টারকে সাক্ষী ধরেছেন, "কেমন্গা, খুব ভাল নয়?" মাস্টারমশায় সমর্থন জানাচ্ছেন, "আজ্ঞে হাঁ, খুব ভাল।" এ-সব কথা বলার ছটি উদ্দেশ্য আছে। এক ভক্তদের পরম্পরের মধ্যে নিবিড় সম্পর্ক, সমাদর ও শ্রুদার ভাব স্থাপন। বিতীয়—একজনের একটি গুণের কথা বললে অন্তরা বুঝবে ঠাকুর এটির সমাদর করেন। তাঁদের মধ্যে সেটি আনার চেটা করতে হবে। তাই একের কাছে অপরের প্রশংসা করতেন।

গিরিশ যোষ

ি গিরিশের প্রদক্ষ একটু আগে করেছেন, এবার তার পুনরার্ত্তি ক'রে বলছেন, "ওর খুব অন্থরাগ আর বিশ্বাদ।" মান্টার অবাক্ হইয়া গিরিশকে একদৃষ্টে দেখিতেছেন। গিরিশ ঠাকুরের কাছে কয়েকদিন আদিতেছেন মাত্র। মান্টার কিন্তু দেখিলেন যেন পূর্বপরিচিত—অনেক দিনের আলাপ – পরমাত্মীয়—যেন একস্ত্রে গাঁথা মণিগণের একটি মণি।"

গিরিশের সঙ্গে ঠাকুরের সম্পর্ক অভুত, কল্পনার অতীত বস্তু। ঠাকুর গিরিশের শত অত্যাচার সহ্থ করতেন। কথনো কথনো তিনি ঠাকুরকে অকথ্য ভাষায় গালাগাল দিতেন। একটি দিনের ঘটনা— নেশাচ্চন্দ্র গিরিশ ঠাকুরকে অতি অপমানস্তচক ত্র্বাক্য বলেছেন। দক্ষিণেশ্বরে ঠাকুর চলে যাবার পর গিরিশ ভাবছেন, 'এ কি কেউ সহ্থ করে? আর তাঁর কাছে যাওয়া হবে না, যদি ভাঁর কাছে যেতে না পারি, আমার জীবনের কোনো দার্থকতা নেই।' ভাবছেন আর অজ্ঞ

অশ্রধারায় ভাসছেন। এদিকে ঠাকুর দক্ষিণেশ্বরে চঞ্চল হয়ে উঠেছেন। বলছেন, 'আমাকে গিরিশের কাছে যেতে হবে।' ঘটনার প্রত্যক্ষদশী ভক্তেরা অবাক হয়ে ভাবছেন, গিরিশ ঠাকুরকে এমন অকথ্য ভাষায় গালাগালি দিলেন, তবুও ঠাকুর তাঁর কাছে যাবার জন্ম এত বাস্ত কেন! এ এক আশ্চর্য ব্যাপার, তাঁদের কল্পনার অভীত। শত প্রতিবাদ সত্ত্বেও ঠাকুর যথন শুনলেন না তথন তাঁরা গাড়ী আনালেন। যেতে যেতে ঠাকুরের অর সইছে না, তাড়াতাড়ি চালাতে বলছেন। বাড়ীর কাছাকাছি গিয়ে তিনি গাড়ী থেকে নেমে ক্রতপদে চলেছেন। ঘরে ঢুকে গিরিশকে ঐ অবস্থায় দেখলেন। গিরিশ সাষ্টাঙ্গে প্রণিপাত ক'রে বললেন, 'আপুনি যে অবতার, এ সম্বন্ধে আর কোনও সন্দেহ থাকতে পারে? কিন্তু আমারই বা দোষ কি? যাকে বিষ দিয়েছেন, দে বিষ ছাড়া আর কি দিয়ে আপনার পূজো করবে ?' ঠাকুর বুঝলেন : আগেই জানতেন, তার মন ব্যাকুল হয়েছিল, তাই স্বয়ং এদে গিরিশের মনকে শাস্ত করলেন।

পার্ষদদের সঙ্গে ঠাকুরের এইরকম নিবিড় সম্বন্ধ ছিল। তিনি বলতেন, কাকেও দেখলে একেবারে দাঁড়িয়ে পড়ি কেন জানিস ? বছকালের পরিচয়, কিন্তু অনেক দিন অদর্শনের পর হঠাৎ মিলন হ'লে প্রাণটা যেমন লাফিয়ে ওঠে তাকে গ্রহণ করার জন্ম, দেইরকম একেবারে তিড়িং ক'রে লাফিয়ে উঠি।' অন্তরঙ্গ কিনা বাছবার এই প্রক্রিয়া। অবশ্য গিরিশকে এত ভালবাসলেও তাঁর ত্যাগী সন্তানদের সাবধান ক'রে দিচ্ছেন, 'দেখ গিরিশ খ্ব ভাল, কিন্তু রম্থন-গোলা বাটি, রম্থনের গন্ধ যায় না।' অর্থাৎ ত্যাগী সন্তানদের গায়ে যেন এ গন্ধটি না লাগে। যে গিরিশকে এত ভাল ব'লে প্রশংসা করছেন, তার থেকেও ভক্তদের সাবধান ক'রে দিচ্ছেন। গিরিশ ঠাকুরকে কটুকথা বলেন, ঠাকুর খুশী হয়ে তাই গ্রহণ করেন দেখে এক ভক্ত ভাবল এই

রকম গাল দিলে বুঝি ঠাকুর খুশী হন। তিনি একবার গিরিশের অনুসরণে, অতটা না হলেও সেইরকম স্বচ্ছল ব্যবহার করছেন দেখে ঠাকুরও হেদে বলছেন, 'ওরে, ওটা তোর ভাব নয়।' গিরিশের বা তাঁর নরেন্দ্রের পক্ষে যা পথ্য, অপরের পক্ষে তা নয়। ঠাকুর এ ব্যাপারে খুব সতর্ক হয়ে হিসাব ক'রে দেখেন, কার কি পথা হওয়া উচিত। অপবের অতুকরণ এভাবে করলে অকল্যাণ হবে: একদিন ভারককে (স্বামী শিবানন্দ) ঠাকুরের কথাগুলি নোট করতে(টুকতে) দেখে হেদে বললেন, 'ও তোর জন্ম নয়, ওজন্ম আন্ত লোক আছে।' আবার শ্রীম লিখে বাখতেন ব'লে ঠাকুর তাঁকে জিজ্ঞাসা করতেন, 'আচ্ছা, সেদিন ওমুক বাড়ী গিয়ে কি বললাম, বলো দেখি ?' মাস্টারমশায় উত্তর দিলে বলতেন, 'আব কি বলেছি ?' এমনি ক'রে সমস্ত দিনের ঘটনাটি মাস্টারমশায়ের মনে আছে কিন: খুঁটিয়ে খুঁটিয়ে জেনে নিতেন। আবার সংশোধন ক'রে বলতেন, 'না, ও কথা বলিনি, এই কথা বলেছি।' এ যেন ছাপার পর ভুল দংশোধনের জন্ত যেমন প্রফ (proof) দেখা হয় সেইরকম। শ্রীমকে দিয়ে এই কাজ করাবেন ব'লে তাকে এইভাবে তৈরী করেছেন।

নরেন্দ্র নাথ

তেমনি আবার নরেন্দ্রনাথকে সংঘনেতারূপে তৈরী করছেন। তাঁর বয়স তথন অনেকের চেয়ে কম হলেও তিনি তার ভিতর ভবিশ্বৎ নেতাকে দেখছেন। সাক্ষাংভাবে সকলকে বলছেন, 'নরেন শিক্ষে দিবে।' তাঁর গুরুভাইয়েরা জেনে নিয়েছেন যে, নরেন্দ্র তাঁদের ঠাকুরের নিয়োজিত নেতা এবং তাঁদের নরেন্দ্রের আদেশ শিরোধার্য ক'রে চলা উচিত। তাই তাঁরা শতভেদ সত্তেও নরেন্দ্রের নেতৃত্ব অকুঠভাবে বরণ ক'রে নিয়ে তাঁর আজ্ঞাবহ থেকেছেন। আগে থেকে ঠাকুর তাঁকে এইভাবে তৈরী করেছেন। গিরিশকেও বিশ্বাদের দৃষ্টান্তরূপে দাঁড় করাবার জন্ম তাঁকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। এই রকম ক'রে তাঁর পার্যদদের ভিতর এক-একটি অলোকিক দৃষ্টান্ত রেথে গিয়েছেন। তাঁরা এক-একজন এক-একদিকের দিক্পাল হয়ে উঠেছেন। এক-একজনের মধ্যে এক-একটি বিশেষ ভাব ফুটে উঠেছে, দেটিকে পরিপূর্ণভাবে জীবনে ফুটিয়ে তোলার জন্ম তাকে উৎসাহিত করছেন, আবার অন্ধ কেউ তা অন্ধকরণ করলে তাকে নিষেধ করছেন। পাকা গিন্ধীর মতো কার পেটে কি সয়, তা জেনে খাল্ম পরিবেশন করছেন। তাঁরই কথা, 'যার পেটে যা সয়, মা তাকে তাই দেন।' প্রত্যেকের ভিতর পৃথক্ভাব বা আদর্শ ফুটিয়ে তুল্ছেন, তারই দৃষ্টান্ত এখানে দিছ্ছেন।

নারায়ণ এবার ঠাকুরকে জিজ্ঞাসা করছেন, তাঁর গান আর হবে কিনা। সাধারণের শুনলে মনে হবে, নারায়ণ ছেলেমায়য়, সে আবার ঠাকুরকে জিজ্ঞাসা করছে, গান হবে কি না। প্রকৃতপক্ষে, এই রকম সম্বন্ধ ছিল। সাপুড়ের বাঁশিতে যেমন সাপ সম্মোহিত হয়ে যায়, তেমনি ঠাকুরের গানে তাঁর পার্যদরা মৃয়, অভিভূত, ভাবে বিভোর হয়ে যেতেন।

সঙ্গীত ও ঈশ্বরীয় ভাব

ঠাকুর তাঁর ভক্তদের ভোরের সময় কেমন ক'রে সাধন ভজন করতে বলতেন, সেই বিষয়ে একদিন জিজ্ঞাসিত হয়ে স্বামী শিবানন্দ মহারাজ বলেছিলেন, 'আর বাবা! ঠাকুর থুব প্রভাবে উঠে মধুর স্বরে নাম করতেন। সেই নামে পাষাণ গলে যায়। তথন সাধন ভজন, ধ্যান জপ ছাড়াই মন অনেক উচুতে উঠে যেত। সঙ্গীতের এমনই প্রভাব, আর তাঁর কঠোখিত স্নমধুর গানের প্রভাব আরো বেশী। ঠাকুরের ভক্তেরা বলতেন ঠাকুর এবং নরেন্দ্রের গান ছাড়া এইভাবে তৈরী করেছেন। গিরিশকেও বিশ্বাদের দৃষ্টান্তরূপে দাঁড় করাবার জন্ম তাঁকে এগিয়ে নিয়ে যাচছেন। এই রকম ক'রে তাঁর পার্যদদের ভিতর এক-একটি অলোকিক দৃষ্টান্ত রেখে গিয়েছেন। তাঁরা এক-একজন এক-একদিকের দিক্পাল হয়ে উঠেছেন। এক-একজনের মধ্যে এক-একটি বিশেষ ভাব ফুটে উঠেছে, দেটিকে পরিপূর্ণভাবে জীবনে ফুটিয়ে তোলার জন্ম তাকে উৎসাহিত করছেন, আবার অন্ধ কেউ তা অন্ধকরণ করলে তাকে নিষেধ করছেন। পাকা গিন্নীর মতো কার পেটে কি সয়, তা জেনে থাল্য পরিবেশন করছেন। তাঁরই কথা, 'যার পেটে যা সয়, মা তাকে তাই দেন।' প্রত্যেকের ভিতর পৃথক্ভাব বা আদর্শ ফুটিয়ে তুলছেন, তারই দৃষ্টান্ত এথানে দিছেন।

নারায়ণ এবার ঠাকুরকে জিজ্ঞাসা করছেন, তাঁর গান আর হবে কিনা। সাধারণের শুনলে মনে হবে, নারায়ণ ছেলেমায়য়, সে আবার ঠাকুরকে জিজ্ঞাসা করছে, গান হবে কি না। প্রকৃতপক্ষে, এই রকম সম্বন্ধ ছিল। সাপুড়ের বাঁশিতে যেমন সাপ সম্মোহিত হয়ে যায়, তেমনি ঠাকুরের গানে তাঁর পার্যদরা মৃয়, অভিভূত, ভাবে বিভোর হয়ে যেতেন।

সঙ্গীত ও ঈশ্বরীয় ভাব

ঠাকুর তাঁর ভক্তদের ভোরের সময় কেমন ক'রে সাধন ভজন করতে বলতেন, সেই বিষয়ে একদিন জিজ্ঞাসিত হয়ে স্বামী শিবানন্দ মহারাজ বলেছিলেন, 'আর বাবা! ঠাকুর থ্ব প্রত্যুধে উঠে মধুর স্বরে নাম করতেন। সেই নামে পাধাণ গলে যায়। তথন সাধন ভজন, ধ্যান জপ ছাড়াই মন অনেক উচুতে উঠে যেত। সঙ্গীতের এমনই প্রভাব, আর তাঁর কণ্ঠোখিত স্নমধুর গানের প্রভাব আরো বেশী। ঠাকুরের ভক্তেরা বলতেন ঠাকুর এবং নরেন্দ্রের গান ছাড়া আর কারো গান কানে লাগে না। অভুত দে সঙ্গীত !—তাকে সাধনের একটি অন্তরঙ্গ উপায় ব'লে তাঁর সন্তানেরা মনে করতেন। তাঁরা দকলেই গান করতেন এবং অনেকেই বেশ স্কণ্ঠ ছিলেন। অভুত দে গান! সেই গানই যথন এত মিষ্টি লাগত, তথন তাঁরা যে গানে দম্মেহিত হতেন, দে গান না জানি কত মধ্ব ছিল!

স্থামিজীর মতো তাঁর গুরুভাইদের অত শান্ত্রীয় সঙ্গীতের গভীর জ্ঞান হয়তো ছিল না; কিন্তু তাঁদের সকলেরই গানের সাবলীল ভঙ্গী যেন সমস্ত হাদয় নিংড়ে বেরোত। যাঁরা সাধক তাঁদের ভিতরও যাতে এই সঙ্গীত-প্রীতি আদে, তাঁরা সে চেষ্টা করতেন। সঙ্গীতের আনন্দের ভিতর দিয়ে ভগবদ্-আনন্দের রস লোকের মনে আসবে, তাই সকলের সঙ্গীতের প্রতি আকর্ষণ হ'ক, ঠাকুর এই চাইতেন। ঠাকুরের সন্থানেরাও সকলেই তাই চাইতেন। স্থামী ব্রহ্মানন্দ তাঁর সেবকদের মধ্যে কয়েকজন স্থকণ্ঠ গায়ক রাথতেন। স্থকণ্ঠ ব'লে তিনি তাদের ভালবাসতেন এবং গান শুনতেন। মহারাজের সামনে গান হ'লে তার মর্থাদা বেড়ে যেত! একদিকে গানের স্থব ভাব মাধুর্য আর অপরদিকে মহারাজের ভাব গান্তীর, মাঝে মাঝে সমাধিস্থ হ'রে যাওয়া। যাঁরা উপস্থিত থাকতেন তাঁরা সেই সংক্রামিক। শক্তির হারা একেবারে অভিভূত হ'য়ে যেতেন। এই হচ্ছে সঙ্গীতের মাধুর্য।

শ্রীরামরুঞ্চ মধুর কণ্ঠে মায়ের গান করছেন। 'যতনে হৃদয়ে রেথো, আদরিণী আমা মাকে', 'গো আনন্দময়ী হ'য়ে মা, আমায় নিরানন্দ কোরোনা', 'শিবসঙ্গে সদারজে আনন্দে মগনা'—এই তিনটি গান করলেন। ভক্তেরা একদৃষ্টে ঠাকুরের আত্মহারা মাতোয়ারা ভাল্পছেন। এই গান সম্পর্কে একটি কথা বলার আছে। ঠাকুর যে সন্গান গাইতেন বা পছন্দ করতেন, সেগুলি বিধাদের নয়, আনন্দের গান আর যে সব গানে 'পাপী তাপী' আছে, তা তিনি পছন্দ করতেন না

তিনি বলতেন, 'আমি পাপী. আমি পাপী' যে বলে, দে শালা পাপী হয়ে যায়। ঠাকুরের গানের বৈশিষ্ট্য—ভাব তো পূর্ণ মাত্রায় থাকতই, গানের অন্তর্নিহিত ভাবটি তাঁর সারা দেহের ভিতর দিয়ে অভিবাক্ত হ'ত। এইজন্ম দে গানের যে অসাধারণ মাধুর্য, তা অন্ত কোথাও আশা করা যায়না।

ঠাকুরের দেহমনের একভানভা

ঠাকুরের দেহমন এমন একটি যত্র হ'য়ে উঠেছিল যে, যে-ভাবটি দেখানে উঠত, তা পরিপূর্ণ রূপে প্রকাশিত হ'ত। ছোট শিশু যখন সরল থাকে, তাদের মনে কোন ভাব হ'লে সমস্ত দেহের মধ্যে ত। ফুটে ওঠে। তারা কথা বললে লক্ষ্য করা যায়, সমস্ত দেহ দিয়ে তারা কথা বলছে। ঠাকুরের ঠিক এইরকম ছিল। যে দেবতার চিন্তা বা ভাব মনে উঠছে, দেহটি দেই ভাবে ভাবিত হ'ত। এ-বকম অনেক দৃষ্টান্ত কথামৃত বা অক্তর পাওয়া যায়। যেমন শ্রামপুকুরের বাড়ীতে থাকাকালে ঠাকুরের কথামত কালীপূজার আয়োজন হয়েছে। প্রতিমা আনা হয়নি, কে পূজারী হবেন, তা ঠিক হয় নি। পূজার কথা বলতে বলতে হঠাৎ ঠাকুর মায়ের ভাবে এমন ভাবিত হলেন যে, তিনি বরাভয়করা হ'য়ে গেলেন। গিরিশ প্রভৃতি তথন দেখছেন যে, মায়ের জন্ম আর মাটির প্রতিমা কি দরকার ? এই তোমা। সাক্ষাৎমা। তখন সকলে 'জয় মা', 'জয় মা' ব'লে তাঁর চরণে পুলাঞ্জলি দিচ্ছেন। ঠাকুর সমাধিস্থ। আলৌকিক নয়, লৌকিক দৃষ্টিতে দেখতে হবে যে, বিশেষ বিশেষ কাল-মাহাত্মা অমুসারে ঠাকুরের ভিতর যে ভারটি ফুটে উঠত, সমস্ত দেহও তাতে রূপায়িত হ'ত। কালীপূজার দিন মান্তের চিন্তা মনে উঠতেই দেহটি সেই ভাবে ভাবিত হ'ল।

শান্তের এই দিদ্ধান্ত উপাদক দীর্ঘ সাধনার পর এই অবস্থা থানিকটা

লাভ করতে পারে। উপাদনা শব্দের এইভাবে ব্যাখ্যা করা হয়েছে যে, যাঁর উপাদনা করছে তাঁব কথা ভাবতে ভাবতে উপাদক উপাস্থে রূপান্তরিত হ'য়ে যায়। যাঁরাই ঠাকুরকে দেখেছেন, তাঁরাই একথা বলেছেন। শুধু শ্লামপুক্রে নয়, অন্তর্জ এইবকম ঘটনা অনেক আছে। এ জগন্মাতার হাতে তৈরী এমন নিখুঁত এক যন্ত্র, যে যন্ত্রের প্রতিটি তার ভাবের সঙ্গে একহারে বাঁধা এবং দমন্ত দেহ দেই ভাবটি চারিদিকে প্রবাহিত করছে। ভাবের এই পূর্ণাঙ্গ অভিব্যক্তি, সমস্ত দেহমন দিয়ে ভাবের এই যে অক্সরণন, এ কেবল শ্রীরামক্বফের মতো অবতার পুরুষদের ক্ষেত্রেই দন্তব।

(চীদ্দ

কথামূভ--১।১৪।৪-৫-৬

ঠাকুরের আচরণ ও লোকশিক্ষা

আলোচ্য অংশের প্রথম ছটি পরিচ্ছেদ প্রধানতঃ বর্ণনামূলক। প্রথমে সন্ধার বর্ণনা। দিন যায় রাত্রি আসে—এই দন্ধিকণে কালের কি একটা মাহাল্ম আছে, যখন সাধকেরা সন্ধা উপাসনা করেন। ঠাকুর বলতেন, কাল-মাহাল্ম মানতে হয়। বিশেষ বিশেষ ক্ষণে ঠাকুরের মধ্যে বিশেষ ভাবের উদয় হ'ত। সন্ধা হয়েছে, ঠাকুর অক্তত্র যেমন করেন, এখানে বলরাম-মন্দিরেও মধুর স্বরে নাম করছেন। সকলে উদ্গ্রীব ও উৎকর্ণ হ'য়ে শুনছেন। এমন মিষ্টি নাম, যেন স্থধাবর্ষণ হচ্ছে। ঠাকুরের এই মধুর নামসংকীর্তন সকলকে বিশেষ ক'রে আকর্ষণ ক'রত। যারা

শুনেছেন তাঁরা চিরকাল মনে রেখেছেন। মাস্টারমশার সেটি উপলব্ধি ক'রে বলছেন, "এই প্রেমিক সন্মাসী কি স্থলর-রূপধারী অনন্ত ঈশ্বর ?

এইথানেই কি পিপাস্তর পিপাসার শান্তি হইবে?" ঠাকুর এর আগে অবতারের বর্ণনা প্রদক্ষে বলেছেন, সমস্তই ঈশ্বর, তবে অবতার কি

অবতারের বর্ণনা প্রদক্ষে বলেছেন, সমস্তই ঈশ্বর, তবে অবতার কি রকম ?—'না, গরুর বাঁট দিয়ে যেমন তার ছধ আনে, তেমনি অবতারের ভিতর দিয়ে ভগবানের বিশেষ ভাব—বিশেষ শক্তির প্রকাশ।' যে বিশেষ

অমৃত তিনি বর্ষণ করছেন, তা তাঁর মতো অবতারের ভিতর থেকেই প্রবাহিত হয়। নামগুণকীর্তনান্তে ঠাকুর শিশুর মতো সরল ভাষায় প্রার্থনা করছেন। মাস্টারমশায়ের মনে এই বিশেষ চিন্তা এল, যিনি সর্বদাই তাঁর নাম করছেন, তাঁর আর সন্ধ্যাকালে নাম করবার কি

প্রয়োজন ? পরক্ষণেই ঠাকুরের আর একটি দিক তাঁর মনে প'ড়ল, লোকশিক্ষার জন্ম ঠাকুর মানবদেহ ধারণ করেছেন। অতএব লোক-শিক্ষার জন্ম যা করা দরকার, তাই করছেন। সন্ধ্যাবেলা জীবকে নাম-গুণগান করতে শিক্ষা দিচ্ছেন নিজে আচরণ ক'রে। 'হরি আপনি এসে, যোগিবেশে, করিলে নামসংকীর্তন।'

গিরিশ ঠাকুরকে তাঁর বাড়ীতে যাবার জন্ম নিমন্ত্রণ করছেন। সেই

রাত্রেই যেতে হবে। মনে হয় যেন ঠাকুরের একটু অনিচ্ছা ছিল, তাই বললেন, 'রাত হবে না?' গিরিশ জানালেন 'না, যথন ইচ্ছা আপনি যাবেন, আমার আজ থিয়েটারে যেতে হবে। তাদের ঝগড়া মেটাতে হবে।' ভাবটা হচ্ছে—গিরিশের কথা ঠাকুর উপেক্ষা করতে পারেন

হবে।' ভাবটা হচ্ছে—গিরিশের কথা ঠাকুর উপেক্ষা করতে পারেন না, নিমন্ত্রণ করেছেন, গিরিশ থাকুন, আর না থাকুন, যেতেই হবে। বলরামও ঠাকুরের থাবার প্রস্তুত করেছেন। ঠাকুর তাঁকে থাবার পাঠিয়ে দিতে বলছেন, বলরামের অন্ন তিনি ভালবাদেন, এটি বোঝাবার

জন্ম। গিরিশের বাড়ী যাবেন, দোতলা থেকে নীচে নামতে নামতে ভগবভাবে বিভোর। ঠাকুরের এই ভাবগুলি ভক্তেরা বিশেষভাবে লক্ষ্য করতেন। ঠাকুর ভাবে বিভোর, কারণ গিরিশ ভক্ত; ভক্তকে মনে হওয়ায় ভগবদ্ভাবে বিভোর হ'য়ে গেলেন। চলেছেন যেন মাতাল! এমনিতে ঠাকুর বেশী চলতে পারতেন না। কোথাও যেতে হ'লে ঘোড়ার গাড়ীতে (তখন প্রচলিত ছিল) যেতেন। বলরামের বাড়ী থেকে গিরিশের বাড়ী খুব কাছে। ঠাকুর এত তাড়াতাড়ি চলেছেন যে অপরে তাঁর সঙ্গে যেতে পারছেন না। একাগ্রতার ফলে তাঁর মনে যথন যে চিস্তাটি উঠত, দেই একটি চিস্তাই তথন থাকত। কোনও কাজ 'করছি, করব, হচ্ছে, হবে'—এ ভাব ঠাকুর সহু করতে পারতেন না। এখনই, এই মুহুর্তে ক'রতে হবে—এই ছিল তাঁর ভাব। তাঁর সমস্ত জীবনে সব কাজ এইভাবে অনুষ্ঠিত হয়েছে। যে চিস্তা করতেন, তার জন্ত সমস্ত মন এত ব্যাকুল হ'য়ে থাকত যে, অন্ত চিন্তা সেথানে প্রবেশ করতে পারত না। গিরিশের বাড়ী যাবেন, সেই চিন্তা তাঁর মনে প্রধান, তথন আর অন্ত চিস্তা তাঁর মনে স্থান পাচ্ছে না, তাই এত তাড়াতাড়ি পা ফেলে চলেছেন।

সেই ভাবাবস্থায় নরেক্রকে দেখলেন; কথা বলতে পারলেন না। পরে ভাব অপেক্ষাক্বত প্রশমিত হ'লে বললেন, "ভাল আছ, বাবা? আমি তথন কথা কইতে পারি নাই।" প্রতিটি অক্ষর করুণামাথা! তারপর চলতে চলতে হঠাৎ ঘুরে দাঁড়িয়ে বললেন, "একটা কথা—এই একটি (দেহী?) ও একটি (জগৎ?)।" মান্টারমশায় এর ব্যাখ্যা করেননি। বন্ধনীর মধ্যে জিজ্ঞাসার চিহ্ন দিয়ে বলছেন 'এই' একটি মানে কি দেহী? এবং 'ও' একটি মানে কি জগং? জীব ও জগৎ? চৈতন্ত এবং চৈতন্তের যে বাহ্ন প্রকাশ—জীব-জগৎ? মান্টারমশায়

ভাবছেন, "ভাবে এদৰ কি দেখিতেছিলেন ? তিনিই জানেন, অবাক্ হ'য়ে কি দেখিলেন!" ঠাকুৰ একথাটি বললেন, মনে হ'ল যেন বেদবাক্য — যেন দৈৰবাণী। মান্টাৰমশায় বলছেন, "যেন অনন্ত দমুদ্ৰেৱ তীৱে গিয়াছি ও অবাক্ হ'য়ে দাঁড়াইয়াছি; আর যেন অনস্ততরঙ্গমালোখিত অনাহত শব্দের একটি-ছটি ধ্বনি কর্ণকুহরে প্রবিষ্ট হইল।"

নিভ্যগোপাল

ঠাকুর গিরিশের দরজায় এসে উপস্থিত। গিরিশ দ্বারদেশে প্রতীক্ষা করছিলেন। ঠাকুর নিকটে এলে সাষ্টাঙ্গে প্রণিপাত করলেন এবং ভক্তমঙ্গে ঠাকুরকে দোতলার বৈঠকখানা ঘরে নিয়ে গেলেন। আসন গ্রহণ করতে গিয়ে ঠাকুর দেখলেন একখানা খবরের কাগজ প'ডে বয়েছে। তাঁর ইঙ্গিতে সেটি স্থানাস্তরিত করা হ'ল। থবরের কাগজে বিষয়ীদের কথা আছে, ভাই তাঁর বিতৃষ্ণা; পরনিন্দা পরচর্চা করা আছে, তাই অপবিত্ত। কাগজটি সরাবার পর ঠাকুর আসন গ্রহণ করলেন। নিতাগোপাল প্রণাম করলেন। ঠাকুর তাঁকে জিজ্ঞাদা করলেন, "তথানে ?" (অর্থাৎ দক্ষিণেশ্বরে যাসনা ?) নিত্যগোপাল বল**ছে**ন, যান নি-কারণ শরীর থারাপ, ব্যথা (তাঁর অম্বলের ব্যথা হ'ত)। ঠাকুরের প্রশ্ন, "কেমন আছিস?" নিত্যগোপাল বলছেন, "ভাল নয়।" ঠাকুর বললেন, "হুই-এক গ্রাম নীচে থাকিস।" অত চড়া থাকলে শরীর থাকবে না। ভাব প্রব**ল হ'লে সাধারণ দেহ তাকে ধারণ** করতে পারবে না। ঠাকুর বলতেন, শ্রীমতী, শ্রীচৈতন্ত এঁদের মহাভাব হ'ত । অবতার পুরুষেরা এই মহাভাবটি ধারণ করতে সক্ষম হন। মহাভাবের বর্ণনা নিজের অন্নভবের মধ্য দিয়ে ঠাকুর বলছেন, 'কি রকম জানিস ?' ছোট একটা পুকুরে দশটা হাতি নেমে ওথাল পাথাল ক'রে দেয়।' সাধারণ মানুষের শরীর সে বেগ ধারণ করতে না পেরে ভেঙে যায়। অবতারের দেহ অন্য ধাতুতে গড়া, তাতে ভাবের আবেগ ধারণ করা সম্ভব। এ জিনিসটি আমাদের কাছে অকল্পনীয়। কারণ আমাদের দেহে স্থুল অন্তভূতি হয় ব'লে ঐগুলির সঙ্গে আমাদের পরিচয় হয় না 🖟 স্ক্র অন্নভূতির তীব্রতার কোনও ধারণা আমাদের হয় না। অসাধারণ তীব্র সে অরুভূতি। বাস্তব জ্বগতে দেখা যায়, প্রবল শোকে অভিভূত হ'লে মানুষের দেহ সেই শোকের বেগ ধারণ করতে পারে না। যেমন ত্বংথ, তেমনই স্থথ সম্পর্কেও এ-কথা প্রযোজ্য। ভগবদ-আনন্দে যে বিপুল স্থ বা ভগবদ্-বিরহে যে বিপুল তুঃথ হয় শুদ্ধ-সত্ত্ব ভক্তদেহ না হ'লে সে তীত্র আবেগ ধারণ করা অসম্ভব। তাই ঠাকুর নিত্যগোপালকে হু-এক গ্রাম নীচে থাকতে বললেন। নিত্য-গোপাল উত্তরে জানালেন, ভারক দঙ্গে থাকে কিন্তু তাকেও সময়ে সময়ে তার ভাল লাগে না। ঠাকুর দৃষ্টাস্ত দিয়ে বলছেন, "ক্যাংটা ব'লত, তাদের মঠে একজন সিদ্ধ ছিল। সে আকাশ তাকিয়ে চলে ষেত; গণেশগজী—সঙ্গী যেতে বড় তুঃখ—অধৈর্য হ'য়ে গিছলো।" সঙ্গীর শরীর যাবার পর সাধুটি অত্যন্ত বেদনা বোধ করেছিলেন। তারপর থেকে অন্তের দঙ্গ তাঁর ভাল লাগত না। 'গণেশ গর্জী' শর্কটি কি অর্থে ঠাকুর প্রয়োগ করেছেন, তা বোঝা যায় না। অন্ত কোথাও শক্টির প্রয়োগ নেই। পূর্বাপর দেখলে মনে হয়, তুনিয়াকে উপেক্ষা ক'রে নিঃসঙ্গ ভাবে হাতীর মতো গর্জন করতে করতে তিনি চলে যেতেন। এই কারো জন্ম অপেকা নারাথাজ্ঞানীর লক্ষণ। অনপেক্ষ অর্থাৎ কোনও বস্তু বা ব্যক্তির অপেক্ষা না রাখা। সম্পূর্ণ স্বতন্ত্র, কারো সঙ্গে যেন সম্বন্ধ নেই।

'তুই এসেছিস্? আমিও এসেছি'

কথা বলতে বলতে হঠাং ঠকুরের ভাবাস্তর হ'ল। কি ভাবে অবাক্ হ'য়ে রইলেন। কিছুক্ষণ পর বলছেন, "তুই এসেছিন্ ? আমিও এসেছি।" মান্টারমশায় বলছেন, 'এ কথা কে বুঝিবে ? এই কি দেব-ভাষা ?' এ কথাটির কোন ব্যাখ্যা করার চেষ্টা তিনি করেন নি। আমরা ব্যাখ্যা করতে গেলে নিজেদের মনোভাব আরোপ করা হবে, তাতে ভুল হবে। এটা কি এই ভাবের কথা যে, শ্রীরামক্লফ একা নন, তাঁর পার্যদদেরও সঙ্গে নিয়ে এসেছেন! তাই বললেন, "তুই এসেছিদ্? আমিও এসেছি।" অন্তত্ত্ব ঠাকুর বলেছেন, 'কলমীর দল একটিকে টানলে সব দলটি আসে।

ঠাকুরের বর্ণনা থেকে জানতে পারি যে, (লীলাপ্রসঙ্গে আছে) অথণ্ডের ঘরে সপ্তর্ধি ধ্যানমগ্ন ছিলেন। দেখানে একটি দেবশিশু গুটি কোমল বাছ দিয়ে নর-ঋষির গলা জড়িয়ে ধরেছেন। দেই স্পর্শে ঋষি চোথ চাইলেন। তথন দেবশিশু বলছেন, 'আমি যাচ্ছি, তোমাকেও যেতে হবে।' ঋষি সে কথা শুনে একটু হাসলেন। পরক্ষণে আবার চক্ষ্মিত্রত ক'রে ধ্যানমগ্ন হলেন। ভাব মনে হচ্ছে এই, (এর ব্যাখ্যা লীলাপ্রসঙ্গকার করেন নি) ঠাকুর নিজে দেবশিশু, জগৎ-কল্যাণের জন্ম তিনি দেহ ধারণ ক'রে আসছেন। স্বামীজ্ঞীকে তাঁর কর্মের সহকারীরূপে আসতে হবে, তাই তিনি নর-ঋষিকে এ-কথা বলছেন। এই দেবশিশুটির বর্ণনা লীলাপ্রসঙ্গকার অপূর্ব কবিত্বময় ভাষায় দিয়েছেন।

অথণ্ডের ঘরের থানিকটা জমে একটি শিশুর আকারে পরিণত হয়েছে। কথাটি সাধারণের বুদ্ধির অতীত। দেবশিশু ধ্যানময় ঋষিকে যাবার জন্ম বলায় ঋষি সম্মতিস্টিক হেসে ধ্যানময় হলেন। ভাব এই, তোমার এই ত্র্বার আকর্ষণ কে উপেক্ষা করবে ? দেবশিশুর ত্র্বার আকর্ষণ ধ্যান-ময় ঋষিরও ধ্যান ভঙ্গ করে। সমাধির গভীর আনল্দ ত্যাগ ক'রে দেবশিশুর অহুগমন করতে হয়। বলছেন, আমি যাচ্ছি, তুমিও এসো। প্রশ্ন নেই, যাবে কি না। ছোট শিশুরা যেমন আনার করে— দেইরকম। দেই আনারের বিরুদ্ধে তর্ক করার উপায় নেই, যা বলছে শুনতে হবে। দেবশিশুর এ প্রেমের আদেশ স্বীকার করতে বাধ্য হলেন ঋষি। প্রেমের স্পর্শেই তাঁর ধ্যানভঙ্গ হ'ল। পরে আবার ধ্যানস্থ হলেন। এই

কলমীর দল, তিনি যথনই আদেন দক্ষে আনেন। তাদেওই লক্ষ্য ক'রে বলছেন, "তুই এসেছিস্? আমিও এসেছি।" অভিপ্রায় এই, এখন আবার নতুন ক'রে একটা খেলা চলবে, যতদিন না স্থল শরীর ত্যাগ করেন।

মান্টারমশায় বলছেন যে, একথা কে বুঝবে ? এই কি দেবভাষা ? দেবভাষা অর্থাৎ সাধারণ বুদ্ধির অতীত। আমাদের অক্সভৃতি দিয়ে এর অর্থ খুঁজে পাব না, যাঁরা 'এই অক্সভৃতি'র স্তরে বাস করেন, মাত্র তাঁরাই এর অর্থ বুঝবেন। অপরে কল্পনার জাল বুনে চলে শুধু। কোনটা ঠিক হয়, আবার কোনটা বা ভুল হয়। 'শ্রীম' এই কথাটিরও 'এই একটি, ও একটি'—এ কথারও কোন ব্যাখ্যা করলেন না।

জন্তা ও দৃষ্য

জ্ঞানীর দৃষ্টিতে তৃটি জিনিস পৃথক্রপে প্রতিভাত হয়—দ্রষ্টা এবং দৃষ্টা। এ তৃটিকে তিনি মিশিয়ে ফেলেন না। দ্রষ্টাকে কেবল দ্রুটারপে এবং দৃষ্টকে কেবল দৃষ্টারপে দেখেন। তা হ'লে একথাটির সঙ্গে খানিকটা মিল আদে, 'এই একটি' অর্থাৎ দ্রুটা একটি, এবং 'ও একটি' অর্থাৎ দৃষ্টা একটি; এ তৃটি সম্পূর্ণ পৃথক্। জগতে যতক্ষণ ব্যবহার চলে, ততক্ষণ তৃটিকে মিশিয়ে ব্যবহার হয়। সেই মিশ্রণের সীমাকে যেন অতিক্রম ক'রে ঠাকুর বলছেন, "এই একটি, ও একটি"— তৃয়ের সেখানে পৃথক্করণ হ'য়ে গিয়েছে, তৃটি মিশ্রিতরূপে প্রতীত হচ্ছে না—এ এক অর্থে হ'তে পারে।

আবার ঠাকুর যেথানে বলছেন 'তিনিই সব হয়েছেন'—সেথানে এই ভাব মনে হয়, যেন একমাত্র তাঁকেই দেখছেন। সর্বত্র তিনি এমন ওতপ্রোত হ'য়ে রয়েছেন যে, বৈচিত্র্যাময় জগতে তাঁর থেকে পৃথক্ সত্তা কিছু দেখছেন না।

আর একটি অবস্থা আছে, যেখানে ছটি আর ছটি নেই। যেখানে বৈচিত্ত্য নেই,—যেখানে সব দৃশ্যের বিলুপ্তি। একমাত্র যা ছিল, তাই

আছে—তাকে দ্রষ্টাপ্ত বলা চলে না। যেখানে দৃগু নেই, সেখানে দ্রষ্টাপ্ত নেই। তবু আমরা সেই ব্যবহারের অতীত অব্যবহার্থ যে তত্ত্ব, তাকে

বোঝাতে গিয়ে বলি তিনি নিত্য দ্রষ্টা, তথন তিনি দৃশ্যবর্গের অস্তর্ভুক্ত না। এভাবে আমরা বুঝি এবং বোঝবার জন্ম বলি, জগতের অম্ভবের ভিতর থেকে ঘটিকে পৃথক ক'রে ফেলতে—একটি দ্রষ্টা আর

একটি দৃষ্য। একটি তত্ত্ব, অন্তাটি তার উপর আরোপিত। পৃথক্ হ'লে

একমাত্র শুদ্ধতত্ত্ব যা, তাই অবশিষ্ট থাকে। দে তত্ত্বে সঙ্গে আর কোনো আরোপিত বস্তুর অন্নুভব হয় না। ঠাকুর যথন বলছেন, 'এই একটি, ও একটি,' তথন যেন জগৎকে সেই এক অন্বয় তত্ত্ব শেখাবার

জন্ম তিনি এসেছেন। তাই পৃথক্করণের নির্দেশ দিয়ে বলছেন, যেন ব্রহ্ম থেকে এই জগৎকে একেবারে পৃথক ক'রে দাও—একটি আত্মা, আর বাকি সব অনাত্মা। এই ছটিকে যথন সম্পূর্ণ আলাদা করা যায়, তার অবাবহিত পরেই হয় ব্রহ্মজ্ঞান।

কথামূত—১।১৪।৭

গিরিশ-নরেন্দ্র-ভর্ক

গিরিশগৃহে ভজপরিবৃত হ'য়ে ঠাকুর ঈশ্বর-প্রদক্ষ করছেন।
"নরেন্দ্র মানেন না যে, মায়্রদেহ লইয়া ঈশ্বর অবতার হন। এদিকে
গিরিশের জ্ঞলন্ত বিশ্বাস যে, তিনি যুগে যুগে অবতার হন, আর মানবদেহ ধারণ ক'রে মর্ত্যলোকে আসেন। ঠাকুরের ভারী ইচ্ছা যে, এসম্বন্ধে ত্-জনের রিচার হয়।" তিনি ত্-জনের সঙ্গে তর্ক লাগিয়ে দিলেন
এবং মাঝে মাঝে নিজেও মন্তব্য করছেন। নরেন্দ্র অবতারবাদ খণ্ডন
ক'রে বলছেন, 'ঈশ্বর অনস্ত। তাঁকে ধারণা করা আমাদের সাধ্য কি ?
তিনি সকলের ভিতরেই আছেন—শুধ্ একজনের ভিতর এসেছেন, এমন
নয়।" ঠাকুর নরেন্দ্রকে সমর্থন ক'রে বলছেন, "ওরও যা মত, আমারও
তাই মত। তিনি সর্বত্র আছেন। তবে একটা কথা আছে—
শক্তিবিশেষ।"

এই কথাটি গৃঢ় অর্থবাধক। সর্বত্র একই ব্রহ্মের প্রকাশ, কিন্তু সব মারুষ সমান নয়—কারো শক্তি বেশী, কারো কম। বৈষম্য এখানে প্রত্যক্ষ। বালিও ব্রহ্ম, তিলও ব্রহ্ম, বালি পিষলে কি তেল বেরবে? ব্রহ্ম অনস্ত অবিভাজ্য, কিন্তু ব্যাবহারিক জগতে প্রকাশের তারতম্য থাকে। এ পার্থক্য অস্বীকার করা যায় না। তত্তঃ ব্রহ্ম সর্বত্র থাকলেও তাঁর অভিব্যক্তি সর্বত্র সমান নয়।

রাম বলছেন, 'এ-সব মিছে তর্কে কি হবে ?' শ্রীরামকৃষ্ণ (বিরক্ত-ভাবে) "না, না, ওর একটা মানে আছে।" অর্থাৎ তিনি বিচার চাইছেন। গিরিশের মতঃ অবতার দেহ ধারণ ক'রে আসেন।
কিন্তু নরেন্দ্র স্থারকে বাক্যমন ও বুদ্ধির অগোচর বলেন। ঠাকুর বলছেন
যে, "তিনি শুক্ত বুদ্ধির গোচর। অধিবা শুদ্ধবুদ্ধি, শুদ্ধআলার দ্বারা
শুদ্ধআলাকে সাক্ষাৎকার করেছিলেন।" এই হ'ল স্কর্পেতে অবস্থান।

শুদ্ধআত্মাকে সাক্ষাৎকার করেছিলেন।" এই হ'ল স্বরূপেতে অবস্থান। গিরিশ নরেন্দ্রকে বলছেন, "মামুষে অবতার না হ'লে কে বুঝিয়ে দেবে ? মামুষকে জ্ঞান ভক্তি দেবার জন্ম তিনি দেহ ধারণ ক'রে আদেন।" ভাব হচ্ছে, ভগবান অনন্ত। সাস্ত মাত্মৰ তার দীমিত বুদ্ধি দিয়ে তাঁকে উপলব্ধি করার চেষ্টা করছে। কিন্তু যদি কেউ পথ দেখিয়ে না দিত, তা সম্ভব হ'ত না। এই সীমাকে যে অতিক্রম ক'রে যাওয়া যায়, যিনি নিজের জীবনে তা দেখিয়ে দেন, ব'লে দেন, 'ঐ দেখু তোর বাড়ী'—তিনিই অবতার। তাঁর মধ্যে অসাধারণ শক্তির প্রকাশ হয় ব'লে মানবীয় দীমার বাইরেটা তিনি দেখিয়ে দিতে পারেন। বাইবেলে বলা হয়—Original sin—গোড়া থেকেই মান্তবের মধ্যে অপূর্ণতা, পাপ বা ত্রুটি রয়েছে। তা থেকে সে নিজে মুক্ত হ'তে পারে না, যতক্ষণ না যীগুর মতো কেউ মানবদেহ ধারণ ক'রে এসে পথ দেখিয়ে দেন। ঠাকুর এই ভাব আরো স্পষ্ট ক'রে বলছেন। অবতার দীমিত মান্বদেহ-ধারী হ'য়ে এলেও সাধারণ মানব নন। তাঁর অসাধারণ শক্তি দিয়ে তিনি অন্তকে মৃক্তির পথ নির্দেশ করতে পারেন। অন্তর্যামী-রূপে তিনি সর্বদা আমাদের নিয়ন্ত্রণ করেন, পথনির্দেশ করেন। আমাদের কলুষিত দৃষ্টি বা মন দিয়ে অন্তরের দে নির্দেশ বুঝতে পারি না। তাই অবতার এদে স্বীয় জীবন ও আচরণের ভিতর দিয়ে সকলের কাছে সেই তত্ত্ব বুঝিয়ে দেন।

বিশিষ্টাৱৈতবাদ

শ্রীরামকৃষ্ণ বলছেন, "বেদাস্ত—শঙ্কর যা বুঝিয়েছে, তাও আছে; আবার রামান্তজের বিশিষ্টাবৈতবাদও আছে।" নরেক্র জিজ্ঞাসা করছেন,

বিশিষ্টাদৈতবাদ কি ? ঠাকুর বলছেন, "রামান্তজের মত। কি না, জীবজগং-বিশিষ্ট ব্রহ্ম। সব জড়িয়ে একটি।" ঠাকুর এথানে কৃট যুক্তি তর্ক বিতর্কের মধ্যে না গিয়ে বিশিষ্টাদ্বৈতবাদের সার কথাটি বললেন। তিনি বলছেন, "যেমন একটি বেল। খোলা আলাদা, বীজ আলাদা, শাঁস আলাদা।" বেলটির ওজন কত জানতে হ'লে ভধু শাঁস ওজন করলে কি বেলের ওজন পাওয়া যায় ? "খোলা বিচি, শাঁস সব এক-সঙ্গে ওজন করতে হবে। প্রথমে থোলা নয়, বিচি নয়, শাঁদটিই সার পদার্থ ব'লে বোধ হয়। তারপর বিচার ক'রে দেখে,—যে বস্তুর শাঁদ সেই বস্তুরই থোলা আর বিচি। আগে নেতি নেতি ক'রে যেতে হয়। জীব নেতি, জগৎ নেতি, এইরূপ বিচার করতে হয়; ব্রহ্মই বস্তু আর দৰ অবস্ত। তারপর অত্তত্তব হয়, যার শাঁদ তারই খোলা, তারই বিচি, যা থেকে ব্রহ্ম ব'লছ তাই থেকেই জীব-জগণ। যাঁরই নিত্য, তাঁরই লীলা। তাই রামামুজ বলতেন, জীবজ্বণ-বিশিষ্ট ব্রন্ধ। এরই নাম বিশেষ্টাৰৈতবাদ।"

বিশিষ্টাহৈতবাদ তত্ততঃ অহৈতবাদ হলেও তার ভিতর স্বগতভেদ স্বীকার করা হয়। স্বগতভেদ অর্থাৎ নিজের মধ্যেই ভেদ। যেমন একটি গাছ—তার গুঁড়ি, ডালপালা, ফুল, ফল, পাতা আছে। এগুলি গাছেরই অংশ কিন্তু পরস্পর ভিন্ন। গুঁড়িটা ডাল নয়, ডালটা পাতা বা পাতাটা ফুল ফল নয়; অথচ সব মিলিয়ে গাছ। গাছ বলতে যেমন দমস্তকে বোঝায়. তেমনি ব্রহ্ম অথগু সর্বরূপ—বেদাস্তের ভিতর এই ভ্যেরই সমর্থক শ্রুতি আছে। বেদ বলছেন, 'সর্বকামঃ সর্বরহঃ সর্বর্গকঃ' তিনি সর্বরূপ। আবার বলছেন, 'অশব্দম, অস্পর্শম, অরপ্রম, তথাহরসম্'—এইভাবে নেতি, নেতি ক'রে যা ব্রহ্ম নয়, তাকে বাদ দিয়েই ব্রহ্ম বস্ততে পৌছতে হয়। তারপর দেখা যায়, যা বাদ দেওয়া হয়েছিল, তা ব্রন্ধ ছাড়া আর কিছু নয়। 'সর্বং থবিদং ব্রন্ধ'—যা

কিছু দেখছি, সব ব্রহ্ম – বিশিষ্টাহৈতবাদী এটিকে তাঁর সমর্থক শ্রুতি বলেন।

শ্রুতির বিভিন্ন ব্যাখ্যা

অবৈত, বিশিষ্টাবৈত বৈতবাদ—সকলেরই সমর্থক শ্রুতি আছে। কারণ এইসব বাদীরাই শ্রুতিকে মেনেছেন। আশ্রুর্যের ব্যাপার একমাত্র নাস্তিক ছাড়া আস্তিক্যবাদীরা দকলেই বেদকে মেনেছে। এমনকি ্যে মতে ঈশ্বকে না মেনে বেদকে মানা হয়েছে, তাকেও আন্তিকাবাদ বলা হয়েছে। সাংখ্য নিরীশ্বরবাদী হলেও বেদ মানে বলে 'আন্তিক'। তেমনি মীমাংদকের একটি মতে ঈশ্বর মানে না, তারাও আস্তিকরূপে ক্ষিত। যোগের একটি মতে ঈশ্বরকে প্রমাণ করার যুক্তি নেই— 'ঈশ্বরাসিদ্ধিঃ প্রমাণাভাবাৎ'—প্রমাণ নেই ব'লে ঈশ্বর অশিদ্ধ। তবু তাকে আন্তিক দর্শন বলা হয়, নান্তিক নয়। বেদ না মানলেই নান্তিক। বেদকে এঁরা প্রমাণ ব'লে মানেন, কিন্তু স্ব স্ব মতাত্মসারে বেদের ব্যাখ্যা করেন। বেদের উপর প্রতিষ্ঠিত হলেও পরস্পারের মতকে ভিন্ন ব'লে দেখানো হয়। অদৈতবাদী বলেন, বেদ অদৈতবাদকে প্রতিষ্ঠিত করেছে. বিশিষ্টাবৈতবাদী বলেন বিশিষ্টাবৈতবাদকে এবং বৈতবাদী বলেন দৈতবাদকে। বেদের ভিতর তাদের সমর্থক শ্রুতি খুঁজে পেয়ে, তাঁরা স্থমতকে প্রাধান্ত দিয়ে, অন্ত অর্থবাচক বাক্যগুলিকে ভিন্নভাবে ব্যাথ্যা করেন। সকলকেই তাই করতে হয়।

'ভার ইভি করা যায় না'

ঠাকুর একটি নতুন মত বলছেন—সবগুলিই পথ, সব মতবাদ সত্য।
অর্থাৎ সাধনরূপে অবলম্বিত হ'লে যা আমাদের পরমতত্ত্ব পেঁছে দের,
তাই সত্য। ইংরেজীতে বলতে গেলে ঠাকুরের এটি ব্যাবহারিক দৃষ্টি
(pragmatic view)। ঠাকুরের মতেঃ এ সবই পথ, যা দিয়ে তোমরা

চরম অন্তভূতিতে পেৰ্বিছচ্ছ, মনে ক'রছ এইটিই চরম অন্তভূতি, অক্সগুলি নয়—দে কথা তোমাকে কে ব'লল? তিনি সাকার, নিরাকার, আবার সাকার-নিরাকারের পারে। তিনি সগুণ, নিগুণ, আরো কত কি। ঠাকুর বলছেন,—'ঈশর-বম্বর কথনও ইতি করতে নেই। তিনি এ হতেই পারেন আর এই হ'তে পারেন না, তোমাদের এক ছটাক বুদ্ধি দিয়ে এ-রকম নির্ণয় ক'রো না।' মহিয় স্তোত্রে আছে—'ন বিল্লস্ততত্ত্বং বয়মিছ তু যৎ হং ন ভবসি' (২৬)—আমরা কিন্তু জগতে এমন কোনো তত্ত্ব জানি না, যা তুমি নও। তুমি দব হ'তে পারো। তাই ঠাকুর 'ইতি' না করার উপর জোর দিয়েছেন। আমরা যদি বলি, তিনি আদলে অহৈত-বাদী, তবু অন্তান্ত বাদকে অংশতঃ স্বীকার করেছেন, তা ঘথার্থ নয়। তিনি কোনও তত্ত্বকে আংশিকভাবে নয়, পূর্ণভাবে স্বীকার করেছেন। এখানেই শ্রীরামক্কফের বৈশিষ্টা। এ অবৈতবাদের উপর প্রতিষ্ঠিত হ'য়ে, অক্তান্ত মতকে উপেক্ষা বা অবজ্ঞার দৃষ্টিতে মেনে নেওয়া নয়। এ হ'ল সর্বমতকে সর্বাঙ্গীণ স্বীকৃতি। মাণ্ডুকাকারিকাতে আছে: স্বনিশ্বান্তব্যবস্থাস্থ দৈতিনো নিশ্চিতা দৃঢ়ম্। পরস্পরং বিরুধ্যন্তে তৈরয়ং ন বিরুধাতে—নিজের নিজের সিদ্ধান্তের যে প্রণালী তাতে দুচ্ভাবে অবস্থিত হ'মে বৈতবাদীরা পরস্পর বিরোধ ক'রে বলে, তিনি এই হ'তে পারেন, আর এই হ'তে পারেন না। বৈতবাদীর পর্যায়ে বিশিষ্টাবৈত, শিবাবৈত, ভদ্ধাহৈতবাদ আরো কত বাদ পড়ে। অধৈত আর কেবলাইছত ছাড়া সবই দৈতের পর্যায়ভুক্ত। কারণ তাঁরা একাধিক তত্তকে স্বীকার করেছেন। একটির বেশি তত্ত্বকে স্বীকার করলেই দ্বৈত হয়। একমাত্র অদৈত বেদান্ত কোনমতে দৈতের দঙ্গে আপস করে না—'অয়ং ন বিরুধ্যতে'। এ মীমাংসা আদে উদাব নয়। তাঁদের দৃষ্টিতে সব মতই মিথ্যা, হুতরাং তাঁরা কারে। দঙ্গে বিবাদ করেন না। মিথ্যার দঙ্গে কি বিরোধ করবেন ? এটি উদার মীমাংসা হ'ল না।

অথবা যদি বলি, শ্রীভগবানকে অন্নভব করার পর তিনি দয়। ক'রে তাকে অহিতবাদে প্রতিষ্ঠিত করলে সে অহৈতবাদী হবে, এতে তো মীমাংসা হচ্ছে না। কারণ তাতে বোঝানো হচ্ছে যে অহৈতবাদই দিদ্ধান্ত। হৈতবাদ—পথে যেমন বিশ্রামের জায়গা সরাইথানা থাকে, সেই বকম।

শীরামক্ষের মতে সগুণ বা নিশুণ যে ভাবেই হোক, ঈশ্বরকেই আস্বাদন করা হছে। সগুণ যিনি, তিনিই নিশুণ। সগুণ থেকে নিশুণ যেতেই হবে এমন নয়; বরং তিনি তার বিপরীতক্রম বলেছেন, নিশুণ থেকেও সগুণে আসতে পারা যায়; কোনটি শেষ কথা, তা বলা যায় না। কারণ ঈশ্বরের শেষ নেই; তাঁর অনন্ত প্রকার। যদিও এক জায়গায় ঠাকুর অবৈতজ্ঞানকে শেষ কথা বলেছেন, তবু আরো বলেছেন যে অবৈতজ্ঞানের পরেও কিছু থাকে। অ-জ্ঞানী, জ্ঞানী, বিজ্ঞানী—কেউ ত্ব ওনেছে, কেউ দেখেছে, কেউ থেয়ে বলবান্ হয়েছে। কেউ ব্লভ্জনেছে, কেউ বল্পাছের কথা ওনেছে, কেউ ত্ব থেয়ে বলবান্ হয়েছে। কেউ বৃধ্ব থেয়ে বলবান্ হয়েছে। কেউ বৃধ্ব থেয়ে বলবান্ হয়েছে; সেই রকম জীবনে তাঁকে ওতপ্রোত অম্বত্বক'রে ব্রম্বে প্রতিষ্ঠিত হয়েছে। তিনটি স্তর—ব্রম্ববিদ্বরিষ্ঠ—একই তত্ব, তার অনস্ত দিক। একটি সত্যে, অপরিটি মিথ্যা—ঠাকুর তা বলছেন না।

বাইবেলে যেমন আছে, ভগবানের মন্দিরে প্রবেশ-পথ আনেক, কিন্তু প্রবেশ করলে দেখানে এক ভগবান্। এক ভগবান্, দকলের কাছে এক-রকম ভাবে প্রতীত হন না। কারো কাছে নিগুণ, কারো কাছে নানাগুণসম্পন্ন। কারো কাছে আদি, কারো কাছে বাঁশি, কারো কাছে আরও কত কি নিয়ে তিনি দেখা দেন। আনস্ত বৈচিত্র্যা নিয়ে তাঁর স্করণ, কোনটাকে বাদ না দিয়ে সমভাবে দেগুলিকে সত্যাবলে গ্রহণ করাই ঠাকুরের মত।

ঠাক্রের এই বিশেষ সিদ্ধান্ত আমরা বিশ্বিত হই। নিরক্ষর শ্রীরামকৃষ্ণ বেদান্তের কি সিদ্ধান্ত নেবেন! অথচ বিভিন্ন বিবদমান দিন্ধান্তের দকল বিবাদের অবদান ঘটাতে পারে, এটি এমনই এক দিদ্ধান্ত। ঈশ্বর বিচিত্র, এই বিচিত্র রূপেই তাঁকে শ্রীকার করা হচ্ছে। 'তিনি এই, আর এই হ'তে পারেন না'—একথা যদি কেউ বলেন, তা হ'লে তাঁর অভিজ্ঞতা দীমিত। তিনি এক ভাবেই ভগবানকে আম্বাদন করেছেন, অগ্রভাবে করেননি।

ঠাকুর বছরপীর দৃষ্টান্ত দিয়েছেন। সেটাকে দেখে এসে কেউ বলে লাল, কেউ হলুদ, কেউ নীল, কেউ বা বলে সবুজ—ঝগড়া চলছে। প্রত্যেকেরই অভিজ্ঞতা সত্য, কিন্তু সীমিত। যে গাছতলায় থাকে, সে গিরগিটিকে লাল, নীল, হলুদ, সবুজ, সাদা দেখে; আবার কথনো দেখে কোন রংই নেই। সে-ই বোঝাতে পারে, কারণ অক্তদের প্রত্যেকের অভিজ্ঞতা সীমিত। প্রীরামরুফ স্বয়ং সেটিকে বছরূপে প্রত্যক্ষ করেছেন। তাই তিনি জানেন এই বছরূপীকে। ভগবানের বছরূপত্কে থর্ব না করাই—তাঁর একটি তাৎপর্যপূর্ণ সিদ্ধান্ত।

স্ব স্ব মতের প্রাধান্ত স্থাপন

অবৈত বেদান্তে দৃষ্টিকে রঞ্জিত ক'রে ঠাকুরের সিদ্ধান্তকে ব্যাখ্যা করলে আমরা তা খণ্ডিত ক'রে ফেলব। অবৈতের যুক্তি অমুসারে অবৈত সতা, আর সব মিথ্যা। কারণ তাদের যুক্তি তাদের অমুভবের উপর আধারিত। অমুভব যুক্তির আধার, কিন্তু একটি অমুভবই কি যথেষ্ট? যার ঈশ্বরের বহুরূপত্বের অমুভব নেই, সে কি ক'রে যুক্তি দিয়ে তাঁর বহুরূপ বুঝবে? বৈতবাদী বলবেন, অবৈত শেষ নয়। যদবৈতং ব্রহ্মোপনিষদিতদপ্যশ্র তমুভাঃ—উপনিষদে যে অবৈতকে 'ব্রহ্ম' বলা হয়েছে, তা শ্রীক্রফের অম্বকান্তি। ভয়ানক কথা—গুরু হ'ল বিবাদ। অভিজ্ঞতা

অমুদারে যুক্তি দিয়ে কেউ ব্রহ্ম, কেউ শ্রীকৃষ্ণ ব'লে অমুভব করেছেন। চরমতত্ত্ব কি ক'রে প্রমাণিত হবে ? তর্ক বা লড়াই ক'রে ? যাঁরা শাস্ত্রের দোহাই দিয়ে লড়াই করছেন, তাঁদের এক বিন্দু অত্মভব নেই। শাস্তের দিদ্ধান্ত কি, তা কে বলবে ? যুক্তি যতদূর যায়, তাকে ততদূর নিয়ে যাওয়া ভাল। অন্ধের গোলাঙ্গুল ধ'রে বৈকুঠে যাওয়ার মতো-যথন কাঁটা বনের ভিতর দিয়ে যেতে গা ছ'ড়ে বক্তাবক্তি হচ্ছে, তথন অস্ত ভাবছে বৈকুঠে চলেছি—এটি অমুসরণীয় নয়। যুক্তি এজন্য অবশ্য অবলম্বনীয়, কিন্তু মনে রাথতে হবে আমার যুক্তি আমার অহুভবের উপর নির্ভর করে, অন্তের অমুভবের উপর নয়। অবশ্য অমুভবকেও শ্রুতি ও যুক্তির সাহায্যে পরীক্ষা ক'রে নিতে হয়। তা না হ'লে পাগলের অমুভবও নিতে হয়। একটি হুন্দর কথা আছে –প্রকৃতির পারে যে বস্তু, যা চিম্ভার অগোচর, তাকে চিম্ভা বা যুক্তির সাহায্যে ব্যাখ্যা বা বিচার করতে যেও না। 'অচিন্ত্যাঃ থলু যে ভাবা ন তাংস্তর্কেণ যোজ্বেং'—যে দব বিষয় চিন্তার অগোচর, তাদের তর্কের দারা বুঝতে यि ना। इन्द्रांश विराप्त वर्ष निष्य विवाप हन हा नाना जन नाना ব্যাথ্যা করেছেন। বস্ততঃ এর মধ্য দিয়ে চরম সিদ্ধান্তে পৌছনো যায় না।

ঠাকুরের সেই গল্পটি—বর্ধমানের রাজ্যভায় 'শিব বড়, না বিষ্ণু বড়?'
—এ নিয়ে তুমূল তর্ক হয়েছিল, পদ্মলোচনের কাছে মীমাংসা চাওয়া
হ'ল। তিনি বললেন, 'গুধু আমি নই, আমার চৌদ্দপুরুষে কেউ কথনও
শিবকেও দেখেনি, বিষ্ণুকেও দেখেনি। আমি কি ক'রে ব'লব, কে
বড়?'

ভগবানের স্বরূপ নিয়ে যাঁরা তর্ক করেন, তাঁদের একথা মনে রাখা দরকার। পদ্মলোচন বললেন যে, শাস্ত্র বিচার করলে দেখা যায়, শৈবশাস্ত্রে শিবকে এবং বৈষ্ণবশাস্ত্রে বিষ্ণুকে বড় বলে। তন্ত্রশাস্ত্র মতে শিব বিষ্ণু আতাশক্তির তৃটি সন্তান। সর্বনাশ! যা সত্য ব'লে আমাদের এতদিনের কল্পনা, সব গোলমাল হ'য়ে গেল।

ঠাকুর শ্রীরামক্ষ্ণ বলছেন, যে ভাবটি যার ভাল লাগে, দেই ভাব আশ্রম ক'রে দে তাঁকে জামুক। চরম গন্তব্যস্থলে পৌছলে বুঝবে— অস্তান্ত পথও সেইখানেই পৌছছে। পথের ভিন্নতা সত্ত্বেও পরম লক্ষ্য যে ভগবান, তাঁর বৈচিত্র্য ক্ষ্ম হ'ল না। তিনি বিচিত্র স্বরূপে বর্তমান। যার যেমন ভাব, তার সেরকম উপলব্ধি। একই গামলায় বিভিন্ন রংয়ের মত্যে। যার যেমন পছল, সে দেখান থেকে দেই রঙে কাপড় ছোপাবে। তেমনি দেই পরম তত্তকে যে যেমন রূপে চায়, সেই রূপে তার কাছে তিনি প্রতীত হন। সব রূপই তিনি—এটি ঠাকুরের কথা। কারো প্রতি অবজ্ঞা দেখানো নেই। সকলেই সেই এক ঈশ্বরকে কচি অমুসারে, উপলব্ধি করছে, বিভিন্ন রূপেই হোক কিংবা অরূপেই হোক।

ঠাকুর বলছেন, অরপেও তাঁর দর্শন হয়—এটি সম্পূর্ণ নতুন কথা।
এর আগে কোন আচার্য একথা বলেন নি। গীতায় ভগবান বলছেন,
'মম বর্মান্থবর্তত্তে মন্থ্যাঃ পার্থ দর্বশঃ'—(৪।১১) সকলে দর্বপ্রকারে আমার
পথেরই অনুসরণ করে। সেই আমি যে কে, এই নিয়ে খুব ঝগড়া। আমি
কি কেবল দ্বিভূজ মুরলীধারী শ্রীকৃষ্ণ, গোলকবিহারী, কি বৈকুঠবিহারী?
তিনি কি নারায়ণ, নারায়ণ হ'লে কোন নারায়ণ ? শহ্ডচক্রগদাপদ্মধারী?
না, গদাপদ্মশহ্ডচক্রধারী ? না, শহ্ডাগদাচক্রপদ্মধারী। এই রকম বিক্তাদ ও
সমবায় (permutation ও combination) আছে।

ঠাকুরের সর্বগ্রাহী ভাব

আমরা যে যেভাবে তাঁকে চাই—অরপ বা বছরপ—তার কাছে তিনি তাই। উপনিষদের সিদ্ধান্তগুলির সঙ্গে ঠাকুরের এই দৃষ্টি অভুত-ভাবে মিলে যায়। এটি এখানে আলোচ্য এই কারণে যে অনেক সময় তাঁর আদর্শটি বুঝতে আমাদের সংশয় হয়—তিনি কি বলতে চাইছেন।

ঠাকুর বলছেন, কোন জায়গায় ভিজিহিমে সমুদ্র জ'মে যায় আবার জ্ঞান-স্থ উঠলে গ'লে যায়। আরো হুন্দর কথা বলছেন, কোন কোন জায়গায় নাকি বরফ কথন গলে না। স্থতরাং তাঁর এই রপগুলি জ্ঞরূপে পোঁছনর পথে যে একটি দর্শন মাত্র—তা নয়। যদি কেউ ভগবানের নিত্য স্থরপকে ধ'রে থাকে, তাহলে সে যে তাঁকে লাভ করে না. বা অল্প লাভ করে—তা নয়। এল্প সমুদ্র, তা জ্ঞরপ বা স্থরপ যাই হোক। গঙ্গাকে ম্পর্শ করতে গেলে গঙ্গোত্রী থেকে গঙ্গাগাগর পর্যন্ত ছুঁতে হয় না, গঙ্গার যে কোন জায়গা ছুঁলেই হয়।

আমাদের বৃদ্ধির স্বল্পতার জন্ম ভাবি, আমি যেভাবে উপলব্ধি করছি, অপরে দেভাবে উপলব্ধি করেনি। আমাদের অজ্ঞতা দেখে তিনি হাসেন, ভাবেন এরা আমাকে সবটা বুঝে ফেলেছে! অথচ বৈত, অবৈত সকলে বলে, তাঁকে কেউ বুঝে ফেলতে পারেনি।

প্রত্যেকে নিজের ভাবে অপরকে আনার চেষ্টা করে। শ্রীরামক্বইইতিহাসে অন্বিভীয় দৃষ্টান্ত, যিনি সকলের সঙ্গে সমানভাবে ঈশ্বরকে আস্বাদন করতে পেরেছেন। অন্ত ধর্মে কোথাও কোথাও উদারতা দেখা গেলেও সে উদারতা দীমিত। কিন্তু ঠাকুর তাঁর সর্বাবগ্রাহী অন্তভ্তির মধ্যে এমনভাবে সকলকে আবৃত ক'রে নেন যে, তার বাইকে কেউ থাকে না।

এটি বিশেষভাবে অন্থাবন-যোগ্য। ছোট-বড়, উচ্চ-নীচ, জ্ঞানী-ভক্ত দকলেই এক ব্রন্ধ-সমূদ্রে অমৃত পান ক'রে অমর হচ্ছে। সম্পূর্ণ ব্রন্ধকে কেউ জেনে ফেলেনি। চিনির পাহাড়ের এক দানা চিনি থেয়ে পেট ভ'রে যাবার পর, আর এক দানা মূথে ক'রে নিয়ে যেতে যেতে পিঁপড়ে ভাবছে—এইবার পাহাড়টাকে নিয়ে যাব! পরিস্থিতি এইরকম হাস্তকর হয়, যদি কেউ মনে করেন তিনি এল-সমূদ্র সম্পূর্ণরূপে আত্মসাৎ করেছেন।

শাস্ত্র বলছেন, তুমি ক্ষুদ্র বৃদ্ধি দিয়ে কিছুই বোঝনি। তিনি অনন্ত, সর্বপ্রকারে অনন্ত। ঠাকুর বার বার বলছেন, এই অনন্তের ইতি ক'রো না। শিবমহিম্নজোত্তে মহাদেবের ক্ষিতি জল ইত্যাদি অষ্ট্রমূর্তির উল্লেখ ক'রে বলা হয়েছে, যাঁরা বুদ্ধিমান তাঁরা এ-রকম বলুন, আমরা জানি না তুমি কি হ'তে পার না। ঠাকুর এই রকম অন্তগ্রহের দৃষ্টি দিয়ে কাকেও ছোট বড় না ক'রে, একদেশিতা দূর ক'রে, ভিতরের তত্ত্টুকু বুঝবার চেষ্টা করতে বলছেন। আরু তানা পারলে, অন্তের ভাব তুচ্ছ না ক'রে ৰলা ভাল যে, ঐ ভাব আমার জানা নেই। কোন ভাব অনুভব না ক'রে তাকে তুচ্ছ করার অধিকার কারো নেই। দম্ভবশতঃ ভাবগুলিকে ভূয়া না ব'লে 'আমি জানি না' বললে দোষ নেই। 'বাদ দিলে কম পড়ে যাবে'—ঠাকুরের একথার আরও তাৎপর্য—তিনি বছরূপ, এক ক্রপকে বাদ দিলে কম প'ড়ে যায় ব'লে, যে রূপ আমরা জানি বা না জানি; সব নিতে হবে। ঠাকুর তাই বলছেন, 'তিনি যথন এমন, তথন আরো তিনি কত কি!' তাঁর সম্পূর্ণ সম্ভাবনাকে আমরা নিঃশেষিত করতে পারি না। শাস্ত্রও করেনি। শাস্ত্রমতে তাঁর অনন্ত সন্তাবনা; স্থতরাং দেই অনস্ত সন্তাবনাকে সন্মান ক'রে বিশেষ বিনীতভাবে এ ভত্তের আলোচনা করতে হয়। আমাদের এই সবজান্তা ভাবটি ঠাকুর বার বার নিন্দা করেছেন।

বৈভ, বিশিষ্টাবৈভ ও অবৈভ

ঠাকুর শ্রীরামকৃষ্ণ এখানে ধৈত, অবৈত, বিশিষ্টাবৈত —এই তিনটির কথা ৰ'লে বিশেষ ক'রে বিশিষ্টাবৈতের কথায় পরিসমাপ্তি করেছেন। নরেক্রকে বল্ছেন "বিশিষ্টাবৈতবাদ আছে—রামান্তজ্বে মত। কিনা, জীবজগৎ-বিশিষ্ট ব্রহ্ম।" এর থেকেই বিশিষ্টাদৈতবাদ কথাটি এদেছে।
চিৎ ও অচিৎ-বিশিষ্ট উভরের অদৈত। অর্থাৎ, যিনি চিৎ-বিশিষ্ট
তিনিই অচিৎ-বিশিষ্ট—এই বামান্তজের মত। চিৎ বলতে চেতন অর্থাৎ
বিভিন্ন জীব ভগবানের একটি অংশ; জড় জগৎ তাঁর আর একটি
অংশ। চিৎ এবং অচিৎ যেন ভগবানের শরীর। আমার শরীরের
সঙ্গে আমি যেমন অভিন্ন, তেমনি ভগবান জীব এবং জগতে পরিব্যাপ্ত
হ'রে রয়েছেন তাদের থেকে অভিন্ন হ'রে। তারা বলেন, জীব ও জগৎ
তাঁর শরীর এবং তিনি হলেন শরীরী। বিশিষ্টাদৈতবাদীরা একটি
পরম-তত্ত্বে বিশ্বাদী হলেও দেই তত্ত্বের মধ্যে অগতভেদ তাঁরা স্বীকার
ক'রে থাকেন। ভগবানের মধ্যে অস্তর্নিহিত থেকেও তাঁরা পরস্পরের

থেকে ভিন্ন। এই স্বগতভেদ বিশিষ্টাদ্বৈতবাদী মানেন।

পাশ্চাত্য দর্শনে Pantheism আছে। Pan মানে সর্বন্ত, theos মানে ঈশ্বর, অর্থাৎ সর্বন্ত ঈশ্বর। তা হলে ঈশ্বর এবং সর্ব—উভয়কে মানা হ'ল। ঈশ্বর যেমন সত্য তাঁর এই সর্বপ্রকার হওয়াও তেমনি সত্য। Pantheism কিন্তু ঈশ্বরকে জগদতিরিক্তরপে ভাবতে পারে না। বিশিষ্টাবৈতবাদী বলছেন, এই বিশ্বে তিনি পরিব্যাপ্ত, কিন্তু তাতেই তিনি সীমিত হ'য়ে যাচ্ছেন না। এক সন্তারূপে জীবজগতে পরিব্যাপ্ত থেকেও তারও বাইরে তিনি। এইটি বিশেষ ক'রে ব্রহ্মবাদের স্বরূপ। 'দ ভূমিং বিশ্বতো বৃত্তাহত্যতিষ্ঠদ্দশাজ্লম্' (শ্ব. উ. ৩. ১৪.)—সমস্ত ভূমিকে তিনি আবৃত ক'রে তার বাইরেও অবস্থান করছেন, আবার দশাঙ্গুলি পরিমিত হ'য়ে উপলব্ধ হচ্ছেন। বিশিষ্টাবৈতবাদ ভগবানের বহুয়া বিচিত্র রূপ মানেন এবং স্বপ্তলিকেই সত্য ব'লে স্বীকার করেন। ভগবান থেকে জীব এক হিসাবে ভিন্ন, এক হিসাবে অভিন্ত ।

যেমন আমি, আমার দেহ; দেহে আমি থাকি অথচ অংশ-বিশেষে সীমিত থাকছি না। এই বুকম কতকগুলি অগতভেদ বিশিষ্টাহৈতবাদে স্বীকার করা হয়। বৈতবাদী বলেন জীব ও জগৎ একেবারে ভিন্ন বস্তু। জীব জগৎ ও ঈশ্বর এগুলি নিত্য ভিন্ন বস্তু।

অহিতবাদী রক্ষের ভিতর কোন রকম ভেদ স্বীকার করতে প্রস্তত নন। এই ব্রহ্ম, প্রমতত্ত্বে কোন প্রকার ভেদ নেই,—এটি অহিতবাদীর মূল কথা। অ-হৈত, যা হৈত নয়। অহৈতবাদীরা হৈত, বিশিষ্টাহৈত প্রভৃতিকে হৈতের পর্যায়ে ফেলেন। কারণ এঁরা সকলেই ব্রহ্ম এবং ব্রহ্মাতিরিক্ত তত্ত্বকে মানেন। ব্রহ্মের ভিতরে স্বগতভেদ স্বীকার করা হ'লে, তাত্ত্বিক ভাবে ভেদকে স্বীকার করা হয় ব'লে এঁরা বলছেন হৈতকেও মানা হয়েছে। স্থতরাং অহৈতবেদান্তীর দৃষ্টিতে অহৈতবেদান্তের সিদ্ধান্ত ছাড়া আর সবই হৈত সিদ্ধান্ত।

বৈতবাদী তাঁদের বিরুদ্ধে বলেন, এই পরিদৃশ্রমান জগৎকে অস্বীকার क'त्रव कि क'त्र ? चरिष्ठवां नी वलन, मृश श्लारे मछा श्रव, यिन अमन কোন নিয়ম থাকত, তাহলে রজ্জ্ব-সর্প স্থলে সর্পপ্ত সত্য হ'ত। তা যথন সত্য নয়, তথন দৃষ্ট হলেই সত্য হবে, এমন কোন নিয়ম নেই। এটি তাঁদের প্রথম কথা। দিতীয় কথা আরো মারাত্মক। অদৈতবাদী वरनम पृष्ठे शत्मे भिष्णा श्रवः। कांत्रन पृष्ठे वखत्र मखा निर्धत करत स्रष्ठीत উপর। দ্রন্থী না থাকলে দৃশ্র থাকে না। স্থতরাং দৃশ্রের সত্তা নিরপেক্ষ নয়, সাপেক ; আর দ্রষ্টার সতা নিরপেক্ষ। যথন দ্রষ্টা বলি, তথন কিছুকে দেখছি বলেই বলি। এটা কি তাহলে সাপেক হ'য়ে যাচ্ছেন ? তা নয়, ত্রষ্টার সামনে দৃশ্য থাকলে তিনি দেখেন, দৃশ্যের লোপ হ'লে দ্রষ্টাব লোপ হবে—এমন কোন কথা নেই। সুর্য জগতের বিভিন্ন বস্তকে প্রকাশ করছে, বস্তু না থাকলে সূর্যের লোপ হবে, এমন কল্পনা করা যায় না। সূর্য তার প্রকাশের জন্ম প্রকাশ বস্তর অপেকা রাথে না; কিন্ত প্রকাশ্য বস্তু তার প্রকাশের জান্ত কর্মের অপেক্ষা রাথে। স্থতরাং দেখা যাচ্ছে যে, দৃশ্য দ্রষ্টার অপেক্ষা রাখে, কিন্তু দ্রষ্টা দৃশ্যের অপেক্ষা রাথে না। তাই দ্রপ্তা ছাড়া কোন কিছুবই নিরপেক্ষ সন্তা নেই। দ্রপ্তার সন্তাই একমাত্র নিরপেক্ষ অর্থাৎ যার কোন দ্বিতীয় নেই. আর নেটাই হ'ল একমাত্র বস্তু। এই হ'ল অদ্বৈতবাদীর মত। ঠাকুর এখানে শ্রুতির মত অল্প অল্প ইঙ্গিত ক'রে বিভিন্ন মতবাদগুলি সংক্ষেপে উল্লেখ করেছেন।

(ষাল

কথায়ত—১/১৪/৮

গিরিশ-ভবনে ভক্তপরিবৃত হ'য়ে শ্রীরামক্লফের ঈশ্বর-প্রসঙ্গ চলছে।
মান্টারমশায়কে বলছেন, "আমি তাই দেখছি সাক্ষাৎ—আর কি বিচার
ক'বব ? আমি দেখছি, তিনিই এই সব হয়েছেন। তিনিই জীব
ও জগৎ হয়েছেন।" ঠাকুরের প্রত্যক্ষ উপলব্ধি, সেখানে কি বিচার
করবেন ? বিচারের দ্বারা অন্তের সন্দেহের নিরসন হয়, কিন্তু যে প্রত্যক্ষ
দেখছে, তার সন্দেহই আসে না। তবে চৈত্তাকে লাভ না করলে
চৈত্তাকে জানা যায় না। চৈত্তাকে জানা অর্থাৎ 'বোধে বোধ হওয়া'
—একথা ঠাকুর অন্তর বলছেন। 'ব্রহ্মবিদ্ ব্রহ্মিব ভবতি'—ব্রহ্মপ্র থিনি,
তিনি ব্রহ্মই। স্থতরাং একজন আর একজনকে জানবে, এ-বকম প্রশ্নই
আসে না। চৈত্তা যদি কখনও নিজেকে উপলব্ধি করে. চৈত্তা হয়েই
করবে। অন্ত উপায়ে তা পারবে না। যখনই আমরা চৈত্তাকে
জানতে যাচ্ছি; তথনই অন্ত বস্তকে তার সঙ্গে মিশিয়ে বস্তুরূপে,
বহির্জ্ঞগৎরূপে অস্তঃকরণ বা মনোধর্মরূপে, আমার স্থা-তঃথের সঙ্গে

সংশিষ্ঠরেপে জানার চেষ্টা করচি।

এভাবে শুদ্ধবন্ধ বা আত্মাকে জানা যায় না। সেই বস্তু হ'য়ে গেলে তবে তাকে জানা যায়; অথবা তাকে জানা আর তাই হওয় তৃটি এক। শুধু মুথে বললে হবে না যে, এই আমি দেখছি, সত্যা, সত্ত তদ্ধে হ'য়ে জানতে হবে। তবেই হবে প্রাকৃত জানা, যাকে আমরা চৈত্যালাভ করা বলছি।

ব্রহ্মজ্বের লক্ষণাবলী

এই চৈত্যালাভ স্বস্থংবেতা। আমি চৈত্যালাভ করেছি, এ অপরের কাছে প্রকাশ করতে পারি না. অপরে এ অভিজ্ঞতা বুঝবে না। নিজেকে বুঝতে হবে যে জ্ঞানে প্রতিষ্ঠিত হয়েছি। ঠাকুর বাহাদৃষ্টিতে লক্ষণ দেখিয়ে আর একটি কথা বললেন, "চৈততা লাভ করলে সমাধি হয়, মাঝে মাঝে দেহ ভুল হয়ে যায়, কামিনী-কাঞ্চনের উপর আসক্তি থাকে না, ঈশ্বীয় কথা ছাড়া কিছু ভাল লাগে না; বিষয় কথা গুনলে কষ্ট হয়।" শ্রীরামকুষ্ণের মতে এগুলি চৈতন্তে প্রতিষ্ঠিত মানুষের স্বভাব। বলাবাছল্য, সে অবস্থা এত গভীর, এত অন্তরঙ্গ যে তাকে প্রকাশ করা যায়না। রক্ষ যেমন অপ্রকাশ্য, বহ্মজ্ঞও তেমনি নিজের বহ্মজ্ঞানকে প্রকাশ করতে পারেন না। তবে বাইরে কতকগুলি লক্ষণ দেখে মনে করা হয়, ইনি ব্লা: সেই লক্ষণগুলি একটু একটু এখানে ব্ললেন। সমাধি হওয়ার অর্থ জ্ঞানেতে পূর্ণ স্থিতি। সম্যক্রপে আত্মাকে বন্ধে স্থাপন, বা তদ্রপে পরিণত হওয়া, বা তদ্রপতার উপলব্ধি হওয়া। আমাদের দৃষ্টিতে 'সমাধি'র অর্থ বাহ্যজ্ঞানলোপ। মন যথন বাহ্যবস্থ ভুলে আত্মাতে নিবিষ্ট হ'য়ে যায়, চিত্তবৃত্তি নিরোধের এই অবস্থা সমাধির প্রথম স্তর। দেহ ভুল হ'য়ে যাওয়া। 'মাঝে মাঝে দেহ ভুল হ'য়ে যায়' ঠাকুর বলছেন। মাঝে মাঝে কারণ জ্ঞানী ব্যক্তিরও জগতের **সঙ্গে** -ব্যবহার হয়, তাই ভার জগৎকে একেবারে বিশ্বত হওয়া চলে না।

তা হ'লে ব্যবহার হ'ত না! 'কাম-কাঞ্চনে অনাসক্তি' কথাগুলি ব্রহ্মজ্ঞের আচরণ দিয়ে বুঝতে হবে। জ্ঞানে প্রতিষ্ঠিত বাক্তির সামিধ্য লাভের সোভাগ্য যাঁদের হয়েছে, তাঁরা এসব কিছুটা উপলব্ধি করেছেন। এ দৃশ্য অতিশয় ছর্লভ, ভগবং-ক্লপা না হ'লে এ-রকম অপূর্ব জীবন সামনে দেখা যায় না।

ঠাকুরের সন্তানদের রূপায় যথন যেটুকু তাঁদের সান্নিধ্যে আসার সোভাগ্য আমাদের হয়েছে, তা থেকে বলতে পারি, দেহ পর্যন্ত ভুল হ'য়ে যাওয়া ঠাকুরের সন্তানদের ভিতর দেখেছি—অন্য কোথাও যা দেখিনি। প্রকাশ্যে সর্বসমক্ষে এ বিষয়ে কিছু বলা অস্থবিধাজনক, কারণ এরপ কথা সাম্প্রদায়িক ব'লে মনে হ'তে পারে। এরপ ব্যক্তিত্ব তাঁদের মধ্যেই সীমিত, বাইরের কারো হবে না—তা বলছি না। অন্য কোথাও দেখিনি বলার তাৎপর্য,—এ দর্শন তুর্লভ। ভারতে নানা স্থানে পর্যটন কালে নানা সাধৃভক্ত-সম্প্রদায়ের সংস্পর্শে এসেছি, কিছু এই যে 'সব ভুলে যাওয়া,' আত্মবিশ্বতি—দেহের সম্বন্ধ পর্যন্ত! এরপা অন্তর্ত্ত দেখার স্থযোগ পাইনি।

ঠাকুর এসব কথা উল্লেখ ক'রে নিজের চরিত্রের বর্ণনা করছেন, দৃষ্টাস্ত দেখে সকলে যাতে বুঝাতে পারে। আমরা ঠাকুরকে না দেখলেও তাঁর সন্তানদের ভিতর এইভাব প্রকাশিত হ'তে অনেক সময় দেখেছি। তাঁদের জীবন-চরিত যাঁরা পড়েছেন, তাঁরাও জেনেছেন কি-রকম ক'রে এই ভাবটি তাঁদের ভিতর প্রকটিত হ'ত। সর্বদা যে হ'ত তা নয়। ঠাকুরও বলছেন, মাঝে মাঝে সমস্ত বিশ্বত হওয়া।

মহারাজ (স্বামী ব্রহ্মানন্দকে) সেবক গড়গড়ায় কলকে দিয়ে নলটি হাতের কাছে রেথে যেত। তিনি বসেই আছেন, স্থির শান্ত স্থাণুর মতো, তামাক পুড়ে যাচেছ, সেদিকে দৃষ্টি নেই। সেবকেরা জানতেন, তাই অতিশয় সাবধানে থাকতেন। বাহু প্রকৃতির প্রতিকৃলতার জন্ত,

মনের সেই উচ্চ ভূমি থেকে তিনি যাতে নামতে বাধ্য না হন, সেজগু কলকের পর কলকে তামাক দেওয়া হ'ত। থেয়ালই নেই, আবার কথনো একটু ছঁশ হ'ল তো ছ-একবার খেলেন। অপূর্ব এই দৃশ্য। এই দৃশ্যের একটি ছবি তোলা আছে। একজন বাইরে থেকে এনে বলছেন, 'মহারাজ তামাক খাবার বদ অভ্যাদটি ছাড়তে পারেননি ?' তার কাছে এই মনে হ'ল, আর সেবকরা দেখেছেন তাঁর আতাবিশ্বত ভাক। সমাধি একেই বলে। ঠাকুরের অক্তান্ত সন্তানদের সকলের মধ্যেই এই প্রকাশ অল্পবিস্তর দেখা যেত। এর ভিতরে এতটুকু লোক-দেখানো ভাব নেই, এ ছিল তাঁদের স্ব-ভাব। ঠাকুর এই কথাই বলছেন, 'মাঝে মাঝে জগৎ ভুল হয়ে যায়।' 'কামিনী-কাঞ্নের উপর আদক্তি থাকে না, ঈশ্বনীয় কথা ছাড়া কিছু ভাল লাগে না।'—ঠাকুর এখানে থুব সহজ সর্বজনবোধ্য ক'রে নিজের অবস্থাটি বর্ণনা করেছেন 🛚 মনোবিজ্ঞানীর মতো বিশ্লেষণ ক'রে নয়, সাদা কথায়৷ চৈত্রলাভ করলে তবে চৈতন্তকে জানতে পারা যায়। যাঁদের চৈতন্তলাভ হয়েছে তাঁদের এই অবস্থা হয়।

ঠাকুর মাস্টারমশায়কে বলছেন, "দেখেছি, বিচায় ক'রে এক রকম জানা যায়, তাঁকে ধ্যান ক'রে এক রকম জানা যায়। আবার তিনি যথন দেখিয়ে দেন—এর নাম অবতার—তিনি যদি তাঁর মান্ত্য-লীলা দেখিয়ে দেন, তা হ'লে আর বিচার ক'রতে হয় না, কারুকে বুঝিয়ে দিতে হয় না।"

বিচার ক'বে জানা সম্পূর্ণ সন্দেহমুক্ত জ্ঞান নয়, সন্দেহের অবকাশ থাকে। বিচারের দারা সিদ্ধান্ত ক'বে মনে যে ধারণা করার চেষ্টা করি, তারই নাম 'ধ্যান'। সেই ধ্যানের সময় ধ্যাতা আর ধ্যেয় এক হয় না। 'তিনি দেখিয়ে দেন' বলার তাৎপর্য সাক্ষাৎ অন্তভূতি, সে আর এক বন্ত। এই তিনটি পর পর বললেন।

বিচার ও জ্ঞান

তারপর বলছেন, তিনি যদি তাঁর মানব-লীলা দেখিয়ে দেন, বুঝিয়ে দেন—অর্থাৎ সাক্ষাৎ অন্কুভি হয়, তা হ'লে আর বিচার করতে হয় না। বিচার ক'রে নয়, ধ্যান ক'রে বোঝাও আসল বোঝা নয়। "কি রকম জানো? যেমন অন্ধকারের ভিতর দেশলাই ঘসতে ঘসতে দপ্ ক'রে আলো হয়। দেই রকম দপ্ ক'রে আলো যদি তিনি দেন, তা হ'লে সব সন্দেহ মিটে যায়। এরপ বিচার ক'রে কি তাঁকে জানা যায়?"

দেশলাই ঘদা, অর্থাৎ সাধন। সেই সাধন যে প্রকারেরই হ'ক। বিচার, ধ্যান-ধারণা, মনকে শুদ্ধ করার সকল প্রক্রিয়া প্রযুক্ত হ'তে পারে—এই দব ক'রে জানাই দাধন। মনে রাথতে হবে, তথনো আদল জানা হয় নি। হয়তো, ধ্যানের সময় মনে মৃতিটি ফুটে উঠেছে, কিন্তু তা দর্শন নয়। কল্পনাটি খুব দৃঢ় হওয়ার পরিণামে তাঁকে দেখা যায়, কিন্তু দে দেখা কি কোন বস্তরূপে দেখা? 'আমি দেখছি'—এ বুদ্ধি থাকা পর্যন্ত পূর্ণ দেখা হয় নি। স্থার যথন তিনি দেখিয়ে দেন—এটি প্রত্যক্ষ অমুভূতি। দেই দেশলাই ষসতে ঘদতে হঠাৎ আলো জলে যাওয়া—সাক্ষাং অমুভূতি। দে অনুভূতি যদি হয়, দপ্ ক'রে আলো যদি তিনি জ্বেলে দেন, অন্ধকার নিংশেষে দূরীভূত হয়, সব সন্দেহ মিটে যায়: 'এরপ বিচার ক'বে তাঁকে কি জানা যায় ?'— ঐরপ বিচার মানে বিচার তথনো অর্ভৃতিতে পরিণত হয়নি। বিচার সাধন বটে, কিন্তু বিচার-সাধন অবলম্বন করেই ব্রহ্মজ্ঞান হ'য়ে যায় না। এটি উপায়— যা আমাদের পথ দেখিয়ে ইঙ্গিত ক'রে বলছে, এ দিকে চল। কিন্তু বস্তুলাভ করাতে পারে না।

গীতায় ভগবান বলছেন, "সকলে আমাকে মামুষ মনে ক'বে অবজ্ঞা করে, প্রমতত্ত্বকে জানে না। তাদের জানার দাম্ব্য নেই তত্ত্বকে পূর্ণভাবে উপলব্ধি করার মত অন্তঃকরণের শুদ্ধি নেই। এমন শুদ্ধি হ'লে, দর্শন হয়, সব সন্দেহ দ্ব হ'য়ে যায়—অবতারকে চেনা যায়।

কালী ও প্রশ

নরেন্দ্র ঠাকুরকে বলছেন, 'কই, কালীর ধ্যান তিন-চার দিন করল্ম, কিছুই তো হ'ল না।' ঠাকুর তাঁকে নিরুৎসাহ না ক'রে বলছেন, "জ্মে হবে। কালী আর কেউ নয়, যিনিই ব্রহ্ম, তিনিই কালী। কালী আছাশক্তি। যথন নিজ্ঞিয়, তথন ব্রহ্ম ব'লে কই। যথন স্থেটি, স্থিতি, প্রালয় করেন তথন শক্তি ব'লে কই, কালী ব'লে কই। যাঁকে তুমি ব্রহ্ম ব'লছ, তাঁকেই কালী বলছি।"

নরেন্দ্রনাথ ব্রাহ্মসমাজের নাম-লেখানো সদস্য। ব্রাহ্মসমাজের ছাপ তথনও মন থেকে মুছে যায়নি। ঠাকুরের সান্নিধ্যে এসে কালীর ধ্যান করছেন। তিন-চার দিন ক'রে হ'ল না শুনে আমাদের মনে হবে, তিনচার দিন করলেই হয়ে যাবে। নরেন্দ্রকে ঠাকুর বলতেন ধ্যানসিদ্ধ। তাঁর তিন-চার দিন আমাদের তিন-চার বছরের মতোও নয়। এর অর্থ অনেক গভীর। ঠাকুর কালী সহন্ধে তাঁর ধারণা স্পষ্ট করার জন্ত বলছেন, যিনি ব্রহ্ম তিনিই কালী। তুমি ব্রহ্মের উপাসনা করতে, এখন কালীর ধ্যান ক'রছ—তা নয়। তোমার ব্রহ্ম আমার কালী ভিন্ন নয়। কালী আতাশক্তি—আদিতে শক্তি। সকল বৈচিত্র্যের কারণ— সকল বৈচিত্র্যে যা থেকে উভূত সেই শক্তি। অনভিব্যক্ত জগৎকে যিনি স্পৃষ্ট করেন, ধ'রে রাখেন এবং যিনি নিজের মধ্যে উপসংহার করেন তিনিই কালী, তিনিই ব্রহ্ম।

যাঁ থেকে এই জগতের উৎপত্তি, যাঁতে এই বিশ্বব্দাণ্ড জীবিত, প্রাণবস্ত হ'য়ে অবস্থিত থাকে, আর অস্তে যাঁতে প্রবেশ ক'রে আবার বলছেন। বস্তু ভিন্ন নয়। একই ব্ৰহ্মের ছটি দিক্। সক্রিয় অবস্থানটি কালী, নিজ্ঞিয় অবস্থাকে বলি 'ব্রহ্ম'। পার্থক্য বস্তুতে নেই, পার্থক্য

অনভিব্যক্ত রূপ প্রা**থ হয়—তিনিই বন্ধ। ঠাকুর তাঁকেই 'কালী'**

শুধু দৃষ্টিতে। দৃষ্টি অহুসারে দেখে আমরা হুটি নাম দিয়েছি। তাঁর স্থাষ্টি অনস্ত, কোথাও লয় হচ্ছে, কোথাও বা স্থাষ্ট হচ্ছে। অনস্ত এই বিশ্ব-ব্রহ্মাণ্ডের সমগ্র বা সমষ্টিরূপ কল্পনা করা কঠিন। তাই সগুণ-ব্রহ্ম ও

নিওঁণ-ত্রন্ধ এই ভাবে নাম দিই।
ঠাকুর আরো ব্যাখ্যা করছেন, "ব্রন্ধ আর কালী অভেদ। যেমন
আরি আর দাহিকা শক্তি। অরি ভাবলেই দাহিকাশক্তি ভাবতে হয়।
কালী মানলেই ব্রন্ধ মানতে হয়, আবার ব্রন্ধ মানলেই কালী মানতে হয়।"
এই স্প্টে-স্থিতি-লয়রপ ক্রিয়াগুলি যখন তাঁর উপর আরোপ করি, তথন
তিনি আগ্রাশক্তি বা কালী। আর যখন তা না ক'রে তাঁর নিচ্ছিয়
স্বরূপ ভাবি, তথন তিনি ব্রন্ধ। অরি ও তার দাহিকা শক্তি এক
হ'য়ে আছে। যখন কিছু পোড়াচ্ছে তখন বলি অরি, আর যখন তা
না করছে, তখন অরি তার স্বরূপে স্থিত হ'য়ে আছে, তার শক্তির
তখন প্রকাশ নেই। কাজের হারা শক্তির অনুমান করতে হয়;
ক্রিয়া হারা প্রকাশ হ'লে বলি দাহিকা-শক্তি—অরির ভিতর আছে।

ঠাকুর বলছেন, ওকেই শক্তি ওকেই কালী আমি বলি।

মর্ম ধর্মাধর্ম সব ছেডেছি।'

গিরিশ ও থিয়েটার

তাই বন্ধ ও শক্তি অভেদ। বামপ্রদাদ গানে বলছেন, 'কালী বন্ধ জেনে

এ প্রদঙ্গের এথানেই শেষ হ'ল। এদিকে রাত হ'য়ে গেছে।
গিরিশ হরিপদকে একখানা গাড়ী ডেকে আনতে বলছেন, তাকে
থিয়েটারে যেতে হবে। শ্রীরামক্লফ বলছেন, "দেখিস, যেন আনিস,"

ঠাকুরের এই টিপ্পনীটুকুর তাৎপর্য এই যে, গিরিশের থিয়েটারে যাবার টানটা পুরোমাত্রায় আছে। তাই তিনি বলছেন, এ কথা।

গিরিশের ঠাকুরকে ছেড়ে যেতে ইচ্ছে করছে না, আবার থিয়েটারেও যেতে হবে। এই দোটানার মধ্যে তিনি প'ডে গেছেন। শ্রীরামকুষ্ণ বলছেন, "ই'দিক-উদিক তুদিক রাখতে হবে; জনক-রাজা ইদিক উদিক তুদিক রেখে, খেয়েছিল তুধের বাটি:" জনক-রাজা এই জগতে জ্ঞান আর ব্যবহারে সামঞ্জন্ত রেথে জ্ঞানপূর্বক ব্যবহার করেছেন। ঈশ্বর এবং জগৎ তুদিক রেথে সংসারকে ভোগ করেছেন। ঠাকুর গিরিশকে থিয়েটার ছাড়তে নিষেধ না ক'রে বলছেন, "না না, ও বেশ আছে; অনেকের উপকার হচ্ছে।" এই নিষেধ না করার ছটো দিক আছে। থিয়েটারের ভিতর দিয়ে গিরিশ অনেক উচ্চতত্ত্ব পরিবেশন করছেন নাট্যরসের আধারে এবং এইভাবে লোককল্যাণ হচ্ছে। আর একটা দিক হ'তে পারে যে গিরিশের মন এখনও দোটানা থেকে মৃক্ত হয়নি। ঠাকুর বলছেন, ঘা ভকিয়ে গেলে মামড়ি খদে যায়, তার আগে টেনে মামড়ি ছাড়ালে আরও ঘা হয়। গিরিশের মন ভগবানের দিকে আরুষ্ট হলেও থিয়েটার ইত্যাদির চিন্তা থেকে মুক্ত হয়নি। তাই ঠাকুর বলছেন, এখন ছাড়ার দরকার নেই।

গিরিশের আদর্শ তিনি সকলের জন্ম প্রতিষ্ঠিত করতে চাইছেন।
যাঁরা সংসারে থেকে ভগবানের চিন্তা করছেন, তাঁদের বলছেন, 'এই রকম
দৃঢ় বিশ্বাস নিয়ে নির্লিপ্ত হয়ে সংসার কর।' কিন্ত ত্যাগী সন্তানদের
বলছেন, 'দেখ, রস্থনের বাটি, যতই ধোও, গন্ধ থেকে যায়।' তাঁর এত
প্রিয় গিরিশের সম্বন্ধেও এই মন্তব্য করছেন। আগুনে পুড়িয়ে নিলে
সে গন্ধটুকু যায়, হয়তো এখনও আগুনে পোড়াবার সময় হয়নি। তিনি
অপেকা করছেন, তাঁর এই বস্থনের বাটিটিকে তিনি অপূর্ণ রেখে যাবেন
না। আগুনে পুড়িয়ে নেবার সময় যে আসছে, এটি গিরিশের পরবর্তী-

কালের জীবন দেখে বোঝা যায়। শেষ জীবনে তাঁর ঠাকুরের কথা ছাড়া অন্ত কথা মূথে আদত না। দর্বদা তাঁর অহেতুক ক্বপা, অগাধ ভালবাদা, কক্ষণার কথা বলতেন, যা বর্ণনা করতে করতে ত্চোথ বেয়ে নেমে আদত অশ্ধারা। দেই পোড়ানো রস্থনের বাটি গিরিশ, এথনো তাঁর আগুনে পুড়ে ভদ্ধ হওয়ার অবস্থা আদে নি।

নরেল্র ভবিষ্যৎ গিরিশকে দেখছেন না: বর্তমান গিরিশকে দেখে মৃত্যুরে বলছেন, "এই তো ঈশ্বর বলছে, অবতার বলছে। আবার থিয়েটার টানে!" ঠাকুর ভবিশ্বৎ গিরিশকে দেখছেন। পক্ষপাতশৃত্য, নিফিঞ্ন অবতার যিনি, তিনি গিরিশের এত অত্যাচার, আবার সহ করেছেন পরবর্তী জীবন লক্ষ ক'রে। সে তাঁর অস্তরঙ্গ, তার উপরের আবরণ ধীরে ধীরে সরে যাচ্ছে, তাই ঠাকুর ব্যস্ত নন। অদুরদশীরা বর্তমান দেখেই মামুষকে বিচার করেন চিরকালের জন্ম, ঠাকুর তা করেন না; তাই মতপ লম্পট গিরিশকে নয়, সর্বকল্যমুক্ত গিরিশকে তিনি এত আদর করছেন। আর এ আদর যে অপাত্রে বর্ষিত হয়নি, তা গিবিশের পরবর্তী জীবন দেখলেট বেশ স্পষ্ট বোঝা যায়।

কথামূত--১৷১৪৷৯-১০

দশম পরিচ্ছেদ্টির আগাগোড়া শ্রীম নিজের অন্তরের ভাবটি সকলের কাছে উদ্যাটিত ক'রে একটি স্থন্দর চিত্র এঁকেছেন। তার আগে নরেন্দ্রকে কাছে বসিয়ে ঠাকুর একদৃষ্টে দেখছেন, আরো কাছে সরে বসলেন। মাস্টারমশায় বলছেন, নরেন্দ্র অবতার মানে না। তাতে কি এদে যায়, ঠাকুরের ভালবাসা যেন আরো উপলে উঠেছে। গায়ে হাত দিয়ে নরেন্দ্রকে বলছেন, 'মান কয়লি তো কয়লি, আমরাও তোর মানে আছি'; ভাব হচ্ছে, নরেন্দ্রর অবতার না মানার কারণ, তিনি তাঁর চোথের সামনে দেই আলো জেলে দিচ্ছেন না, তাই তিনি যেন অভিমান ক'রে অবতার মানছেন না। ঠাকুর বলছেন, "আমরাও তো মানে আছি।"

বিচার ও তত্ত্বামুভূতি

ঠাকুর নরেন্দ্রকে বলছেন, "যতক্ষণ বিচার, ততক্ষণ তাঁকে পায় নাই। তোমরা বিচার করছিলে, আমার ভাল লাগে নাই।" তিনি কখনো কখনো বিচারে উৎসাহ দিতেন, কেউ বারণ করলে বলতেন, এই বিচারের মানে আছে। কিন্তু আবার বলছেন, বিচারে তাঁকে পায় না। ভাব হচ্ছে, এই বিচার একটা পথ, কিন্তু সেটাই শেষ পথ নয়। বিচারের একটি লক্ষণ হ'ল এই যে, বিচারের দারা ক্রমশঃ তত্ত্বনির্ণয় হয়। গীতায় ভগবান বলছেন, যারা বিচারশীল তাদের মধ্যে আমি বাদ-রূপে আছি—'বাদঃ প্রবদ্তামহম্।' তত্ত্বনির্ণয়ের জন্ম যে বিচার, তাকে

'বাদ' বলে ৷ তত্ত্বনির্ণয়ের উপায়রূপে বিচার গ্রহণযোগ্য, কিন্তু বিচার চলতে থাকলে বোঝা যাবে, তত্ত্ব এখনো নির্ণয় হয়নি। "নিমন্ত্রণবাড়ির শব্দ কতক্ষণ শুনা যায় ? যতক্ষণ লোকে খেতে না বসে। যাই লুচি তরকারী পড়ে, অমনি বার আনা শব্দ কমে যায়। অক্ত থাবার পড়লে আরও কমতে থাকে। দই পাতে পাতে পডলে কেবল 'হুপ দাপ'। খাওয়া হ'য়ে গেলেই নিদ্রা।" ঠাকুর বলছেন, ঈশ্বরের অহভেব যত গাঢ় হবে, তত্তই বিচার কমবে। পূর্ণলাভ হ'লে আর শব্দ—বিচার থাকে না, তথন নিদ্রা, সমাধি। ঠাকুর তাঁকে প্রত্যক্ষ দেখছেন, আর কি বিচার করবেন? আমরা যথন এই সব ঘরবাড়ী প্রভাক্ষ দেখছি, তখন ঘরবাড়ী আছে কি না, এ বিচার করতে বদি কি ? সে অহুভূতি এত গভীর ও তীব্র যে, সংশয় থাকে না। সে-রকম ঈশ্বর দর্শন যথন স্পষ্ট হয়, সে দর্শন এত গভীর ও তীত্র যে, কোন সংশয় ওঠে না। তাই বলছেন, ঈশ্বরকে যত লাভ করবে, তত বিচার কমবে। ভগবদ-হুভূতির দিকে অগ্রসর হ'তে থাকলেই ক্রমশঃ বিচার, দ্বন্দ, সংশয় ক'মে যায়। ঠাকুরের কথা 'কলদী থালি থাকলে শব্দ হয়, ভরে গেলে আর শব্দ হয় না। মাহবের হৃদয় ভগবদয়ভূতিতে পূর্ণ হ'লে আলোচনা, বিচারের আর অবকাশ থাকে না। ঠাকুর যে কাউকে বিচার করতে বলেন নি, তা নয়। অনেক সময় তিনি নিজে বিশেষ ক'রে তুই ভিন্ন মতাবলম্বীকে বিচারে লাগিয়ে দিতেন। নরেন্দ্রর সঙ্গে গিরিশ অথবা কেদারকে বিচারে লাগিয়ে আনন্দ করতেন। আনন্দের কারণ বিচারশীল ত্বজনেই ভক্ত, কেবল দৃষ্টিভঙ্গি ভিন্ন ভিন্ন। নরেন্দ্র যেন আধা নাস্তিক, আর এঁরা অতি-বিশ্বাদী। তাঁদের মধ্যে মত-হৈধতা প্রবল। ঠাকুর মধ্যস্থ হ'য়ে শুনতেন, আর কখনো এ পক্ষের আর কথনো ও পক্ষের হ'য়ে টিগ্লনি কাটতেন, কাউকে ছেডে দিতেন না।

মনে রাথতে হবে, ঠাকুর লেথাপড়া করেন নি; তর্কবিছা (Logic), দর্শনশাস্ত্র (Philosophy) কিছুই পড়েননি। স্বামীজীর সবই পড়া এবং বৃদ্ধি ক্রধার। তবু ঠাকুর নঙ্গে সঙ্গে দেখিয়ে দিচ্ছেন্ যে, যে-বিষয়ে তিনি জানেন না, শুধু শুনেছেন, সে-বিষয়েও তাঁর মন্তব্য অত্যন্ত বিচারশীল মনের পরিচায়ক।

ঠাকুরের সর্বপ্রসারী দৃষ্টি

একজন একটি মত সম্পর্কে বললেন, "মহাশয়, এই একটি মত।" ঠাকুর জিজ্ঞলা করছেন, ওরা ঈশ্বর মানে কি না। ঈশ্বর মানে শুনে বললেন, "তা হলেই হ'ল"। অথবা তারা যদি আধ্যাত্মিক জীবন মানে, তা হলেই হ'ল। তাদের মতবাদ যাই হ'ক তাদের গস্তবাস্থল কি? ঠাকুরের এই বিশাল সর্বাবগাহী উদারতা কাউকে বাইরে রাথছে না, নান্তিককেও না। কেউ যদি বলেন, অমুক লোক নেশাথোর বা তৃষ্ট প্রকৃতির, ওকে প্রশ্রম দেবেন না। ঠাকুর শুধু বর্তমান অবস্থাটি না দেখে, অতীত, বর্তমান, ভবিশ্বৎ সব দেখে বিচার করছেন। মান্টারমশায়নে বলছেন, তোমার অতীত, বর্তমান, ভবিশ্বৎ না তাকুর বলছেন, আমি যা বলছি. বিচার ক'রে নিতে হবে না, বিশ্বাস কর।

আবার নরেক্রকে বলছেন, যা ব'লব যাচিয়ে—বাজিয়ে নিবি। অধিকারি-ভেদে ভিন্ন ভিন্ন পথা। মাছ এলে মা যেমন যার পেটে যা সয়, সেই রকম রান। করেন। ঠাকুরও ঠিক তাই, যার যাতে রুচি তার জন্ম সেইমতো ব্যবস্থা করলেন।

যুগাবতার হ'য়ে যিনি জগৎ কল্যাণের জন্ম এদেছেন তাঁকে তো মুষ্টিমেয় কয়েকজনের কথা ভাবলে হবে না, জগতের সকলের কাছে এমন পথ বলে দিতে হবে, যাতে কেউ বাদ না পড়ে। কেউ ফেন অভুক্ত না থাকে। শুধু থেতে পাওয়া নয়, ভরপেট। একজন ভক্ত কথা-প্রসঙ্গে বললেন, 'মহাশয় অন্ত জারগায় ছিঁটে ফোঁটা, এখানে ভরপেট।' এটি অবতারের বৈশিষ্ট্য। সকলের কল্যাণের জন্ত এমনভাবে থাত পরিবেশন করেন যে, প্রত্যেকেই তার ক্রচিমত খাত্য পেয়ে পরিপুষ্ট হ'য়ে বলবান হবে, চরম কল্যাণ লাভ করবে।

ঠাকুরের বাঞ্জগৎ ভুল হ'য়ে যাওয়ার বিষয়ে মাস্টারমশায় আরো একটু আলোচনা করেছেন। শুদ্ধদত্ত ছেলেদের প্রতি তাঁর অসীম ভালবাসা। বিশেষতঃ নরেক্সর জন্ম তিনি পাগল। ঠাকুর নরেক্সর গায়ে হাত বুলিয়ে, মুথে হাত দিয়ে আদর করছেন, বলছেন, "হরি ওঁ, হরি ওঁ, হরি ওঁ।"

ঠাকুরের উচ্চভাব ও সহামুভূতি

একদিন নরেন্দ্র ঠাকুরকে বলছেন, "আপনি সব সময় এ-রকম 'নরেন, নরেন' করেন, শেবে আপনারও ভরত-রাজার মতো অবস্থা হবে।" হরিণ ভেবে ভরত-রাজা হরিণ হ'য়ে ছিলেন। এ-কথায় ঠাকুরকে তাঁর মায়ের কাছে ছুটতে হ'ল। এসে বললেন, 'মা দেখিয়ে দিলেন, তোর ভিতরে আমি সাক্ষাৎ নারায়ণকে দেখতে পাই, তাই এ-রকম করি। ছেলেদের ভিতর নারায়ণকে দেখি, তাই এত ভালবাসি। যেদিন তা না দেখতে পাব, তোদের ম্থদর্শনও করতে পারব না।' এ মেহ ব্যক্তির প্রতি নয়, ব্যক্তির অন্তর্গালে যে তত্ত্ব তাঁর কাছে প্রকাশিত হ'ত; এ ভালবাসার উপলক্ষ্য কেবল তিনি।

মান্টারমশায় লিখছেন, যাকে নিয়ে এত আনন্দ, এত আদর করছেন, দেখতে দেখতে সমাধিস্থ হ'য়ে যাচ্ছেন, একসময় সেই নরেন্দ্র কোথায় রইল খোঁজ নেই। মন প্রাণ তথন ঈশ্বরে গত হয়েছে। যতক্ষণ মন বাহজগতের দিকে আছে, ততক্ষণ সে কি নিয়ে থাকবে? শুদ্ধ আধার,

শুদ্ধনত্ব ভক্তদের নিয়ে। ঠাকুরের মন দর্বদা অন্তরের সেই তত্ত্বের দিকে আরুষ্ট। তাই বাইরে যথন কেবল তার ঈষৎ প্রকাশ দেখতে পান এই শুদ্ধদত্ব ছেলেগুলির ভিতর, তাদের নিয়ে মনটা কিছুটা জগতের দিকে রাথতে পারেন। না হ'লে মন জগতের দিকে নামতে চায় না। এই ছেলেরা তাঁর মনকে নামাবার উপায় বা সিঁড়ি। তথন তিনি জগতের ছঃখ-কট্ট অন্থভব করছেন এবং তাদের সেই ছঃথের পারে যাবার পথ দেখাচ্ছেন।

মনে হবে, ঠাকুরের মন যথন এতই সহাত্মভূতিশীল, তথন জগতের তুঃখ-কষ্টই কি তাঁর মনকে নামানোর উপায় হ'তে পারে না ? মন সমাধি অবস্থায় গেলে জগতের হুংথকষ্টের অহুভূতি দেখানে পৌছয় না, তারপর কোন শুদ্ধ আধারকে অবলম্বন ক'রে মন ক্রমশঃ নামে। এইসব বালকদের ভিতর দিয়ে মনটা জগতের দিকে আরুষ্ট হবে ব'লে, ঠাকুর এদের কাছে কাছে রাথতেন। না-হ'লে তিনি শরীরও রাথতে পারতেন না। বলছেন, দেখ, আমার বড় কন্ত হচ্ছে, গুদ্ধসন্ত ছেলে একটি তুটি কাছে থাকলে ভাল হয়। প্রয়োজন তাঁর দেবার জন্ম নয়. মনকে নীচে নামিয়ে আনার অবলম্বন হিসাবে। সে অবলম্বন এমন হওয়া উচিত, যার সঙ্গে তার মনের একটা সম্বন্ধ আছে—তাই শুদ্ধসত্ত বালকের প্রয়োজন। যাদের মন সংসারের আবিলতাকে স্পর্শ করেনি, কোনরপ কালিমালিগু হয় নি, এমন শুদ্ধ পবিত্র মনের ছেলেদের প্রতি আকর্ষণে ঠাকুর মনকে সমাধির একটু নীচের স্তরে নামিয়ে রাথতে পারতেন। তারপর বাহাদশার মন এলে জগতের তঃখ-কষ্ট এমন প্রবলভাবে অন্থভব করতেন, যার গভীরতা আমাদের কল্পনাতীত। সে হু:খ এমন সর্বব্যাপী হ'য়ে থাকত যে, প্রত্যেকের তুঃথের স্পর্শ তাঁর নিজের হৃদয়ে অন্নভব করতেন। সর্বত্র আপনাকে বিস্তার ক'রে, সকলের হুঃথে নিপীড়িত হওয়া অবতার ছাড়া আর

কারো পক্ষে সম্ভব হয় না। অন্তাক্তদের মনে হয়তো একটু সহাত্ত্তি আদে, কিন্তু অবতার একালা হ'রে অপরের হুঃখ নিজ হৃদয়ে অত্তব করেন—এই একাল্পতা সাধারণের হয় না। স্বামীজী বলতেন, বিরাট বিশের এই হুঃখ অত্তব করার জন্ত ঠাকুরকে ভক্তি করি। গিরিশবাবুও স্বামীজী সম্বন্ধে তাঁর এক শিশুকে বলতেন, 'তোর গুরুকে এই জন্ত মানি, তার হৃদয় কত বিশাল।' এখন যে হৃদয় ঠাকুরকে এত আকর্ষণ করছে, বুঝতেই পারা যায়, সে হৃদয়ের বিশালতা, শুদ্ধি, পবিত্রতা, সকলের হুঃখে সমবেদনাবোধ কত গভীর! আর ঠাকুরকে দেখি, তিনি তাঁর আদরের ত্লাল নরেন্দ্রকে ভর্মনা করছেন, 'তোর এত হীনবৃদ্ধি, নিজের সমাধিস্থথে মগ্র হ'য়ে থাকতে চাল ? সংসারে এত লোকের হৃঃখেকট দেখছিন না ? তুই এদের আশ্রম্বন্ধ হবি, এই তো আমি চাই।'

যে নরেক্সকে ঠাকুর এত আদর করছেন, এত সাধনা করিয়েছেন, নর-ঋষির অবতার ব'লে বলছেন, সেই নরেক্সর প্রতি এই ভর্ৎ সনা-বাক্যে একটু অহুমান করতে পারি— ঠাকুরের হৃদয়ের বিশালতা কত গভীর!

শ্রীম'-র চিন্তা

পূর্ব প্রসঙ্গে ঠাকুরের কথাগুলি শ্রীম'র মনে যে চিন্তা-সমষ্টির উত্তব করেছিল, দেগুলি এই দশম পরিচ্ছেদে তিনি হৃদ্দরভাবে ব্যক্ত করেছেন। বলছেন, বিচার আর কি ক'রব? বিশ্বাস চাই। তিনি ভাবছেন, "সত্য সতাই কি ঈশ্বর মাহ্ম্যদেহ ধারণ ক'রে আনেন? তবে অবতার কি সত্য? অনন্ত ঈশ্বর চৌদ্দপোয়া মাহ্ম্য কি ক'রে হবেন? অনন্ত কি দান্ত হয়? বিচার তো অনেক হ'ল। কি বুঝলাম, বিচারের হারা কিছুই বুঝলাম না?"

বিচার তৃইটি সম্পূর্ণ বিপরীত ভাবের সামঞ্জন্ত করতে পারে না ৷ অনস্ত কি ক'রে সাস্ত হবেন ? ঈশ্বরের অসীমত্ব আর মান্ত্রের দৃষ্টির ক্ষণ — অত্যন্ত বিপরীত তৃটি বস্ত। ভাগবতে দেবকী তাঁব স্তবে বলছেন :
বিশ্বং যদেতৎ স্বতনে নিশান্তে যথাবকাশং পুরুষঃ পরো ভবান্।
বিভর্তি সোহয়ং মম গর্ভশোহভূদহো নূলোকস্তা বিভ্যবং হি তৎ।
(১০.৩,৩১.)

যাঁর বিশালতা আমরা কল্পনাও করতে পারি না, সমস্ত বস্তর পরস্পরের দূরত্ব বজায় রেখে বিশ্ববন্ধাণ্ডকে নিজ দেহের এক কোণে ধারণ ক'রে আছেন, সেই তিনি আবার আমার গর্ভে সন্তানরূপে এসেছেন, একথা কে বিশ্বাস করবে? দেবকীর এই অপূর্ব কথাটিই মাস্টারমশায় এখন ভাবছেন। তিনি দর্শনশান্তে অভিজ্ঞ, সেই ধারায় বিচার করেও কিছুই বুঝলেন না। 'অনস্ত কি সাস্ত হয়?' ঠাকুর বলেছেন, যতক্ষণ বিচার, ততক্ষণ বস্তুলাভ হয় না।' এই এক ছটাক বুদ্ধি দিয়ে আর কি ঈশ্বরের কথা বুঝব ? 'এক সের বাটিতে কি চার সের ত্থ ধরে ?' এই সব কথা তিনি ভাবছেন। আমাদের সীমিত বুদ্ধি দিয়ে ঈশ্বরের শ্বরূপ কি বোঝা যায়? ঠাকুর যদি দেখিয়ে দেন, যদি দপ্ ক'রে আলো জলে, তা হ'লে একক্ষণেই বোঝা যায়! ঈশ্বরের অলৌকিক কুপার পরিণাম এই আলো জ্বেলে দপ্ক'রে দেখিয়ে দেওয়া! বাক্য-মনের অতীত যিনি, তাঁকে মনের দারা চিন্তা করা, শব্দের দারা প্রকাশ করা সম্ভব নয়। তাই সে নিক্ষল প্রয়াস না ক'রে তাঁর শরণাপন্ন হই। প্রয়াদ যে নিক্ষল প্রথমে তা বুঝতে পারি না; পরে যখন বুঝতে চেষ্টা করি, বিচার করি, তথন একজনের বিচার অক্তজনের বিচার দারা খণ্ডিত হয়।

বিচার ও শান্ত্রসিদ্ধান্ত

সর্বশাস্ত্রে আগাধ পাণ্ডিত্য ও ক্ষ্রধার বৃদ্ধির অধিকারী শঙ্করও বলেছেন, তর্কের দারা কখন সত্যের প্রতিষ্ঠা হয় না। খুব বড় কথা। ব্যাখ্যা ক'বে বলেছেন, আমি বড় পণ্ডিত, বছ বিচার ক'রে, একজনের মত খণ্ডন ক'বে স্বমত প্রতিষ্ঠা করলাম। ভবিশ্বতে আর একজন পণ্ডিত এমে তা খণ্ডন ক'রে অক্সমত প্রতিষ্ঠা করবে। অনস্ত-কাল এই ভাবে চলে এমেছে ও চলবে। স্থতরাং তর্কের দ্বারা সিদ্ধান্ত প্রতিষ্ঠার সম্ভাবনা কোথায়? তা হ'লে কি উপায় হবে? উত্তরে বলেছেন, শাস্ত্র-প্রমাণ অর্থাৎ শাস্ত্রে লিপিবদ্ধ বিদ্ধান্তনের অক্সতব। তত্তকে যাঁরা সাক্ষাৎ করেছেন, তাঁদের অক্সতব হ'ল প্রমাণ, যার উপর নির্ভর ক'রে তত্ত্ব নির্ণয় করা যায়। কিন্তু সেখানেও সমস্তা। শাস্তের সিদ্ধান্ত নিয়েও নানা তর্কজাল, মতপার্থকাত্ত অনেক। বেদকে সকলেই মানলেও তার ব্যাখ্যা নিয়ে রয়েছে নানা মতবিরোধ, যে বিরোধ আজও চলছে। ভবিশ্বতে অক্যান্ত মতের আবির্ভাবে এ বিরোধ বাডবে।

ঈশ্বরক্ষপা ও শরণাগতি

ঠাকুর এক কথায় বলছেন, এভাবে হবে না। তিনি যদি দপ্
ক'রে আলো জেলে দেখিয়ে দেন, তত্তকে আমাদের অহতবগন্য ক'রে,
নিজের স্বরূপকে উদ্ঘাটন ক'রে আমাদের সামনে ধরেন, তা হলেই
জানা সন্তব; না হ'লে নয়। ঠাকুরের এটি খুব বড় কথা। নিঃসংশয়িতভাবে তত্তকে জানার অন্ত কোন উপায়ও নেই। আসল কথা, 'এক
সের ঘটিতে কি চার সের হুধ ধরে ?' ক্ষুদ্র মন দিয়ে কি অনন্তকে ধারণা
করতে পারা যায় ? শাস্ত্র এবং সাধুরা বারবার এ-কথা বললেও আমরা
তা বুঝি না। অহঙ্কারবশতঃ মনে করি, সব বুঝে নেব। কে বুঝবে ?
আমি বুঝব! কিসের সাহায্যে ? বুজির সাহায্যে। প্রথম কথা—
যে বুজির সাহায্যে বুঝব, তা কি রাগ-দেষ থেকে মৃক্ত হয়েছে ? তা
না হ'লে, যদি মনে কোন তত্ত্বে প্রতি আগ্রহ থাকে, অন্ত কিছু বুজিগম্য হবে না। বিতীয়তঃ—বাক্য-মনের যা অতীত, তাঁকে বাক্য-মনের

ভিতর সীমিত ক'রে অহতেব বা প্রকাশ করা যাবেনা। ঠাকুরের কথা, রূপা ছাড়া কোনও পথ নেই। রূপা কার উপর হবে? তিনি কার উপর করবেন? এক্ষেত্রে আমাদের একমাত্র করণীয়, তাঁর রূপা লাভ করার জন্ম দাধ্যমত চেষ্টা করা, নিজের যতটুকু শক্তি তার ঠিকঠিক সদ্মবহার করা। করেও যথন দেখা গেল, আমাদের দারা হচ্ছেনা, তথন নিজেদের অসহায় বোধ করা। যথন সমস্ত অহকার চুর্ণ হ'য়ে মনে দীনতা আসবে, তথনই হয়তো তাঁর রূপা হবে। তার আগে নয়। হতরাং, আমাদের অহং-ভাব বুদ্ধির অভিমান— সব চুর্ণ করবার জন্মই আমাদের সমস্ত সাধন।

সাধন ক'বে যদি মনে হয়, খুব সাধন করছি, তাতেও অভিমান বাড়ানো হচ্ছে। বিচারশীল হ'য়ে সাধন করলে বোঝা যাবে, যতই সাধন করি, অগ্রসর হবার পথ হচ্ছে না। সাধন করতে করতে যথন ভাবি কিছু হচ্ছে না, এগোতে পারছি না, অভিমান কি সম্পূর্ণ চূর্ণ হচ্ছে? যদি না হয়, অভতঃ সেই পথে চলেছি কি না, অথবা সাধনের অকিঞ্জিৎকরত্ব অক্মন্ডব করছি কি না?

এইভাবে, পূর্ণরূপে হ্রদয়ে সাধনের অকিঞ্চিৎকরত্বের অক্তভব না
হ'লে তাঁর রুণা হয় না। যভক্ষণ সামনে 'আমি' রয়েছে, দে যেন
দেওয়াল তুলে তাঁর রুপার আলো প্রবেশ করতে দিছে না। সাধনের
ঘারা, এই অভিমানের বেড়া নাশ করতে হবে। 'আমি'-কে নিশ্চিহ্ন
করাই হ'ল সাধনের মূলকথা। যদি তা পারা যায়, তা হ'লে বুঝব,
যে পরিমাণ তা পেরেছি, দে পরিমাণ তাঁর দিকে এগোচিছ। ঠাকুর
এখানে বলেছেন, "যত তাঁর দিকে এগোবে, তত বিচার কমে
যাবে।" 'বিচার' বলতে বোঝাচ্ছেন—অহংকার-প্রস্তুত যে বিচারের
ঘারা প্রতিষ্ঠা করতে যাই যে, আমার মতো বড় পণ্ডিত আর কেউ নেই।
যত অমুভব স্পষ্ট হবে, গভীরতা তত বাড়বে। অর্থাৎ যিনি যত নিকট

হবেন, বিচার তত দুরে সরে যাবে। সাধক তত্ত্বে পৌছলে সব বিচার শাস্ত হ'য়ে যাবে। নিস্তরঙ্গ সমুদ্রের মতো একটিও চেউ উঠবে না— এই হ'ল লক্ষণ।

লক্ষ্য হচ্ছে এই যে, তিনি বিচারের অতীত বস্তু, তা বোঝবার জন্তু গোড়ার দিকে বিচার প্রয়োজন। বৃশ্বতে হবে, সেই বস্তুতে পোঁছতে হ'লে বাকামনের দার্থকতা চিরতরে ভুলতে হবে। ভাষায় প্রকাশ তো দ্রের কথা, বস্তুকে আমি মনেও ধারণা করতে পারব না—মন এই প্রকার সম্পূর্ণ দৃঢ় নিশ্চয় হ'লে আর বিচারের অবকাশ থাকে না। ভিনি তথন পরিপূর্ণরূপে চারিদিকে প্রকাশিত হ'য়ে পড়েন দপ্ ক'রে। এমন একটা আবরণ আছে, যার জন্তু বাইরের আলো আসছে না। আবরণ ভেঙেদিলে দেখা যায়, সমস্ত অস্তর সেই জ্যোতিতে জ্যোতির্ময় হওয়াই—দপ্ ক'রে আলো জালা। তার জন্তু আমাদের করণীয়, দেওয়াল বা বেড়াটাকে ভাঙার চেষ্টা করা।

এর পরের কথা হ'ল-ক্সপা

কুপাই চরম অবলমন। তা লাভের যোগ্যতা—একটিই। তাঁর পাদপন্মে আত্মসমর্পন। তা বতক্ষণ না করছি, কুপার অরুভূতি হবে না। হাদয়কে সম্পূর্ণরূপে উন্মূল্য যতক্ষণ না করছি, 'আমি'র বেড়াটিকে না ভাঙছি, ততক্ষণ কুপার অরুভূতি হবে না। ঠাকুরের কথা আছে, 'কুপা বাতাস তো বইছেই, পাল তুলে দে।' 'পাল তোলা' মানে তিনি যে আমাদের নিয়ে যেতে চাইছেন, তার সহযোগিতা করা। পাল হচ্ছে শরণাগতি, শরণাগতির পাল তুললে তাঁর কুপা আমাদের এগিয়ে নিয়ে যাবে। তথন দপ্ ক'রে আলো জলে সমস্ত অন্তর উন্তাসিত হবে।

আনাচে-কানাচে কোথাও অন্ধকার থাকবে না, সংশয় বিধার লেশমাত্র

থাকবে না। সর্বাবগাহী সত্য দিবালোকের মতো স্পষ্ট হবে, সে সত্য আংশিক নয়, সে সত্য সম্পূর্ণ। অবতারলীলায় বিশ্বাস তাঁর রূপা না হ'লে অসম্ভব। রূপা না হ'লে মান্তবের ভিতর মান্ত্র হ'য়ে তিনি অবতীর্ণ হ'তে পারেন, তা আমরা কল্পনাও করতে পারি না।

আঠার

কথামূত--১৷১৫৷১

ঠাকুরের গলরোগ ও কলকাভা-আগমন

কথামতের পাঁচটি ভাগ যেভাবে রচিত তাতে মনে হয়—প্রত্যেক খণ্ড স্বয়্নমম্পূর্ণ, প্রতিটি অধ্যায়ও যেন স্বত্তর। শ্রীম ঘটনাগুলি এমনভাবে দাজিয়েছেন যে, প্রতি খণ্ডের প্রত্যেকটি পরিচ্ছেদের মধ্যে ভক্তেরা একটি পূর্ণাবয়ব চিত্র পাবেন। দর্বত্রই ঘটনাগুলি বর্ণনার প্রারম্ভে মার্টারমশায় সংক্ষেপে বর্ণনীয় স্থানটির চিত্র উপস্থাপিত ক'বে দেখানে উপস্থিত ব্যক্তিব্রুদের নামোল্লেখ করেন, যাতে পাঠক দেই দৃশুটি অন্থ্যান ক'রে মনের মধ্যে প্রয়োজনীয় পশ্চাৎপট তৈরী ক'বে নেন।

ঠাকুর অস্কন্ধ, শরীরে কঠিন ব্যাধি, গলায় ক্যান্সার। তাই
চিকিৎসার স্থব্যবস্থার জন্ম তাঁকে শ্রামপুকুরের বাড়ীটিতে আনা হয়েছে।
কারণ তথন মোটবগাড়ীর প্রচলন হয়নি, ঘোড়ার গাড়ীতে কলকাতা
থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত যেতে ভাক্তাররা সহজে রাজী হতেন না।
কিন্তু কলকাতায় ঠাকুর থাক্বেন কোথায়? ভক্তদেরও কারো এত বড়
বাড়া ছিল না যেথানে ঠাকুর এবং তাঁর সেবকদের স্থান সংকুলান হয়।
এক বলরাম-মন্দির, কিন্তু সেথানে সদরে বহু লোকের যাতায়াত।

আর কামারপুকুর ও দক্ষিণেশবের উন্মৃক্ত পরিবেশে বাদ করতে যিনি অভাস্ত, তিনি দংকীর্ণ স্থানে পিঞ্জরাবদ্ধ পাথীর মতো থাকতে পারবেন না। তাই কলকাতায় তাঁর জন্ম নির্বাচিত প্রথম বাড়ীটিতে পদার্পন করেই তৎক্ষণাৎ তিনি চলে এলেন বলরাম-মন্দিরে, এরকম খাঁচার মধ্যে থাকতে পারবেন না ব'লে। অবশেষে শ্রামপুকুরের বাড়ীট পাওয়া গেল।

অধুনা বাড়ীটি বিধাবিভক্ত ঠাকুর যে ঘরটিতে ছিলেন, দেই ঘরে স্থানীয় ভক্তেরা এখন কালীপূজার দিনে উৎদব করেন। কারণ, এখানেই একদিন ঠাকুরের নির্দেশে ভক্তেরা কালীপূজার রাত্রে পূজার আয়োজন করেছিলেন। কিন্তু প্রতিমা আনয়ন, পূজারী ও পূজার স্থান নির্বাচন, এ-সব ব্যবস্থা হয়নি। ভক্তেরা উৎস্থক আগ্রহে ঠাকুরের পরবর্তী নির্দেশের অপেক্ষা করছেন। সন্ধ্যা সমাগত, ঠাকুর গভীরভাবে সমাধিস্থ হয়ে গেলেন। ভক্তেরাও সেই ধ্যানগভীর পরিবেশে ভগবং-চিন্তা করছেন। সহসা গিরিশবাবুর মনে হ'ল, ঠাকুরই সাক্ষাৎ মা কালী, এথানে উপস্থিত। তথন 'জয় মা', 'জয় মা' ব'লে তাঁর ঞ্রীচরণে পুষ্পাঞ্জলি দিলেন। সঙ্গে সঙ্গে মাতৃভাবে ভাবাবিষ্ট ঠাকুর দণ্ডায়মান হলেন, হাতে বরাভয়মূলা। দাক্ষাৎ তাঁর দেহকে অবলম্বন ক'রে জগন্মাতা ভক্তদের পূজা গ্রহণ করবার জন্ম উপস্থিত। সেই দিনটির শ্বরণে এথনও কালীপূজার রাত্রে মায়ের এবং ঠাকুরের বিশেষ পূজার বাবস্থা হয়। ঐ বাড়ীতে এইদিনের ঘটনার ছবি মাস্টারমশায় এথানে এ কৈছেন।

সংসার-জীবনের কৌশল

এই পরিচ্ছেদে ঠাকুর যে কথাগুলি বলছেন. তা কারো প্রশ্নের উত্তরে নয়, স্বগতোজির মতো। সামনে ঈশান ছিলেন। তিনি ভক্ত জ্ঞানী, জাপক, খুব গায়ত্ত্বী-পূর*চরণাদি করতেন; দাতা-পূরুষ, ঋণ করেও দান করতেন। ঠাকুর তাঁর খুব প্রশংসা করেন। তাই ঈশানকে দেখে সংসারে কি-রকম ক'রে থাকতে হয়, এই ভাবের উদ্দীপনা ঠাকুরের মনের মধ্যে এল। তিনি বলছেন, "যে সংসারী ঈশবের পাদপদ্মে ভক্তি রেখে সংসার করে, সে ধক্ত, সে বীরপুরুষ!" মাথায় ত্মন বোঝা নিয়ে সে বর দেখছে। "পানকোটি জলে সর্বদা তুব মারে, কিন্তু পাথা একবার ঝাড়া দিলেই আর গায়ে জল থাকে না।"

ঠাকুর সংসার-ত্যাগের কথা প্রায় বললেও সংসার ভগবন্তক্তি বা ধর্মজীবনের বিরোধী-এ-কথা কোথাও বলেন নি। বাস্তবকে তিনি অস্বীকার করেন নি: বলেছেন মনকে আগে থেকে তৈরী না ক'রে সংসার করতে গেলে একেবারে ভূবে যাবে। তথে জলে মিশে যায়, কিন্তু সেই তুধ থেকে নিৰ্জনে দৈ পেতে মাথন তুলে দে মাথন জলে রাখলে আর মেশে না। ঠিক তেমনি মনকে ভগবদ্ভাবে ভাবিত ক'রে, ভক্তি লাভ ক'রে মনকে প্রস্তুত ক'রে সংসারে রাখলে সংসারে মিশে যাবে না। একেবারে নির্লিপ্ত হ'য়ে সংসারে থাকা-এইটিই সংসারে থাকার কৌশল-বারংবার ঠাকুর এ-কথা স্মরণ করিয়ে দিয়েছেন। তবে এই নির্লিপ্ততার জন্ম যথেষ্ট শক্তি দরকার, সাধনের প্রয়োজন। সেজন্ম দরকার মাঝে মাঝে নির্জনবাদ-এক বছর, ছমাদ, তিনমাদ, কি একমাস হ'ক। কথাটি রকমারি ক'রে বলার ভাবার্থ হ'ল, যার ঘতটুকু সাধ্য কর, সাধ্যের অতিরিক্ত ব্যবস্থা কাউকে দেওয়া হবে না। যে যেমন পারে, মন তৈরী ক'রে সংসারে প্রবেশ করুক। এমন ক'রে সংসারে প্রবেশের কথা কে ভাবে ?

আমরা সন্তানদের কর্মক্ষেত্রে সাফল্য অর্জনের জন্ম নানাভাবে প্রস্তুত করি। কিন্তু সংসারে প্রবেশের জন্ম কোন প্রস্তুতি দরকার আছে কিনা, বিচার ক'রে দেখি না। যথেষ্ট উপার্জনশীল হওয়া ছাড়া সংসার করতে আর কোন যোগাতার কি প্রয়োজন হয় না? অন্ততঃ কিছুটা নির্নিপ্ত না হ'তে পারলে ছঃখ-যন্ত্রণার যে দীমা থাকে না, এ অভিজ্ঞতা থাকা সত্ত্বেও বাপ-মা দে কথা ভাবেন না। বরং পূর্বজন্মের স্কৃতিবশতঃ যদি কেউ ঈশ্বরাভিম্থী হয়, তাকে সংসারে জড়িয়ে দেওয়া হয়।

সংসার ও মনের প্রস্তুতি

শাল্তে বিধান আছে, দীর্ঘ পাঁচিশ বছর পর্যন্ত গুরুগৃহে থেকে ব্রহ্মচর্য অবলম্বন ক'রে, নির্জনে সাধনাদি করবার পর যোগ্য বিবেচিত হ'লে েলাকে সংসারে প্রবেশ করতে পারে। ঠাকুরও সংসারাশ্রমে প্রবেশ . করবার আগে কিছুদিন নির্জনে সাধন ক'রে মনকে প্রস্তুত করতে বলেছেন। এ প্রস্তুতি না থাকার জন্মই সংসার এত ভয়ংকর মনে হয়। অবশ্য সংসারের কলকোলাহলে ব্যতিব্যস্ত হ'য়ে দূরে পাহাড় বা সমূত্রের ধারে িহৈ চৈ ক'রে সময় কাটানোকে ঠাকুর নির্জনবাস বলছেন না। বলছেন, নির্জনে গিয়ে ভাবতে হয়, সংসারে ভগবান ছাড়া কেউ আপনার নয়, তাকে কেমন ক'রে পাওয়া যাবে। তা না হ'লে মনের মধ্যে সংসারকে ভরে রেথে যত নির্জনেই যাই না কেন, সেই সংসারই আমাদের ঘিরে থাকৰে। কর্মহীন অবকাশে সংস্কারাচ্ছন্ত মন তার সমস্ত শক্তি দিয়ে বিরুদ্ধাচরণ করতে থাকে। সেই সংগ্রামে অবতীর্ণ হবার আগে মনকে সবল শক্তিশালী ক'রে নিতে হয়। সাধক মাত্রেরই জীবনে এইটি অহভূতির বস্তু। অবতার মহাপুরুষদের জীবনেও মনের এই প্রতিকূলতার দৃষ্টান্ত আছে। মারের **দক্ষে বুদ্ধের** যে দংগ্রাম, দে মার আর কেউ নয়, মনেরই প্রতিকৃল বৃত্তি।

মনকে বশ করতে হয় ধীরে ধীরে। ঈশ্বরই যে সর্বস্থ—এটি বোধ ক'রে জীবনের লক্ষ্য স্থির করতে হয়। এ বোধ না এলে কখনো আত্মসমর্পণ সম্ভব হয় না। তাই ঠাকুরের উপদেশ—হাতে তেল মেথে কাঁঠাল ভাঙার মতো অনাসক্ত হ'য়ে জনক-রাজার মতো সংসারে থাকতে হয়। আসক্তি থেকেই যত রকম অশান্তি, উপদ্রব, বিপর্যয়ের স্প্টি। সংসারে থাকা, আর আসক্ত হ'য়ে থাকা তুটো ভিন্ন জিনিস। দেহবুদ্ধিরহিত বিদেহরাজ জনক বলতেনঃ

অনন্তং বত মে বিত্তং যশু মে নান্তি কিঞ্চন। মিথিলায়াং প্রদীপ্তায়াং ন মে দহতি কিঞ্চন॥

াপলাগ্নং প্রদান্তাগ্নং ন মে দহাত কিঞ্ন ॥ (মহাভারত, শান্তিপর্ব—১৭.১৯)

মিথিলা অর্থাৎ তার মনত্রবোধ যে সব জায়গায় ছড়ানো, তা সব ভন্দ্রীভূত হ'য়ে গেলেও তাঁর ক্ষোভ বা চিত্তচাঞ্চলা হয় না, কারণ তিনি সর্বদাই আত্মন্থ। তাঁর পক্ষে সংসার ত্যাগ বা গ্রহণের কোন প্রশ্নই ওঠে না। জ্ঞানে প্রতিষ্ঠিত ব্রহ্মজ্ঞের সংসার ও সন্ধ্যাস আশ্রমে কোন পার্থক্য নেই। তাঁর ব্রহ্মজ্ঞানে কোন ইতরবিশেষ হয় না।

এরপর কিন্তু ঠাকুর সাবধান ক'রে দিচ্ছেন, 'তবে সংসারে জ্ঞানীরও ভয় আছে।' 'সঙ্গাৎ সঞ্জায়তে কামঃ'—বিষয়ের সঙ্গে থাকতে থাকতে তার উপর একটা টান আসে, চিত্তবিভ্রম হয়। মনকে যেথানে রাথবে সেথানকার রঙে অন্তরঞ্জিত হবে। কাজেই জ্ঞানী ব'লে সাহস ক'রে বিষয়ের মধ্যে কাঁপিয়ে পড়তে নেই। ত্যাগ সম্বন্ধে ঠাকুরের কোন আপস নেই। তাঁর জীবনে একটি মাত্র কথা আছে, ভগবান্'। ভগবান্ ছাড়া তিনি বিতীয় কিছু জানেন না, কথাপ্রসঙ্গে তা বছবার বলেছেন—মাইরি বলছি ভগবান্ ছাড়া আর কিছু জানি না। কাজেই যা কিছু ভগবঙ্খাবের বিরোধী সেথানে আপস করেন নি।

মনে রাথতে হবে, ঠাকুর এখানে যাঁদের কাছে বলছেন, তাঁরা প্রায় সকলেই গৃহস্থ, তাই তাঁদের পক্ষে যা শিক্ষণীয় সেই কথাই বিশেষ ক'রে উল্লেখ করছেন। বলছেন, "কিন্তু সংসারে নির্লিপ্তভাবে থাকতে গেলে কিছু সাধন করা চাই। দিনকতক নির্জনে থাকা দরকার; তা এক বছর হোক ছয়মাদ হোক্ তিনমাদ হোক্ বা একমাদ হোক্। । ।
নির্জনে ঈশ্বরচিস্তা করতে হয়। সর্বদা তাঁকে ব্যাকুল হ'য়ে ভক্তির জ
প্রার্থনা করতে হয়। আর মনে মনে বলতে হয়, 'আমার এ সংসা
কেউ নাই, যাদের আপনার বলি, তারা ছদিনের জন্ম ! ভগবান্ আমা
একমাত্র আপনার লোক, তিনিই আমার দর্বস্ব; হায়! কেমন ক' ।
তাঁকে পাব!"

কথাগুলি সাধকের জন্ম। সাধারণ মান্ত্র এ-কথা গুনে ভ পাবে। যাদের এত আপনার মনে করছি, তারা কেউ আমার নয়! এই কথায় ভয় পেলে কি ভগরানের দিকে এগোন যাবে! সংসারে আমরা স্বাইকে নিয়ে আনন্দ ক'রে থাকব, আবার ভগবানকেও আম্বাদন ক'রব—এ চ্টি এক সঙ্গে কি সম্ভব ? এ প্রশ্ন মনের, আমরা ভাবি, এ-ও ক'রব ও-ও ক'রব—ভা হয় না।

ভগবানকে চাইতে হ'লে তাঁর জন্ম দর্বস্থ ত্যাগ — সন্ন্যাদী, সংসারী দকলকেই—করতে হয়। তফাত এই, সংসারী কিছুদিন সাধন ক'রে, মনকে তৈরী ক'রে অনায়াদে সংসারে থাকতে পারে, দোষ হয় না। আর সন্ন্যাদী সারা জীবন এই ভাবে ব্যয় করেন, তাঁর সংসারের কোন প্রশ্ন গুঠে না।

ঠাকুর অনেক জায়গায় বলেছেন সংসারীর হবে না কেন ? হবে। ভজেরা সংসারে আবদ্ধ. এ প্রশ্ন বার বার তাঁদের মনে আঘাত করছে, আমাদের কি হবে ? ঠাকুর আপস ক'রে বলছেন না যে, নিশ্চয় হবে। বলছেন না, যেমন আছ তেমনি থাকো, তোমাদের হয়ে যাবে। বলছেন, সাধন ক'রে মনকে তৈরী করতে। ত্থকে ত্থ না রেথে, দৈ ক'রে মাথন তুলে সংসার জলে রাথলে জলে মিশে যাবে না। নির্লিপ্ত হয়ে ভাসতে থাকবে।

আমরা গোড়া থেকেই ভাবি জনক-বাজাৰ কলে হলে ১

জ্ঞানী ছিলেন, অথচ সংসার ত্যাগ করেননি। খুব ভাল কথা! ঠাকুর বলছেন যে জনক-রাজার সারাটা জীবন কি তোমরা লক্ষ্য করেছ? নির্নিপ্তভাবে থাকার জন্ম তিনি যে যোগ্যতা অর্জন করেছেন কঠোর তপশ্চর্যার ভিতর দিয়ে, তা কি তোমরা করেছ? দেটি না করেই সংসারে থাকতে চাও! তা হ'লে তো আর জনক-রাজার মতো সংসারে থাকা হয় না। ঠাকুর এথানে যা বলছেন, সাধারণ মাহ্ম্য তা চায় না। দে চায় ইহুকাল পরকাল যেমন চলছে—চলুক, তার ওপর একটু ভগ্রানকে আস্বাদ করা—এ হয় না।

ভগবানকে আমাদন করতে হ'লে তাঁর পাদপদ্মে সর্বস্থ সমর্পণ করতে হবে। কিন্তু আমরা কি সমস্তই দিতে পারি ? ঠাকুর বলছেন, সাধন ক'রে মনকে তৈরী করতে, যাতে তাঁর ভাবে বিভোর হয়ে থাকতে পারি। দেই ভগবৎপরায়ণ মন সংসারেই থাকুক, আর ৰাইরেই থাকুক, কোন ভয় নেই। আদল কথা সংসার ভালও নয়, মন্দও নয়। আমাদের ধর্মপথের প্রতিকূলও নয়, অমুকূলও নয়। আমরা তার সঙ্গে যেমনভাবে ব্যবহার করি, সে সেইভাবেই আমাদের সঙ্গে ব্যবহার করে। আসন্তি-পরায়ণ মন নিয়ে সংসার করলে আমাদের একেবারে বেঁধে রাখবে। মনকে অনাসক্ত রাথার চেষ্টা ক'রে সংসারে রাথলে দোষ নেই। আমরা গানের সময় 'নাথ তুমি সর্বস্থ আমার' বলি, সে কি শুধু গানেরই সময় ? গানের প্রকৃত মর্ম অমুভব ক'রে জীবনের প্রধান লক্ষ্য সেইভাবে স্থির করতে হয়। তিনিই যে আমার দর্বস্থ—এ বোধ যদি না আদে, তা হ'লে তাঁর চরণে আত্মসমর্পণ কথনো সম্ভব হয় না। মনকে এভাবে প্রস্তুত করতে হবে. যাতে দে ভগবানে তন্ময় হ'য়ে থাকতে পারে। যদি সাময়িকভাবে হয়, তাতেও লাভ। সেভাবে কেউ একবার অভ্যস্ত হ'লে সংসার আর তাকে আরুষ্ট করতে পারবে না। তিনি তো বড় চুম্বক, দে চুম্বকের আকর্ষণ প্রবল, তাকে প্রতিহত ক'রে সংসার আর মাহুষকে টানতে পারবে না।

এই আকর্ষণ অন্থভব করতে হ'লে মান্থবকে অনেক কার্চথড় পোড়াতে হবে। কঠোর দাধন তপশ্চর্যা করতে হবে। প্রথমে মনকে সহস্র বন্ধন থেকে একেবারে ছিঁড়ে নিয়ে ভগবানের দিকে যেতে হবে। কঠোর সংগ্রামের জন্ম প্রস্তুত হ'য়ে তরে এ-পথে পা বাড়াতে হবে, তা না হ'লে হবে না। তবে গোড়ায় মান্থবকে ও-পথে আখাদ দেবার জন্ম বলা হয়েছে 'মাগুর মাছের ঝোল, যুবতী মেয়ের কোল, বোল হয়িবোল'। তাৎপর্য এই—হেলায় বা আন্ধায় নাম কর, সব হ'য়ে য়াবে। এভাবে নাম করতে আরম্ভ করলে বোঝা য়াবে, আমরা কোথায় আছি। য়ি আন্তরিকতা থাকে, বোঝা য়াবে—যে ভাবে নাম করছি, তা য়থেই নয়। আরো এগোতে হ'লে ত্যাগ স্বীকার ক'রে কঠোর সংগ্রাম করতে হবে। মনকে শুদ্ধ করলে তবে দে ভগবানের দিকে য়াবে। দে শুদ্ধি কেমন ক'রে আদবে?

জীবনের লক্ষ্য

প্রথমে আচার শুদ্ধি করতে হবে ; সমস্ত আচরণ এমন কর যাতে মন

ভগবানের দিকে যাবার অন্তর্কুল হয়। তারপর প্রশ্ন উঠবে—তাঁর দিকে এগোতে পারছি কি না? স্বামী রক্ষানন্দ মহারাজ বলতেন, 'জপধ্যান করতে আরম্ভ ক'রে কয়েকদিন পরেই অনেকে বলেন—মশাই, আমার কিছু হচ্ছে না।' তিনি তাদের বলতেন, 'আচ্ছা, যা বলছি, তিন বছর চুটিয়ে কর দেখি, যদি তাতেও না হয়, তথন আমাকে এদে চড় মেরো।'—এই ভাষা প্রয়োগ করেছেন। এ-কথা কেন বলছেন? বলছেন এইজন্ম যে, আমরা কোন মূল্য না দিয়েই জিনিদ পেতে চাই। বিনামূল্যে এ জগতে দামান্ম বস্তুও পাওয়া যায় না। আর সেই অমূল্য ভগবড়াব কি ক'রে পাওয়া যাবে? তার মূল্য দিতে হবে। কীর্তনিয়া

গান করেন, গোপীরা নদী পার হ'তে এলে শ্রীঞ্চম্ব বলছেন, এমনি তো

পার ক'রব না, কড়ি দিতে হবে, এক লক্ষ কড়ি। তারপর কীর্তনিয়ারা আথর দেন, লক্ষ লক্ষ্য ছেড়ে এক লক্ষ্য হওয়া চাই! এক লক্ষ্য হ'য়ে ভগবানকে ক-জন চান? প্রথমেই তো এক লক্ষ্য হওয়া সম্ভব নয়। তাই একটু তার স্বাদ যাতে পায়, তাই নানা ভাবে পূজা ভজন কীর্তন ভক্তসঙ্গ ক'রে ক্রমশঃ দে পথে অগ্রসর হয়।

ঠাকুর নির্জনে তাঁকে চিন্তা করার কথা বলছেন। অর্থাৎ সংসারের পরিবেশ থেকে দূরে গিয়ে, 'তিনি ছাড়া আমার কেউ নেই' মনে করলে তাঁর দিকে যাবার মতো মনের অবস্থা হবে। প্রথমেই ভীত্র বৈরাগ্য সম্ভব নয়। ভয় পেয়ে যদি সাধন আরম্ভই না করি, এজন্য শাস্ত প্রত্যেককে আরম্ভ করার মতো একটা পথ ব'লে দিচ্ছেন। শত কামনায় জর্জরিত মানুষকে বলছেন—হ'লই বা কামনা, ভগবান কল্পতরু, তিনি কামনা পূর্ণ ক'রে দেবেন। তথন মান্থ্য মনে ক'রে একবার চেষ্টা ক'রে দেখা যাক। ক্রমশঃ চলতে চলতে আকর্ষণ বাড়তে থাকে, দেই সঙ্গে মায়ার বাঁধনও আলগা হ'তে থাকে। এই হ'ল সহজ স্বাভাবিক উপায়। যে মায়ার বাঁধন এত প্রিয় ব'লে মনে হয়, তা ধীরে ধীরে তাঁর ক্লপায় থদে যায়। তার আগেই যদি মনে হয়—মায়ার বাঁধন না থাকলে সংসারে কি নিয়ে থাকব ?—তা হ'লে মৃস্কিল! সংসারে থাকা তো দোষের নয়, কিন্তু ভগবানকে ছেড়ে সংসারে থাকলে তু:থের শেষ নেই। এই জগৎ অনিত্য, ভগবান বলছেন, 'এথানে এলে আমার। ভজনা কর। তাঁর ভজনা করলে এই অনিত্য সংসারে একটা অবলম্বন পাওয়া যাবে, যা আমাদের সমস্ত আকাজ্জার বস্তকে তুচ্ছ ক'রে দেবে! ভাগবত বলছেন, দে আকর্ষণ অন্ত সমস্ত আকর্ষণকে ভূলিয়ে দেয়। কিন্তু এই আকর্ষণ আমাদের একদিনে হবে না, ক্রমশঃ হবে। সংসারীরও হবে ৷

প্রশ্ন উঠেছে, দংশার-আশ্রমের জ্ঞানী ও সন্ন্যাস-আশ্রমের জ্ঞানী,

এ হ্য়ের তফাত কি? ঠাকুর বলছেন কোন তফাত নেই। তবে সংসারে জ্ঞানীরও ভয় আছে। "থই যথন ভাজা হয় হ-চারটে থই থোলা থেকে টপ টপ ক'রে লাফিয়ে পড়ে। সেগুলি যেন মল্লিকা ফুলের মতো, গায়ে একটুও দাগ থাকে না। থোলার উপর যে সব থই থাকে, সেও বেশ থই, তবে অত ফুলের মতো হয় না, একটু দাগ থাকে।" জ্ঞানের পর সংসারে থাকলে তার দোষ নেই, জ্ঞান তাতে প্রতিহত হবে না। কিন্তু একটু লালচে দাগ থাকে, অর্থাৎ অপরের দৃষ্টিতে সে আর ফুটস্ত মল্লিকার মতো নয়। যাক্, সে পরের কথা। ঠাকুর সেজত্ত সংসারীদের মন তৈরী করার কথা বলেছেন। এ বিষয়ে কথনো আপস করেননি। তাঁর ধর্ম কখনো পোষাকি ধর্ম নয়, যা নিয়ে মজ্ঞালিন ক'য়ে ধার্মিক ব'লে পরিচিত হ'তে পারব।

সাংসারিক আঘাত ও ভগবদ্-ব্যাকুলতা

ভগবান-লাভের জন্ম সর্বপ্রথম ত্যাগ করতে হবে সংসারের প্রতি আদক্তি। যে অত্যন্ত আদক্ত, তার ধর্মজীবন আরন্তই হয়নি। ঠাকুর বলছেন, 'থেয়ে লে, পরে লে'—ভোগ করে নাও, কিন্তু এগুলি জীবনের অতৃপ্তি দূর করতে পারবে না। এই রূপরসাদির আকর্ষণ মাহুষকে সাময়িকভাবে মৃথ্য করতে পারে, কিন্তু তার ভিতরে ঘূমিয়ে রয়েছে পূর্ণম্বরূপকে ফিরে পাবার আকাজ্ফা। ক্ষণিক আনন্দ নয়, নিরবচ্ছির অনন্ত অপার আনন্দ পেতে চায় সে। দেশ, কাল, নিমিত্তের দ্বারা পরিচ্ছিন্ন নয়, এমন আনন্দ না পাওয়া পর্যন্ত তৃপ্তি হবে না মাহুষের। এই জন্ম যাদের সংসারাসক্ত বন্ধ-জীব বলা হয়, তাদেরও একটা মৃক্তির উপায় রয়েছে। ভগবান এই একটি অতৃপ্তি দিয়ে রেথেছেন—স্বামীজী যাকে বলছেন 'Divine discontent'—দিব্য অতৃপ্তি। এই দিব্য অতৃপ্তি মাহুষকে চারিদিকে খুঁজে বেড়াতে বাধ্য

করবে কি ক'রে দেই অপরিচ্ছিন্ন আনন্দ পাওয়া যেতে পারে। প্রাচ্র্য, স্থা, সমৃদ্ধির ভিতরেও এই অতৃপ্তি অসন্তোষ এক এক সময়: জেগে ওঠে। যেন মনে হয়, একটা কিছু তার পাওয়া দরকার, যা সে পায়নি এবং জাগতিক ভোগ্য বস্তুর মধ্যে তা পাবেও না। ভগবান বুদ্ধের দৃষ্টান্ত দিয়ে বলা হয়, রাজৈশ্বর্য ভোগস্থথের বিপুল সমাবেশের মধ্যেও তাঁব হৃদয় একটা অব্যক্ত বেদনায় কাত্য থাকত ৷ ক্রমশঃ এই বেদনা বাইরে রূপ নিয়ে তাঁকে সংসার ত্যাগ করালো।

তার মানে কি দকলকেই সংসার ত্যাগ করতে হবে ? সেই পুরানো প্রশ্ন; আর দেই পুরানো উত্তর—না। ঠাকুর তা করতেও বলেননি। কিন্তু সংসারাসক্তি এবং ভগবদাসক্তির সহাবস্থান হয় না— 'চুঁছ এক দাথ মিলত নেহি, রব-রজনী একঠাম'—দিন ও রাত, আলো ও অন্ধকারের মতো সংসারাসক্তি ও ভগবদমুরাগ হটো কথনো একদঙ্গে মিলতে পারে না। একটি অন্তটিকে বিদুরিত ক'রে দেবে। সংসারাসক্তি মান ক'রে রেখেছে ভগবদাসক্তিকে, কিন্তু সাধনার পরিণামে সংসারাসক্তি ক্রমশঃ শিথিল হবে এবং ভগবদমুরাগ প্রবল হবে। এটি না হওয়া অবধি সংসাবে হাবুড়ুবু থেতে হবে, অসীম তুংথ পেতে হবে। আঘাতের পর আঘাত পেয়ে, একটু বৈরাগ্য লাভ ক'রে হয়তো অস্তরের দিকে দৃষ্টি দেবো। তিনি সে ব্যবস্থাও বেথেছেন; স্ষ্টির রহস্ত এই যে, মাত্রুষ চিরকাল কথনো আত্মবিশ্বত হ'য়ে থাকতে পারবে না। কখন না কখন একটা আকাজ্ঞা জেগে উঠবেই তার মনে, দে আকাজ্ঞা দে হয়তো ঠিক প্রকাশ করতে পারছে না, বুঝতে পারছে না, দে কি চায়। কিন্তু কিছু দে চায় এবং তা না পাওয়া পর্যন্ত তার তৃপ্তি নেই। জীবের প্রতি ভগবানের এটি সর্বশ্রেষ্ঠ দান।

অনেক সময় আমরা বলি ভগবান তুঃথ কষ্ট দিয়েছেন। কিন্তু এ তার

মহৎ দান। স্থথের সংসারে নিমচ্ছিত থাকলে কি তাঁর রসাম্বাদ করতে পারতাম? না; এই পরম আনন্দ থেকে চিরদিন বঞ্চিত থাকতাম। সংসারে এত যে বিপর্যয় এত যে পীড়ন যাতনা ভোগ করতে হচ্ছে— এই দৃষ্টি দিয়ে যদি দেখি, তা হ'লে মনে হবে, আহা, তাঁর কি দয়া!

> দিবানিশি যত তুথ দিয়েছ দিতেছ তারা, সে তো শুধু দয়া তব, জেনেছি মা, তুথহরা।

এই তৃঃথ কপ্টকে তাঁর অদীম করুণা ব'লে গ্রহণ করতে পারলে জানা যাবে যে, তাঁর দিকে যাবার যোগ্যতা ক্রমশঃ আদছে। ঠাকুরের কাছে এই প্রার্থনা জানানো উচিত যে, যে ভাবেই হ'ক, মন যেন আমাদের তাঁর দিকে একটু যায়, যাতে সংসার-আসক্তিক্রমশঃ শিথিল হ'রে আদে। এর পর সংসার ত্যাগ করার কথা আসছে না। আসল কথা তিনি। সংসার ত্যাগ ক'রে যাব কোথায়? যতক্ষণ না আমাদের হৃদয় তিনি পরিপূর্ণ ক'রে দিচ্ছেন, ততক্ষণ যাবার আর কোন স্থান নেই। তিনিই একমাত্র আশ্রয়, যেখানে এই সমস্ত তৃঃথের জবদান হয়। স্থতরাং এই তৃঃথের ভিতর দিয়েই তাঁর দিকে যাতে এগোতে পারি, এই প্রার্থনা ঠাকুর আমাদের শেখাচ্ছেন।

ঠাকুর তো বললেন, 'আগে মন তৈরী ক'রে সংসারে প্রবেশ করতে', কিন্তু ক-জন আমরা তা করছি? ক-জন ভগবানকে চাইছি? কোন বিশেষ উদ্দেশ্য নিয়ে যে মারুষ সংসার-আশ্রমে প্রবেশ করে, তা নয়। গতারুগতিক ভাবে জীবন চলে। ছোট থেকে বড় হ'ল, বিবাহাদি হ'ল, সংসার ক'রল, মৃত্যু হ'ল। বংশ-পরম্পরায় এইভাবে চলে যাছে। জীবনের উদ্দেশ্য সম্পর্কে ক-জন সচেতন থাকে? জীবন যেন উদ্দেশ্যহীন চলা, এই চলার কোন সার্থকতা নেই। তাই ঘুরে মরি। যারা এইরকম গতারুগতিক ভাবে জীবন কাটাছে, তাদের কথা ঠাকুর এখানে বলছেন না। ঠাকুর বলছেন সাধকদের কথা। যারা সংসারাশ্রমে

যাচ্ছে ভগবান লাভের উদ্দেশ্য নিয়ে। তাই বলছেন, মনকে প্রস্থত ক'রে গেলে সংসার-আশ্রম প্রতিকৃল হবে না। একটু ভয়ের কথাও বললেন, কাজলের ঘরে থাকতে গেলে একটু আধটু কালি লাগে। অবশ্য এও বললেন যে, সেই দাগে কোনও ক্ষতি হয় না।

যাকে তিনি সকলের কাছে দৃষ্টান্ত করবেন, তাকে মল্লিকার মতো
নিখুঁত করেন। চরম লক্ষ্যকে স্থির রাথার জন্ত ফুটন্ত মল্লিকার মতো
থোলা থেকে লাফিয়ে পড়া থইয়ের দৃষ্টান্তটি দিলেন। অর্থাৎ মনে মনে
সংসার-ত্যাগই যথেষ্ট নয়, বাইরেও ত্যাগ দরকার। দৃষ্টান্ত হিসাবে এই
ত্যাগময় জীবন দরকার।

রাজা জনক

জনক-বাজাব দৃষ্টান্ত স্বাভাবিক ভাবেই বলা হয়। ঠাকুর বলছেন—জনক অমনি হলেই হ'ল ? তিনি বিদেহ জনক হয়েছেন। বিদেহ—অর্থাং দেহবুদ্ধিরহিত অবস্থা। যে দেহবুদ্ধিরহিত, সে সংসারে অথবা তার বাইরে থাকুক, তার পক্ষে তুই সমান। কারণ তার দেহটিই কেবল সংসারে থাকে। 'আমি দেহ নই' এই বোধে যে স্থির থাকে, তার পক্ষে সংসারে থাকা আর ত্যাগ করা সমান। কিন্তু যতক্ষণ 'আমি'কে অবলম্বন ক'রে আছি, ততক্ষণ দেহবুদ্ধি রয়েছে। দেহবুদ্ধি থাকায় কোন্টা গ্রাহ্থ কোন্টা ত্যাজ্ঞা, তা বিচারের প্রয়োজন রয়েছে। তা না হ'লে প্রয়োজন হ'ত না।

জনক-বাজা সম্বন্ধে সন্ন্যাসীদের একটা অভিমত শোনা যায়। তাঁরা বলেন, জনক-বাজা গৃহীদের আদর্শ হ'তে পারেন, কিন্তু ত্যাগীর আদর্শ নন। বিদেহ হলেও তাঁকে প্রারন্ধের জন্ম সংসারে থাকতে হচ্ছে। তাঁরা বলেন, জনক-বাজা সংসারে থাকতে পারেন; কিন্তু কেন থাকেন? তাঁর তো প্রয়োজন নেই সংসারে থাকার। এটা বলতে হয় বিধির বিধান, যাতে সংসারীরা তাঁকে গৃহীর আদর্শরূপে পায়। এইজন্ম তিনি সংসারে ছিলেন। আচার্য শক্কর গীতা-ব্যাথ্যায় তাঁর সম্বন্ধে বলছেন: 'কর্মণৈব হি সংসিদ্ধিমান্থিতা জনকাদ্য:'—অর্থাৎ জনক কর্মের দারাই সংসিদ্ধি বা মুক্তি লাভ করেছেন। কর্মের দারা মৃক্তি লাভের ছ-রকম ব্যাখ্যা করেছেন। কর্ম ধারা মৃক্তি লাভ করেছেন যে জনকাদি, তাঁরা সাধক না সিদ্ধ ? সাধক হ'লে নিষ্কামভাবে কর্ম করতে করতে দিন্ধি লাভ করতে পারেন। অথবা 'কর্মণা সহ'—কর্মকে এক হিদাবে করণ বা উপায়রপে গ্রহণ করা হয়েছে। কর্ম তাঁর মৃক্তির পরিপন্থী হচ্ছে না। এখানে জনক রাজাকে মুক্ত না-ও বলতে পারেন। আবার মুক্ত হয়েও তিনি কর্মণহ অবস্থান করছেন, যেন দৈবনিদিষ্ট হ'মে তিনি এর ভিতরে রয়েছেন। দৃষ্টান্ত স্বরূপ বলা যায়, নাগমহাশয় ঠাকুরকে সংসার ভ্যাগের বাসনা জানালে, ভিনি বলেছিলেন, 'না, সংসার ত্যাগ ক'রো না', সংসারীদের পক্ষে এটা দৃষ্টান্ত স্বরূপ হবে। সকলেই ভগবান লাভের জন্ম বেরিয়ে গেলে সংসারীদের মনে তুর্বলতা আসবে, তাদের কোন পথ নেই ভেবে। শাস্ত্র সকলের জন্ত পথ নির্দেশ ক'রে (एन।

নাধন ক'রে মৃক্ত হ'য়ে গেঁলে আর সংলারে প্রবেশের ইচ্ছে হবে
কেন ? সতা, কারো হয়তো ইচ্ছে হবে না, আবার কেউ হয়তো
জনকের মতো দৈবপ্রেরিত হ'য়ে সংলারে প্রবেশ করবে। সংলারের
ভিতরে বা বাইরে—উভয় প্রকারের জ্ঞানীই জ্ঞানী হিলাবে তুলা। শাস্ত্র
এ সম্বন্ধে বলছেন, 'স ব্রাহ্মাণ কেন স্থাৎ, যেন স্থাৎ তেন ঈদৃশ এব'—
সেই ব্রহ্মজ্ঞ পুরুষ কি রক্ম থাকবেন ? যে রক্মই থাকুন, তিনি
ব্রহ্মজ্ঞ। তাঁর ব্রহ্মজ্ঞানের কোন তারতম্য হয় না। তিনি যথন
জ্ঞোহেন, আমি দেহ, ইন্দ্রিয়, মন, বৃদ্ধি কিছুই নই, তথন তাঁর দেহে
'আমি' বৃদ্ধি কেন হবে ? ঠাকুর আগো যে ছ-রক্ম থৈয়ের কথা

বললেন, তার তাৎপর্য এই—তিনি যেন আভাদ দিচ্ছেন, পারে। তেওঁ ই ফুটস্ত মল্লিকার মতো হও।

আচাৰ্য ও আদৰ্শ

এই ছটি অবস্থার মধ্যে জ্ঞানের কোন পার্থক্য হবে না সত্য, তবে আচার্য হ'তে হ'লে নিখুঁত হ'তে হয়। দৃষ্টাস্ক দিয়ে ঠাকুর অগ্রত বলছেন: কবিরাজের ঘরে কতকগুলি গুড়ের কলসী ছিল। একজন চিকিৎসা করাতে এলে তিনি তাকে অগ্র দিন আসতে বললেন। সেপরের দিন এলে তাকে বললেন, গুড় থেও না। একজন লোক কবিরাজের ঘরে ছদিনই উপস্থিত ছিল। সে বললে, এ বাবস্থা তো সেদিনই দিতে পারতে। আবার এ লোকটাকে এত হাঁটালে কেন? কবিরাজ বললেন, সে দিন এ ঘরে গুড়ের কলসী ছিল। গুড় থেতে বারণ করলে সে ভাববে, উনি নিজে গুড় থাবেন, আমার বেলা নিষেধ। এটি চলে না। আচার্য যিনি হবেন, তাঁকে অস্তবে বাহিরে ত্যাগ করতে হবে। যে কেবল মৃক্তি চায়, তাঁর মনে ত্যাগ করলেই হবে।

অবশ্য যে অন্তরে বাইরে ত্যাগ করে, সে কি আচার্য হবে ভেবে ত্যাগ করে? তা নয়। মান্তবের অন্তর থেকে সংস্থার-বলে প্রেরণা আসে। গৃহস্থদের ঠাকুর বলছেন, মনে ত্যাগ করলেই হবে। সকলকেই ত্যাগী হ'তে বললে বৌদ্ধর্মের মতো হয়ে যাবে। বৌদ্ধর্মে সকলেই সংসারত্যাগী হ'তে গিয়ে আদর্শ বিকৃত হ'ল, অবনত হ'ল। সকলের সংস্থার এত প্রবল নয় যে, সংসার ত্যাগ ক'রে চলে যাবে।

এজন্ম ঠাকুর গৃহীদের বলছেন, বিচারপূর্বক সংযমের সঙ্গে ভোগ কর। কেউ যদি বলে, বিচারপূর্বক ভোগের কি প্রয়োজন ? তাদের বলছেন, কি দরকার, কোরে। না। সেজন্ম, তাঁদের প্রতি উপদেশ আপাত-দৃষ্টিতে বিরুদ্ধ মনে হয়।

শীশীমায়ের কাছে কেউ বলছে 'মা, আমি বিয়ে ক'রব ?'—'করবে বৈকি বাবা, এ সংসারে সবই ছটি ছটি'। বিয়ে না করলেই কি ভগবান লাভ হ'য়ে গেল ? আবার, কেউ বললে. 'মা, আমার সংসারে যেতে ইচ্ছে হয় না।'—'সত্যি কথাই তো। সংসারে আছে কি ?'—আপাতদৃষ্টিতে মনে হবে ছটি বিরুদ্ধ কথা। তা নয়। যার পেটে যা সহু হয়, মা সেই ভাবে মাছের ঝোল, ঝাল, অমল রামা ক'রে তাকে তাই দেন। শাস্তুও জননীর মতো হিতকারী, যার যা অমুকৃল সে তাই বেছে নেবে।

মনে হন্দ্ব রাথতে নেই। তা হ'লে যন্ত্রণার শেষ থাকবে না।
ঠাকুরের কথায় চেঁড়া সাপের ব্যাভ ধরার মতো অবস্থা হবে।
সংসারকে অন্তরের সঙ্গে নিভেও পারে না, আবার ছাড়তেও পারে
না, শাস্ত্র এই দ্বিধার ভাব নিয়ে চলতে বলেন না। শাস্ত্রে তাই
অধিকারী-বিচারের কথা বিশেষভাবে বলা হয়েছে। যে শঙ্করাচার্যা
বৈরাগ্যের কথা এত ক'রে বলছেন, তিনিই সম্মাদের ধারা কেমন
হবে, এ-প্রসঙ্গে বলছেন—কেউ সম্মাদ চাইলে বলবে, বাবা এ বড়
কষ্টকর পথ, এ পথে এম না। সংসারে থাকো, সেথানে ভগবান লাভ
হবে। তবু যদি কেউ জোর করে, তথন বলবে, বদরিকাশ্রম ঘুরে
এম। ভিক্ষে ক'রে পায়ে হেঁটে ঘুরে আসতে অস্ততঃ বছর-থানেক লাগত
তথন। তারপরও যদি সম্মাদ চায়, বৈরাগ্য প্রবল থাকে, আদর্শচ্যুত
না হয়, তথন তাকে অন্তদিক দিয়ে উপযুক্ত কি না বিচার ক'রে সম্মাদ
দেবে। তার মানে, অধিকারী-বিচার ক'রে ঠিক করতে হবে।

'অধিকারিণমাসাস্তে ফলসিন্ধির্বিশেষতঃ'—যে অধিকারী সেই ফলের সিদ্ধি লাভ করতে পারে। অনধিকারী নয়়। শাস্ত্র বলছেন, এ পথ কঠিন। 'ফুরস্তা ধারা নিশিতা ত্রতায়া তুর্গই পথস্তৎ করয়ো বদস্তি'—পথ তীক্ষ ক্ষুরের ধারের মতো। যেতে যেতে পা ক্ষত বিক্ষত হ'য়ে যাবে।

অবশু কেবল ত্যাগীর নয়, সংসারীর পথও কুস্থমান্তীর্ণ নয়। ঠাকুর বলছেন, বীরের কাজ। এত দায়িত্ব ক্লেশ বহন ক'রে ভগবানে মন স্থির রাখা, একি সোজা কথা? তিনি বলছেন, সর্বত্যাগী যদি ভগবানের চিন্তা না করে, তাকে ধিক্। যারা সংসারের বোঝা মাথায় নিয়ে ভগবানের দিকে চলেছে, তাদের তারিফ করেছেন—অহো ভাগ্য তার! এই বীরত্বের ভাবটি নিয়ে শ্রেদার সঙ্গে সংসারে প্রবেশ করতে হবে। এই পথে যাবার সময় দৃঢ় বিশ্বাস রাখতে হবে, এই পথেই আমি আমার লক্ষ্যে পৌছতে পারব।

চাঁদের কলঙ্ক যেমন তার সৌন্দর্ধের কোন হানি করতে পারে না, তেমনি জ্ঞানলাভ ক'রে সংসারে থাকলে জ্ঞান তাতে প্রতিহত হয় না।

এর পর বলছেন, "পূর্ণ জ্ঞান হ'লে পাঁচবছরের ছেলের স্বভাব হয়—
তথন খ্রী-পুরুষ বলে ভেদবৃদ্ধি থাকে না।" জনক-রাজার সভায় ভৈরবী
এলে, তিনি মাথা হেঁট করেছিলেন। ভৈরবী বললেন, 'জনকের এথনো
খ্রী-পুরুষ ভেদবৃদ্ধি আছে।'

শুকদেব ও শ্রীরামক্বফ

এই ভেদবুদ্ধি-বাহিতোর দৃষ্টান্ত — আজন্ম সন্ন্যাসী, সর্বত্যাগী, দেহবুদ্ধিরহিত শুকদেব; যিনি মাতৃগর্ভ থেকে মায়ার রাজ্যে ভূমিষ্ঠ হ'তে
চাননি। এক মুহুর্তের জন্ম ভগবানকে মায়া সরিয়ে নিতে হ'ল, তথন
শুকদেব ভূমিষ্ঠ হয়েই চলতে শুক করলেন। মমত্বুদ্ধি সম্পন্ন পিতা
ব্যাসদেব মমত্বীন পুত্রকে সংসারে আনার জন্ম পিছনে পিছনে ছুটছেন।
পথের মধ্যে নগ্রদেহে আনরতা অপ্সরাদের যুবক শুকদেবকে দেথে লজ্জা
বোধ হ'ল না। কিন্তু বৃদ্ধ ব্যাসদেবকে দেথে, তারা দেহ আর্ত
ক'রে সমন্ত্রমে উঠে দাঁড়ালেন। বিশ্বিত ব্যাসদেব এর কারণ জানতে

চাইলে তাঁরা বললেন, জ্ঞানী এবং বৃদ্ধ হয়েও আপনার জী-পুরুষ ভেদজ্ঞান আছে। শুকদেব ভেদজ্ঞান-রহিত, তাই তাঁকে দেখে লজ্জা হয়নি।

পোরাণিক কাহিনীর অন্তরালে নিহিত তত্ত্বে অধুনাতম এক

দৃষ্টান্ত শ্রীবামকৃষ্ণ স্বয়ং। তাঁর স্ত্রীভক্তের। বলেছেন, তাঁকে দেখে কোনদিন পুরুষ ব'লে মনে হয়নি। পুরুষ ভজ্জেরা যেমন ঠাকুরকে তাঁদেরই একজন মনে করতেন, স্ত্রীভজ্জেরাও সেই রকম মনে করতেন। যিনি সম্পূর্ণ দেহবুদ্ধিবিবর্জিত পাঁচ-বছরের শিশু, তাঁকে দেখে কারো কি কোন সংকোচ আসতে পারে?

ঠাকুর এবার বলছেন, "কেউ কেউ জ্ঞানলাভের পর লোকশিক্ষার জন্ম করে, যেমন জনক ও নারদাদি।" তাঁরা সংসারে থেকেছেন, লোকশিক্ষার জন্ম, স্বার্থবৃদ্ধিতে নয়। পরমানন্দরূপ অমৃত আস্থাদন ক'রে নিজেরাই তথু তৃথ্য হননি। জগৎকে তার অংশ দেবার জন্ম উমুক্ত

ক'রে দিয়েছেন তাঁদের আধ্যাত্মিক ঐশ্বর্য ও জ্ঞানের ভাগুার।

কথামৃত—১৷১৫৷২

জ্ঞান ও ভক্তি

যে সব ভক্ত সপ্তণ ঈশ্বরের উপাসনা করেন, তাঁরা ঈশ্বরের কাছে যে প্রার্থনা করেন, তদমুসারে তিনি তাঁদের ফলদান করেন। তাঁর সগুণভাব না মানলে এ-দব ভাবা যায় না। নিগুণ যিনি, তাঁর কাছে 'ভক্তি, ভক্ত' বলে কিছু থাকে না। তাই ব্রাহ্মসমাজ সগুণ নিরাকার ব্রহ্মে বিখাসী। ডাঃ সরকারও সেই ভাবের, তবে তাঁর জ্ঞানমিশ্রা ভক্তি, বিচার-বুদ্ধির অবকাশ ভাতে আছে। তিনি বিশেষভাবে বিজ্ঞানচর্চা করেছেন, দৃষ্টিভঙ্গী বৈজ্ঞানিক, কিছু জানতে হ'লে যাচিয়ে বাজিয়ে নেন! ঠাকুরের সঙ্গে কথাবার্তায় এখানে সেই ভাবটি প্রকাশিত। ভক্তি-ভাবকে তিনি রহস্ত ক'রে বলছেন, "জ্ঞানে মানুষ অবাক্ হয়, চকু বুজে যায়, আর চক্ষে জল আদে। তথন ভক্তি দরকার হয়।" জ্ঞানে অবাক হয়, কারণ ভগবানের গভীরতা ও অনস্ত ভাব-বৈচিত্রের বোধ হয়, অথবা জ্ঞান মন-বুদ্ধিকে অবসন্ন ক'রে দেয়, যেখানে পৌছবার সেথানে পৌছনো যায় না; তথন ভগবানের স্বরূপ ভেবে সে অবাক হয়। তারপর তিনি পরিহাস ক'রে বলছেন, 'অবাক্ হয় চোথ বুজে যায়, আর চোথে জল আদে।' ভক্তির এই চিহুগুলি তার ভিতর ফুটে ওঠে। তাই বলছেন, ভক্তির দরকার হয়। অর্থাৎ আগে জ্ঞান, তারপর ভক্তির লক্ষণ প্রকাশিত হয়।

ঠাকুর তার সঙ্গে রঙ্গ করতেন। তিনি বলছেন, "ভক্তি মেয়েমানুষ, তাই অন্তঃপুর পর্যন্ত যেতে পারে। জ্ঞান বারবাড়ি পর্যন্ত যায়।"

বারবাড়ি' মানে, যতদূর বিচারের ক্ষেত্র, জ্ঞান ততদূর পর্যন্ত যেতে পারে। অন্তরের অন্দরমহল জ্ঞানের নয়, সেথানে ভক্তির প্রবেশ। বিচারকে অতিক্রম ক'রে যেথানে পৌছতে হয়, ভক্তির সেথানে অবাধ বিচরণ।

ভক্তিবাদে বলা হয়, ভক্ত ভগবানকে আম্বাদন করতে পারে ৷ জ্ঞানী কেবল তার বাহ্য আচরণ নিয়ে বিচার করে. তাঁর রস আখাদ করতে পারে না। চৈতন্ত্র-চরিতামতে পরিহাস ক'রে বলা আছে, ভক্ত-কোকিল প্রেমাম্মুকুল ভক্ষণ করে, আর জ্ঞানী-কাক ভিক্ত নিমফল থায়। তাতে মিষ্টি স্বাদ নেই। এটি ভক্তের দৃষ্টিতে জ্ঞানীকে উপহাস। আবার জ্ঞানীর দৃষ্টিতে ভক্তকে উপহাস করাও হয়েছে। ঠাকুরকে হাততালি দিয়ে হরিনাম করতে দেখে ভোতাপুরী বলছেন 'কেঁও রোটি ঠোক্তে হো ?' —কারণ, এ রসের আসাদন তথনও তাঁর হয় নি। আবার জ্ঞানেরও যে মাহাত্মা আছে এবং তার দারাও যে ভগবানকে আস্বাদন করা যায়, ভক্তেরা তা অন্নভব করেন না। অন্নভব না করার যুক্তিও আছে। জ্ঞানী বলেন, 'আমি ব্ৰহ্ম'। যে ব্ৰহ্ম সে ভগবানকে কি ক'রে আত্মাদ করবে ? রামপ্রসাদের গানে আছে, চিনি হ'তে চাই না মা, চিনি থেতে ভাল-বাসি। ভক্তির ছারা তাঁর স্বাস্থাদন করা যায়। জ্ঞানে ভগবানের সঙ্গে জ্ঞানীর কোন পার্থক্য থাকে না। সেথানে 'তুমি-আমি' ভেদ থাকে না। আম্বাদনের জন্ম তুটি থাকা দরকার। জ্ঞানী ভক্তকে পরিহাস ক'রে বলে, ভক্ত কিছুই বোঝে না, ভুধুই হাপুস নয়নে কাঁদে। স্বামীজীও এ-রকম পরিহাস করতেন অনেক সময়। অবশ্য এ-রকম চুটি এক**টি** কথা দিয়ে তাঁকে বোঝা যায় না। তাঁর বাহির জ্ঞানের আবরণে ঢাকা, ভিতর ভক্তিময়। নিজেও কম কাঁদেন নি। কিন্তু ঠাট্টা ক'রে বলতেন,

থালি কারা। শাস্ত্র অধ্যয়ন, বেদ-বেদান্তের চর্চা করতে হবে, ন্থায় শাস্ত্রের সাহায্য নিতে হবে, তবে তো ভগবানের তত্ত্ব সম্পর্কে একটু জানবে। তা নয়, কেবল কারা। পেলাদের দল সব! কিন্তু একজন অপরের পথ অনুসরণ না ক'রে মন্তব্য করছে—এইটিই
ভ্রম। কিন্তু কেউ যদি জ্ঞানের পথ অনুসরণ করে তারপর মন্তব্য করেন,
তা হ'লে তা গ্রাহ্ম হয়। কিমা ভক্তির চরমে পৌছে তারপর ভক্তির
সম্বন্ধে কটাক্ষ করলে, তার মূল্য থাকে; একে অন্যের পথ না জেনে
মন্তব্য করলে তা মূল্যহীন পরিহাসমাত্রে পর্যবৃষ্ঠিত হয়।

ঠাকুর জ্ঞান-ভক্তি দম্বকে পরিহাস ক'রে বলার পর ডাক্তার কটাক্ষ করছেন, "কিন্তু অন্তঃপুরে যাকে তাকে চুকতে দেওয়া হয় না।" অর্থাৎ ভক্তির আতিশয়ে ভগবানের সম্পর্কে নিছক কল্পনা ক'রে হাপুস নয়নে কাঁদার কিছু নেই। বিচার ক'রে দেখ। ভক্তির যারা ঐরকম আতিশয় দেখায় স্বামীজী তাদের ঠাট্টা করেছেন।

কিন্তু কথা হচ্ছে. যাকে ভক্তি ক'রব, তাঁর সম্পর্কে যদি কিছু জানা না থাকে, তো কাকে ভক্তি ক'রব? একজন বলছে, 'আমি জ্ঞান চাই না, শুদ্ধা ভক্তি চাই।' ঠাকুর প্রশ্ন করছেন, 'সে কিরে, যাকে ভক্তি করবি, তাকে না জানলে, কি ক'রে ভক্তি করবি?'

কথাটি অত্যন্ত সমীচীন ও সহজবোধ্য। ভক্তির পাত্র যিনি, তাঁর

সম্বন্ধে কিছু না জানলে ভক্তি হবে কি করে? স্থতরাং তাঁকে জানতে হবে। ভক্তি শাস্ত্রপ্ত বলেছেন, সাধ্য—সাধনতত্ব জানবে। ভক্তিশাস্ত্রে তাই স্বাধ্যায়, পাঠ. বিচার জাছে। বস্ততঃ, আমরা মান্নুম, বিচার-বুদ্ধির প্রতি প্রবণতা আমাদের সহজাত। ভক্ত হলেও পথটা যে ঠিক পথ, তা বিচারের দারা প্রতিষ্ঠা করতে হবে। অস্ততঃ জ্ঞানের বেড়া না দিলে ভক্তি টিকতে পারবে না। আশ্চর্যের বিষয়, ভক্তিপ্রাধান্তের দেশ বাংলাতে তায়শাস্ত্র সবচেয়ে উন্নত ও প্রভাবশালী হয়েছে। যদিও মিথিলায় প্রাচীন তায়ের জন্ম কিন্তু তা পরিপূর্ণতা লাভ করেছে নববীপে নবাত্রায়রূপে। সে তর্কের স্ক্র্মাতিস্ক্র ধারায় অসাধারণ

পণ্ডিতেরও মাথা গুলিয়ে যায়। ক্যায়শান্ত্রের পণ্ডিতরা বেদান্তী ছিলেন

না. ভক্ত ছিলেন। স্থায়ের সাহায়ে বেদাস্ত-সিদ্ধাস্ত তাঁরা খণ্ডন করেছেন। বেদাস্থীও আবার তাঁদের খণ্ডন করেছেন। এইভাবে গড়ে উঠেছে বিশাল দর্শনশাস্ত্র। যাঁরা ওসবে শক্তিক্ষয় না ক'রে তত্ত্বকে আস্বাদন করতে চান, তাঁরা জ্ঞানী বা ভক্ত যাই হ'ন—তাঁদের অত বিচার করতে হবে না। ঠাকুর বলেছেন, 'নিজেকে মারার জন্ম একটা নকন হলেই হয়, অপরের সঙ্গে যুদ্ধ করতে হলে ঢাল, তলোয়ার দরকার।'

স্বসিদ্ধান্তে নিষ্ঠা

আসল কথা, আমরা যে সিদ্ধান্ত অনুসরণ ক'রব, তাতে দঢবিশাস থাকা চাই। দেই বিশ্বাস কারো সহজাত, আবার কেউ হাজার বিচার ক'রেও দে বিশ্বাস দৃঢ় করতে পারেন না। এই বিশ্বাস ধর্মপ্রবৃদ্ধির গভীরতার উপর নির্ভর করে। যদি শুদ্ধমন হয়, "তুমি ব্রহ্ম" এই গুরু বাক্য ভনলেই তক্ষণি অনুভব হ'য়ে যাবে, 'আমি বন্ধ'। বিচার ক'রে আর দেখতে হবে না, এক কথায় জ্ঞান হ'য়ে যায়। বেদাস্তবাদীরা বলেন, ভাষা যদি একজন বোঝে, তবে তার 'তুমি ব্রহ্ম', এই এক কথায় জ্ঞান হ'য়ে যাবে। এই গুরু বাক্যটি সহজ, কিন্তু এই সহজ-বাক্টি বোঝাবার জন্ম হাজার হাজার গ্রন্থ বচিত হয়েছে, তবু এখনও কিছু কিনারা হ'ল না। কারণ বিখাস সহজে হয় না। এই বিখাদ দুঢ করবার জন্ম জ্ঞানী তাঁর বিচারের ধারাকে ও ভক্ত তাঁর ভক্তিশাস্ত্রকে বাডিয়ে চলেছেন। যাঁরা রসাম্বাদ করতে চান, তাঁরা অত যুক্তি বিচারের ভিতর যান না। আমরা এই জগংটাকে প্রত্যক্ষ দেখছি, অথচ দার্শনিক বলেছেন. জগৎ নেই! তথন কি আমিরা ভাবি, তাই তো কি হবে ? কোথায় দাঁড়াব? আমরা তখন তাকে উপহাস ক'রে বলি, ও ভাব-বাজ্যে আছে। ঠিক সেইবকম ভগবানের সতায় যাঁরা দৃঢ় বিশ্বাসী অত যুক্তির তাঁদের প্রয়োজন নেই, তাঁরা তাঁকে অন্নতব করেছেন, আস্থাদন করেছেন।

অনুভূতি ও তথ্বজ্ঞান

এ সম্পর্কে বেশ একটি কথা আছে। জ্ঞানীর ব্যবহার কি ক'রে হয়

—এই প্রশ্ন উঠেছে। জ্ঞানীর জ্ঞান ছারা জগৎ সংসার লয় হ'য়ে যায়,
তারপর তাঁর ব্যবহার কি ক'রে হবে? অবৈতবাদী এ-বিষয়ে অনেক গ্রন্থ রচনা করেছেন, কিন্তু বিষয়টি কিছুতেই বোঝানো যাচ্ছে না।
শঙ্করাচার্য বলছেন, 'দৃষ্টেন অনুপপন্নং নাম'—যা দেখা যাচ্ছে, তা আবার অযৌক্তিক কি ক'রে হবে? তাকে অযৌক্তিক বলার কোন অর্থ নেই।
যুক্তি তুর্বল, প্রত্যক্ষ প্রবল। জ্ঞানী ব্যবহার করছেন, এ তো দেখাই যাচ্ছে, স্ত্রাং তাঁর ব্যবহার সম্ভব কিনা, এ প্রশ্নই ওঠে না।

প্রত্যক্ষই আদল ভিন্তি, বিচার তার উপর প্রতিষ্ঠিত। দেইরকম জ্ঞান বা ভক্তি যার ভিতর দিয়েই হ'ক, যিনি ভগবানকে আস্থাদন বা অন্থভব করেছেন, তাঁর আর যুক্তির দাহায্যে দেই অন্থভবকে প্রতিষ্ঠিত করতে হবে না। তিনি এ দম্বন্ধে নিঃসংশয়। কিন্তু যার সংশয় আছে, যে প্রতিষ্ঠিত নয়, তার পক্ষে যুক্তির দার্থকতা আছে। বস্তুতঃ পথিকের কাছে যুক্তির প্রয়োজন, কিন্তু, যিনি লক্ষ্যে পৌছে গেছেন—জ্ঞানী বা ভক্ত যেই হ'ন—তাঁর আর যুক্তির দরকার নেই।

একজন হিন্দুখানী জ্ঞানী সন্ধ্যাসীর কথা গুনেছি। তিনি শাস্ত্র পড়াবার সময় 'সর্বং খলিদং ব্রহ্ম' যথন বলতেন, বিভোর হয়ে বলতেন। 'এ সব ভরা হ্যা হ্যায়' বলতেই তাঁর সমস্ত মুখে যেন একটা জ্যোতি খেলে যেত। এইটি হ'ল অন্নভবের শক্তি। কারো প্রত্যক্ষ অন্নভব হ'লে তবে তিনি এভাবে বলতে পারেন। ভক্তির সম্বন্ধেও তাই; তোতাপুরী ভক্তি অন্নভব করেন নি, তাই বলছেন, 'কেঁও রোটি ঠোক্তে হো'? ঠাকুর হাদছেন এই ভেবে যে, তোতাপুরীর এই ভক্তি বিষয়ে অন্থভব নেই। তাই বুঝতে পারছেন না।

ঠাকুর জ্ঞানে প্রতিষ্ঠিত হয়েছেন, আবার ভক্তির সারও আস্বাদন করেছেন; ছটিই তাঁর কাছে স্কুল্ট, তাই হাসছেন অত বড় জ্ঞানী তোতাপুরীর অসম্পূর্ণতা দেখে। আমাদের মনে রাখতে হবে সেই বছরূপীর কথা। ভগবানের বছ রূপ। যে ঐ গাছতলায় থাকে, সেই বোঝে তিনি এ-ও, ও-ও; আবার আরো কত কি! ঠাকুর বলছেন, তিনি সাকারও বটে, নিরাকারও বটে, আবার তারও পারে। তিনি এ-সব বলছেন কেন? সাকার নিরাকার—এগুলি আমাদের যুক্তি দিয়ে বিচার ক'রে একটা শব্দ প্রয়োগ করা মাত্র। ভগবান সম্বন্ধে শব্দ প্রয়োগ করছি আমাদের বুদ্ধি দিয়ে বুঝে। আমাদের বৃদ্ধি ভগবানের পূর্ণ স্বরূপকে বোঝাতে পারে না। ঠাকুরের ভাষায় বলা যায়—ছোট ছেলে খুড়ী-জ্ফোর ঝগড়ার সময় 'ঈশ্বরের দিব্যা' বলতে শুনেছে, তাই বলছে, 'আমার ঈশ্বরের দিব্যা।' ঈশ্বর কি জানে না, কোন অভিজ্ঞতা নেই তার কাছে, 'ঈশ্বর' গুধু শব্দ মাত্র।

তিনি যদি সাকার হ'ন, তা হ'লে নিরাকার এবং নিরাকার হ'লে সাকার কি ভাবে হবেন? ছটি পরস্পর-বিরোধী কথা। কিন্তু এক জায়গায় এই বিরোধের যে অবসান হ'তে পারে, তা সাধারণ মালুষের বিচারশক্তির অগমা। আমাদের বিচারবৃদ্ধি যতদূর যায়, ততদূরই তাকে নেওয়া যেতে পারে এবং তাও যে একেবারে অসার্থক, তা নয়। ঠাকুর বলছেন, যে ভগবানের স্বরূপ বা তত্তকে না-ও জানে, যদি তার ভক্তি থাকে, সেই ভক্তির সাহায্যে সে তত্ত্ব অম্বভব করতে পারে, যদিও তার বিচার বৃদ্ধি না থাকে।

গীতাপাঠের সময়ে একজনকে অঝোরে কাঁদতে দেখে এইচতন্তদেব প্রশ্ন করেছিলেন, 'তুমি কাঁদছ কেন?' দে বললে, 'আমি কিছুই বুঝি না, তথু দেখছি, ভগবান রথে ব'দে অজুনকে উপদেশ দিছেন, তাই কাঁদছি।' তার ভক্তির ভিতর দিয়েই ভগবান প্রত্যক্ষীভূত হছেন। আবার পণ্ডিত গীতার নানা ব্যাখ্যা ক'রে চলেছেন নানা যুক্তি-তর্ক বিচারের সাহায্যে, তিনি হয়তে। কিছুই উপলব্ধি করতে পারলেন না। বিশ্বাস গাঢ় হ'লে সাধককে তত্ত্বে পৌছে দেয়। ঠাকুর বলছেন, কেউ পূর্ব দিকে যেতে চায়, কিন্তু পশ্চিম দিকে চলে যাছে; আবার কেউ তাকে পথ বলে দেয়, 'এ পথ নয়, ঐ পথে যাও।' পথ বদলে দে তথন দেদিকে গেল। তবে আগ্রহটি থাকা চাই। মাহুষ যদি তত্ত্বাদ্বেণী হয়, তা হ'লে ভূল-ভ্রান্তি হলেও ধীরে ধীরে সে গন্তব্যে পৌছয়। আর বিচার করলেই যে ভূল হয় না, তাও নয়। বিচার হয়-কে নয়, নয়-কে হয় করে। বিচার এমন ভাবে করে যে, তা হয়তো শুদ্ধ নয়; তত্ত্বকে জানার জন্তা নয়। বিচার তত্ত্বে পৌছতে সাহায্য করে, কিন্তু তার উপর পূর্ণ নির্ভর করা যায় না।

ঠাকুর বলছেন, একজন ভুল পথে গিয়েছিল, ভুল ভেঙে গেলে আবার দে ঠিক পথে গেল। ডাঃ সরকার তথন বলছেন, "সে ভুলে তো গিছিল।" শ্রীরামক্ষ উত্তরে বলছেন, "হাঁ তা হয় বটে, কিন্তু শেষে পায়।" আগেই বলেছেন, জ্ঞানীও পথ ভুল করে। কাজেই এ প্রশ্ন নয়। তবে একটি কথা ঠাকুর বলেছেন, 'ভক্ত হবি তো বোকা হবি কেন।' ভক্ত হলেই যে বিচার-বুদ্ধিকে বিশর্জন দিতে হবে, এমন কোন কথা নেই।

আত্মবিচার

আমরা ভাবি ভগবানের দিকে যাচ্ছি—হয় চোথ বুঁজে, নয় মালা ঘুরিয়ে। কিন্তু যাচ্ছি কি না, এটা কি পরিকার ক'রে দেখি? ঠাকুর বলছেন, 'যথন চাল কাঁড়ে, মাঝে মাঝে তুলে দেখতে হয়, কাঁড়া ঠিক হ'ল কি না?' সাধন-পথে আত্মবিশ্লেষণ দরকার। মাঝে মাঝে দেখতে হবে, আমি ঠিক করছি কি না? যদি শুধু বলা যায় 'ক'রে যাও, ক'রে যাও', সেটা যুক্তিযুক্ত কথা নয়। ভগবানলাভ দম্বন্ধে একটা ধারণা থাকা দরকার। দেই অন্পারে মাঝে মাঝে বিচার ক'রে দেখতে হবে, এগোচ্ছি কি না? এগোলে ক্রমশঃ লক্ষ্য নিকটতর হবে। গোপীরা শ্রীক্ষেম্বর অনুসন্ধান করছেন। একজন বলছেন, এই পথে নিশ্চয়ই গিয়েছেন, কারণ তাঁর গায়ের গন্ধ পাচ্ছি। এই যে গায়ের গন্ধ পাওয়া—কৃষ্ণ-গন্ধ পাওয়া—এইটি হচ্ছে লক্ষ্যের দিকে এগিয়ে যাওয়া। নিজেকে বিশ্লেষণ না করলে কেউ বুঝতে পারবে না, ঠিক ঠিক এগোচ্ছে কি না। বিচারের সার্থকতা এথানে। বিবেক-বৈরাগ্য থাকলে বিচার বস্তু নির্পরে সমর্থ হবে, না হ'লে সে বিচার মূল্যহীন। ঠাকুর বলছেন, বড় বড় পাঙ্ডিত—যদি দেখি বিবেক-বৈরাগ্য নেই, তাদের খড়কুটো মনে হয়।

ঈশ্বর বৈচিত্র্যময়

ঠাকুর ভা: সরকারকে বলছেন, "কিন্তু এটি ধারণা করা বড় শক্তা যিনি নিরাকার, তিনি আবার সাকার কিরপে হবেন ? এ সন্দেহ মনে উঠে। আবার যদি সাকার হন, তো নানা রূপ কেন ?" ডা: সরকার মাঝে মধ্যে টিপ্লনী দিচ্ছেন। ঠাকুর সেগুলির মধ্যে মৃল্যবান কিছু থাকলে আলোচনা করছেন, না হ'লে ছেড়ে যাচ্ছেন। উপসংহারে ঠাকুর বলছেন, "ঈশ্বরকে লাভ না করতে পারলে, এ সব বুঝা যায় না।" সাধককে তিনি নানা ভাবে নানা রূপে দেখা দেন। ঠাকুর গামলার রঙের স্থান্দর উপমাটি দিলেন। একজনের এক-গামলা রঙ ছিল। যে যে রঙ চাইছে, সেই একই গামলায় ডুবিয়ে তার কাপড় সেই রঙে রাঙিয়ে দিচ্ছে। অর্থাৎ ভগবান ভক্তকে রুপা করেন বছরূপে, যে যে ভাবে চায়। কেউ অরুপ চাইলে তাও দেন। ভাঁর এই বৈচিত্র্য বুদ্ধি দিয়ে বোঝা যায় না, সে বৈচিত্র্য অঞ্ভবগম্য। যাঁরা তাঁকে এক রূপে নয়, বিবিধরণে অন্নভব করেছেন, তাঁরাই এ-কথা বলতে পারেন। ঠাকুর বছরূপীর দৃষ্টান্ত দিয়ে বোঝালেন, ভগবানের সর্বরূপের অন্নভব না হ'লে দে অপূর্ণ থেকে যায়। তোতাপুরী সম্বন্ধে বলতেন, তাঁর ব্রহ্মান্নভূতি হয়েছে, নির্বিকল্প সমাধি পর্যন্ত হয়েছে, কিন্তু ভক্তের আস্বাদ্য ভগবানের

বিচিত্র রূপ সম্বন্ধে তিনি একেবারে অজ্ঞ ছিলেন। ঠাকুরের সান্নিধ্যে এসে তাঁর দে অপূর্ণতা দূর হয়েছে। এ অপূর্ণতা ভক্ত, জ্ঞানী নির্বিশেষে স্বাভাবিক। ভক্ত বলেন, জ্ঞানীর দৃষ্টিতে ভগবানের ভিতর বৈচিত্র্যানেই, কারণ তাঁরা দূর থেকে তাঁকে দেখেন। চৈতক্তচরিতামূতে আছে, দূর থেকে স্থাকে একটি অগ্নিগোলকের মতো দেখায়, কিল্প স্থালোক-বাসী তার মধ্যে নানা বৈচিত্র্যাদেখে। জ্ঞানীও বলেন, ভক্তের দৃষ্টি

অসম্পূর্ণ ; মারুষের বুদ্ধির অপূর্ণতার জন্ম ফ্রাটি হয়।

ঠাকুর বলছেন, একটা রূপ আস্বাদন ক'রে যদি ভরপুর হ'য়ে যাও, তা হ'লে তোমার পক্ষে তাই যথেষ্ট। কিন্তু অপরের সিদ্ধান্ত সম্পর্কে মন্তব্য করার আগে তা পরথ ক'রে নেওয়া প্রয়োজন। তিনি বার বারে বলেছেন, নিজের মতের প্রতি নিষ্ঠাবান্ হও, আবার অপরের মতের প্রতি শ্রদ্ধানম্পন্ন হও, অথবা নিজের অজ্ঞতা স্বীকার কর। অযথা অপরের সমালোচনা করা উচিত নয়।

শ্রামপুরুরের বাটিতে শ্রীরামক্ষের **অ**বিরাম **ঈ**শ্বপ্রসঙ্গ চলছে। সাকার-নিরাকার দ্বন্দ নিয়ে কথা হ'তে হ'তে ঠাকুর গভীর তত্ত্বে গিয়ে পৌছেছেন। বলছেন, "'ব্রহ্ম সত্য, জগং মিথ্যা' এই বিচারের পর সমাধি হ'লে রূপ-টুপ উড়ে যায়।" অর্থাৎ তথন সাকার নিরাকারে পৌছায়। বিচারের পর সমাধি—এ বিষয়টি দম্বন্ধে যোগী ও জ্ঞানীদের একটু মত-পার্থক্য আছে। স্বৃধিকালে বা মুচ্ছাগ্রস্ত হ'লে মামুষের যেমন হয়, সমাধি-অবস্থাতেও তেমনি বাইরের কোন ব্যবহার থাকে না, শরীর মন কাজ করে না। বিচারের দারা জগতের মিথ্যাত্তনিশ্চয় এবং 'একমাত্র বন্ধ সত্য:'-এই বুদ্ধি যদি স্থির হয়, তাহলে জ্ঞানীর চরম লক্ষ্যে পৌছানো হ'ল। জ্ঞানীর লক্ষ্য হ'ল, এক্ষ ছাড়া আর সব মিথ্যা—এই তত্তি স্থির ভাবে বোঝা। তাহলে ব্রহ্মকে আর নতুন ক'রে বুঝতে হয় না, কারণ বন্ধ তো মাতুষের সত্তাম্বরপ। বন্ধের উপর যা কিছু আবরণ পড়েছে, তা মিথ্যা ব'লে জানলে জ্ঞানীর কাজ শেষ হ'ল। এই জ্ঞানের পরিণামে যে সমাধি হবেই, অর্থাৎ দেহে ক্রিয়াদি যে তার কাজ থেকে বিরত হবেই, এমন কোন কথা নেই।

আমবা 'সমাধি' বলতে সাধারণতঃ যোগী বা ভক্তের ভাবসমাধির কথা মনে করি। ভাবসমাধিতে ভক্ত যথন ভগবানে মনকে লীন ক'রে দেয়, তথন তার বাহ্ন ক্রিয়াকলাপ বন্ধ হ'য়ে যায়। যোগীর মতে চিত্তকে বৃতিশ্সু করাই যোগ এবং চিত্ত বৃত্তিশ্ন্য হ'লে দেহ ইন্দ্রিয় নিক্রিয় হ'য়ে। যায় কারণ মনের সঙ্গে সংযোগ ছাড়া এগুলি কাজ করতে পারে না। যোগীরা একেই সমাধি বলেন। 'সমাধি' শব্দের অর্থ সম্যক্ রূপে আধান বা স্থাপন।

যোগী জ্ঞানী ও ভক্তের সমাধি ভিন্ন ভিন্ন রকমের,— তিনটি এক নয়। যোগী চিত্তকে বৃত্তিশৃত্য করলে বৃত্তির কাজ 'আমি, আমার'-বৃদ্ধি ওঠে না। অহংমমাকারা বৃত্তি বন্ধ হ'রে গেলে শরীরাদি পরিচালনা করার কেউ থাকে না, সব নিজ্জিয় হ'রে যায়। এই হ'ল যোগীর সমাধি।

ভক্ত ভগবানে মনোনিবেশ করতে করতে সেই ধ্যেয় বস্তুতে এত নিবিষ্ট হ'য়ে যান যে, তখন দেহেন্দ্রিয়াদির দিকে আর তাঁর মন যায় না। স্নতরাং দেহেন্দ্রিয়াদিও নিশ্চল হ'য়ে যায়—এ হ'ল ভক্তের সমাধি। অর্থাং তফাত হচ্ছে যোগী মনকে বৃত্তিশৃস্ত করেন, আর ভক্ত উপাস্থে মনকে নিবিষ্ট করেন। অবশ্য জ্ঞানী, ভক্ত ও যোগীর সমাধির বিভিন্ন তর আছে।

ভক্ত ও যোগীর সমাধির পার্থক্য স্পষ্ট দেখা যাছে। আর জ্ঞানীর সমাধি? জ্ঞানীর সমাধি হ'ল তাঁর স্বরূপেতে স্থিতি। জ্ঞানীর সমাধিতে দেহে ক্রিয়াদির 'আমি, আমার' বৃদ্ধি থাকবে না। এখন সে বৃদ্ধি না থাকায় দেহে ক্রিয়াদি কাজ করবে কিনা, তার উত্তরে জ্ঞানযোগী বলেন, করতে পারে, আবার না-ও করতে পারে। যদি করে, তাহ'লে বৃমতে হবে—পূর্ব কর্মের ফল। যাকে এখানে প্রারন্ধ বলা হচ্ছে, সেই প্রারন্ধই কর্মের হেতু। কারণ 'আমি' বলে বস্তুটি দেখানে থাকে না, থাকলেও আমিত্বের একটা আভাস মাত্র থাকে। সেই আভাসটি প্রাভ্যাসবশতঃ আসে, কিন্তু সে কর্মে তাঁর কর্তৃত্বৃদ্ধি থাকে না। সব করছেন অখচ আমিত্বৃদ্ধি নেই। গীতায় ভগবান এটা বিশেষ করে দেখিয়েছেন, 'হত্বাপি স ইমাল্লাকান ন হস্তি ন নিবধ্যতে।'

এই যে কর্ম করেও কর্ম করছেন না, এইটি জ্ঞানীর অবস্থা।

'দেহস্থোহপি न দেহস্থः'—দেহে থেকেও দেহে নেই। অর্থাং দেহের ব্যবহার যথন আছে, তথন আমরা বলি—এ-ব্যক্তি জ্ঞানী এবং সেই দেহতেই জ্ঞানলাভ করেছেন। কিন্তু 'দেহে নেই' মানে এইটি আমার দেহ—এই মমত্বাভিমান তাঁর নেই। তিনি জেনেছেন, এ-সব মিথা। এই মিথাত্ব-নিশ্চয় জ্ঞানের পরিণাম। এইটিকে আমরা 'ব্রহ্মসাক্ষাৎকার' বলি। কিন্তু কথাটির ভিতর ক্রটি আছে। জগতের অন্য জিনিসকে যেভাবে দেখি, সেইভাবেই ব্রহ্মকে দেখলে সাধারণ অর্থে 'ব্রহ্মসাক্ষাৎকার' বলা যায়, কিন্তু সেটা ঠিক নয়। 'ব্ৰহ্মসাক্ষাৎকার' মানে ব্ৰহ্মকে ইন্দ্রিয়ের গোচর করা। চক্ষু সমস্ত জ্ঞানেন্দ্রিয়ের উপলক্ষণ। অর্থাৎ চোথ বলতে কেবল চোথ নয়, সমস্ত ইক্সিয়কে বোঝাচ্ছে। তার দারা যে অনুভব, তার নাম সাক্ষাৎকার। কিন্তু বন্ধ তো ঘট পটের মতো বাহ্যবম্ব নয় যে ইন্দ্রিয় দিয়ে দেখব। স্থতবাং এখানে 'ব্রহ্মসাক্ষাৎকার' মানে বুঝতে হবে যে, ব্ৰহ্মকে উপলব্ধি করার জন্ম মাঝখানে কোনও করণ অথবা উপাধি নেই। আমরা চোথ দিয়ে কোন বস্তু দেখলে সে বস্তুর সঙ্গে চোথের সংস্পর্শ হয় এবং সেই সংস্পর্শ মনে বৃত্তি স্বষ্টি করে। মনের বৃত্তি আত্মজ্যোতিতে উদ্ভাসিত হ'য়ে উঠলে বস্তুর অনুভব হয়। দার্শনিকদের মতে বস্ত অহুভবের এটি প্রণালী। তা হ'লে বস্ত সাক্ষাৎকার করতে গেলে ইন্দ্রিয় মন ছাড়াও তার সহকারী কারণ যেমন আলো, শারীরিক স্থন্থতা ইত্যাদির দরকার। এই সহকারী কারণগুলি ছাড়া বস্তু প্রত্যক্ষ হয় না।

কিন্তু ব্রহ্মসাক্ষাৎকার কি রক্ষ ক'রে হয় ? সেখানে ব্রহ্মকে
নির্বাধভাবে অনুভব — অর্থাৎ কোন অন্তরাল বা ব্যবধান মাঝখানে থেকে
যে সেই অনুভব হচ্ছে, তা নয়। এই স্ব-স্বর্নপের অনুভূতি—ঠাকুর যাকে
বলতেন 'বোধে বোধ হওয়া' এই হ'ল ব্রহ্মানুভূতি। এ অনুভূতি হ'লে
জ্ঞানীর সমাধি হয়। তাতে যে দেহের নি্জিয়তা আসবেই এমন নয়।

যদি দেহ কাজ করতে থাকে এবং জ্ঞানী যদি তাতে তাঁর অহংকে লিপ্ত না করেন, তা হ'লে তিনি সমাধিস্থ। সে অবস্থায় তাঁর অভিমান থাকে না, কিন্তু দেহেন্দ্রিয়াদির ক্রিয়া হ'তে পারে। এই হ'ল জ্ঞানীর সমাধি।

আর ভজের সমাধি? যে বস্তুতে মনকে কেন্দ্রীভূত করছে, সে বস্তু ছাড়া যথন অন্থ বস্তুতে মন যায় না, তথন হয় ভক্তের সমাধি। তার বাহা, অর্ধবাহ্য আর অন্তর্দশা—এই তিনটি ভাগ আছে। যথন মন ঈশ্বরমূথী হয় এবং ব্যবহারও তারই দ্বারা নিয়ন্ত্রিত হয়, তথন বাহাদশা। আর যথন বাহ্য ব্যবহার লোপ পায় অথচ বাহাসংজ্ঞা একেবারে লুপ্ত নয়, তথন তাকে বলে অর্ধবাহাদশা। মনটা বেশীর ভাগ অন্তরে টানা রয়েছে, একটু একটু বাইরে আভাস আছে। তারও পরে অন্তর্দশায় বাহ্য ব্যবহার সমস্ত বন্ধ হ'য়ে যায়। এই দশার সঙ্গে সমাধির সম্বন্ধ খুব ঘনিষ্ঠ হলেও যোগীর সমাধির সঙ্গে এর পার্থক্য আছে। কারণ ভক্ত নির্গুণ নিরাকারের নয়, সগুণ ঈশ্বরের উপাসনা করে, কিংবা নির্গুণের উপাসনা করলেও নিজেকে একেবারে লীন ক'রে দেবার উদ্দেশ্ত নিয়ে সে উপাসনা করে না।

ভক্ত ও ঈশ্বর

ঠাকুর এখানে যে বললেন, এইভাবে সমাধি অর্থাৎ সম্যক্রপে ক্ষরতে স্থিতি হ'লে রূপ টুপ উড়ে যায় অর্থাৎ তাদের সম্বন্ধে মিথ্যাত্ব নিশ্চয় হয়, ক্ষরতে ব্যক্তি ব'লে বোধ হয় না, এটি গভীর দার্শনিক কথা। ভক্ত ভগবানকে ব্যক্তির্ন্ধপেই চিন্তা করে, দেখে। ব্যক্তিত্ব বলতে বস্তুর এমন একটি বৈশিষ্ট্য, যা তাকে অক্যান্থ বস্তু থেকে পৃথক্ ক'রে, তার চারপাশে যেন একটা গণ্ডী টেনে দেয়। ক্ষরতক যতক্ষণ পৃথক্রপে দেখি, ততক্ষণ তাঁর এই গণ্ডী টেনে দেওয়া ব্যক্তিত্ব থাকে। কিন্তু যথন

ঈশ্বর ছাড়া আর কোন প্রতীতি হচ্ছে না, তথন ঈশ্বরের ব্যক্তিত্বও থাকে না। ঈশ্বরকে ঈশিতা বা নিয়ন্তা বলা হয়। জগং-নিয়ন্তা ব'লে তিনি ব্যক্তি, কারণ যার নিয়ন্ত্রণ করছেন, তা থেকে তিনি পৃথক্। কিন্তু জগং ব'লে যদি কিছু না থাকে, তথন তিনি কার নিয়ন্ত্রণ করবেন? তথন তাঁর ঐশ্বর্য কোথায় রইল? স্কৃতরাং তথন তিনি আর ঈশ্বর নন, তাঁকে 'ব্যক্তি' বলা যায় না।

স্থভাবতই মনে প্রশ্ন উঠবে, তাহলে তিনি কি ? ঈশ্বরের লক্ষণগুলি তাঁতে প্রযোজ্য না হ'লে কি ভাবে তাঁকে প্রকাশ ক'রব ? তাঁকে আমরা এইভাবে প্রকাশ করি, তিনি সর্বাত্মা, সর্বেশ্বর, সর্বত্র তিনি অনস্থাত হ'য়ে আছেন। সকলকে তিনি চালাচ্ছেন। এ-সব নিবৃত্ত হ'লে তাঁকে বুঝাব কি ক'রে ? কি ভাবেই বা প্রকাশ ক'রব ? ঠাকুর তার উত্তর দিচ্ছেন, "তিনি কী মুখে বলা যায় না। কে

বলবে? যিনি বলবেন, তিনিই নাই।" ঠাকুরের দেই মুনের পুতুলের সম্দ্র-মাপার হুলর দৃষ্টান্তটি এখানে সার্থকভাবে প্রযোজ্য। সম্দ্রলবণময়, হুনের পুতুলটিও তাই—তত্ত্বতঃ এক অথচ পৃথক্। এক জায়গায় তরলু ব্যাপক, আর এক জায়গায় একটি ঘনীভূত রপ নিয়েছে। এই রপবিশিষ্ট ব্যক্তিটি অরপ সম্দ্রের পরিমাপ সম্বন্ধে গবেষণা করছে। সম্দ্রের মধ্যে গিয়ে সে গলে গেল, তার নিজের পৃথক্ অন্তিত্ব আর রইল না। তথন কে বলবে সমৃদ্র এত গভীর, এত লম্বা, এত চওড়া? আমরা আমাদের সীমিত ব্যক্তিত্ব নিয়ে আমাদের স্রষ্টা, নিয়ন্তা যে তত্ব, তার অহুসক্ষান করিছি, তার সম্বন্ধে মত্যে পৌছতে যাছিছ। এই পথে যেতে যেতে আমাদের স্বরূপের ধারণার পরিবর্তন হচ্ছে—হ'তে হ'তে এমন অবস্থায় পৌছলাম, যথন আমাদের 'আমি' আর রইল না, গলে গেল। তথন আর ব্রহ্মম্বরূপের আলোচনা করবে কে?

কথাটি খুব গভীরভাবে অমুধাবন করার মতো। আমরা ব্রহ্ম হ'য়ে যাই। 'ব্রহ্মবিদ্ ব্রহ্মিব ভবতি'—ব্রহ্মবিদ্ ব্রহ্মজ্ঞানের ছারা ব্রহ্মই হ'য়ে যান৷ 'ভবতি' বা হ'য়ে যান কথাটির অর্থ কি ব্রহ্মরূপেতে পরিণত হওয়া? তানয়। স্বরপতঃ সে বন্ধই ছিল, কিন্তু নিজেকে তার থেকে পৃথক ব্যক্তিরূপে সে বোধ করেছে এবং তার থেকে ভিন্ন এক **ঈশ্বর দম্বন্ধে চিস্তা করেছে। এই চিস্তা করতে করতে তার মনের** শুদ্ধি হ'তে থাকে, ব্যক্তিত্বের পরিবর্তন ঘটতে থাকে এবং সঙ্গে সঙ্গে ঈশবের ধারণাও বদলাতে থাকে। ক্রমশঃ এমন অবস্থা আনে যে, তার ব্যক্তিত্ব নিশ্চিহ্ন হ'য়ে যায়। তখন দে তার ঈশ্বরকে পৃথক্রপে ভাবতে পারে না। স্থতরাং দে ঈশ্বরম্বরপ হ'ল, যা ছিল তাই রইল, তার ভিতর কোন পরিবর্তন ঘ'টল না। কেবল যে আবরণটার জন্ম ঈশ্বর থেকে নিজেকে ভিন্ন ব'লে মনে হচ্ছিল, সেই আবরণটি স'রে গেল, পৃথক্ত্বের ভ্রান্তি দূর হ'ল। এখন ঈশ্বরের স্বরূপ নির্ণয় করবে কে ? এইজগুই বন্ধ কি, তা কেউ বলতে পারে না; যে বলবে সে থাকে না। ব্ৰহ্মকে বলবার মতো কোন লক্ষণ ব্ৰহ্মতে থাকলে তিনি ব্যক্তি হ'য়ে যেতেন। কতকগুলি লক্ষণের দ্বারা একজনকে ব্যক্তি বলি, যা তাকে অন্তের থেকে পৃথক করে। যথন দব লক্ষণ ও গুণগুলি তার থেকে চ'লে গেল, তথন অন্তের থেকে পৃথক করার মতো কিছু উপাধি রইল না। তথন তাকে কি ব'লে বর্ণনা ক'রব ?

ব্রহ্ম শব্দের অগোচর

এইজন্মই ঠাকুর বার বার বলেছেন, শাস্ত্রও বলেছেন, 'অশন্দমস্পর্শম-রূপমব্যায় তথাহরসং নিত্যমগন্ধবচ্চ যৎ'—অর্থাৎ ব্রেমার লক্ষণ বলা হয়েছে 'অ' দিয়ে দিয়ে। তিনি এ নন, ও নন, ইন্দ্রিয় মন বুদ্ধির গ্রাহ্ম বিষয় তিনি নন। তা হ'লে তিনি কি ? তিনি কি, তা মুথে বলতে না পেরে

বলা হচ্ছে, এই সমস্ত গ্রাহ্ম বিষয়ের ডিনি আধার। আবার গ্রাহ্ম বস্তকে ভ্রম বলা হ'লে সমস্ত ভ্রমের তিনি অধিষ্ঠান। এ-রকম একটি অমের অধিষ্ঠান স্বীকার না করলে ভ্রমকে মানা যায় না। যেমন সর্পটি ভাম ; কোথায় সে ভাম হচ্ছে ? না, রজ্জুতে। স্থতরাং রজ্জুটি হচ্ছে অধিষ্ঠান, তার উপর আরোপিত হচ্ছে দর্প। তেমনি এই জগংরূপ ভ্রমের অধিষ্ঠান কি ? আমরা একটি শব্দ বলি 'ব্রহ্ম'—যার অর্থ ব্যাপক, বুহৎ অর্থাৎ যেখানে যেখানে ভ্রম দেখছি, সেখানে দেখানে তার অধিষ্ঠান এক বস্তু। স্থতরাং সর্ব ভ্রমেতে ব্যাপকরূপে রয়েছেন তিনি—এই তাঁর ব্যাপকতা। নিরপেক্ষ ব্যাপকতা নেই, ভ্রমের অপেক্ষায় তাঁর ব্যাপকতা। কাজেই ব্যাপকতাটিও তাঁতে আরোপিত। এই আরোপ যে বস্তুতে, জ্ঞানী সেই বস্তুকে জানেন। এর মানে কি ? না, অন্ত সব বন্তগুলিকে আরোপিত ব'লে জানেন। অধিষ্ঠানকে আর নতুন ক'রে জানতে হয় না। অধিষ্ঠানের জ্ঞান ছাড়া কখনও আরোপের জ্ঞান, দড়ির জ্ঞান ছাড়া দাপের জ্ঞান হয় না। দৃড়িকে যে দেখে না, দে সাপকেও দেখে না। ভ্রম তথনই বলি, যথন কেউ দড়িকে দেখছে দড়িরপে নয়, সাপরপে: ব্রহ্মকে দেখছে ব্রহ্মরূপে নয়, জগৎরূপে। সাপকে যেমন রজ্জুতে. তেমনি জগৎকে যদি ব্রক্ষেতে লয় করা যায়, তা হুহ'লে যে বস্তুটি থাকে, তাকে বলি 'ব্রহ্ম'। ব্রহ্ম বললেও এই ব্রহ্ম-শব্দের বাচক তিনি হচ্ছেন না। অন্য বস্তগুলির সন্তা অমুভব ক'রে তাদের ভিতর তিনি ভ্রমরূপে অধিষ্ঠিত রয়েছেন ব'লে তাকে ব্যাপক বা 'ব্ৰহ্ম' বলছি। শাস্ত্ৰে 'সচ্চিদানন্দ' আদি ব্রহ্মবাচক সব শব্দকেই এভাবে ব্যাখ্যা করা হয়েছে। স্থতরাং 'ব্রন্ধ'শব্দের অপোচর। তাই ঠাকুর বলছেন, "তিনি কি, মুখে বলা যায় না।"

'ভিনি কেবল বোধে বোধ হন'

এখানে আর একটি কথা আছে। যদি তিনি সর্বব্যক্তিত্ব-রহিত হন, ইন্দ্রিন্মন-বৃদ্ধির অগোচর হন, তা হ'লে দেই বস্তুটিকে স্বীকার ক'রব কেন ? সেই বস্তুকে কি কেউ অত্নভব করেছে, কেউ না৷ অতএব সে যে আছে, তার প্রমাণ নেই। ঠাকুব তার উত্তর দিচ্ছেন, 'তথন তিনি কেবল বোধে বোধ হন। যথন বৃদ্ধি শুদ্ধ হয়, সেই শুদ্ধ বৃদ্ধির স্বরূপরণে তিনি প্রতীত হন, বিষয়রূপে নয়। বুদ্ধি তথন এক্সন্থরূপতা লাভ করে। মলিনতা থাকলে বুদ্ধি তার থেকে ভিন্ন হ'য়ে যায়, প্রকৃত স্বরূপকে প্রকাশ করতে পারে না। যেমন কাঁচের উপর রঙ লাগিয়ে দেখলে সব জিনিস রঙীন দেখায়. ঠিক সেইরকম বুদ্ধির উপর প্রলেপ লাগিয়ে আমরা এই জগৎ ঘটপটাদি সব, আমার 'আমি' পর্যন্ত রঙীন দেখছি। কিন্তু প্রলেপটিকে ভাল ক'রে ধূয়ে নিশ্চিহ্ন করার পর যে বৃদ্ধি অবশিষ্ট থাকে তা হ'ল শুদ্ধবুদ্ধি এবং বোধে বোধ হওয়া মানে সেই শুদ্ধবৃদ্ধিতে বস্তুর অভিন্নরূপে স্বপ্রকাশ অবস্থায় <mark>থাকা। তাঁকে কে</mark>উ দেখে —এ-কথা বলা যায় না। স্ব প্রকাশ স্বমহিমায় প্রতিষ্ঠিত থাকেন তিনি। যেমন এক বস্তু অন্ত বস্তুর দ্বারা প্রকাশিত হয়, ব্রহ্ম তেমন অন্ত কোন বস্তবারা প্রকাশিত হন না, নিজেই নিজেকে প্রকাশ করেন। কর্তৃকর্ম-বিরোধ এখানে হয় না-কারণ বিষয়রূপে নয়, নির্বিষয়রূপে তাঁর প্রকাশ।

এথানে বেদান্তের গৃঢ় তন্ত্ৰটিকে ঠাকুর দাদা কথায় বলছেন, 'তথন তিনি কেবল বোধে বোধ হন।' মন বুদ্ধি দীমিত, এর দারা যা ধরা যাবে, তা দীমিত হবে। মাছ ধরার জাল দিয়ে কি সমুদ্রকে ধরা যায় ? জাল সমুদ্রের একাংশে পড়ে থাকে, সমুদ্র যেমন তেমনই থাকে। একা অসীম, স্বতরাং তাঁকে এই মনবুদ্ধিরপ যন্ত্র দারা কথনও ধরা যাবে না। তবুমনবৃদ্ধির সাহায্য ছাড়া তাঁকে জানবাক

চেষ্টাই বা কি ক'রে ক'রব ? আমাদের মন-বৃদ্ধির অতীত যে বস্তু, তাঁকে জানবার কোন উপায়ই থাকবে না—এই কি আমাদের দিদ্ধান্ত ?

শ্রীরামকৃষ্ণ সর্বভাবময়

ঠাকুর বলছেন, তা কেন ? মন বুদ্ধি তাঁকে জানতে চেষ্টা করার সঙ্গে সঙ্গে শুদ্ধ হচ্ছে। মনের পুতুল সম্ভ মাপবার চেষ্টা করতে করতে ধীরে ধীরে গলে যাচ্ছে। যেতে যেতে সেখানেই তার চরম শুদ্ধি হচ্ছে। তথন তার পূর্ব অস্তিত্ব—যে অস্তিত্বটি সীমিত, যার ছারা সে ব্যক্তিরূপে প্রতীত হচ্ছিল যার ফলে সে ব্রহ্ম থেকে নিজেকে পৃথক্রূপে দেখছিল, সে অস্তিত্বটি ক্রমশঃ নিশিচহু হ'য়ে গেল। গেল কোথায় ? আসল যা স্বরূপ, তাতেই লীন হ'য়ে গেল। এইভাবে সীমিত মন যথন সমস্ত সীমাকে উল্লেখন ক'রে তার স্বরূপকে প্রাপ্ত হয়, তারই নাম 'বোধে বোধ হওয়া।'

ঠাকুর আর এক দিক দিয়ে কথাটি বোঝাবার চেষ্টা করছেন।
"শুনেছি, খুব উত্তরে আর দক্ষিণে সমৃদ্র আছে। এত ঠাণ্ডা যে, জল
জমে মাঝে মাঝে বরকের চাঁই হয়ে আছে। জাহাজ চলে না। সেখানে
গিয়ে আটকে যায়।" ঠাণ্ডা হচ্ছে ভক্তি; এক এক জায়গায় জল
জমে বরফ হ'য়ে যায়। জল কি ? না, ব্রহ্মসমৃদ্র। ভক্তি হিমে জমে
বরফ হ'য়ে গিয়েছে। জলের আকাব নেই, কিন্তু বরফের আকার
আছে। ঠাকুর বলছেন, এই বরফে জাহাজ চলে না, আটকে যায়—
অর্থাৎ ভক্তের কাছে ভগ্বান সপ্তণ ও সাকার।

ডাঃ সরকার তার বিপরীত অর্থ ক'রে বলছেন, "ভজিপথে মান্ত্র আটকে যায়", অর্থাৎ তার অগ্রগতি হয় না। ঠাকুর সঙ্গে সঙ্গে বলছেন, "হাঁ, তা যায় বটে, কিন্তু তাতে হানি হয় না, সেই সচ্চিদানন্দ সাগ্রের জলই জমাট বেঁধে বরফ হয়েছে।" জাহাজ আটকে যায় যে বরফে, সে বরফটি কি ? সমুদ্রই তো। সমুদ্র তার একটি অবস্থার বরফে পরিণত, হতরাং আটকে গেলে সেই ব্রহ্ম ছাড়া আর কোথার আটকাবে ? আবার বলছেন, "যদি আরও বিচার করতে চাও……তাতেও ক্ষতি নাই।" যদি বরফে আটকে যাওয়া তোমার পছন্দ না হয়, বিচার কর। বিচার জ্ঞান-স্থ্ তাতে বরফ গলে যাবে। গলে গেলেও নই হ'ল কি ? যা বরফরূপে ছিল, তা সমুদ্ররূপে রইল, তুই এক-ই বস্তু।

ভক্ত যে ভগবানকে সগুণ-দাকারত্বপে উপলব্ধি করছেন, জ্ঞানী তাঁকেই নিগুণ-নিরাকার বলছেন। বস্তু এক--তুজন তুইরূপে অমুভব করছেন। কোনটি সতা? ঠাকুরের মতে ছুই-ই সতা। জ্ঞানী বলবেন, যার পরিবর্তন হয়, তা সত্য কি ক'রে হবে ? ভক্ত বলবেন, পরিবর্তনশীল বস্তু অনিত্য, তোমার এ দৃষ্টান্ত জাগতিক সীমিত বস্তু সম্পর্কে, কিন্তু যে ভগবান জগতের মধ্যে দীমিত নন, তার ক্ষেত্রেও এ দৃষ্টান্ত প্রয়োগ করা কি চলে? অতএব তোমার দৃষ্টান্ত দিয়ে আমার ভগবানকে মিণ্যা বলতে পার না। আমি তাঁকে অন্তভ্ত করছি, দেই রদে ডুবে আছি। তুমি তা পাওনি ব'লে তাঁকে মিথ্যা বলতে পার না। ঠাকুর সর্বভাবের প্রতি সহাত্মভূতি সম্পন্ন—ভক্তের প্রতিও, জ্ঞানীর প্রতিও। কালে. ঝোলে, অম্বলে—তিনি দবভাতেই আছেন। বলতেন, তাঁকে রূপে দেখব, অরূপে দেখব, সর্বরূপেতে তাঁকে আস্বাদন ক'রব। শ্রীরাম্কুফের দৃষ্টিভঙ্গির এই বৈশিষ্ট্য।